লবণসমুদ্রের বিস্তার জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ। ঐ সমুদ্রের তীরে বহুতর দেশ আছে, ঐ সমুদ্র মণি ও প্রবালে বিচিত্র, গোলাকার এবং অনেক ধাতু-বিচিত্র পর্ব্বতসমূহে পরিশোভিত ও সিদ্ধ-চারণগণে ব্যাপ্ত ॥৬—৭॥

কৌরবনন্দন রাজা! এখন আমি যথাযথভাবে ও ন্যায় অনুসারে শাকদ্বীপের বিষয় বলিব। আপনি আমার নিকট তাহা শ্রবণ করুন ॥৮॥

নরনাথ মহারাজ! সেই শাকদ্বীপ জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ বিস্তৃত এবং ভরতশ্রেষ্ঠ! যে ক্ষীরোদসাগর উহাকে পরিবেষ্টন করিয়া বহির্ভাগে রহিয়াছে, তাহার পরিমাণও দ্বিগুণ ॥৯॥

সেই দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে লোকের অকালমৃত্যু হয় না, দুর্ভিক্ষ আর হইবে কেন। তত্রত্য লোক সকল ক্ষমাশীল ও তেজস্বী ॥১০॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! আমি যথাযথভাবে ও সংক্ষেপে এই শাকদ্বীপের বিষয় বলিলাম; এখন আর আপনার নিকট কি বলিব (বলুন) ॥১১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

শাকদ্বীপস্য সংক্ষেপো যথাবদিহ সঞ্জয়!।
উক্তস্ত্বয়া মহাপ্রাজ্ঞ! বিস্তরং ব্রূহি তত্ত্বতঃ ॥১২॥

সঞ্জয় উবাচ।

তথৈব পর্বতা রাজন্! সপ্তাত্র মণিভূষিতাঃ।
রত্নাকরাস্তথা নদ্যস্তেষাং নামানি মে শৃণু ॥১৩॥
অতীব গুণবৎ সর্বং তত্র পুণ্যং জনাধিপ!।
দেবর্ষিগন্ধর্বযুতঃ প্রথমো মেরুরুচ্যতে ॥১৪॥
প্রাগায়তো মহারাজ! মলয়ো নাম পর্ব্বতঃ।
ততো মেঘাঃ প্রবর্ত্তন্তে প্রভবন্তি চ সর্বশঃ ॥১৫॥
ততঃ পরেণ কৌরব্য! জলধারো মহাগিরিঃ।
ততো নিত্যমুপাদত্তে বাসবঃ পরমং জলম্ ॥১৬॥

ভারতকৌমুদী

শাকেতি। বিস্তরং শাকদ্বীপস্যৈব, তত্ত্বতো যাথার্থ্যেন ॥১২॥
তথেতি। তথা নদ্যশ্চ সন্তীতি শেষঃ, তেষাং পর্বতাদীনাম্ ॥১৩॥
অতীবেতি। গুণবৎ উৎকর্ষবৎ, পুণ্যং পবিত্রঞ্চ। মেরুর্নাম পর্বতঃ ॥১৪॥
প্রাগিতি। প্রাগায়তঃ পূর্বপশ্চিমদীর্ঘঃ। প্রভবন্তি বারিবর্ষণে শক্নুবন্তি ॥১৫॥
তত ইতি। জলধারো নাম। উপাদত্তে গৃহ্লাতি, বাসব ইন্দ্রঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সহ চত্বারিংশৎসহস্রঃ। এবং তৃতীয়োঽশীতিসহস্রঃ। চতুর্থঃ ষষ্টিসহস্রাধিকং লক্ষম্। পঞ্চমো লক্ষত্রয়ং বিংশতিসহস্রাণি। ষষ্ঠো লক্ষষট্কং চত্বারিংশৎ সহস্রাণি। সপ্তমো

ধৃতরাষ্ট্র বলিলেন—'মহাপ্রাজ্ঞ সঞ্জয়! তুমি যথাযথভাবে ও সংক্ষেপে শাকদ্বীপের বিষয় বলিলে, এখন যথার্থরূপে উহার বিস্তৃত বিষয় বল' ॥১২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! এই শাকদ্বীপেও রত্নের আকর এবং মণিভূষিত সাতটা পর্ব্বত আছে, বহুতর নদীও আছে; আপনি সেগুলির নাম আমার নিকট শ্রবণ করুন ॥১৩॥

নরনাথ! সে দেশে সকল বস্তুই অত্যন্ত উৎকৃষ্ট ও পবিত্র। সে দেশের প্রথম পর্ব্বতের নাম—'মেরু' তাহাতে দেবগণ, ঋষিগণ ও গন্ধর্বগণ আছেন ॥১৪॥

মহারাজ! তাহার পর পূর্ব ও পশ্চিমে দীর্ঘ মলয়পর্বত রহিয়াছে; তাহা হইতে মেঘ সকল আবির্ভূত হয় এবং সর্ব্বত্র বারি বর্ষণ করে ॥১৫॥

কৌরবনন্দন! তৎপরে 'জলধার-'নামে মহাপর্ব্বত আছে; ইন্দ্র তাহা হইতেই সর্বদা উত্তম জল গ্রহণ করেন ॥১৬॥

ততো বর্ষং প্রভবতি বর্ষকালে জনেশ্বর !।
উচ্চৈর্গিরী রৈবতকো যত্র নিত্যং প্রতিষ্ঠিতা ॥১৭॥
রেবতী দিবি নক্ষত্রং পিতামহকৃতো বিধিঃ।
উত্তরেণ তু রাজেন্দ্র ! শ্যামো নাম মহাগিরিঃ ॥১৮॥
নবমেঘপ্রভঃ প্রাংশুঃ শ্রীমানুজ্জ্বলবিগ্রহঃ।
যতঃ শ্যামত্বমাপন্না প্রজা জনপদেশ্বর ! ॥১৯॥ (বিশেষকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

সুমহান্ সংশয়ো মেঽদ্য প্রোক্তোঽয়ং সঞ্জয় ! ত্বয়া।
প্রজাঃ কথং সূতপুত্র ! সংপ্রাপ্তাঃ শ্যামতামিহ ॥২০॥

সঞ্জয় উবাচ।

সর্বেষ্বেব মহারাজ ! দ্বীপেষু কুরুনন্দন !।
গৌরঃ কৃষ্ণশ্চ বর্ণৌ দ্বৌ তয়োর্বর্ণান্তরে নৃপ !।
শ্যামো যস্মাৎ প্রবৃত্তো বৈ তস্মাচ্ছ্যামো গিরিঃ স্মৃতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। যত্র যদূর্দ্ধে। এষ বিধির্নিয়মঃ পিতামহেন ব্রহ্মণা কৃতঃ। প্রাংশুরুচ্চঃ, শ্রীমান্ কান্তিমান্। আপন্নাঃ প্রাপ্তাঃ, প্রজা জনাঃ ॥১৭—১৯॥

সুমহানিতি। সংশয়ঃ সংশয়বিষয়ঃ। ইহ শ্যামগিরৌ ॥২০॥

ভারতভাবদীপঃ

দ্বাদশলক্ষাণ্যশীতিসহস্রাণি। এতেষাং সঙ্কলনে পঞ্চবিংশতিলক্ষাণি পঞ্চত্রিংশৎসহস্রাণি যোজনানি সপ্তানাং দ্বীপানাং সসমুদ্রাণাং বিস্তারঃ ॥৬—১৭॥ রেবতী জ্যোতির্মণ্ডলরূপেণ দিবি বিভ্রম্যমাণাপি দিব্যেন রূপেণাত্রাপি বর্ত্ততে এবং বিধির্মর্য্যাদা পিতামহেন কৃতা

নরনাথ ! তদনন্তর বর্ষাকালে বর্ষা হইয়া থাকে। তাহার পর 'রৈবতক-' নামে একটা উচ্চ পর্ব্বত আছে ; যাহার উপরে আকাশে সর্ব্বদাই রেবতীনক্ষত্র বিদ্যমান রহিয়াছে। এই ঘটনা স্বয়ং ব্রহ্মাই করিয়াছেন। রাজশ্রেষ্ঠ ! তাহার উত্তরে নূতন মেঘের ন্যায় শ্যামবর্ণ, উচ্চ, কান্তিমান্ ও উজ্জ্বলমূর্ত্তি 'শ্যাম-' নামে একটা মহাপর্ব্বত আছে ; রাজা ! যাহার গুণে তত্রত্য লোকেরা শ্যাম-বর্ণ হইয়াছে ॥১৭—১৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! তুমি আজ আমার নিকট গুরুতর সন্দেহের বিষয়ই বলিলে। কারণ, সূতপুত্র ! সে স্থানের লোকেরা শ্যামবর্ণ হইল কেন ?' ॥২০॥

(১৭)·· যত্র নিত্যং প্রতিষ্ঠিত.—পি। (২১)·· গৌরঃ কৃষ্ণশ্চ পতগঃ·· বা ব রা নি।

ততঃ পরং কৌরবেন্দ্র ! দুর্গশৈলো মহোদয়ঃ।
কেসরঃ কেসরযুতো যতো বাতঃ প্রবর্ত্ততে ॥২২॥
তেষাং যোজনবিষ্কম্ভো দ্বিগুণঃ পরিভাগশঃ।
বর্ষাণি তেষু কৌরব্য ! সপ্তোক্তানি মনীষিভিঃ ॥২৩॥
মহামেরুর্মহাকাশো জলদঃ কুমুদোত্তবঃ।
জলধারো মহারাজ ! সুকুমার ইতি স্মৃতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সর্বেষিতি। তয়োর্বর্ণান্তরে যোগশ্চ ভবতীতি শেষঃ। যস্মাৎ নিয়তসংসর্গেণ প্রজাসু শ্যামো বর্ণঃ, প্রবৃত্তো জাতঃ, তস্মাদেবাসৌ গিরিঃ শ্যামো নাম স্মৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। দুর্গশৈলো মহোদয়ো মহোচ্চঃ। কেসরো নাম ॥২২॥

তেষামিতি। যোজনে বিষয়ে বিষ্কম্ভো বিস্তারঃ, পরিভাগশঃ ক্রমশঃ ॥২৩॥

কানি তানি বর্ষাণীত্যাহ মহেতি। মহামেরুস্তদাখ্যঃ পর্ব্বতঃ, তৎসন্নিহিতো দেশো মহাকাশো নাম তদাখ্যং বর্ষমিত্যর্থঃ। এবং সর্ব্বত্র। জলদো জলদোৎপত্তিস্থানত্বাজ্জলয়ো নাম প্রাগুক্তো গিরিঃ, তৎসন্নিহিতো দেশঃ কুমুদোত্তবো নাম। জলধারাস্তিকে সুকুমারঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥১৮—২০॥ পতগবর্ণং ব্যাচষ্টে—তয়োরিতি। মিশ্রো বর্ণঃ পতগ ইত্যর্থঃ। 'কারণগুণাঃ কার্য্যগুণানারভন্ত' ইতি ন্যায়েন শ্যামপর্ব্বতভবঃ শ্যামবর্ণঃ, শাকাদ্যন্নপরিণামেন মনুষ্যা অপি শ্যামত্বং গতা ইত্যর্থঃ। যস্মাৎ শ্যামো গিরিস্তস্মাত্তৎস্থানাং শ্যামো বর্ণঃ প্রবৃত্ত ইত্যর্থঃ ॥২১—৩৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

সঞ্জয় বলিলেন—'কৌরবনন্দন মহারাজ ! সকল দ্বীপেই মানুষের গৌর ও কৃষ্ণবর্ণ এবং সেই দুই বর্ণের মিশ্রিত বর্ণ হয়; কিন্তু সেখানে শ্যামপর্ব্বতের সংসর্গে যে হেতু মানুষের শ্যামবর্ণ হইয়া থাকে, সেই হেতু সেই পর্ব্বতটাকেও 'শ্যাম' বলিয়া থাকে ॥২১॥

কৌরবশ্রেষ্ঠ ! তাহার পর অত্যুচ্চ দুর্গশৈল, তৎপরে কেসরযুক্ত কেসর-পর্বত, যাহা হইতে বায়ু আবির্ভূত হয় ॥২২॥

কৌরবনন্দন ! সেই পর্বতগুলির বিস্তার ক্রমশঃ দ্বিগুণ এবং অভিজ্ঞ লোকেরা বলেন—সেই সাতটা পর্ব্বতের নিকটে সাতটা বর্ষ আছে ॥২৩॥

মহারাজ ! মেরুগিরির নিকটে মহাকাশবর্ষ, মলয়ের নিকটে কুমুদোদ্ভব-বর্ষ, জলধারপর্বতের নিকটে সুকুমারবর্ষ ॥২৪॥

(২৪)···কুমুদোত্তরঃ···বা ব রা নি।

রৈবতস্য তু কৌমারঃ শ্যামস্য মণিকাঞ্চনঃ।
কেসরস্যাথ মৌদাকী পরেণ তু মহাপুমান্ ॥২৫॥
পরিবার্য্য তু কৌরব্য! দৈর্ঘ্যং হ্রস্বত্বমেব চ।
জম্বুদ্বীপেন সংখ্যাতস্তস্য মধ্যে মহাদ্রুমঃ ॥২৬॥
শাকো নাম মহারাজ! প্রজা তস্য সদানুগা।
তত্র পুণ্যা জনপদাঃ পূজ্যতে তত্র শঙ্করঃ ॥২৭॥ (যুগ্মকম্)
তত্র গচ্ছন্তি সিদ্ধাশ্চ চারণা দৈবতানি চ।
ধার্ম্মিকাশ্চ প্রজা রাজংশ্চত্বারোঽতীব ভারত! ॥২৮॥
বর্ণাঃ স্বকর্ম্মনিরতা ন চ স্তেনোঽত্র দৃশ্যতে।
দীর্ঘায়ুষো মহারাজ! জরামৃত্যুবিবর্জিতাঃ ॥২৯॥
প্রজাস্তত্র বিবর্দ্ধন্তে বর্ষাস্বিব সমুদ্রগাঃ।
নদ্যঃ পুণ্যজলাস্তত্র গঙ্গা চ বহুধা গতা ॥৩০॥

ভারতকৌমুদী

রৈবতস্যেতি। পরেণ দুর্গশৈলসন্নিধানে, মহাপুমান্ নাম দেশঃ। পরেণেত্যব্যয়ম্ ॥২৫॥

পরীতি। তেষাং গিরীণাং দৈর্ঘ্যং হ্রস্বত্বঞ্চ পরিবার্য্য পরিবেষ্ট্য তে দেশা বর্ত্তন্ত ইতি শেষঃ। তস্য শাকদ্বীপস্য মধ্যে শাকো নাম মহাদ্রুমঃ, জম্বুদ্বীপেন জম্বুদ্বীপস্থজম্বুবৃক্ষেণ, সংখ্যাতঃ সমানতয়া উক্তঃ। অনুগা উপজীবিনী ॥২৬—২৭॥

তত্রেতি। চত্বারঃ প্রজা বর্ণা অতীবধার্ম্মিকাঃ। প্রজাশব্দস্য পুংস্ত্বমার্ষম্ ॥২৮॥

বর্ণা ইতি। বর্ণা ব্রাহ্মণাদয়শ্চত্বারঃ। স্তেনশ্চৌরঃ। জরামৃত্যুবিবর্জিতা অকালে ॥২৯॥

রৈবতকগিরির পার্শ্বে কৌমারবর্ষ, শ্যামগিরির নিকটে মণিকাঞ্চনবর্ষ, কেসর-পর্ব্বতের নিকটে মৌদাকীবর্ষ এবং দুর্গশৈলের পার্শ্বে মহাপুরুষবর্ষ ॥২৫॥

কৌরবনন্দন! এই সকল বর্ষ সেই পর্ব্বতগুলির দৈর্ঘ্য ও হ্রস্বতা বেষ্টন করিয়া রহিয়াছে। আর সেই শাকদ্বীপের মধ্যস্থানে 'শাক-'নামে একটা মহাবৃক্ষ আছে; সেটা জম্বুদ্বীপের জম্বুবৃক্ষেরই সমান। তত্রত্য লোকেরা সেই বৃক্ষেরই উপজীবী। আর সে দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে শিবের পূজা হয় ॥২৬—২৭॥

ভরতনন্দন! সিদ্ধগণ, চারণগণ ও দেবগণ সে দেশে গমন করিয়া থাকেন এবং রাজা! সে দেশের চারি বর্ণই অত্যন্ত ধার্ম্মিক ॥২৮॥

মহারাজ! সে দেশে চারি বর্ণই আপন আপন কর্ম্মে নিরত রহিয়াছে; তাহারা দীর্ঘায়ু ও অকালে জরা-মৃত্যুরহিত এবং সে দেশে চোর দেখা যায় না ॥২৯॥

সুকুমারী কুমারী চ শীতাশী বেণিকা তথা।
মহানদী চ কৌরব্য! তথা মণিজলা নদী ॥৩১॥
চক্ষুর্বর্দ্ধনিকা চৈব নদী ভরতসত্তম!।
তত্র প্রবৃত্তাঃ পুণ্যোদা নদ্যঃ কুরুকুলোদ্বহ! ॥৩২॥
সহস্রাণাং শতান্যেব যতো বর্ষতি বাসবঃ।
ন তাসাং নামধেয়ানি পরিমাণং তথৈব চ ॥৩৩॥
শক্যন্তে পরিসংখ্যাতুং পুণ্যাস্তা হি সরিদ্বরাঃ।
তত্র পুণ্যা জনপদাশ্চত্বারো লোকসম্মতাঃ ॥৩৪॥ (বিশেষকম্)
মঙ্গাশ্চ মশকাশ্চৈব মানসা মন্দগাস্তথা।
মঙ্গা ব্রাহ্মণভূয়িষ্ঠাঃ স্বকর্ম্মনিরতা নৃপ! ॥৩৫॥
মশকেষু তু রাজন্যা ধার্ম্মিকাঃ সর্বকামদাঃ।
মানসাশ্চ মহারাজ! বৈশ্যধর্ম্মোপজীবিনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

প্রজা ইতি। প্রজা লোকাঃ। সমুদ্রগা নদ্যঃ। বহুধা বহুপ্রকারতাম্ ॥৩০॥

সুকুমারীতি। সুকুমারীপ্রভৃতিকং চতুষ্টয়ং মহানদী, মণিজলা চ নদী ॥৩১॥

চক্ষুরিতি। পুণ্যোদাঃ পুণ্যজলাঃ, সহস্রাণাং শতানি লক্ষং নদ্য ইতি সম্বন্ধঃ। বাসব ইন্দ্রঃ বর্ষতি প্রাচুর্য্যেণেতি ভাবঃ। পুণ্যাঃ পবিত্রাঃ ॥৩২—৩৪॥

অথ কে তে চত্বারো জনপদা ইত্যাহ মঙ্গা ইতি। এষ্বপি দেশবাচকত্বাদেব বহুবচনম্। ব্রাহ্মণানাং স্বকর্ম্মনিরতত্বাত্তদ্দেশস্যাপি স্বকর্ম্মনিরতত্বম্ ॥৩৫॥

সে দেশের লোকেরা বর্ষাকালের নদীর ন্যায় বৃদ্ধি পায় এবং সে দেশে পুণ্যতলা বহুতর নদী আছে, আর গঙ্গা বহুপ্রকারে প্রবাহিত হইতেছেন ॥৩০॥

কৌরবনন্দন! সে দেশে সুকুমারী, কুমারী, শীতাশী ও বেণিকা এই চারিটা মহানদী এবং মণিজলা একটা সাধারণ নদী ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! চক্ষু ও বর্দ্ধনিকানামে আরও দুইটা সাধারণ নদী আছে। কৌরবধুরন্ধর! সে দেশে পবিত্রজলা লক্ষ লক্ষ নদী রহিয়াছে। তাহার কারণ, ইন্দ্র সে দেশে প্রচুর বর্ষা করিয়া থাকেন। সে নদীগুলির নাম ও পরিমাণ বলিতে পারা যায় না; তবে সে নদীশ্রেষ্ঠগুলি পবিত্র। আর সেই শাকদ্বীপে পবিত্র ও লোকপ্রিয় চারিটা দেশ আছে ॥৩২—৩৪॥

রাজা! সে চারিটা দেশের নাম—মঙ্গ, মশক, মানস ও মন্দগ। তাহার মধ্যে মঙ্গদেশে স্বকর্ম্মনিরত ব্রাহ্মণই বহুসংখ্যক বাস করেন ॥৩৫॥

(৩২) বং°র্দ্ধনিকা চৈব···পি। (৩৬) মশকেষু চ রাজন্যাঃ···বা ব রা নি।

সর্বকামসমাযুক্তাঃ শূরা ধর্ম্মার্থনিশ্চিতাঃ।
শূদ্রাস্তু মন্দগা নিত্যং পুরুষা ধর্ম্মশীলিনঃ ॥৩৭॥
ন তত্র রাজা রাজেন্দ্র! ন দণ্ডো ন চ দণ্ডিকাঃ।
স্বধর্ম্মেণৈব ধর্ম্মজ্ঞাস্তে রক্ষন্তি পরস্পরম্ ॥৩৮॥
এতাবদেব শক্যন্তু তত্র দ্বীপে প্রভাষিতুম্।
এতদেব চ শ্রোতব্যং শাকদ্বীপে মহৌজসি ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভূমৌ শাকদ্বীপবর্ণনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(*)———

ভারতকৌমুদী

মশকেষ্বিতি। ধর্ম্মোপজীবিনো বৈশ্যা যেষু তে, অগ্নিষ্টোকাদিবৎ পরনিপাতঃ ॥৩৬॥
সর্ব্বেতি। ধর্ম্মার্থয়োর্নিশ্চিতা নিশ্চিতজ্ঞানসম্পন্নাঃ। মন্দগা মন্দগদেশস্থাঃ ॥৩৭॥
নেতি। দণ্ড এষামস্তীতি দণ্ডিকা দণ্ডার্হাঃ। ইন্‌বিষয়ে মত্বর্থীয় ইকঃ ॥৩৮॥
এতাবদিতি। শক্যম্, তন্মাত্রশ্রবণাৎ। মহৌজসি তদ্বাসিনাং মহৌজস্ত্বাৎ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভূমৌ একাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

মহারাজ! মশকদেশে ধার্ম্মিক ও সকলের অভীষ্টদাতা ক্ষত্রিয়েরা অবস্থিতি করেন; মানসদেশে ধর্ম্মোপজীবী বৈশ্যেরা রহিয়াছেন ॥৩৬॥

আর মন্দগদেশে বীর, ধর্ম্মার্থজ্ঞানসম্পন্ন, ধার্ম্মিক ও সর্ব্বাভীষ্টপ্রাপী শূদ্রেরা বাস করিয়া থাকেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! সে সকল দেশে রাজা নাই, দণ্ড নাই এবং দণ্ডের যোগ্য লোকও নাই; তাঁহারা সকলেই ধর্ম্ম জানেন বলিয়া আপন আপন ধর্ম্ম অনুসারেই পরস্পর পরস্পরকে রক্ষা করেন ॥৩৮॥

সেই শাকদ্বীপের বিষয় এই পর্য্যন্তই আমি বলিতে পারি। সুতরাং মহারাজ! আপনারও মহাতেজা শাকদ্বীপের বিষয় এইটুকুমাত্রই শুনিতে হইবে' ॥৩৯॥

———:০:———

দ্বাদশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

উত্তরেষু চ কৌরব্য ! দ্বীপেষু শ্রূয়তে কথা।
যথাশ্রুতং মহারাজ ! ব্রুবতশ্চ নিবোধ মে ॥১॥
ঘৃততোয়ঃ সমুদ্রোঽত্র দধিমণ্ডোদকঃ পরঃ।
সুরোদঃ সাগরশ্চৈব তথান্যো জলসাগরঃ ॥২॥
পরস্পরেণ দ্বিগুণাঃ সর্বে দ্বীপা নরাধিপ ! ।
পর্বতাশ্চ মহারাজ ! সমুদ্রৈঃ পরিবারিতাঃ ॥৩॥
গৌরস্তু মধ্যমে দ্বীপে গিরির্মণিশিলো মহান্।
পর্বতঃ পশ্চিমে কৃষ্ণো নারায়ণসখো নৃপ ! ॥৪॥
তত্র রত্নানি দিব্যানি স্বয়ং রক্ষতি কেশবঃ।
প্রসন্নশ্চাভবত্তত্র প্রজানাং ব্যদধৎ সুখম্ ॥৫॥

ভারতকৌমুদী

উত্তরেষ্বিতি। উত্তরেষু অবশিষ্টেষু। কথা তত্তৎস্বরূপাখ্যানম্ ॥১॥
ঘৃতেতি। ঘৃতাদীনাং তোয়ত্বং ঘনত্বাদিসাম্যাদিতি দিক্ ॥২॥
পরস্পরেণেতি। পরস্পরেণ পরপর ইত্যর্থঃ। পরিবারিতাঃ পরিবেষ্টিতাঃ ॥৩॥
গৌর ইতি। গৌরো নাম। মণয় এব শিলা যস্মিন্ সঃ। কৃষ্ণো নাম ॥৪॥
তত্রেতি। প্রসন্নঃ প্রজাস্বেব, অতএব ব্যদধদকরোৎ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'কুরুনন্দন মহারাজ! অবশিষ্ট দ্বীপগুলির যেরূপ উপাখ্যান শুনিয়াছি, সেইরূপই আমি বলিতেছি; আপনি শ্রবণ করুন ॥১॥

সেই সকল দ্বীপের নিকটে ঘৃতোদক, দধিমণ্ডোদক ও সুরোদক সাগর এবং জলসাগর রহিয়াছে ॥২॥

নরনাথ মহারাজ! সকল দ্বীপই পর পর দ্বিগুণ এবং সেই দ্বীপগুলির পর্ব্বত সকল সমুদ্রে পরিবেষ্টিত রহিয়াছে ॥৩॥

রাজা! মধ্যমদ্বীপে 'গৌর-'নামে মণিময় শিলাযুক্ত একটা বিশাল পর্বত এবং পশ্চিমে 'কৃষ্ণ-'নামে নারায়ণের প্রিয় আর একটা পর্বত আছে ॥৪॥

(১) এবং তত্র মহারাজ! বা ব রা নি। (৪)…গিরির্মানঃশিলো মহান্…বা ব রা নি। (৫)…প্রজাপতিমুপাসীনঃ প্রজানাম্…পি।

কুশদ্বীপে কুশস্তম্বো মধ্যে জনপদস্য হ।
সংপূজ্যতে শাল্মলিশ্চ দ্বীপে শাল্মলকে নৃপ! ॥৬॥
ক্রৌঞ্চদ্বীপে মহাক্রৌঞ্চো গিরী রত্নচয়াকরঃ।
সংপূজ্যতে মহারাজ! চাতুর্বর্ণ্যেন নিত্যদা ॥৭॥
গোমন্তঃ পর্বতো রাজন্! সুমহান্ সর্ব্বধাতুমান্।
যত্র নিত্যং নিবসতি শ্রীমান্ কমললোচনঃ ॥৮॥
মোক্ষিভিঃ সংস্তুতো নিত্যং প্রভুর্নারায়ণো হরিঃ।
কুশদ্বীপে তু রাজেন্দ্র! পর্বতো বিদ্রুমৈশ্চিতঃ ॥৯॥
সুদামা নাম দুর্দ্ধর্ষো দ্বিতীয়ো হেমভূষিতঃ।
দ্যুতিমান্ নাম কৌরব্য! তৃতীয়ঃ কুমুদো গিরিঃ ॥১০॥
চতুর্থঃ পুষ্পবান্ নাম পঞ্চমস্তু কুশেশয়ঃ।
ষষ্ঠো হরিগিরির্নাম ষড়েতে পর্বতোত্তমাঃ ॥১১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কুশেতি। শাল্মলিস্তদাখ্যো বৃক্ষঃ, শাল্মলকে শাল্মলিনাম্নি ॥৬॥

ক্রৌঞ্চেতি। মহাক্রৌঞ্চো নাম, রত্নচয়স্য আকরঃ খনিঃ ॥৭॥

গোমন্ত ইতি। সর্ব্বধাতুমান্ গৈরিকাদিসর্ব্বধাতুযুক্তঃ। বিদ্রুমৈঃ প্রবালৈশ্চিতো ব্যাপ্তঃ। দুর্দ্ধর্ষঃ, হিংস্রজন্তুপূর্ণত্বাৎ। কুমুদো নাম। পর্ব্বতোত্তমাঃ কুশদ্বীপে ॥৮—১১॥

স্বয়ং নারায়ণ তত্রত্য দিব্য রত্ন সকল রক্ষা করেন এবং প্রজাদের উপরে প্রসন্ন হইয়া তাহাদের সুখ সম্পাদন করেন ॥৫॥

রাজা! কুশদ্বীপে দেশের মধ্যস্থানবর্ত্তী কুশস্তম্বকে এবং শাল্মলিদ্বীপে শাল্মলিবৃক্ষকে তত্রত্য লোকেরা বিশেষ আদর করে ॥৬॥

মহারাজ! ক্রৌঞ্চদ্বীপে রত্নসমূহের আকর 'মহাক্রৌঞ্চ-'নামে একটা পর্বত আছে; ব্রাহ্মণপ্রভৃতি চারি বর্ণ সর্ব্বদাই তাহার আদর করেন ॥৭॥

রাজা! সেই দ্বীপে অতিবিশাল ও সমস্তধাতুযুক্ত 'গোমন্ত-'নামে আর একটা পর্ব্বত আছে; যাহাতে লক্ষ্মীর সহিত কমলনয়ন প্রভু নারায়ণ হরি সর্ব্বদা বাস করেন। রাজশ্রেষ্ঠ! আর কুশদ্বীপে 'সুদামা-'নামে প্রবালব্যাপ্ত ও দুর্দ্ধর্ষ প্রথম পর্বত, 'দ্যুতিমান্-'নামে স্বর্ণভূষিত দ্বিতীয় পর্বত, 'কুমুদ-'নামে তৃতীয় পর্ব্বত, 'পুষ্পবান্-'নামে চতুর্থ পর্ব্বত, 'কুশেশয়-'নামে পঞ্চম পর্ব্বত এবং

(৬) কুশস্তম্বঃ কুশদ্বীপে মধ্যে জনপদৈঃ সহ···বা ব রা নি। (৯) মোক্ষিভিঃ সঙ্গতো নিত্যম···পি। (১০) স্বনামনামা···বা ব, সুনামনামা···রা, সুনামা নাম···নি, হেমপর্ব্বতঃ ··বা ব রা নি।

তেষামন্তরবিষ্কম্ভো দ্বিগুণঃ সর্বভাগশঃ।
ঔদ্ভিদং প্রথমং বর্ষং দ্বিতীয়ং বেণুমণ্ডলম্ ॥১২॥
তৃতীয়ং সুরথং নাম চতুর্থং কম্বলং স্মৃতম্।
ধৃতিমৎ পঞ্চমং বর্ষং ষষ্ঠং বর্ষং প্রভাকরম্ ॥১৩॥
সপ্তমং কাপিলং বর্ষং সপ্তৈতে বর্ষলম্ভকাঃ।
এতেষু দেবগন্ধর্বাঃ প্রজাশ্চ জগতীশ্বর ! ॥১৪॥
বিহরন্তে রমন্তে চ ন তেষু ম্রিয়তে জনঃ।
ন তেষু দস্যবঃ সন্তি ম্লেচ্ছজাত্যোঽপি বা নৃপ ! ॥১৫॥ (যুগ্মকম্)
গৌরঃ প্রায়ো জনঃ সর্বঃ সুকুমারশ্চ পার্থিব ! ।
অবশিষ্টেষু সর্ব্বেষু বক্ষ্যামি মনুজাধিপ ! ॥১৬॥
যথাশ্রুতং মহারাজ ! তদব্যগ্রমনাঃ শৃণু।
ক্রৌঞ্চদ্বীপে মহারাজ ! ক্রৌঞ্চো নাম মহাগিরিঃ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। অন্তরবিষ্কম্ভো মধ্যবর্ত্তিভূবিস্তারঃ, সর্ব্বভাগশঃ ক্রমশঃ ॥১২॥
তৃতীয়মিতি। নামশব্দস্য কম্বলমিত্যাদাবপ্যনুবৃত্তিঃ ॥১৩॥
সপ্তমমিতি। বর্ষলম্ভকা বর্ষপরিচয়াঃ। ম্রিয়তে অকালে ॥১৪—১৫॥
গৌরেতি। প্রায়ো বহুলঃ। যথাশ্রুতং বক্ষ্যামীতি সম্বন্ধঃ ॥১৬—১৭॥

'হরিগিরি-'নামে ষষ্ঠ পর্ব্বত আছে। সুতরাং কুশদ্বীপে এই ছয়টা উত্তম পর্ব্বত রহিয়াছে ॥৮—১১॥

সেই পর্ব্বতগুলির মধ্যভূমির বিস্তার ক্রমশঃ দ্বিগুণ। তাহার মধ্যে প্রথম ঔদ্ভিদবর্ষ এবং দ্বিতীয় বেণুমণ্ডলবর্ষ ॥১২॥

তৃতীয় সুরথবর্ষ, চতুর্থ কম্বলবর্ষ, ধৃতিমৎ পঞ্চমবর্ষ, এবং প্রভাকর ষষ্ঠ বর্ষ ॥১৩॥

রাজা! সপ্তম কাপিলবর্ষ। নরনাথ! কুশদ্বীপে এই সাতটা বর্ষ আছে। তাহাতে দেবগণ, গন্ধর্ব্বগণ ও মনুষ্যগণ বিহার ও ক্রীড়া করিয়া থাকেন এবং সে সকল বর্ষে মানুষ অকালে মরে না, আর সেই সমস্ত বর্ষে দস্যু বা ম্লেচ্ছ-জাতি নাই ॥১৪—১৫॥

রাজা! বিশেষতঃ সে সকল বর্ষে প্রায় সকল লোকই গৌরবর্ণ ও কোমলাঙ্গ। নরনাথ! আমি যেমন শুনিয়াছি, তেমন ভাবেই অবশিষ্ট সমস্ত

(১২)···বিশ্বমণ্ডলম্—পি। (১৩) তৃতীয়ং সুরথাকারম্ বা ব রা নি। (১৪)··· বর্ষসম্ভবাঃ···পি। (১৬) গৌরপ্রায়ো জনঃ···মনুজেশ্বর!—বা ব রা নি।

ক্রৌঞ্চাৎ পরো বামনকো বামনাদন্ধকারকঃ।
অন্ধকারাৎ পরো রাজন্! মৈনাকঃ পর্বতোত্তমঃ ॥১৮॥
মৈনকাৎ পরতো রাজন্! গোবিন্দো গিরিরুত্তমঃ।
গোবিন্দাৎ পরতো রাজন্! নিবিড়ো নাম পর্বতঃ ॥১৯॥
পরস্তু দ্বিগুণস্তেষাং বিষ্কম্ভো বংশবর্দ্ধন!।
দেশাংস্তত্র প্রবক্ষ্যামি তন্মে নিগদতঃ শৃণু ॥২০॥
ক্রৌঞ্চস্য কুশলো দেশো বামনস্য মনোঃনুগঃ।
মনোঽনুগাৎ পরশ্চোষ্ণো দেশঃ কুরুকুলোদ্বহ! ॥২১॥
উষ্ণাৎ পরঃ প্রাবরকঃ প্রাবরাদন্ধকারকঃ।
অন্ধকারকদেশাত্তু মুনিদেশঃ পরঃ স্মৃতঃ ॥২২॥

ভারতকৌমুদী

ক্রৌঞ্চাদিতি। বামনকঃ অন্ধকারক ইতি স্বার্থে কঃ ॥১৮॥

মৈনাকাদিতি। সর্বত্র বর্ত্তত ইতি শেষঃ ॥১৯॥

পর ইতি। পর ইতি বীপ্সাবগন্তব্যা। বিষ্কম্ভো বিস্তারঃ ॥২০॥

ক্রৌঞ্চস্যেতি। ক্রৌঞ্চস্য পর্ব্বতস্য সন্নিহিতঃ কুশলো নাম দেশঃ। এবমন্যত্রাপি। উষ্ণো নাম দেশঃ ॥২১॥

উষ্ণাদিতি। প্রাবরক ইতি স্বার্থে কঃ, প্রাবরাদিত্যুক্তেঃ ॥২২॥

দ্বীপের বিষয় বলিব, আপনি স্থিরচিত্তে তাহা শ্রবণ করুন। মহারাজ! ক্রৌঞ্চদ্বীপে 'ক্রৌঞ্চ-'নামে একটা মহাপর্ব্বত আছে ॥১৬—১৭॥

রাজা! ক্রৌঞ্চের পরে বামন, বামনের পরে অন্ধকার, অন্ধকারের পরে পর্বতশ্রেষ্ঠ মৈনাক ॥১৮॥

নরনাথ! মৈনাকের পরে পর্ব্বতশ্রেষ্ঠ গোবিন্দ এবং গোবিন্দের পরে 'নিবিড়-'নামে পর্ব্বত রহিয়াছে ॥১৯॥

বংশবর্দ্ধন! সেই পর্ব্বতগুলির বিস্তার পর পর দ্বিগুণ। সেই ক্রৌঞ্চ-দ্বীপের দেশগুলি আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥২০॥

কৌরবশ্রেষ্ঠ! ক্রৌঞ্চপর্বতের নিকটবর্ত্তী দেশের নাম—'কুশল' বামন-পর্ব্বতের সন্নিহিত দেশের নাম—'মনোঽনুগ' মনোঽনুগের পর উষ্ণদেশ ॥২১॥

উষ্ণদেশের পর প্রাবরদেশ, প্রাবরদেশের পর অন্ধকারদেশ, অন্ধকারদেশের পর মুনিদেশ ॥২২॥

(১৯)…নির্বিন্দো নাম পর্বতঃ—পি। (২২)…প্রাবারাদন্ধকারকঃ…বা ব য়া মি।

মুনিদেশাৎ পরশ্চৈব প্রোচ্যতে দুন্দুভিস্বনঃ।
সিদ্ধচারণসঙ্কীর্ণো গৌরপ্রায়ো জনাধিপ!।
এতে দেশা মহারাজ! দেবগন্ধর্বসেবিতাঃ ॥২৩॥
পুষ্করে পুষ্করো নাম পর্বতো মণিরত্নবান্।
তত্র নিত্যং প্রবসতি স্বয়ং দেবঃ প্রজাপতিঃ ॥২৪॥
তং পর্যুপাসতে নিত্যং দেবাঃ সর্বে মহর্ষয়ঃ।
বাগ্‌ভির্মনোঽনুকূলাভিঃ পূজয়ন্তো জনাধিপ! ॥২৫॥
জম্বুদ্বীপাৎ প্রবর্ত্তন্তে রত্নানি বিবিধান্যুত।
দ্বীপেষু তেষু সর্বেষু প্রজানাং কুরুসত্তম! ॥২৬॥
ব্রহ্মচর্য্যেণ সত্যেন প্রজানাং হি দমেন চ।
আরোগ্যায়ুঃপ্রমাণাভ্যাং দ্বিগুণং দ্বিগুণং ততঃ ॥২৭॥
একো জনপদো রাজন্! দ্বীপেষ্বেতেষু ভারত!।
উক্তা জনপদা যেষু ধর্ম্মশ্চৈকঃ প্রদৃশ্যতে ॥২৮॥

ভারতকৌমুদী

মুনীতি। গৌরা গৌরবর্ণাঃ প্রায়া বহুলা জনা যত্র সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
পুষ্কর ইতি। পুষ্করে তদাখ্যে দ্বীপে। প্রজাপতির্ব্রহ্মা ॥২৪॥
তমিতি। পূজয়ন্তঃ স্তবন্তঃ ॥২৫॥
জম্বুদ্বীপাদিতি। প্রবর্ত্তন্তে বণিগ্‌ভির্নীতানি গচ্ছন্তি। প্রজানাং তত্রত্যানামর্থে ॥২৬॥
ব্রহ্মেতি। ততঃ পূর্ব্বপূর্ব্বদ্বীপাৎ, দ্বিগুণং দ্বিগুণং জীবনমিতি শেষঃ ॥২৭॥

এবং মুনিদেশের পর দুন্দুভিস্বনদেশ। নরনাথ! এই দেশের প্রায় লোকই গৌরবর্ণ এবং তাহারা সিদ্ধ ও চারণগণের সহিত মিলিত হইয়া বিচরণ করে। মহারাজ! ক্রৌঞ্চদ্বীপে দেবগন্ধর্বসেবিত এই সকল দেশ রহিয়াছে ॥২৩॥

পুষ্করদ্বীপে 'পুষ্কর-'নামে মণি ও রত্নশালী একটা পর্ব্বত আছে; তাহাতে স্বয়ং প্রজাপতিদেব সর্ব্বদা বাস করেন ॥২৪॥

নরনাথ! দেবতারা ও মহর্ষিরা সকলে মনের অনুকূল বাক্যদ্বারা স্তব করিতে থাকিয়া সর্বদাই তাঁহার উপাসনা করেন ॥২৫॥

কৌরবশ্রেষ্ঠ! সেই সমস্ত দ্বীপের লোকের জন্য এই জম্বুদ্বীপ হইতে নানাবিধ রত্ন যাইয়া থাকে ॥২৬॥

তত্রত্য লোকদিগের ব্রহ্মচর্য্য, সত্য, ইন্দ্রিয়দমন, স্বাস্থ্য ও আয়ুর পরিমাণে তাহাদের জীবন পূর্ব্বপূর্ব্ব দ্বীপবাসী অপেক্ষা দ্বিগুণ দ্বিগুণ হইয়া থাকে ॥২৭॥

ঈশ্বরো দণ্ডমুদ্যম্য স্বয়মেব প্রজাপতিঃ।
দ্বীপানেতান্ মহারাজ! রক্ষংস্তিষ্ঠতি নিত্যদা ॥২৯॥
স রাজা স শিবো রাজন্! স পি·া স পিতামহঃ।
গোপায়তি নরশ্রেষ্ঠ! প্রজাঃ সজড়পণ্ডিতাঃ ॥৩০॥
ভোজনঞ্চাত্র কৌরব্য! প্রজাঃ স্বয়মুপস্থিতম্।
সিদ্ধমেব মহাবাহো! তদ্ধি ভুঞ্জন্তি নিত্যদা ॥৩১॥
তত্র পরং সমা নাম দৃশ্যতে লোকসংস্থিতিঃ।
চতুরস্রং মহারাজ! ত্রয়স্ত্রিংশত্তু মণ্ডলম্ ॥৩২॥

ভারতকৌমুদী

এক ইতি। হে ভারত! রাজন্! যেষু দ্বীপেষু বহবো জনপদা উক্তাঃ, বস্তুতস্তু এতেষু কেষু দ্বীপেষু এক এব জনপদঃ। যেন হি তেষু এক এব ধর্ম্মঃ প্রদৃশ্যতে ॥২৮॥

ঈশ্বর ইতি। ঈশ্বরঃ প্রভুঃ সন্। তত্র প্রজাতন্ত্রং রাজ্যমিত্যাশয়ঃ ॥২৯॥

স ইতি। শিবো মঙ্গলকরঃ। গোপায়তি রক্ষতি। সজড়পণ্ডিতা অচেতনচেতনাঃ ॥৩০॥

ভোজনমিতি। সিদ্ধমেব দৈবনিষ্পন্নমেব ॥৩১॥

তত্রেতি। লোকসংস্থিতির্লোকালয়ো দেশ ইতি যাবৎ। চতুরস্রং চতুষ্কোণম্, মণ্ডলং পরিধিঃ, ত্রয়স্ত্রিংশৎ ত্রয়স্ত্রিংশদ্‌যোজনপরিমিতম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

উত্তরেদ্বিতি ॥১—৩॥ মানঃশিলো মনঃশিলাময়ঃ ॥৪—৩১॥ চতুরস্রং চতুর্দ্দলকমলাকারং জম্বুমণ্ডলমিতি শেষঃ। তস্য পূর্ব্বম্ অশ্রান্তপরিধিরুক্তঃ—"অষ্টাদশসহস্রাণি ষট্‌শতানি চ ভারতে"তি। ইহ যত্র মধ্যমমণ্ডলপরিধিস্ত্রয়স্ত্রিংশদ্ধতযোজন ইত্যুচ্যতে। ততশ্চ পঞ্চসহস্রীতো যাবান্ যত্রাগ্রভাগো বহির্বৃদ্ধস্তাবানেব ত্রয়স্ত্রিংশতোঽগ্রে পঞ্চসহস্রীতো গর্ভে

ভরতনন্দন রাজা! যে দ্বীপগুলিতে বহুতর দেশ বলা হইল, বাস্তবিকপক্ষে সে দ্বীপগুলিতে একই দেশ বলিতে হইবে। কারণ, সে সকল দেশে একটাই ধর্ম্ম দেখিতে পাওয়া যায় ॥২৮॥

মহারাজ! স্বয়ং ব্রহ্মাই প্রভু হইয়া দণ্ড উত্তোলন করিয়া সর্ব্বদা এই দ্বীপগুলিকে রক্ষা করতঃ অবস্থান করেন ॥২৯॥

নরশ্রেষ্ঠ রাজা! তিনিই সে সকল দ্বীপের রাজা, তিনিই মঙ্গলকারী, তিনিই পিতা এবং তিনিই পিতামহ; আর তিনিই চেতন ও অচেতন প্রজাবর্গকে রক্ষা করেন ॥৩০॥

মহাবাহু কৌরবনন্দন! দৈবনিষ্পন্ন খাদ্যই সে সকল দ্বীপে নিজে নিজে উপস্থিত হয় এবং তাহাই লোকেরা সর্ব্বদা ভোজন করে ॥৩১॥

(৩০)···স পিতা প্রপিতামহঃ···বা ব রা নি। (৩১)···সিদ্ধমেব মহারাজ!···পি।

তত্র তিষ্ঠন্তি কৌরব্য ! চত্বারো লোকসম্মতাঃ।
দিগ্‌গজা ভরতশ্রেষ্ঠ ! বামনৈরাবতাদয়ঃ ॥৩৩॥
সুপ্রতীকস্তদা রাজন্ ! প্রভিন্নকরটামুখঃ।
তস্যাহং পরিমাণন্তু ন সংখ্যাতুমিহোৎসহে ॥৩৪॥
অসংখ্যাতঃ স নিত্যং হি তির্য্যগূর্দ্ধমধস্তথা।
তত্র বৈ বায়বো বান্তি দিগ্‌ভ্যঃ সর্বাভ্য এব হি ॥৩৫॥
অসংবদ্ধা মহারাজ ! তান্ নিগৃহ্ণন্তি তে গজাঃ।
পুষ্করৈঃ পদ্মসঙ্কাশৈর্বিকর্ষদ্ভির্মহাপ্রভৈঃ।
শতধা পুনরেবাশু তে তান্ মুঞ্চন্তি নিত্যশঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। ঐরাবতঃ সুপ্রতীকঃ বামনঃ কুমুদ ইতি চত্বারঃ ॥৩৩॥

সুপ্রতীক ইতি। প্রভিন্নকরটামুখো মদস্রাবিগণ্ডঃ। উৎসহে শক্নোমি ॥৩৪॥

অথ কথং নোৎসহস ইত্যাহ অসংখ্যাত ইতি। অসংখ্যাতঃ অপরিমিতঃ ॥৩৫॥

অসংবদ্ধা ইতি। অসংবদ্ধাঃ পরস্পরমসংসৃষ্টাঃ। পুষ্করৈঃ শুণ্ডাগ্রৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ভাগ উন ইতি জ্ঞেয়ম্ ॥৩২॥ অস্য পত্রসন্ধিস্থানেষু চতুর্যু ॥৩৩॥ তস্য গজচতুষ্টয়স্য পৃথিব্যা আশ্রয়ভূতস্য। তৎ কস্যোপরি বর্ত্ততে ইতি দুর্ব্বচম্, তেন ঈশ্বরশক্ত্যৈব দিগ্‌গজা ধ্রিয়ন্তে ইতি ভাবঃ ॥৩৪॥ সঃ গজসমূহঃ, বাতরজ্জুভির্গজা বদ্ধা ইত্যেতন্মতান্তরম্, তদপি দূষয়তি—তত্রেতি ॥৩৫॥ প্রত্যুত বায়োরেব নিগ্রহং তে কুর্ব্বন্তীত্যাহ—তানিতি। পুষ্করৈঃ শুণ্ডাগ্রৈঃ

মহারাজ ! সেই দ্বীপে 'সম-'নামে একটা দেশ দেখা যায়, তাহার পরিধিটা চতুষ্কোণ এবং তেত্রিশযোজন পরিমিত ॥৩২॥

কৌরবনন্দন ভরতশ্রেষ্ঠ ! সে দেশে লোকসম্মত বামন ও ঐরাবতপ্রভৃতি চারিটা দিগ্‌হস্তী রহিয়াছে ॥৩৩॥

রাজা ! সেগুলির মধ্যে সুপ্রতীকনামক হস্তীর গণ্ডদেশ হইতে সর্বদাই মদজল নিঃসৃত হয় ; কিন্তু সে হস্তীটার পরিমাণ আমি বলিতে সমর্থ নহি ॥৩৪॥

কারণ, সেই সুপ্রতীকহস্তী সর্বদাই ঊর্দ্ধ, অধ ও পার্শ্বদিকে সর্ব্বদাই অপরিমিত। সেখানে সকল দিক্ হইতেই বায়ু বহিত হয় ॥৩৫॥

মহারাজ ! তখন পরস্পর বিশ্লিষ্ট সেই হস্তীগুলি পদ্মতুল্য, বিশেষপ্রভাবশালী ও আকর্ষণকারী শুণ্ডাগ্রদ্বারা সেই বায়ু গ্রহণ করে এবং সর্ব্বদাই আবার তৎক্ষণাৎ সে বায়ুগুলিকে শতভাগে মুক্ত করে ॥৩৬॥

(৩৬)···বিকসদ্ভির্মহাপ্রভৈঃ···বা ব রা নি।

শ্বসদ্ভির্মুচ্যমানাস্তু দিগ্‌গজৈরিহ মারুতাঃ।
আগচ্ছন্তি মহারাজ! ততস্তিষ্ঠন্তি বৈ প্রজাঃ ॥৩৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

পরো বৈ বিস্তরোঽত্যর্থং ত্বয়া সঞ্জয়! কীর্ত্তিতঃ।
দর্শিতং দ্বীপসংস্থানমুত্তরং ব্রূহি সঞ্জয় ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

উক্তা দ্বীপা মহারাজ! গ্রহান্ বৈ শৃণু তত্ত্বতঃ।
স্বর্ভানোঃ কৌরবশ্রেষ্ঠ! যাবদেব প্রমাণতঃ ॥৩৯॥
পরিমণ্ডলো মহারাজ! স্বর্ভানুঃ শ্রূয়তে গ্রহঃ।
যোজনানাং সহস্রাণি বিষ্কম্ভো দ্বাদশাস্য বৈ ॥৪০॥
পরিণাহেন ষট্‌ত্রিংশদ্বিপুলত্বেন চানঘ!।
ষষ্টিমাহুঃ শতান্যস্য বুধাঃ পৌরাণিকাস্তথা ॥৪১॥

ভারতকৌমুদী

শ্বসদ্ভিরিতি। ততস্তন্মারুতগ্রহণাৎ, তিষ্ঠন্তি জীবিতা ইতি শেষঃ ॥৩৭॥

পর ইতি। দ্বীপানাং সংস্থানমবস্থাম্। উত্তরং পূর্ব্বকৃতপ্রশ্নস্য সিদ্ধান্তম্ "ব্রূহি গাবল্পনে সর্বং রাহোঃ সোমার্কয়োস্তথা" ইতি জিজ্ঞাসিতবিষয়মিত্যর্থঃ ॥৩৮॥

উক্তা ইতি। প্রমাণতো যাবদেব স্বর্ভানো রাহোর্বৃহত্ত্বং তদপি শৃণ্বিত্যর্থঃ ॥৩৯॥

পরীতি। পরিমণ্ডলো গোলাকারঃ। বিষ্কম্ভো বিস্তারঃ, অস্য স্বর্ভানোঃ ॥৪০॥

পরীতি। পরিণাহেন পরিধিবিশালতয়া, ষট্‌ত্রিংশৎ সহস্রাণি যোজনানীত্যর্থঃ, বিস্তার-

মহারাজ! সেই দিগ্‌হস্তীরা শ্বাস ত্যাগ করিতে থাকিয়া মুক্ত করিলে সেই বায়ু আসিতে থাকে; তাহাতেই তত্রত্য প্রাণীরা জীবিত থাকে' ॥৩৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তুমি বিশেষ বিস্তরক্রমেই জিজ্ঞাসিত বিষয় বলিয়াছ; দ্বীপগুলির অবস্থাও জানাইয়াছ; সঞ্জয়! এখন অবশিষ্ট বিষয়ের উত্তর বল' ॥৩৮॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দ্বীপগুলির বিষয় বলিয়াছি; এখন আপনি যথাযথভাবে গ্রহগুলির বিষয় শ্রবণ করুন এবং কৌরবশ্রেষ্ঠ! পরিমাণে রাহু যত বড়, তাহাও শুনুন ॥৩৯॥

মহারাজ! শুনিতে পাই—রাহুগ্রহ নাকি গোলাকার এবং উহার বিস্তার—দ্বাদশ সহস্র যোজন ॥৪০॥

(৩৯)···গ্রহং বৈ···বা ব রা নি।

চন্দ্রমাস্তু সহস্রাণি রাজন্নেকাদশ স্মৃতঃ।
বিষ্কম্ভেণ কুরুশ্রেষ্ঠ! ত্রয়স্ত্রিংশত্তু মণ্ডলম্।
একোনষষ্টিবিষ্কম্ভং শীতরশ্মের্মহাত্মনঃ ॥৪২॥
সূর্য্যস্ত্বষ্টৌ সহস্রাণি দ্বে চান্যে কুরুনন্দন!।
বিষ্কম্ভেণ ততো রাজন্! মণ্ডলং ত্রিংশতা সমম্ ॥৪৩॥
অষ্টপঞ্চাশতং রাজন্! বিপুলত্বেন চানঘ!।
শ্রূয়তে পরমোদারঃ পতগোঽসৌ বিভাবসুঃ ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পরিমাণাপেক্ষয়া পরিধিপরিমাণস্য ত্রিগুণাধিকত্বনিয়মাদিতি ভাবঃ। বিপুলত্বেন মধ্যদেশাৎ পরিধিপর্য্যন্তপরিমাণেন, ষষ্টিং শতানি ষট্সহস্রযোজনানি। এবমন্যত্র ॥৪১॥

চন্দ্রমা ইতি। একাদশ সহস্রাণি যোজনানি, বিষ্কম্ভেণ বিস্তারেণ। তস্য মণ্ডলং পরিধিস্তু ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি। একোনষষ্টিঃ শতানি যোজনানি বিষ্কম্ভো বিপুলত্বস্য বিস্তারো যস্য তৎ। পৃথিব্যা ইব চন্দ্রসূর্য্যয়োঃ সমগোলত্বাভাবাৎ দীর্ঘদিশি মধ্যতঃ পরিধি-পর্য্যন্তমীদৃগ্ বিপুলত্বমিত্যবধেয়ম্। পরত্রাপ্যেবম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

সূর্য্য ইতি। অষ্টৌ সহস্রাণি যোজনানি, অন্যে দ্বে চ যোজনসহস্রে দশসহস্রযোজনানীত্যর্থঃ, বিষ্কম্ভেণ বিস্তারেণ। মণ্ডলং পরিধিঃ, ত্রিংশতা যোজনসহস্রাণামিতি শেষঃ। অষ্টপঞ্চাশতম্ অষ্টপঞ্চাশচ্ছতানি যোজনানি। মতান্তরমাহ শ্রূয়ত ইতি। অসৌ পতগো গগনচরো বিভাবসুঃ সূর্য্যঃ, পরমোদারঃ অতিমহান্ পৃথিব্যপেক্ষয়া বহুগুণবিশালঃ শ্রূয়তে। এতন্মতে তু ভূচ্ছায়ারূপেণ রাহুণা পূর্ণসূর্য্যগ্রাসানুপপত্তিরিত্যাশয়ঃ ॥৪৩—৪৪॥

ভারতভাবদীপঃ

॥৩৬—৩৭॥ উত্তরং সূর্য্যেন্দুরাহুপ্রমাণম্ ॥৩৮—৪০॥ পরিণাহেন ষট্ত্রিংশৎসহস্রাণি, বিপুলত্বেন ততোঽপ্যাধিক্যেন, ইদমুত্তরান্বয়ি ॥৪১॥ ষষ্টির্যোজনানি পরিণাহ এবেত্যর্থঃ ॥৪২—৪৩॥ পতগঃ শীঘ্রগঃ, বিভাবসুঃ সূর্য্যঃ ॥৪৪—৫১॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

নিষ্পাপ রাজা! পৌরাণিক পণ্ডিতেরা বলেন—রাহুর পরিধির বিশালতা—ষট্ত্রিংশৎ সহস্র যোজন এবং উহার মধ্যস্থান হইতে পরিধিপর্য্যন্ত স্থানের বিস্তার ষট্সহস্র যোজন ॥৪১॥

কৌরবশ্রেষ্ঠ! চন্দ্রের বিস্তার—একাদশ সহস্র যোজন, উহার পরিধির পরিমাণ—ত্রয়স্ত্রিংশৎ সহস্র যোজন এবং ঐ বিশালমূর্ত্তি চন্দ্রের মধ্য হইতে পরিধিপর্য্যন্ত স্থানের পরিমাণ—একশতন্যূন ষট্সহস্র যোজন ॥৪২॥

কুরুনন্দন রাজা! সূর্য্য বিস্তারে দশসহস্র যোজন, তাহার পরিধি ত্রিংশৎ-

(৪২)·· একোনষষ্টিবিষ্কম্ভঃ···পি।

এতৎ প্রমাণমর্কস্য নির্দ্দিষ্টমিহ ভারত !।
স রাহুশ্ছাদয়ত্যেতৌ যথাকালং মহত্তয়া ॥৪৫॥
চন্দ্রাদিত্যৌ মহারাজ ! সংক্ষেপোঽয়মুদাহৃতঃ।
ইত্যেতত্তে মহারাজ ! পৃচ্ছতঃ শাস্ত্রচক্ষুষা ॥৪৬॥
সর্বমুক্তং যথাতত্ত্বং তস্মাচ্ছমমবাপ্নুহি।
যথোদ্দিষ্টং ময়া প্রোক্তং সনির্ম্মাণমিদং জগৎ ॥৪৭॥ (বিশেষকম্)
তস্মাদাশ্বস কৌরব্য ! পুত্রং দুর্য্যোধনং প্রতি।
শ্রুত্বেদং ভরতশ্রেষ্ঠ ! ভূমিপর্ব মনোঽনুগম্ ॥৪৮॥
শ্রীমান্ ভবতি রাজন্যঃ সিদ্ধার্থঃ সাধুসম্মতঃ।
আয়ুর্বলঞ্চ কীর্ত্তিশ্চ তস্য তেজশ্চ বর্দ্ধতে ॥৪৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতদিতি। অর্কস্যেত্যুপলক্ষণম্, রাহোশ্চন্দ্রস্য চ। যথাকালং পূর্ণিমায়ামমাবস্যায়াঞ্চ, এতৌ চন্দ্রাদিত্যৌ ছাদয়তি ভূচ্ছায়ারূপেণ। তদেব চ গ্রহণমিত্যুচ্যতে। তথা চ শ্রাদ্ধবিবেকধৃতা স্মৃতিঃ—"পর্ব্বকালে তু সংপ্রাপ্তে চন্দ্রার্কৌ ছাদয়িষ্যসি। ভূমিচ্ছায়াগতশ্চন্দ্রং চন্দ্রগোঽর্কং কদাচন ॥" রঘুবংশে চ—"ছায়া হি ভূমেঃ শশিনো মলত্বেনারোপিতা শুদ্ধিমতঃ প্রজাভিঃ।" শমং শান্তিম্ উদ্বেগনিবৃত্তিমিতি যাবৎ ॥৪৫—৪৭॥

তস্মাদিতি। আশ্বস আশ্বসিহি। মনসঃ অনুগমনুকূলং মনোহরমিত্যর্থঃ। শ্রীমান্ সম্পন্নঃ, রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, সিদ্ধার্থো নিষ্পন্নপ্রয়োজনঃ, সাধূনাং সম্মতঃ প্রিয়ঃ ॥৪৮—৪৯॥

সহস্র যোজন এবং তাহার মধ্য হইতে পরিধিপর্য্যন্ত স্থানের পরিমাণ—অষ্টপঞ্চাশৎশত যোজন। কোন কোন মতে শুনা যায় যে, আকাশচারী ঐ সূর্য্য (ইহা অপেক্ষাও) অতিবৃহৎ ॥৪৩—৪৪॥

ভরতনন্দন। পৌরাণিকমতে চন্দ্র, সূর্য্য ও রাহুর এই পরিমাণ নির্দ্দিষ্ট আছে। সুতরাং সেই রাহু নিজের বিশালতাবশতঃ পূর্ণিমা ও অমাবস্যাতিথিতে চন্দ্র ও সূর্য্যকে আবৃত করিয়া থাকে। মহারাজ! আপনার নিকটে সংক্ষেপে এই বলিলাম। আর আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছেন, শাস্ত্রদৃষ্টিতে যথাযথভাবে সে সমস্তই আমি এই বলিলাম। অতএব আপনি এখন শান্তি লাভ করুন। সৃষ্টির সহিত জগতের সমস্ত বিষয় আমি এই উদ্দেশক্রমে বলিলাম ॥৪৫—৪৭॥

কৌরবনন্দন! অতএব আপনি এখন পুত্র দুর্য্যোধনের বিষয়ে আশ্বস্ত হউন। ভরতশ্রেষ্ঠ! ক্ষত্রিয় এই মনোহর ভূমিপর্ব্ব শ্রবণ করিয়া সম্পত্তিশালী, কৃতকার্য্য ও সজ্জনপ্রিয় হন এবং তাঁহার আয়ু, বল, কীর্ত্তি ও তেজ বৃদ্ধি পায় ॥৪৮—৪৯॥

যঃ শৃণোতি মহীপাল! পর্ব্বণীদং যতব্রতঃ।
প্রীয়ন্তে পিতরস্তস্য তথৈব চ পিতামহাঃ ॥৫০॥
ইদন্তু ভারতং বর্ষং যত্র বর্ত্তামহে বয়ম্।
যতঃ প্রবর্ত্তিতং পুণ্যং তৎসর্ব্বং শ্রুতবানসি ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভূমৌ উত্তরদ্বীপাদিসংস্থানবর্ণনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(*)———

(৩। ভগবদ্গীতাপর্ব।)

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

———০::০———

বৈশম্পায়ন উবাচ।

অথ গাবল্গনির্বিদ্বান্ সংযুগাদেত্য ভারত!।
প্রত্যক্ষদর্শী সর্বস্য ভূতভব্যভবিষ্যবিৎ ॥১॥

ভারতকৌমুদী

য ইতি। যতং সংযম এব ব্রতং নিয়মো যস্য সঃ ॥৫০॥

ইদমিতি। যতো ভারতবর্ষাৎ, প্রবর্ত্তিতং যজ্ঞাদিনা প্রাচীনৈঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভূমৌ দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অথেতি। অথ সমরাঙ্গনগমনাৎ ভীষ্মশরশয্যাপাতদর্শনাচ্চানন্তরম্। তদুভয়ঞ্চ পশ্চাৎ

রাজা! আর যে কোন লোক সংযত হইয়া পর্ব্বকালে এই ভূমিপর্ব্ব শ্রবণ করে, তাহার পিতৃগণ ও পিতামহগণ সন্তুষ্ট হন ॥৫০॥

মহারাজ! আমরা যেখানে রহিয়াছি, এইটা ভারতবর্ষ; আর প্রাচীন ধার্ম্মিকেরা যে স্থান হইতে ধর্ম্ম প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন, তাহার সমস্ত বিষয়ই আপনি শুনিলেন' ॥৫১॥

———:০:———

বৈশম্পায়ন বলিলেন—'ভরতনন্দন জনমেজয়! তাহার পর জ্ঞানী, সমস্ত বিষয়ের প্রত্যক্ষদর্শী এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানাভিজ্ঞ সঞ্জয় যুদ্ধ হইতে

(৫১)···পূর্বৈঃ প্রবর্ত্তিতং পুণ্যম্···বা ব রা নি।

ধ্যায়তে ধৃতরাষ্ট্রায় সহসোৎপত্য দুঃখিতঃ।
আচষ্ট নিহতং ভীষ্মং ভরতানাং পিতামহম্ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

সঞ্জয়োঽহং মহারাজ! নমস্তে ভরতর্ষভ!।
হতো ভীষ্মঃ শান্তনবো ভরতানাং পিতামহঃ ॥৩॥
ককুদং সর্ব্বযোধানাং ধাম সর্ব্বধনুষ্মতাম্।
শরতল্পগতঃ সোঽদ্য শেতে কুরুপিতামহঃ ॥৪॥
যস্য বীর্য্যং সমাশ্রিত্য যুদ্ধং পুত্রস্তবাকরোৎ।
স শেতে নিহতো রাজন্! সংখ্যে ভীষ্মঃ শিখণ্ডিনা ॥৫॥
যঃ সর্বান্ পৃথিবীপালান্ সমবেতান্ মহাম্বধে।
জিগায়ৈকরথেনৈব কাশিপুর্য্যাং মহারথঃ ॥৬॥

ভারতকৌমুদী

স্ফুটীভবিষ্যতি। গাবল্গনির্গবল্গনপুত্রঃ সঞ্জয়ঃ। সংযুগাং সমরাঙ্গনাৎ। প্রত্যক্ষদর্শিত্বাদিকন্তু ব্যাসবরপ্রভাবাদিতি ভাবঃ। ধ্যায়তে যুদ্ধবিষয়মেব চিন্তয়তে ॥১—২॥

সঞ্জয় ইতি। হত আহতঃ। ভরতানাং তদানীন্তনযুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাম্ ॥৩॥

ককুদমিতি। ককুদং শ্রেষ্ঠঃ "ককুদ্বৎ ককুদং শ্রেষ্ঠে বৃষাঙ্গে রাজলক্ষ্মণি" ইতি বিশ্বঃ। ধাম গৌরবস্থানম্। শরতল্পগতো বাণময়শয্যায়াং পতিতঃ ॥৪॥

যস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ। নিহত আহতঃ সন্, সংখ্যে সমরাঙ্গনে ॥৫॥

আসিয়া তৎক্ষণাৎ উপস্থিত হইয়া চিন্তামগ্ন ধৃতরাষ্ট্রের নিকট দুঃখিতভাবে বলিলেন—'ভরতপিতামহ ভীষ্ম নিহত হইয়াছেন' ॥১—২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আমি সঞ্জয়; ভরতশ্রেষ্ঠ! আপনাকে নমস্কার করি। ভরতগণের পিতামহ শান্তনুনন্দন ভীষ্ম নিহত হইয়াছেন ॥৩॥

যিনি সমস্ত যোদ্ধার মধ্যে শ্রেষ্ঠ এবং সমস্ত ধনুর্দ্ধরগণের গৌরবের পাত্র ছিলেন, সেই কুরুপিতামহ ভীষ্ম আজ শরশয্যায় পতিত হইয়া শয়ন করিয়াছেন ॥৪॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন যাঁহার বল অবলম্বন করিয়া যুদ্ধারম্ভ করিয়াছিলেন, সেই ভীষ্ম আজ শিখণ্ডিকর্ত্তৃক নিহত হইয়া শয়ন করিয়াছেন ॥৫॥

যে মহারথ কাশীনগরে মহাযুদ্ধে সমবেত সকল রাজাকে একরথে জয় করিয়াছিলেন এবং যিনি নির্ভয়চিত্তে সমরাঙ্গনে পরশুরামের সহিত যুদ্ধ করিয়া-

(৫)·· দ্যূতং পুত্রস্তবাকরোৎ···বা ব রা নি।

জামদগ্ন্যং রণে রামং যোঽযুধ্যদপসংভ্রমঃ।
ন হতো জামদগ্ন্যেন স হতোঽদ্য শিখণ্ডিনা ॥৭॥ (যুগ্মকম্)
মহেন্দ্রসদৃশঃ শৌর্য্যে স্থৈর্য্যে চ হিমবানিব।
সমুদ্র ইব গাম্ভীর্য্যে সহিষ্ণুত্বে ধরাসমঃ ॥৮॥
শরদংষ্ট্রো ধনুর্বক্ত্রঃ খড়্গজিহ্বো দুরাসদঃ।
নরসিংহঃ পিতা তেঽদ্য পাঞ্চাল্যেন নিপাতিতঃ ॥৯॥ (যুগ্মকম্)
পাণ্ডবানাং মহৎ সৈন্যং যং দৃষ্ট্বোদ্যতমাহবে।
প্রাবেপত ভয়োদ্বিগ্নং সিংহং দৃষ্ট্বেব গোগণঃ ॥১০॥
পরিরক্ষ্য স সেনাং তে দশরাত্রমনীকহা।
জগামাস্তমিবাদিত্যঃ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। মহামৃধে মহাযুদ্ধে। জিগায় কাশীরাজকন্যাহরণকালে। অপসংভ্রমো নির্ভয়ঃ। তেন রামেণাহননাৎ শিখণ্ডিনা চ হননাৎ দৈবমেবাত্র কারণমিতি ভাবঃ ॥৬—৭॥

মহেন্দ্রেতি। ধরাসমঃ পৃথিবীতুল্যঃ। শরা দংষ্ট্রা দন্তা ইব যস্য সঃ, উভয়োরেব লম্বিতত্ব-সাম্যাৎ; ধনুর্বক্ত্রং মুখমিব যস্য সঃ, বক্রত্বসাদৃশ্যাৎ; খড়্গো জিহ্বা ইব যস্য সঃ, সমানাকৃতিকত্বাৎ, দুরাসদো দুর্দ্ধর্ষঃ, নরঃ সিংহ ইব সঃ, তে তব পিতা পিতৃপর্য্যায়ো জ্যেষ্ঠতাতো ভীষ্মঃ, অদ্য পাঞ্চাল্যেন শিখণ্ডিনা নিপাতিতঃ ॥৮—৯॥

পাণ্ডবানামিতি। মহৎ সৈন্যং কর্ত্তৃ। আহবে যুদ্ধে। ভয়েন উদ্বিগ্নমস্থিরং সৎ, প্রাবেপত অধিকমকম্পত। অনীকং বিপক্ষসৈন্যং হন্তীতি অনীকহা। সুদুষ্করমন্যেষাম্ ॥১০-১১॥

ছিলেন, তিনি তখন পরশুরামের হস্তে নিহত হন নাই, কিন্তু আজ শিখণ্ডীর হস্তে নিহত হইয়াছেন ॥৬—৭॥

মহারাজ! যিনি শৌর্য্যে ইন্দ্রের তুল্য, স্থৈর্য্যে হিমালয়ের সদৃশ, গাম্ভীর্য্যে সমুদ্রের সমান এবং সহিষ্ণুতায় পৃথিবীর ন্যায় ছিলেন; আর বাণগুলি যাঁহার দন্তের ন্যায়, ধনুখানা মুখের সমান এবং তরবারিখানা জিহ্বার তুল্য ছিল; আপনার জ্যেষ্ঠতাত দুর্দ্ধর্ষ নরসিংহ সেই ভীষ্মকে আজ শিখণ্ডী নিপাতিত করিয়াছে ॥৮—৯॥

গোসমূহ যেমন সিংহ দেখিয়া ভয়ে অস্থির হইয়া কাঁপিতে থাকে, সেইরূপ পাণ্ডবগণের বিশাল সৈন্য যাঁহাকে যুদ্ধে উদ্যত দেখিয়া ভয়ে অস্থির হইয়া কাঁপিতেছিল, সেই বিপক্ষসৈন্যহন্তা ভীষ্ম দশ দিন যাবৎ আপনার সৈন্য রক্ষা করিয়া অতিদুষ্কর কার্য্য সাধনপূর্ব্বক সূর্য্যের ন্যায় অস্তে গিয়াছেন ॥১০—১১॥

(১০) পাণ্ডবানাং মহাসৈন্যম্···বা ব রা নি। (১১) পরিরক্ষ্য স সৈন্যাগ্র···পি।

যঃ স শক্র ইবাক্ষোভ্যো বর্ষন্ বাণান্ সহস্রশঃ।
জঘান যুধি যোধানামর্বুদং দশভির্দিনৈঃ ॥১২॥
স শেতে নিহতো ভূমৌ বাতরুগ্ন ইব দ্রুমঃ।
তব দুর্মন্ত্রিতে রাজন্! যথা নার্হঃ স ভারত! ॥১৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্বণি ভীষ্মমৃত্যুশ্রবণে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং কুরূণামৃষভো হতো ভীষ্মঃ শিখণ্ডিনা।
কথং রথাৎ স ন্যপতৎ পিতা মে বাসবোপমঃ ॥১॥

ভারতকৌমুদী

য ইতি। যোধানাং বিপক্ষসৈন্যানাম্, অর্বুদং লক্ষম্, প্রত্যহমযুতবধপ্রতিজ্ঞানাৎ। বাতরুগ্নো বায়ুভগ্নঃ। যথা যাদৃশহননে অর্হো যোগ্যো নাসীৎ, মহাবীরত্বাৎ ॥১২—১৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্বণি ভগবদ্গীতাপ্রকরণে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

কথমিতি। অত্র কথংশব্দদ্বয়ং বিষাদসম্ভ্রমে, "কথং হর্ষে চ গর্হায়াং প্রকারার্থে চ সম্ভ্রমে। প্রশ্নে সম্ভাবনায়াঞ্চ" ইতি মেদিনী। ঋষভঃ শ্রেষ্ঠঃ। বাসবোপম ইন্দ্রতুল্যঃ ॥১॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৩॥ ককুদং রাজ্ঞাং মধ্যে ধ্বজতুল্যম্। "ককুদোঽপ্যস্ত্রী বৃষাঙ্গে রাট্ধ্বজে বরে" ইতি মেদিনী। ধাম তেজঃ ॥৪—৬॥ অপসম্ভ্রমো নির্ভয়ঃ ॥৭—১১॥ অর্বুদং কোটিদশকং লক্ষং বা, পূর্ব্বমযুতস্য প্রত্যহং প্রতিজ্ঞানাৎ ॥১২—১৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

ভরতনন্দন রাজা! সেই যিনি ইন্দ্রের ন্যায় অক্ষোভ্য থাকিয়া সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া দশ দিনে যুদ্ধে বিপক্ষের লক্ষ সৈন্য সংহার করিয়াছেন, আজ তিনি সেরূপ শয়নের অযোগ্য হইয়াও আপনার মন্ত্রণার দোষে নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় ভূতলে শয়ন করিয়াছেন' ॥১২—১৩॥

(১৩)···বাতভগ্ন ইব·· বা ব রা নি।

কথমাচক্ষ্ব মে যোধা হীনা ভীষ্মেণ সঞ্জয় ! ।
বলিনা দেবকল্পেন গুর্বর্থে ব্রহ্মচারিণা ॥২॥
তস্মিন্ হতে মহাপ্রাজ্ঞে মহেষ্বাসে মহাবলে ।
মহাসত্ত্বে নরব্যাঘ্রে কিং ব আসীন্মনস্তদা ॥৩॥
আর্ত্তিং পরামাবিশতি মনঃ শংসতি মে হতম্ ।
কুরূণাম্ঋষভং বীরমকল্পং পুরুষর্ষভম্ ॥৪॥
কে তং যান্তমনুপ্রাপ্তাঃ কে বাস্যাসন্ পুরোগমাঃ ।
কেঽতিষ্ঠন্ কে ন্যবর্ত্তন্ত কেঽন্ববর্ত্তন্ত সঞ্জয় ! ॥৫॥
কে শূরা রথশার্দ্দূলমদ্ভুতং ক্ষত্রিয়র্ষভম্ ।
তথাঽনীকং গাহমানং সহসা পৃষ্ঠতোঽন্বয়ুঃ ॥৬॥

ভারতকৌমুদী

কথমিতি। হীনাস্ত্যক্তাঃ। গুর্বর্থে পিতৃনিমিত্তে, ব্রহ্মচারিণা চিরকৌমারব্রতেন ॥২॥
তস্মিন্নিতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। মহাসত্ত্বে মহাধ্যবসায়ে। কিং কীদৃশম্ ॥৩॥
আর্ত্তিমিতি। আর্ত্তিং পীড়াম্। মনঃ কর্তৃ, শংসতি ব্রবীতি সূচয়তীত্যর্থঃ ॥৪॥
ক ইতি। অনুপ্রাপ্তা অনুগতাঃ। অতিষ্ঠন্ সহচরভাবেনেতি শেষঃ ॥৫॥
ক ইতি। রথশার্দ্দূলং রথিশ্রেষ্ঠম্, অদ্ভুতং বীরম্। অনীকং বিপক্ষসৈন্যম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'অ্যাঁ কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম শিখণ্ডিকর্ত্তৃক নিহত হইয়াছেন ! অ্যাঁ আমার ইন্দ্রতুল্য জ্যেষ্ঠতাত রথ হইতে নিপতিত হইয়াছেন ! ॥১॥

সঞ্জয় ! বল, পিতার জন্য চিরকৌমারব্রতাবলম্বী, দেবতুল্য ও মহাবল ভীষ্ম কি প্রকারে আমার সৈন্যগণকে পরিত্যাগ করিয়া গেলেন ? ॥২॥

মহাপ্রাজ্ঞ, মহাধনুর্দ্ধর, মহাবল ও মহাধ্যবসায়শালী সেই নরশ্রেষ্ঠ নিহত হইলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥৩॥

আমার মন গুরুতর পীড়া অনুভব করিতেছিল এবং কৌরবশ্রেষ্ঠ, বীর ও ধীর সেই পুরুষশ্রেষ্ঠ নিহত হইয়াছেন এই কথাই যেন আমার মন বলিতেছিল ॥৪॥

সঞ্জয় ! সেই মহাপুরুষ বিপক্ষের প্রতি ধাবিত হইলে, কাহারা তাঁহার নিকট গিয়াছিল ? কাহারা তাঁহার অগ্রবর্ত্তী হইয়াছিল ? কাহারা সঙ্গে ছিল ? কাহারা ফিরিয়া আসিয়াছিল ? কাহারাই বা তাঁহার অনুগমন করিয়াছিল ? ॥৫॥

(৩)···কিমু আসীন্মনস্তব—বা ব রা নি। (৪)···মনঃ শংসসি···বা ব রা নি।

যস্তমোঽর্ক ইবাপোহৎ পরসৈন্যমমিত্রহা।
সহস্ররশ্মিপ্রতিমঃ পরেষাং ভয়মাদধৎ ॥৭॥
অকরোদ্দুষ্করং কর্ম্ম রণে পাণ্ডুসুতেষু যঃ।
গ্রসমানমনীকানি য এনং পর্য্যবারয়ৎ ॥৮॥
কৃতিনং তং দুরাধর্ষং সঞ্জয়াস্যন্তমন্তিকে।
কথং শান্তনবং যুদ্ধে পাণ্ডবাঃ প্রত্যবারয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)
নিকৃন্তন্তমনীকানি শরদংষ্ট্রং মনস্বিনম্।
চাপব্যাত্তাননং ঘোরমসিজিহ্বং দুরাসদম্ ॥১০॥
অনর্হং পুরুষব্যাঘ্রং হ্রীমন্তমপরাজিতম্।
পাতয়ামাস কৌন্তেয়ঃ কথং তমজিতং যুধি ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। তমোঽন্ধকারম্। অপোহং ব্যনাশয়ং। আদধৎ জনয়ন্ ॥৭॥

অকরোদিতি। পাণ্ডুসুতেষু মধ্যে যঃ অর্জ্জুনঃ, রণে দুষ্করং কর্ম্ম অকরোৎ রাজসূয়াৎ পূর্ব্বং দিগ্বিজয়াদৌ। অনীকানি অস্মৎসৈন্যানি গ্রসমানম্ এনমর্জ্জুনং যঃ পর্য্যবারয়ৎ। তং ভীষ্মম্, অন্তিকে বিপক্ষসেনাসমীপে, অস্যন্তং শরান্ ক্ষিপন্তম্। কথং কেন প্রকারেণ ॥৮—৯॥

নীতি। নিকৃন্তন্তং ছিন্দন্তম্, অনীকানি বিপক্ষসৈন্যানি, শরা দংষ্ট্রা দন্তা ইব যস্য তম্। পূর্ববদ্ভাবঃ। চাপো ধনুঃ ব্যাত্তং প্রকটিতমাননমিব যস্য তম্। অসিজিহ্বা ইব যস্য তম্। অনর্হং তাদৃশপাতনে অযোগ্যম্, হ্রীমন্তং দুষ্কার্য্যকরণে লজ্জাবন্তম্। কৌন্তেয়ঃ অন্যস্যাসম্ভবেন অনুমানাদর্জ্জুনঃ ॥১০—১১॥

রথিশ্রেষ্ঠ ও অদ্ভুত বীর সেই ক্ষত্রিয়সিংহ বিপক্ষসৈন্যমধ্যে অবগাহন করিতে লাগিলে, কোন্ বীরেরা সহসা তাঁহার পিছনে গিয়াছিল? ॥৬॥

সূর্য্য যেমন অন্ধকার নষ্ট করেন, সেইরূপ সূর্য্যসদৃশ তেজস্বী ও শত্রুহন্তা যে বীর বিপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া বিপক্ষসৈন্য নষ্ট করিয়াছিলেন ॥৭॥

সঞ্জয়! পাণ্ডবগণের মধ্যে যিনি যুদ্ধে দুষ্কর কার্য্য করিয়াছিলেন, সেই অর্জ্জুন আমাদের সৈন্য গ্রাস করিতে লাগিলে, যিনি তাঁহাকে বারণ করিয়াছিলেন; বিপক্ষের উপরে বাণক্ষেপকারী, দুর্দ্ধর্ষ ও যুদ্ধনিপুণ সেই ভীষ্মকে পাণ্ডবেরা কিপ্রকারে বারণ করিলেন? ॥৮—৯॥

যিনি বিপক্ষসৈন্য ছেদন করিতেছিলেন, বাণ যাঁহার দন্ততুল্য, ধনু যাঁহার বিবৃত বদনের ন্যায় এবং তরবারি যাঁহার জিহ্বার সদৃশ ছিল, সেই মনস্বী,

(৭)…ইবাপোহন্…বা ব রা নি। (৮)…পর্য্যবারয়ন্—বা ব রা নি। (৯)…সঞ্জয়াস্য ত্বমন্তিকে…বা ব রা নি।

উগ্রধন্বানমুগ্রেষুং বর্ত্তমানং রথোত্তমে।
পরেষামুত্তমাঙ্গানি প্রচিন্বন্তমথেষুভিঃ ॥১২॥
পাণ্ডবানাং মহাসৈন্যং যং দৃষ্ট্বোদ্যতমাহবে।
কালাগ্নিমিব দুর্দ্ধর্ষং সমচেষ্টত নিত্যশঃ ॥১৩॥
পরিরক্ষ্য স সেনান্তু দশরাত্রমনীকহা।
জগামাস্তমিবাদিত্যঃ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥১৪॥ (বিশেষকম্)
যঃ স শক্র ইবাক্ষয্যং বর্ষং শরময়ং ক্ষিপন্।
জঘান যুধি যোধানামর্ব্বুদং দশভির্দিনৈঃ ॥১৫॥
স শেতে নিহতো ভূমৌ বাতরুগ্ন ইব দ্রুমঃ।
মম দুর্মন্ত্রিতেনাজৌ যথা নার্হতি ভারতঃ ॥১৬॥ (যুগ্মকম্)
কথং শান্তনবং দৃষ্ট্বা পাণ্ডবানামনীকিনী।
প্রহর্ত্তুমশকত্তত্র ভীষ্মং ভীমপরাক্রমম্ ॥১৭॥

ভারতকৌমুদী

উগ্রেতি। উগ্রেষুং ভয়ঙ্করবাণম্। উত্তমাঙ্গানি শিরাংসি, প্রচিন্বন্তং গৃহ্লন্তং ছিন্দন্তমিত্যর্থঃ। মহাসৈন্যং কর্ত্তৃ। সমচেষ্টত ভয়েনাস্পন্দত। সেনাং মদীয়াম্ ॥১২—১৪॥

য ইতি। অক্ষয্যং ক্ষেতুমশক্যম্। অর্ব্বুদং লক্ষং প্রত্যহমযুতসৈন্যবধপ্রতিজ্ঞানাৎ। বাতরুগ্নো বায়ুভগ্নঃ। উদ্দেশ্যপ্রতিনির্দ্দেশক্রমেণ শ্লোকদ্বয়মিদমুক্তমিতি ন পুনরুক্তিদোষঃ ॥১৫—১৬॥

ভয়ঙ্কর, দুর্দ্ধর্ষ, পাতনের অযোগ্য, লজ্জাশীল ও অপরাজিত পুরুষব্যাঘ্রকে অর্জ্জুন কি করিয়া যুদ্ধে নিপাতিত করিলেন? ॥১০—১১॥

যিনি ভয়ঙ্কর ধনু ও বাণ ধারণ করিয়া উত্তম রথে থাকিয়া বাণদ্বারা শত্রুপক্ষের মস্তকসমূহ চয়ন করিতেছিলেন এবং পাণ্ডবগণের বিশাল সৈন্য যাঁহাকে যুদ্ধে উদ্যত দেখিয়া সর্বদা ভয়ে কম্পিত হইয়াছে, কালাগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ, সেই শত্রুহন্তা ভীষ্ম দশ দিন পর্য্যন্ত আমার সৈন্য রক্ষা করিয়া অতিদুষ্কর কার্য্য সাধনপূর্ব্বক সূর্য্যের ন্যায় অস্তগত হইয়াছেন ॥১২—১৪॥

সেই যিনি ইন্দ্রের ন্যায় অক্ষয় বাণবর্ষণ করিয়া দশ দিনে যুদ্ধে লক্ষসংখ্যক বিপক্ষসৈন্য সংহার করিয়াছেন, সেই ভরতনন্দন ভীষ্ম ভূতলশয়নের অযোগ্য হইয়াও আমারই মন্ত্রণার দোষে যুদ্ধে নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় ভূতলে শয়ন করিয়াছেন ॥১৫—১৬॥

(১৩)···মহৎ সৈন্যম্···বা ব রা নি। (১৪) পরিকুপ্য স সেনান্তু···বা ব রা নি। (১৬)···বাতভগ্ন ইব·· বা ব রা নি।

কথং ভীষ্মেণ সংগ্রামং প্রাকুর্বন্ পাণ্ডুনন্দনাঃ।
কথঞ্চ নাজয়দ্ভীষ্মো দ্রোণে জীবতি সঞ্জয়! ॥১৮॥
কৃপে সন্নিহিতে তত্র ভরদ্বাজাত্মজে তথা।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ কথং স নিধনং গতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
কথঞ্চাতিরথস্তেন পাঞ্চাল্যেন শিখণ্ডিনা।
ভীষ্মো বিনিহতো যুদ্ধে দেবৈরপি দুরাসদঃ ॥২০॥
যঃ স্পর্দ্ধতে রণে নিত্যং জামদগ্ন্যং মহাবলম্।
অজিতং জামদগ্ন্যেন শক্রতুল্যপরাক্রমম্ ॥২১॥
তং হতং সমরে ভীষ্মং মহারথকুলোদিতম্।
সঞ্জয়াচক্ষ্ব মে বীরং যেন শর্ম্ম ন বিদ্মহে ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কথমিতি। ভীমপরাক্রমত্বাদেব প্রহরণাশক্তত্বস্যৌচিত্যমিতি ভাবঃ ॥১৭॥
কথমিতি। ভীষ্মেণ সহ। ভরদ্বাজাত্মজে অশ্বত্থাম্নি ॥১৮—১৯॥
কথমিতি। কথং কেন প্রকারেণ। পাঞ্চাল্যেন পাঞ্চালরাজপুত্রেণ ॥২০॥
য ইতি। জামদগ্ন্যং রামম্। মহারথানাং কুলে উদিতমুৎপন্নম্। যেন অনাখ্যানেন হেতুনা, শর্ম্ম সুখম্, ন বিদ্মহে ন লভামহে ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৮॥ অস্য ত্বমন্তিকে স্থিত্বা সর্বং দৃষ্টবানসীতি শেষঃ ॥৯—১১॥ প্রচিন্বন্তং পুষ্পবদাদদানম্ ॥১২॥ সমচেষ্টত ম্রিয়মাণপশুবদ্ধস্তপাদবিক্ষেপং কৃতবং ॥১৩—২২॥ অজহু-

পাণ্ডবসৈন্য, শান্তনুনন্দন ভীমপরাক্রম ভীষ্মকে দেখিয়া কি প্রকারে তখন প্রহার করিতে সমর্থ হইল? ॥১৭॥

সঞ্জয়! পাণ্ডবগণ ভীষ্মের সহিত কি প্রকার যুদ্ধ করিয়াছিলেন? ভীষ্ম কেন জয় করিতে পারেন নাই? আর দ্রোণ জীবিত থাকিতে এবং কৃপ ও অশ্বত্থামা সে স্থানে উপস্থিত থাকিতে বীরশ্রেষ্ঠ সেই ভীষ্ম কেন মৃত্যুমুখে পতিত হইলেন? ॥১৮—১৯॥

দ্রুপদপুত্র সেই শিখণ্ডী যুদ্ধে কিপ্রকারে অতিরথ এবং দেবগণেরও দুর্দ্ধর্ষ ভীষ্মকে নিহত করিল? ॥২০॥

সঞ্জয়! যিনি সর্ব্বদাই যুদ্ধে মহাবল পরশুরামের সহিত স্পর্দ্ধা করিতেন এবং সে পরশুরামও যাঁহাকে জয় করিতে পারেন নাই, ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, মহারথবংশে উৎপন্ন এবং মহাবীর সেই ভীষ্মের বধবিবরণ সত্বর আমার নিকট বল। যে হেতু আমি শান্তি লাভ করিতে পারিতেছি না ॥২১—২২॥

(২২)···মহারথকুলোচিতম্···পি।

মামকাঃ কে মহেষ্বাসা ন জহুঃ সঞ্জয়াচ্যুতম্।
দুর্য্যোধনসমাদিষ্টাঃ কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥২৩॥
যচ্ছিখণ্ডিমুখাঃ সর্বে পাণ্ডবা ভীষ্মমভ্যয়ুঃ।
কচ্চিত্তে কুরবঃ সর্বে নাজগ্মুঃ সঞ্জয়াচ্যুতম্ ॥২৪॥
অশ্মসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম।
যচ্ছ্রুত্বা পুরুষব্যাঘ্রং হতং ভীষ্মং ন দীর্য্যতে ॥২৫॥
যস্মিন্ সত্যঞ্চ মেধা চ নীতিশ্চ ভরতর্ষভে।
অপ্রমেয়াণি দুর্দ্ধর্ষে কথং স নিহতো যুধি ॥২৬॥
মৌর্ব্বীঘোষস্তনয়িত্নুঃ পৃষৎকপৃষতো মহান্।
ধনুর্হ্রাদমহাশব্দো মহামেঘ ইবোন্নতঃ ॥২৭॥

ভারতকৌমুদী

মামকা ইতি। হে সঞ্জয়! মামকা মদীয়াঃ কে মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টং ভীষ্মম্, ন জহুঃ ন তত্যজুঃ। দুর্য্যোধনসমাদিষ্টাঃ কে বীরাশ্চ তং পর্য্যবারয়ন্ ॥২৩॥

যদিতি। শিখণ্ডিমুখাঃ শিখণ্ডিপ্রভৃতয়ঃ। অভ্যয়ুঃ আক্রমিতুমভ্যধাবন্ ॥২৪॥

অশ্মেতি। অশ্মসারময়ং পাষাণস্থিরাংশনির্ম্মিতম্, নূনং নিশ্চিতম্ ॥২৫॥

যস্মিন্নিতি। মেধা বুদ্ধিঃ। অপ্রমেয়াণি পরিমাতুমশক্যান্যেতান্যাসন্ ॥২৬॥

মৌর্ব্বীতি। মৌর্ব্বীঘোষো জ্যাশব্দঃ স্তনয়িত্নুর্গর্জ্জনমিব যস্য সঃ, "স্তনয়িত্নুঃ পুমান্ বারিধরেঽপি স্তনিতেঽপি চ" ইতি মেদিনী, পৃষৎকা বাণাঃ পৃষতা জলবিন্দব ইব যস্য সঃ,

সঞ্জয়! আমার পক্ষীয় কোন্ মহাধনুর্দ্ধরেরা ভীষ্মকে ত্যাগ করেন নাই? এবং দুর্য্যোধনের আদেশে কোন্ বীরেরাই বা তাঁহাকে পরিবেষ্টন করিয়াছিলেন? ॥২৩॥

সঞ্জয়! পাণ্ডবেরা সকলে শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া যে ভীষ্মের অভিমুখে ধাবিত হইলেন, কৌরবেরা সকলে কি তখন ভীষ্মের দিকে গিয়াছিলেন না? ॥২৪॥

হায়! আমার হৃদয় নিশ্চয়ই পাষাণসারনির্ম্মিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু পুরুষশ্রেষ্ঠ ভীষ্মের বধসংবাদ শুনিয়াও বিদীর্ণ হইতেছে না ॥২৫॥

হায়! যে দুর্দ্ধর্ষ পুরুষশ্রেষ্ঠে সত্য, বুদ্ধি ও নীতি এইগুলি অপরিমিতভাবে ছিল, সেই ভীষ্ম কিপ্রকারে যুদ্ধে নিহত হইলেন ॥২৬॥

যাঁহার জ্যাশব্দ গর্জ্জনের ন্যায়, বাণ সকল জলবিন্দুসমূহের তুল্য এবং ধনু-

(২৩)···নাজহুঃ···বা ব রা নি। (২৪)··নাজহুঃ সঞ্জয়াচ্যুতম্—বা ব রা নি।

যোঽভ্যবর্ষত কৌন্তেয়ান্ সপাঞ্চালান্ সসৃঞ্জয়ান্।
নিঘ্নন্ পররথান্ বীরো দানবানিব বজ্রভৃৎ ॥২৮॥ (যুগ্মকম্)
ইষ্বস্ত্রসাগরং ঘোরং বাণগ্রাহং দুরাসদম্।
কার্ম্মুকোর্ম্মিণমক্ষয্যমদ্বীপং চলমপ্লবম্ ॥২৯॥
গদাসিমকরাবাসং হয়াবর্ত্তং গজাকুলম্।
পদাতিমৎস্যকলিলং শঙ্খদুন্দুভিনিস্বনম্ ॥৩০॥
হয়ান্ গজান্ পদাতীংশ্চ রথাংশ্চ তরসা বহূন্।
নিমজ্জয়ন্তং সমরে পরবীরাপহারিণম্ ॥৩১॥
বিদহ্যমানং কোপেন তেজসা চ পরন্তপম্।
বেলেব মকরাবাসং কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৩২॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ধনুষো হ্রাদো ধ্বনিঃ মহাশব্দো মহাগর্জ্জনমিব যস্য স চ, উন্নত উদ্গতঃ, যো বীরো ভীষ্মঃ, বাণৈরভ্যবর্ষত, কথং স নিহত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বজ্রভৃদিন্দ্রঃ ॥২৭—২৮॥

ইষ্বিতি। ইষূণাং বাণানামন্যেষামস্ত্রাণাঞ্চ সাগরং সমুদ্রমিব। বাণা গ্রাহা জলজন্তব ইব যস্মিন্ তম্। কার্ম্মুকাণি ঊর্ম্ময়স্তরঙ্গা ইব অস্য সন্তীতি তম্, ব্রীহ্যাদিত্বাদিন্, অক্ষয্যং ক্ষেতুমশক্যম্, অদ্বীপম্ আশ্রয়রহিতম্, চলং চলনশীলম্, অপ্লবং ক্ষুদ্রতরণিরহিতম্। গদা অসয়শ্চ মকরা ইব তেষামাবাসম্ আশ্রয়ম্, হয়া অশ্বা আবর্ত্তা জলভ্রময় ইব যত্র তম্, গজাকুলমিত্যুভয়ত্রাপি সমানম্, পদাতয়ো মৎস্যা ইব তৈঃ কলিলং ব্যাপ্তম্, শঙ্খদুন্দুভ্যোর্নিস্বনঃ নিস্বন ইব যস্য তম্। তরসা বলেন বেগেন চ। পরবীরান্ অপহরতি নাশয়তি অন্যত্র নয়তীতি চ তম্। বেলা তীরম্, মকরাবাসং সমুদ্রমিব, পর্য্যবারয়ন্ নিবারিতবন্তঃ।২৯—৩২॥

ভারতভাবদীপঃ

স্যক্তবন্তঃ ॥২৩—২৬॥ মৌর্ব্বীঘোষেণ স্তনয়িত্নুর্গর্জ্জন্ মেঘ ইব, পৃষৎকপৃষতো বাণবিন্দূন্, ধনুষৈব হ্রাদরূপো মহাশব্দোঽশনিধ্বনিরূপো যস্য ॥২৭—২৮॥ কার্ম্মুকোর্ম্মিণং চাপোর্ম্মিমন্তম্,

ঙ্কার মহাগর্জ্জনের সদৃশ ছিল; সুতরাং মহামেঘের ন্যায় যে ভীষ্ম, দানবহন্তা ইন্দ্রের তুল্য বিপক্ষবীরগণকে সংহার করিতে থাকিয়া পাঞ্চাল ও সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণের উপরে বাণ বর্ষণ করিয়াছিলেন ॥২৭—২৮॥

ভীষ্ম ছিলেন একটা অস্ত্রের ভীষণ ও দুর্দ্ধর্ষ সমুদ্র, তাহার ক্ষয় ছিল না, কিংবা তাহাতে দ্বীপ বা ভেলা ছিল না, সে সমুদ্র চলিতেছিল, তাহাতে মকরের ন্যায় গদা ও তরবারি ছিল, আবর্ত্তের (ঘোলার) তুল্য অশ্ব ছিল, তাহা হস্তিসমূহে ব্যাপ্ত ও মৎস্যতুল্য পদাতিগণে পরিপূর্ণ ছিল, শঙ্খ ও দুন্দুভির শব্দই ছিল সেই

(২৯)···কার্ম্মুকোর্ম্মিণমক্ষোভ্যমদ্বীপং সমরপ্লবম্—পি।

ভীষ্মো যদকরোৎ কর্ম্ম সমরে সঞ্জয়ারিহা।
দুর্য্যোধনহিতার্থায় কে তদাস্য পুরোঽভবন্ ॥৩৩॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং ভীষ্মস্যামিততেজসঃ।
পৃষ্ঠতঃ কে পরান্ বীরানপাসেধন্ যতব্রতাঃ ॥৩৪॥
কে পুরস্তাদবর্ত্তন্ত রক্ষন্তো ভীষ্মমন্তিকে।
কেঽরক্ষন্নুত্তরং চক্রং বীরা বীরস্য যুধ্যতঃ ॥৩৫॥
বামে চক্রে বর্ত্তমানাঃ কেঽঘ্নন্ সঞ্জয়! সৃঞ্জয়ান্।
অগ্রতোঽগ্র্যমনীকেষু কেঽভ্যরক্ষন্ দুরাসদম্ ॥৩৬॥
পার্শ্বতঃ কেঽভ্যরক্ষন্ত গচ্ছন্তো দুর্গমাং গতিম্।
সমূহে কে পরান্ বীরান্ প্রত্যযুধ্যন্ত সঞ্জয়! ॥৩৭॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। যদ্‌যদা। অরিহা শত্রুহন্তা। পুরঃ পুরোবর্ত্তিনঃ ॥৩৩॥
ক ইতি। চক্রং সৈন্যম্। অপাসেধন্ ন্যবারয়ন্, যতব্রতা দৃঢ়নিয়মাঃ ॥৩৪॥
ক ইতি। অত্রান্তিক ইত্যভিধানাৎ পূর্ব্বং পুরো দূর ইত্যবগন্তব্যম্। বীরস্য ভীষ্মস্য ॥৩৫॥
বাম ইতি। চক্রে সৈন্যে। অঘ্নন্ হতবন্তঃ। অনীকেষু সৈন্যেষু অগ্র্যং শ্রেষ্ঠং ভীষ্মম্ ॥৩৬॥

সমুদ্রের শব্দতুল্য, সে সমুদ্র আপন বেগবলে বহুতর হস্তী, অশ্ব, পদাতি ও রথকে যুদ্ধে মগ্ন করিতেছিল এবং বিপক্ষবীরগণকে হরণ করিতেছিল; আর তখন তিনি ক্রোধানলে দগ্ধ হইতেছিলেন এবং তেজে বিপক্ষগণকে সন্তপ্ত করিতেছিলেন। সেই সময়ে তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ কোন্ বিপক্ষ বীরেরা তাঁহাকে বারণ করিতেছিলেন? ॥২৯—৩২॥

সঞ্জয়! শত্রুহন্তা ভীষ্ম যখন যুদ্ধে দুর্য্যোধনের হিতের জন্য দুষ্কর কার্য্য করিতেছিলেন, তখন উঁহার সম্মুখে কাহারা ছিল? ॥৩৩॥

অমিততেজা ভীষ্মের দক্ষিণভাগের সৈন্যগণকে কাহারা রক্ষা করিতেছিল? এবং কোন্ বীরেরা দৃঢ় নিয়মে পিছনে থাকিয়া বিপক্ষ বীরগণকে নিবারণ করিতেছিল? ॥৩৪॥

কাহারা ভীষ্মকে রক্ষা করিতে থাকিয়া তাঁহার নিকটে সম্মুখে অবস্থান করিতেছিল? কোন্ বীরেরাই বা যুধ্যমান ভীষ্মের বামভাগের সৈন্য রক্ষা করিতেছিলেন? ॥৩৫॥

সঞ্জয়! কাহারা ভীষ্মের বামভাগের সৈন্যমধ্যে থাকিয়া সৃঞ্জয়গণকে সংহার করিতেছিল? কাহারাই বা অগ্রে থাকিয়া সৈন্যশ্রেষ্ঠ ও দুর্দ্ধর্ষ ভীষ্মকে রক্ষা করিতেছিল? ॥৩৬॥

রক্ষ্যমাণঃ কথং বীরৈর্গোপ্যমানাশ্চ তেন তে।
দুর্জ্জয়ানামনীকানি নাজয়ংস্তরসা যুধি ॥৩৮॥
সর্বলোকেশ্বরস্যেব পরমস্য প্রজাপতেঃ।
কথং প্রহর্ত্তুমপি তে শেকুঃ সঞ্জয়! পাণ্ডবাঃ ॥৩৯॥
যস্মিন্ দ্বীপে সমাশ্বস্য যুধ্যন্তে কুরবঃ পরৈঃ।
তং নিমগ্নং নরব্যাঘ্রং ভীষ্মং শংসসি সঞ্জয়! ॥৪০॥
যস্য বীর্য্যং সমাশ্রিত্য মম পুত্রো বৃহদ্বলঃ।
ন পাণ্ডবানগণয়ৎ কথং স নিহতঃ পরৈঃ ॥৪১॥
যঃ পুরা বিবুধৈঃ সর্বৈঃ সাহায্যে যুদ্ধদুর্ম্মদঃ।
কাঙ্ক্ষিতো দানবান্ ঘ্নদ্ভিঃ পিতা মম মহাব্রতঃ ॥৪২॥

ভারতকৌমুদী

পার্শ্বত ইতি। কে পার্শ্বতো ভীষ্মমভ্যরক্ষন্ত, সমূহে বিপক্ষসমূহমধ্যে, দুর্গমাং গতিমবস্থাম্, গচ্ছন্তঃ প্রাপ্নুবন্তঃ কে মৎপক্ষীয়া বীরাশ্চ, পরান্ বীরান্ প্রত্যযুধ্যন্ত ॥৩৭॥

রক্ষ্যেতি। গোপ্যমানা রক্ষ্যমাণাঃ, তেন ভীষ্মেণ। দুর্জ্জয়ানাং পাণ্ডবানাম্ ॥৩৮॥

সর্বেতি। সর্বলোকেশ্বরস্য, পরমস্য প্রধানস্য, প্রজাপতের্ব্রহ্মণ ইব ভীষ্মস্যোপরি ॥৩৯॥

যস্মিন্নিতি। দ্বীপে দ্বীপবদাশ্রয়ে ভীষ্মে সমাশ্বস্য সমাশ্বাসেন স্থিত্বা ॥৪০॥

যস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ, বৃহদ্বলো মহাবলঃ সন্ ॥৪১॥

সঞ্জয়! কাহারা পার্শ্বে থাকিয়া ভীষ্মকে রক্ষা করিতেছিল? কাহারাই বা বিপক্ষগণের মধ্যে দুর্গম অবস্থা প্রাপ্ত হইয়া বিপক্ষ বীরগণের সহিত প্রতিযুদ্ধ করিতেছিল? ॥৩৭॥

কুরুবীরেরা ভীষ্মকে রক্ষা করিতেছিলেন, ভীষ্মও তাঁহাদিগকে রক্ষা করিতেছিলেন; এমন অবস্থায় সেই কুরুবীরেরা বাহুবলে যুদ্ধে দুর্জয় পাণ্ডবগণের সৈন্যগণকে জয় করিতে পারিলেন না কেন? ॥৩৮॥

সঞ্জয়! সর্বলোকাধিপতি ব্রহ্মার ন্যায় অবস্থিত ভীষ্মের উপরে সেই পাণ্ডবেরা কি করিয়া প্রহার করিতেও সমর্থ হইল? ॥৩৯॥

সঞ্জয়! কৌরবেরা দ্বীপের ন্যায় যাঁহার উপরে ভরসা করিয়া বিপক্ষগণের সহিত যুদ্ধ করিতেছেন, তুমি সেই নরশ্রেষ্ঠ ভীষ্মকে যুদ্ধসাগরে নিমগ্ন বলিতেছ! ॥৪০॥

আমার পুত্র যাঁহার শক্তি অবলম্বন করিয়া মহাবল হইয়া পাণ্ডবগণকে গণনাই করে নাই, হায়! তাঁহাকে বিপক্ষেরা কি করিয়া নিহত করিল? ॥৪১॥

দেবতারা সকলে পূর্ব্বে দানবসংহারের সময়ে সাহায্যের জন্য যুদ্ধদুর্দ্ধর্ষ ও মহাব্রত আমার যে জ্যেষ্ঠতাতকে লইয়া যাইবার ইচ্ছা করিয়াছিলেন এবং

(৩৯)…পরমেষ্ঠী প্রজাপতেঃ…পি বা ব রা। (৪২)…সহায়ে যুদ্ধদুর্মদঃ…বা ব রা নি।

যস্মিন্ জাতে মহাবীর্য্যে শান্তনুর্লোকবিশ্রুতঃ।
শোকং দৈন্যঞ্চ দুঃখঞ্চ প্রাজহাৎ পুত্রলক্ষ্মণি ॥৪৩॥
প্রোক্তং পরায়ণং প্রাজ্ঞং স্বধর্ম্মনিরতং শুচিম্।
বেদবেদান্ততত্ত্বজ্ঞং কথং শংসসি মে হতম্ ॥৪৪॥ (বিশেষকম্)
সর্বাস্ত্রবিনয়োপেতং শান্তং দান্তং মনস্বিনম্।
হতং শান্তনবং শ্রুত্বা মন্যে শেষং হতং বলম্ ॥৪৫॥
ধর্ম্মাদধর্ম্মো বলবান্ সংপ্রাপ্ত ইতি মে মতিঃ।
যত্র বৃদ্ধং গুরুং হত্বা রাজ্যমিচ্ছন্তি পাণ্ডবাঃ ॥৪৬॥
জামদগ্ন্যঃ পুরা রামঃ সর্বাস্ত্রবিদনুত্তমঃ।
অম্বার্থমুদ্যতঃ সংখ্যে ভীষ্মেণ যুধি নির্জ্জিতঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। বিবুধৈর্দেবৈঃ। ঘন্তির্নাশয়ন্তিঃ, পিতা ভীষ্মঃ। পুত্রলক্ষ্মণি পুত্রশ্রেষ্ঠে, "লক্ষ্ম চিহ্নপ্রধানয়োঃ" ইত্যমরঃ। প্রোক্তং লোকবিখ্যাতম্, পরায়ণং পরমাশ্রয়ম্ ॥৪২—৪৪॥

সর্ব্বেতি। সর্বেষামস্ত্রাণাং বিনয়েন শিক্ষয়া উপেতং যুক্তম্, শান্তম্ অন্তরিন্দ্রিয়দমনশীলম্, দান্তং বহিরিন্দ্রিয়দমনযুক্তম্। হতং মন্যে, প্রধানহননে নিকৃষ্টহননস্য সুকরত্বাৎ ॥৪৫॥

ধর্ম্মাদিতি। সংপ্রাপ্তঃ সঞ্জাতঃ, কলিসন্নিধানাৎ। পাণ্ডবা ধার্ম্মিকা অপীতি ভাবঃ ॥৪৬॥

জামেতি। অনুত্তমো বীরশ্রেষ্ঠঃ। উদ্যতঃ প্রবৃত্তঃ, সংখ্যে যুদ্ধে ॥৪৭॥

ভারতভাবদীপঃ

অদ্বীপং নিরাশ্রয়ম্, অপ্লবং তরণোপায়হীনম্ ॥২৯—৩৩॥ অপাসেধন্ ন্যবারয়ন্ ॥৩৪—৩৮॥ যঃ প্রজাপতের্দক্ষাদেঃ পরমেষ্ঠী পরমে পদে তিষ্ঠতীতি তথা হিরণ্যগর্ভ ইব, তস্মিন্নিতি শেষঃ ॥৩৯—৪২॥ পুত্রলক্ষ্মণি পুত্রোত্তমে। "লক্ষ্ম চিহ্নে প্রধানে চে"তি বিশ্বঃ ॥৪৩॥ প্রোক্তং লোকে

পুত্রশ্রেষ্ঠ যে মহাবীর জন্ম গ্রহণ করিলে, জগদ্বিখ্যাত শান্তনু শোক, দৈন্য ও দুঃখ পরিত্যাগ করিয়াছিলেন, হায়! জগদ্বিখ্যাত, পরমাশ্রয়, প্রাজ্ঞ, স্বধর্ম্ম-নিরত, পবিত্র ও বেদবেদান্ততত্ত্বজ্ঞ সেই ভীষ্মের নিধনসংবাদ আমার নিকট বলিলে! ॥৪২—৪৪॥

সমস্ত অস্ত্রে শিক্ষিত, শান্ত, দান্ত ও মনস্বী ভীষ্মকে নিহত শুনিয়া আমি মনে করি—অবশিষ্ট সৈন্যও নিহত হইয়াছে ॥৪৫॥

সঞ্জয়! আমি মনে করি—কলি আগতপ্রায় বলিয়া অধর্ম্ম ধর্ম্ম হইতে বলবান্ হইয়াছে। যে হেতু ধার্ম্মিক পাণ্ডবেরাও বৃদ্ধ এবং গুরুকে বধ করিয়া রাজ্যলাভ করিবার ইচ্ছা করিতেছে ॥৪৬॥

সর্বাস্ত্রজ্ঞ ও বীরশ্রেষ্ঠ পরশুরাম পূর্ব্বে অম্বার জন্য যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু ভীষ্ম সে যুদ্ধে তাঁহাকে জয় করিয়াছিলেন ॥৪৭॥

(৪৩)···প্রাজহাৎ স চ তৎক্ষণে—নি।

তমিন্দ্রসমকর্ম্মাণং ককুদং সর্ব্বধন্বিনাম্।
হতং শংসসি মে ভীষ্মং কিং নু দুঃখমতঃ পরম্ ॥৪৮॥
অসকৃৎ ক্ষত্রিয়ব্রাতা সংখ্যে যেন বিনির্জ্জিতাঃ।
জামদগ্ন্যেন বীরেণ পরবীরবিঘাতিনা।
ন হতো যো মহাবুদ্ধিঃ স হতোঽদ্য শিখণ্ডিনা ॥৪৯॥
তস্মান্নূনং মহাবীর্য্যাদ্ভার্গবাদ্‌যুদ্ধদুর্ম্মদাৎ।
তেজোবীর্য্যবলৈর্ভূয়ান্ শিখণ্ডী দ্রুপদাত্মজঃ ॥৫০॥
যঃ শূরং কৃতিনং যুদ্ধে সর্ব্বশস্ত্রবিশারদম্।
পরমাস্ত্রবিদং বীরং জঘান ভরতর্ষভম্ ॥৫১॥
কে বীরাস্তমমিত্রঘ্নমন্বয়ুঃ শক্রসংসদি।
শংস মে তদ্‌যথা চাসীদ্‌যুদ্ধং ভীষ্মস্য পাণ্ডবৈঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তমিতি। ইন্দ্রস্য সমং সমানং কর্ম্ম বীরত্বপ্রকাশো যস্য তম্, ককুদং শ্রেষ্ঠম্ ॥৪৮॥
অসকৃদিতি। ক্ষত্রিয়াণাং ব্রাতাঃ সমূহাঃ, সংখ্যে যুদ্ধে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥
তস্মাদিতি। তেজ উৎসাহঃ, বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলঞ্চ দৈহিকী শক্তিঃ ॥৫০॥
য ইতি। যুদ্ধে কৃতিনং নিপুণম্। পরমাস্ত্রবিদং ব্রহ্মাস্ত্রাদ্যভিজ্ঞম্ ॥৫১॥
ক ইতি। অমিত্রঘ্নং শত্রুহন্তারম্, শক্রসংসদি শক্রসমূহমধ্যে ॥৫২॥

সঞ্জয়! ইন্দ্রের তুল্যকর্ম্মা এবং সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ সেই ভীষ্মকে তুমি আমার নিকট নিহত বলিতেছ। সুতরাং ইহা অপেক্ষা অধিক দুঃখ আর কি হইতে পারে? ॥৪৮॥

মহাবীর ও বিপক্ষবীরহন্তা যে পরশুরাম যুদ্ধে ক্ষত্রিয়সমূহকে বহুবার জয় করিয়াছিলেন, সেই পরশুরাম যে মহাবুদ্ধিকে বধ করিতে পারেন নাই, সেই ভীষ্মকে আজ শিখণ্ডী বধ করিল! ॥৪৯॥

অতএব নিশ্চয়ই দ্রুপদের পুত্র শিখণ্ডী, মহাবীর ও যুদ্ধদুর্দ্ধর্ষ পরশুরাম হইতে তেজ, বীর্য্য ও বলে অধিক ॥৫০॥

দেবশ্রুতিমহাপুণ্যে! দেবহিতে! প্রাচীনজ্ঞাতে! সর্ব্বদা জম্বূদ্বীপস্থ দুর্গ-দেবতালয়বাসিনি! আপনাকে নমস্কার ॥১০॥

কার্ত্তিকেয়জননি! ভগবতি! দুর্গে! মহারণ্যবাসিনি! আপনি বিদ্যার মধ্যে ব্রহ্মবিদ্যা এবং প্রাণিগণের মহানিদ্রা ॥১১॥

স্বাহাকারঃ স্বধা চৈব কলা কাষ্ঠা সরস্বতী।
সাবিত্রী বেদমাতা চ তথা বেদান্ত উচ্যসে ॥১২॥
স্তুতাসি ত্বং মহাদেবি! বিশুদ্ধেনান্তরাত্মনা।
জয়ো ভবতু মে নিত্যং ত্বৎপ্রসাদাদ্রণাজিরে ॥১৩॥
কান্তারভয়দুর্গেষু ভক্তানামালয়েষু চ।
নিত্যং বসসি পাতালে যুদ্ধে জয়সি দানবান্ ॥১৪॥
ত্বং জম্ভনী মোহিনী চ মায়া হ্রীঃ শ্রীস্তথৈব চ।
সন্ধ্যা প্রভাবতী চৈব সাবিত্রী জননী তথা ॥১৫॥

ভারতকৌমুদী

স্বাহেতি। স্বাহাকারো দেবহবির্দানমন্ত্রঃ, স্বধা পিত্রন্নদানমন্ত্রঃ, কলা সূক্ষ্মঃ কালঃ, কাষ্ঠা চরমঃ কালো মহাকালঃ, সরস্বতী সর্ব্ববিধা বাক্। বেদমাতা সাবিত্রী গায়ত্রী, বেদান্ত উপনিষৎ উচ্যসে, ত্বমিত্যন্বয়বৃত্তিঃ। "বেদান্তো নাম উপনিষৎ" ইতি বেদান্তসারঃ ॥১২॥

স্তুতেতি। বিশুদ্ধেন পবিত্রেণ। রণাজিরে সমরাঙ্গনে ॥১৩॥

কান্তারেতি। ভক্তানাম্, কান্তারং মহারণ্যং ভয়ং ভয়স্থানং দুর্গং দুর্গমস্থানং পর্ব্বতাদি চ তেষু, আলয়েষু চ ভক্তানামেব ॥১৪॥

ত্বমিতি। ত্বং জম্ভনী রতিঃ, "জভ মৈথুনে" ইতি ধাত্বর্থানুসারাৎ, মোহিনী রূপেণ

ভারতভাবদীপঃ

বিদ্যাফলভূতা মুক্তিঃ। স্কন্দমাতরিতি সর্ব্বদেবতারূপত্বোপলক্ষণম্ ॥১১॥ স্বাহেতি সর্ব্বকর্ম্মরূপত্বম্। কলেতি সর্ব্বস্থূলসূক্ষ্মকালরূপত্বম্। সাবিত্রীতি সর্ব্ববাঙ্ময়রূপত্বঞ্চ উচ্যতে ॥১২॥ রণাজিরে যুদ্ধাঙ্গনে ॥১৩—১৪॥ জম্ভনী তন্দ্রা। মোহিনী নিদ্রা। মায়া অদ্ভুতপ্রদর্শনম্। হ্রীর্লজ্জাখ্যা চেতোবৃত্তিঃ এতচ্চ কামাদিবৃত্তীনামপ্যুপলক্ষণম্। শ্রীর্লক্ষ্মীঃ বিদ্যাতপোধনাদিসমৃদ্ধিরূপা। সন্ধ্যা সন্ধৌ আদাবন্তে চ ভবা সন্ধ্যা সৃষ্টিপ্রলয়কর্ত্রীত্যর্থঃ। প্রভাবতী চন্দ্রসূর্য্যপ্রভাযুক্তাহোরাত্ররূপা। সাবিত্রী সুবিতুঃ সূর্য্যস্য সম্বন্ধিনী প্রভা প্রকাশনশক্তি-

জ্ঞানীরা আপনাকে—স্বাহা, স্বধা, কলা, কাষ্ঠা, সরস্বতী, বেদমাতা গায়ত্রী এবং উপনিষৎ বলিয়া থাকেন ॥১২॥

মহাদেবি! আমি পবিত্রচিত্তে আপনার স্তব করিলাম। সুতরাং আপনার অনুগ্রহে সমরাঙ্গনে সর্ব্বদাই আমার জয় হউক ॥১৩॥

আপনি সর্ব্বদাই ভক্তগণের জন্য মহারণ্যে, ভয়স্থানে, দুর্গমদেশে, ভক্তগণের গৃহে এবং পাতালে বাস করেন, আর যুদ্ধে দানবদিগকে জয় করিয়া থাকেন ॥১৪॥

(১২)···তথা বেদান্ত উচ্যতে—বা ব রা নি। (১৩)···ত্বৎপ্রসাদাদ্রণে রণে—পি। (১৫) ত্বং জৃম্ভণী মোহনী চ···পি।

তুষ্টিঃ পুষ্টির্ধৃতির্দীপ্তিশ্চন্দ্রাদিত্যবিবর্দ্ধিনী।
ভূতির্ভূতিমতাং সংখ্যে বীক্ষ্যসে সিদ্ধচারণৈঃ ॥১৬॥

সঞ্জয় উবাচ।

ততঃ পার্থস্য বিজ্ঞায় ভক্তিং মানববৎসলা।
অন্তরিক্ষগতোবাচ গোবিন্দস্যাগ্রতঃ স্থিতা ॥১৭॥

ভারতকৌমুদী

মোহকারিণী, মায়া অঘটনঘটনপটীয়সী ত্রিগুণাত্মিকা, হ্রীর্লজ্জা, শ্রীর্লক্ষ্মীঃ, সন্ধ্যা দিনরজন্যোঃ সন্ধিকালোপাস্যা, প্রভাবতী জনকত্বসম্বন্ধেন চন্দ্রসূর্য্যাদীনাং দীপ্তিমতী, সাবিত্রী প্রকৃতিঃ, জননী জগতাং জনয়িত্রী ॥১৫॥

তুষ্টিরিতি। তুষ্টিঃ সন্তোষাত্মিকা চিত্তবৃত্তিঃ, পুষ্টির্বৃদ্ধিঃ, ধৃতির্ধৈর্য্যম্, চন্দ্রাদিত্যবিবর্দ্ধিনী দীপ্তিস্তেজঃ, ভূতিমতাম্ ঐশ্বর্য্যবতাম্, ভূতিঃ সম্পৎ, সিদ্ধৈর্যোগসিদ্ধৈঃ চারণৈঃ পরিব্রাজকৈশ্চ, সম্যক্ খ্যা খ্যানং জ্ঞানং যস্মিন্ তাদৃশে ধ্যানে ত্বং বীক্ষ্যসে ॥১৬॥

ভারতভাবদীপঃ

শুভ্রপা। জননী মাতৃবৎপালয়িত্রী ॥১৫॥ তুষ্টিঃ সন্তোষঃ। পুষ্টিরুপচয়ঃ। ধৃতির্ধৈর্য্যম্। দীপ্তির্জ্যোতিঃ। যয়া কান্ত্যা চন্দ্রাদিত্যৌ বর্দ্ধেতে অত্যন্তং কান্তিমন্তৌ ভবতঃ। বক্ষ্যতি চ—"যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলম্। যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্॥" ইতি। "যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধ" ইতি শ্রুতিশ্চ। পরং চিন্মাত্রং ব্রহ্মৈবেত্যর্থঃ। ভূতিঃ ঐশ্বর্য্যং ভূতিমতাং মহেশ্বরাদীনাম্। "এষাস্য পরমা সম্পৎ" ইতি শ্রুতের্ব্রহ্মরূপৈব। সংখ্যে সম্যক্ খ্যানং প্রকাশনং যত্র তস্মিন্নাত্মানাত্মবিবেকরূপে সমাধৌ সিদ্ধৈর্জীবন্মুক্তৈশ্চারণৈ রাজানসিদ্ধৈশ্চ বীক্ষ্যসেঽনুভূয়সে প্রত্যগাত্মত্বেন তদেবমাকারবিশেষোপহিতং ব্রহ্মাভিধ্যাতং সৎ সর্ব্বা মোক্ষাদর্বাচীনা রাজ্যবিজয়াদিসিদ্ধীঃ প্রযচ্ছতীতি প্রদর্শিতং তদেব বক্ষ্যতি ভগবান্! "যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ। তেঽপি মামেব কৌন্তেয়! যজন্ত্যবিধিপূর্ব্বকম্। লভন্তে চ ততঃ কামান্ময়ৈব বিহিতান্ হি তান্॥" ইতি চ। মহতী বিমোক্ষাখ্যা সিদ্ধিরপি সর্ব্বাকারানুপহিতব্রহ্মজ্ঞানাদেব ভবতীতি প্রতিপাদনায় গীতাশাস্ত্রমারীপ্সমানেন তত্র বিশ্বাসোৎপত্ত্যর্থং সদ্যঃ প্রত্যয়করং দেবীত্বোত্রং কুর্ব্বিতি নিযুক্তোঽর্জ্জুনো দেবীং প্রত্যক্ষতো দৃষ্ট্বা জাতপ্রত্যয়ো গীতাস্বপি শ্রদ্ধাং বধ্নীয়াদিত্যাশয়বতা ভগবতা এতদুক্তমিতি প্রঘট্টকার্থঃ। এবমেব বেদেঽপি কারীর্য্যাদীনাং সদ্যোবৃষ্ট্যাদিফলানাং কর্ম্মণাং নিধানমদৃষ্টার্থেষু কর্ম্মসু শ্রদ্ধোৎপাদনার্থমেবেতি নির্ণীতং পূর্ব্বাচার্য্যৈঃ ॥১৬॥ ততঃ পার্থস্যেতি অন্তরিক্ষগতে-

আপনি রতি, মোহিনী, মায়া, লজ্জা, লক্ষ্মী, সন্ধ্যা, দীপ্তি, প্রকৃতি ও জগতের জননীস্বরূপা ॥১৫॥

দেবি! আপনি তুষ্টি, পুষ্টি, ধৃতি, চন্দ্র ও সূর্য্যের উজ্জ্বলতাকারিণী দীপ্তি এবং সম্পন্নদিগের সম্পৎ; আর যোগিগণ ও পরিব্রাজকগণ ধ্যানে আপনাকে দেখিয়া থাকেন' ॥১৬॥

দেব্যুবাচ।

স্বল্পেনৈব তু কালেন শক্রন্ জেষ্যসি পাণ্ডব!।
নরস্ত্বমসি দুর্দ্ধর্ষ! নারায়ণসহায়বান্।
অজেয়স্ত্বং রণেঽরীণামপি বজ্রভৃতঃ স্বয়ম্ ॥১৮॥
ইত্যেবমুক্ত্বা বরদা তত্রৈবান্তরধীয়ত।
বরং লব্ধ্বা তু কৌন্তেয়ো মেনে বিজয়মাত্মনঃ ॥১৯॥
আরুরোহ ততঃ পার্থো রথং পরমসম্মতম্।
কৃষ্ণার্জ্জুনাবেকরথে দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥২০॥
য ইদং পঠতে স্তোত্রং কল্য উত্থায় মানবঃ।
যক্ষরক্ষঃপিশাচেভ্যো ন ভয়ং বিদ্যতে সদা ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। অন্তরিক্ষগতা, দেবতায়া ভূতলাস্পর্শনিয়মাদিতি ভাবঃ ॥১৭॥

স্বল্পেনেতি। নরো নাম মহর্ষিস্তদবতার ইত্যর্থঃ, অতএব ত্বদ্দর্শনগোচরোঽস্মীত্যাশয়ঃ। বজ্রভৃত ইন্দ্রস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ইতীতি। বরদা সা দুর্গা। কৌন্তেয়োঽর্জুনঃ ॥১৯॥

আরুরোহেতি। পরমসম্মতং সৌন্দর্য্যালোকানামতীবপ্রিয়ম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

ঐশ্বর্য্যপ্রদর্শনার্থং বিশেষণম্ ॥১৭॥ নরস্ত্বমিত্যর্জ্জুনায় পূর্ব্বং নরনারায়ণাত্মকং রূপং স্মারয়তি তেন চ তৎস্মৃত্যৈব সর্ব্বভয়নিবৃত্তির্ভবতি তদ্বিস্মরণাদেব তু পরাজয়ভয়মিত্যপি দর্শিতম্। এবময়ং গীতাশাস্ত্রস্য বক্ষ্যমাণস্যোপোদ্ঘাতো দর্শিতঃ ॥১৮—১৯॥ কথামনুসন্ধত্তে—লব্ধেত্যাদিনা ॥২০॥ এতৎস্তোত্রপাঠফলমাহ—য ইদমিতি। কল্যে প্রভাতে ॥২১॥ তেভ্যো ন

সঞ্জয় কহিলেন—'তাহার পর মানববৎসলা দুর্গা অর্জ্জুনের ভক্তি জানিয়া কৃষ্ণের সম্মুখে আকাশে থাকিয়াই বলিলেন—॥১৭॥

দুর্গা বলিলেন—'দুর্দ্ধর্ষ পাণ্ডুনন্দন! তুমি অত্যন্ত অল্পকালের মধ্যেই শত্রুগণকে জয় করিতে পারিবে। কারণ, স্বয়ং নারায়ণ তোমার সহায় এবং তুমিও মহর্ষি নরের অবতার। সুতরাং তুমি শত্রুগণের কেন—স্বয়ং ইন্দ্রেরও অজেয়' ॥১৮॥

এই কথা বলিয়া দুর্গা সেই স্থানেই অন্তর্হিত হইলেন; অর্জ্জুনও বর লাভ করিয়া আপনাদের জয় হইবে বলিয়াই মনে করিলেন ॥১৯॥

তাহার পর অর্জ্জুন নিজের উত্তম রথে আরোহণ করিলেন এবং কৃষ্ণ ও অর্জ্জুন একরথে থাকিয়া দিব্য শঙ্খদ্বয়ের ধ্বনি করিলেন ॥২০॥

(১৯) লব্ধ্বা বরন্তু···বা ব রা নি। (২০)···কৃষ্ণার্জুনাবেকরথৌ·· বা ব রা নি।

ন চাপি রিপবস্তেভ্যঃ সর্পাদ্যা যে চ দংষ্ট্রিণঃ।
ন ভয়ং বিদ্যতে তস্য সদা রাজকুলাদপি ॥২২॥
বিবাদে জয়মাপ্নোতি বদ্ধো মুচ্যতি বন্ধনাৎ।
দুর্গং তরতি চাবশ্যং তথা চৌরৈর্বিমুচ্যতে ॥২৩॥
সংগ্রামে বিজয়েন্নিত্যং লক্ষ্মীং প্রাপ্নোতি কেবলাম্।
আরোগ্যবলসম্পন্নো জীবেদ্বর্ষশতং তথা ॥২৪॥
এতদদৃষ্টং প্রসাদাত্তু ময়া ব্যাসস্য ধীমতঃ।
মোহাদেতৌ ন জানন্তি নরনারায়ণাবৃষী ॥২৫॥
তব পুত্রা দুরাত্মানঃ সর্বে মন্যুবশানুগাঃ।
প্রাপ্তকালমিদং বাক্যং কালপাশেন কুণ্ঠিতাঃ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। কল্যে প্রভাতে। ভয়ং ন বিদ্যতে তস্যেতি শেষঃ ॥২১॥

নেতি। তস্য ন চাপি রিপবো ভবন্তীতি শেষঃ, তেভ্যঃ সর্পাদ্যদংষ্ট্রিভ্যঃ ॥২২॥

বিবাদ ইতি। বিবাদে ব্যবহারে। মুচ্যতি মুচ্যতে। দুর্গং দুর্গমং মহারণ্যাদি ॥২৩॥

সংগ্রাম ইতি। কেবলাং মুখ্যাম্। বলং শক্তিঃ সৈন্যং বা ॥২৪॥

নন্বেতদ্বৃত্তং ত্বয়া কথং জ্ঞাতমিত্যাহ এতদিতি। এতৌ অর্জুনকৃষ্ণৌ। মন্যুবশানুগাঃ ক্রোধাধীনাঃ। প্রাপ্তকালং কালোচিতম্, ইদং বাক্যং মদীয়যুদ্ধনিষেধবচনমপি ন জানন্তি ন শৃণ্বন্তি স্ম। যতঃ কালপাশেন বদ্ধত্বাৎ কুণ্ঠিতা হিতাবধারণাশক্তাঃ ॥২৫—২৬॥

যে মানুষ প্রভাতে গাত্রোত্থান করিয়া এই স্তব পাঠ করে, তাহার কখনও যক্ষ, রাক্ষস ও পিশাচের ভয় থাকে না ॥২১॥

কিংবা তাহার শত্রু হয় না; আর সর্পপ্রভৃতি যে সকল দংষ্ট্রী আছে, তাহাদের ভয় বা রাজকুলের ভয়ও তাহার হয় না ॥২২॥

মানুষ বিবাদে (মোকদ্দমায়) জয় লাভ করে, বদ্ধ লোক বন্ধন হইতে মুক্ত হয়, পথিক নিশ্চয়ই দুর্গম অরণ্যপ্রভৃতি হইতে উত্তীর্ণ হইয়া থাকে এবং গৃহস্থ দস্যুর হস্ত হইতে নিস্তার পায় ॥২৩॥

সর্ব্বদাই যুদ্ধে বিজয়ী হয়, শ্রেষ্ঠ সম্পদ্ লাভ করে এবং আরোগ্য ও শক্তি-সম্পন্ন হইয়া শতবৎসর জীবিত থাকে ॥২৪॥

আমি, জ্ঞানী বেদব্যাসের অনুগ্রহে এই ঘটনা দেখিয়াছিলাম। কিন্তু দুষ্ট-চিত্ত ও ক্রোধের বশবর্ত্তী আপনার পুত্রেরা সকলে মোহবশতঃ কৃষ্ণ ও অর্জ্জুনকে নারায়ণ ও নর ঋষি বলিয়া জানে না এবং কালপাশে বদ্ধ হওয়ায় বুদ্ধি ক্ষুণ্ণ হইয়াছে বলিয়া আমাদের কালোচিত বাক্যও শোনে না ॥২৫—২৬॥

দ্বৈপায়নো নারদশ্চ কণ্বো রামস্তথানঘঃ।
অবারয়ংস্তব সুতং ন চাসৌ তদ্‌গৃহীতবান্ ॥২৭॥
যত্র ধর্ম্মো দ্যুতিঃ কান্তির্যত্র হ্রীঃ শ্রীস্তথা মতিঃ।
যতো ধর্ম্মস্ততঃ কৃষ্ণো যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতাপর্ব্বণি দুর্গাস্তোত্রে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

কেষাং প্রহৃষ্টাস্তত্রাগ্রে যোধা যুধ্যন্তি সঞ্জয়!।
উদগ্রমনসঃ কে বা কে বা দীনা বিচেতসঃ ॥১॥

ভারতকৌমুদী

দ্বৈপেতি। দ্বৈপায়নো ব্যাসঃ। অসৌ তব সুতো দুর্য্যোধনঃ ॥২৭॥

যত্রেতি। প্রথমো ধর্ম্মো ন্যায়ঃ, দ্বিতীয়োঽধর্ম্মঃ পুণ্যম্। হ্রীর্লজ্জা, মতির্বুদ্ধিঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতাপর্ব্বণি ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ভয়মিতি পূর্বেণ সম্বন্ধঃ ॥২২—২৭॥ যত্রেতি। ধর্ম্মফলং দ্যুতিপ্রভৃতয়ঃ তর্হি মৎপক্ষেঽপি ধর্ম্মোঽস্ত্যেবেতি মন্বানং প্রত্যাহ—যত্র ধর্ম্মস্তত্র কৃষ্ণঃ। ত্বৎপক্ষে কৃষ্ণাভাবাদ্ধর্ম্মোঽপি নাস্তি তৎফলভূতা দ্যুত্যাদয়োঽপি ন সন্তীত্যর্থঃ। ফলিতমাহ—যতঃ কৃষ্ণস্ততো জয় ইতি ॥২৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥২৩॥

—:০:—

কেষামিত্যধ্যায়ঃ স্পষ্টার্থঃ ॥১—৭॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥২৪॥

নিষ্পাপ বেদব্যাস, নারদ, কণ্ব ও পরশুরাম আপনার পুত্রকে যুদ্ধ করিতে নিষেধ করিয়াছিলেন; কিন্তু সে তাহা গ্রাহ্য করে নাই ॥২৭॥

যে পক্ষে ন্যায়, তেজ, কোমলতা, লজ্জা, বুদ্ধি ও ধর্ম্ম থাকে, সেই পক্ষেই কৃষ্ণ থাকেন এবং যে পক্ষে কৃষ্ণ থাকেন, সেই পক্ষেই জয় হয়' ॥২৮॥

(১)…উদগ্রমনসঃ কে দু…পি। (৩)…বাচঃ প্রদক্ষিণাশ্চৈব…পি বা ব রা।

কে পূর্বং প্রাহরংস্তত্র যুদ্ধে হৃদয়কম্পনে।
মামকাঃ পাণ্ডবেয়া বা তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥
কস্য সেনাসমুদয়ে গন্ধো মাল্যসমুদ্ভবঃ।
বায়ুঃ প্রদক্ষিণশ্চৈব যোধানামভিগর্জতাম্ ॥৩॥

সঞ্জয় উবাচ।

উভয়োঃ সেনয়োস্তত্র যোধা জহৃষিরে তদা।
স্রজঃ সমাঃ সুগন্ধানামুভয়ত্র সমুদ্ভবঃ ॥৪॥
সংহতানামনীকানাং ব্যূঢ়ানাং ভরতর্ষভ!।
সংসর্গাৎ সমুদীর্ণানাং বিমর্দ্দঃ সুমহানভূৎ ॥৫॥

ভারতকৌমুদী

কেষামিতি। যুধ্যন্তি যুধ্যন্তে স্ম। উদগ্রমনস উৎসাহেনোৎফুল্লচিত্তাঃ, দীনাঃ কাতরাঃ, বিচেতসো বিষণ্ণচিত্তা আসন্নিতি শেষঃ ॥১॥

ক ইতি। হৃদয়কম্পনে হৃৎকম্পজনকে। মামকা মৎপুত্রাঃ ॥২॥

কস্যেতি। কস্য কতরস্য পক্ষস্য, সেনানাং সমুদয়ে সমূহমধ্যে, মাল্যসমুদ্ভবো গন্ধ আসীৎ। কস্য বা অভিগর্জতাং যোধানাং প্রদক্ষিণো দক্ষিণদিগ্বর্ত্তী বায়ুরাসীৎ। কতরস্মিন্ পক্ষে যুদ্ধামোদঃ, প্রদক্ষিণবায়ুনা শুভসূচনঞ্চাসীদিত্যাশয়ঃ ॥৩॥

উভয়োরিতি। জহৃষিরে হৃষ্টা আসন্। স্রজো মালাঃ, সমাঃ সমানা আসন্ ॥৪॥

সমিতি। হে ভরতর্ষভ! সংহতানাং মিলিতানাম্, ব্যূঢ়ানাং ব্যূহরূপেণ সন্নিবেশি-

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! তখন কোন্ পক্ষের যোদ্ধারা আনন্দিত হইয়া প্রথমে যুদ্ধ করিয়াছিল? কাহারাই বা উৎসাহে উৎফুল্লচিত্ত ছিল? কাহারাই বা কাতর ও বিষণ্ণচিত্ত হইয়া পড়িয়াছিল? ॥১॥

সঞ্জয়! সেই হৃৎকম্পজনক যুদ্ধে কোন্ পক্ষ প্রথমে প্রহার করিয়াছিল? আমার পুত্রেরা? না—পাণ্ডবেরা? তুমি আমার নিকট তাহা বল ॥২॥

কোন্ পক্ষের সৈন্যমধ্যে পুষ্পমালার সৌরভ বাহির হইতেছিল? এবং কোন্ পক্ষেরই বা গর্জনকারী যোদ্ধৃগণের দক্ষিণ দিক্ দিয়া বায়ু বহিতেছিল? ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই সমরাঙ্গনে তখন দুই পক্ষের যোদ্ধারাই আনন্দিত হইয়াছিল, দুই পক্ষেই পুষ্পমালা সমান ছিল এবং দুই পক্ষেই সৌরভ বাহির হইতেছিল ॥৪॥

(৫) সমন্ধানামনীকানাম্…সংসর্গা গামুদীর্ণানাম্…পি।

বাদিত্রশব্দস্তুমুলঃ শঙ্খভেরীবিমিশ্রিতঃ।
শূরাণাং রণশূরাণাং গর্জতামিতরেতরম্ ॥৬॥
উভয়োঃ সেনয়ো রাজন্! মহান্ ব্যতিকরোঽভবৎ।
অন্যোন্যং বীক্ষমাণানাং যোধানাং ভরতর্ষভ!।
কুঞ্জরাণাঞ্চ নদতাং সৈন্যানাঞ্চ প্রহৃষ্যতাম্ ॥৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি ভগবদ্গীতাপর্বণি ধৃতরাষ্ট্রসঞ্জয়সংবাদে চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

———০*০———

ভারতকৌমুদী

তানাম্, সমুদীর্ণানাং সমরোৎসাহেন সমুদ্ধতানাম্, অনীকানাম্ উভয়েষামেব সৈন্যানাম্, সংসর্গাৎ পরস্পরসম্পর্কাৎ, সুমহান্, বিমর্দ্দঃ সংঘর্ষঃ, অভূৎ ॥৫॥

বাদিত্রেতি। রণশূরাণাং সমরদক্ষাণামিত্যর্থঃ। ইতরেতরং পরস্পরম্ ॥৬॥

উভয়োরিতি। ব্যতিকরঃ সংঘর্ষঃ। কুঞ্জরাণাং হস্তিনাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভরতশ্রেষ্ঠ! সম্মিলিত, ব্যূহভাবে সন্নিবেশিত এবং সমরোৎসাহে উদ্ধত উভয় সৈন্যের সংস্রবে গুরুতর সংঘর্ষ হইয়াছিল ॥৫॥

শঙ্খ ও ভেরীর শব্দ, অন্যান্য বাদ্যের শব্দ এবং পরস্পর গর্জনকারী সমরদক্ষ বীরগণের কোলাহল মিলিত হইয়া তুমুল হইয়াছিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ রাজা! উভয় সেনারই প্রধান যোদ্ধারা, সাধারণ সৈন্যেরা ও হস্তিসমূহ আনন্দিত হইয়া পরস্পর দর্শন করিতে থাকিয়া গর্জন করিয়াছিল, পরে তাহাদের গুরুতর সংঘর্ষ হইয়াছিল' ॥৭॥

———:০:———

ভগবদ্গীতায়াঃ প্রক্ষিপ্তিবাদপ্রতিবাদঃ।

—:০:—

ভারতকৌমুদী

উময়া রময়া চ সংশ্রিতং পরমাত্মানমিব স্বমায়য়া।
প্রণতোঽস্মি হরং হরিঞ্চ তং চিরমেকপ্রকৃতিং পৃথক্তনুম্॥

অথ কেচিদ্ভগবদ্গীতাং প্রক্ষিপ্তাং বদন্তি। তত্র পৃচ্ছামঃ—ভগবতা গীতেয়মুপনিষৎ মহাভারতে ভীষ্মপর্বণি প্রক্ষিপ্তেতি ভবদ্ভির্দৃষ্টং শ্রুতমনুমিতং বা? নাদ্যঃ, কালাদিনা নিতান্তব্যবহিতে দর্শনাসম্ভবাৎ; ন দ্বিতীয়ঃ, অদৃঢ়নিশ্চায়িনঃ শ্রাবয়িতুঃ শ্রবণস্যৈবাপ্রামাণ্যাৎ; ন তৃতীয়ঃ, নির্দোষহেত্বভাবাৎ। অথাপ্রাসঙ্গিকত্বমেব নির্দোষহেতুরিতি চেন্ন, আদিতো ধারাবাহিক্যা ধৃতরাষ্ট্রজিজ্ঞাসায়া এব প্রসঙ্গত্বাৎ। ন চ সমুদ্ধতসৈন্যসমরসমুদ্যমে নিরুদ্বেগবিধেয়মধ্যাত্মসমালোচনম্, প্রচণ্ডমার্ত্তণ্ডসন্তাপে বিলাসবনবিহরণমিব সর্বথৈবাসম্ভবমিতি বাচ্যম্, তদানীং বক্তুঃ শ্রোতুর্বা কলয়াপ্যুদ্বেগেনাস্পর্শাৎ। অথ ঋণঝণায়িতে প্রহারার্থিনাং বিপক্ষাণাং প্রহরণরাশৌ লক্ষ্যয়োরেব কৃষ্ণার্জ্জুনয়োর্নোদ্বেগলেশ ইতি কোঽয়ং প্রলাপঃ; অহো ভ্রান্তোঽসি, "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিস্মর্ত্তে ন বিহ্বলে" ইত্যেতৎপ্রথমাধ্যায়গতযুদ্ধনিয়মানবধানাৎ। নন্থ চিরমন্যায়নিরতাঃ কৌরবা যত্নকরিষ্যন্নেব নিয়মভঙ্গম্, তর্হি কথমরক্ষিষ্যতাং প্রাণান্ কৃষ্ণার্জ্জুনৌ? শান্তম্, ন্যায়ৈকনিষ্ঠভীষ্মনিয়মিতাঃ খলু তদানীং কৌরবাঃ কথং বিনিয়মং কর্ত্তুমুৎসহেরন্। ঈদৃশোপনিষৎসারসঙ্কলনে ব্যাস এবানীশ ইতি তুন্নতপ্রলাপ এব, ব্রহ্মসূত্রস্য যোগসূত্রভাষ্যস্য চ বিনির্ম্মাণে দৃষ্টশক্তিকত্বাদ্ব্যাসস্য। অথ তয়োরপর এব ব্যাসঃ কর্ত্তেতি চেন্ন, প্রমাণাভাবাৎ অত্রত্যসানংসুজাতাদ্যধ্যাত্মশাস্ত্রবিনির্ম্মাণে তস্য শক্তিদর্শনাচ্চ। কিং বহুনা, একাদৃশী ভাষা, একবিধো ভাবঃ, পূর্বাপরসমানচ্ছন্দোবন্ধঃ, সর্বত্রৈব ব্যাকরণানুসারী ভূয়ান্ প্রয়োগঃ, শঙ্কর-শ্রীধর মধুসূদনাদিকৃতব্যাখ্যানরাশিশ্চ ভগবদ্গীতায়া মৌলিকতামেব প্রদ্যোতয়তি। নন্থ তর্হি যবদ্বীপাদিগতে মহাভারতগ্রন্থে গীতা কথং নোপলভ্যতে? সত্যম্, অমুর্ত্তেশ্বরবাদবিদিতবৌদ্ধাদিধর্ম্মগ্রহণানন্তরং তত্রত্যৈরেব মূর্ত্তেশ্বরাভিহিতা গীতা মহাভারতগ্রন্থান্নিষ্কাশিতা, পূর্ব্বং বৌদ্ধাদিধর্ম্মগ্রহণে তু গীতাং পরিহায় তৈর্মহাভারতং নীতমিতি সমীচীনঃ সিদ্ধান্তঃ। কিঞ্চ সম্প্রত্যত্র মহাভারত এব গীতায়া ভূয়াংস এব শ্লোকাঃ স্থানে স্থানে বিকীর্ণাঃ। অথ তানেব সংগৃহ্য পরং কশ্চিদত্র গীতানাম্না প্রক্ষিপ্তবানিত্যপি ন বক্তব্যম্,

"পর্ব্বোক্তং ভগবদ্গীতা, পর্ব ভীষ্মবধস্ততঃ"

ইত্যাদিপর্ব্বণি পর্ব্বসংগ্রহাধ্যায়ে স্বয়মেব মহর্ষিণা ভগবদ্গীতায়া উল্লেখাৎ, তদনন্তরঞ্চ—

"কশ্মলং যত্র পার্থস্য বাসুদেবো মহামতিঃ।
মোহজং নাশয়ামাস হেতুভির্মোক্ষদর্শিভিঃ॥"

ইতি তদধ্যায়ে মহর্ষিণৈব গীতাবৃত্তান্তসংগ্রহাৎ, আশ্বমেধিকে পর্ব্বণ্যনুগীতাপ্রকরণে—

ভারতকৌমুদী

"পূর্ব্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো! তস্মাদত্র মনঃ কুরু।"

ইতি কৃষ্ণেনার্জ্জুনং প্রতি ভগবদ্‌গীতায়া এব স্মরণার্থমভিধানাচ্চ। ঈদৃগ্‌দৃঢ়প্রমাণ-প্রমিতত্বাদ্‌গীতায়াঃ প্রক্ষিপ্তিবাদো নির্যুক্তিকঃ স্বৈরবাদ এব। অথাদিপর্ব্বাদেস্তত্তদ্বচনমপি প্রক্ষিপ্তমেবেতি চেত্তর্হি সর্ব্বং মহাভারতমেব প্রক্ষিপ্তমুচ্যতাম্, অস্তু চাস্মাকং নিস্তার ইতি।

—(::)—

ভগবদ্‌গীতাসম্বন্ধে প্রক্ষিপ্তবাদের প্রতিবাদ।

—০::০—

দেশের ও বিদেশের অনেক মনস্বীই বলিয়া থাকেন যে, ভগবদ্‌গীতা মহাভারতের ভীষ্মপর্ব্বে প্রক্ষিপ্ত হইয়াছে। এ সম্বন্ধে গীতার প্রারম্ভেই কিছু আলোচনা করা একান্ত উচিত মনে করিয়া বাদী ও প্রতিবাদীর উক্তি-প্রত্যুক্তিচ্ছলে তাহা এস্থানে লিপিবদ্ধ করা হইল।

প্রক্ষিপ্তবাদী—মহাশয়! ভগবদ্‌গীতাটা যে ভীষ্মপর্ব্বে প্রক্ষিপ্ত হইয়াছে, তাহা জানেন?

প্রতিবাদী—কি করিয়া জানিব; কাহাকেও প্রক্ষিপ্ত করিতে দেখি নাই, শুনা কথারও কোন মূল্য নাই, প্রক্ষেপের যুক্তিও খুজিয়া পাই না।

প্রক্ষিপ্তবাদী—কেন প্রক্ষেপের যুক্তি খুজিয়া পাইবেন না, ভীষ্মপর্বের যে স্থানে গীতা সন্নিবেশিত আছে, সে স্থানে গীতা উঠিবার কোন প্রসঙ্গই নাই।

প্রতিবাদী—প্রসঙ্গ নাই একথা আমরা স্বীকার করিতে পারি না। কারণ, কুরুপাণ্ডব-উভয়পক্ষ যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া কুরুক্ষেত্রে উপস্থিত হইয়াছেন এবং ভীষ্ম কুরুপক্ষের প্রধান সেনাপতির পদ গ্রহণ করিয়াছেন ইত্যাদি সমস্ত ঘটনাই ধৃতরাষ্ট্র জানেন এবং যুদ্ধের সমগ্র বৃত্তান্ত জানিয়া আসিয়া তাহা বলিবার জন্য সঞ্জয়ের উপরে আদেশও করিয়াছেন। এই অবস্থায় দশম দিনের যুদ্ধে ভীষ্ম নিপতিত হইলে, সঞ্জয় আসিয়া ধৃতরাষ্ট্রের নিকট বলিলেন—"মহারাজ! ভীষ্ম আজ শিখণ্ডীর হস্তে যুদ্ধে নিপতিত হইয়াছেন" ইহা শুনিয়া ধৃতরাষ্ট্র বহুতর বিলাপ করিয়া যুদ্ধের আদ্যন্ত বৃত্তান্ত শুনিবার ইচ্ছায় সঞ্জয়ের নিকট জিজ্ঞাসা করিলেন—"আমার পুত্রেরা ও পাণ্ডবেরা যুদ্ধ করিবার ইচ্ছায় কুরুক্ষেত্রে সমবেত হইয়া প্রথমে কি করিলেন?" ধৃতরাষ্ট্রের এই প্রশ্নই ত গীতা উঠিবার প্রসঙ্গ; এইরূপ প্রসঙ্গ লইয়াই ত মহাভারতের এবং অন্যান্য উপাখ্যানময় গ্রন্থের উপাখ্যানগুলি উঠিয়াছে।

প্রক্ষিপ্তবাদী—সে যাহা হউক, উভয়পক্ষের যোদ্ধারাই অস্ত্র-শস্ত্রে সুসজ্জিত হইয়া আপন আপন সেনাপতির আদেশের প্রতীক্ষা করিতেছেন, সে আদেশ হইলেই যুদ্ধ আরম্ভ হয়; এমন সময়ে উভয় সৈন্যের মধ্যস্থানে থাকিয়া পাণ্ডবপক্ষের প্রধান সহায় কৃষ্ণ গীতা বলিতে আরম্ভ করিলেন, আর প্রধান যোদ্ধা অর্জ্জুন তাহা শুনিতে থাকিলেন। 'ধান ভাণতে মহীপালের গীত আরম্ভ হইয়া গেল' মহাযুদ্ধারম্ভে অধ্যাত্মবিষয়ের আলোচনা চলিতে থাকিল! এমন ঘটনা কি কখনও সম্ভব হইতে পারে? বক্তা ও শ্রোতা উভয়েই নিরুদ্বেগ না হইলে, গীতার মত বিষয়ের আলোচনা হইতেই পারে না।

প্রতিবাদী—মহাশয়! এই ভীষ্মপর্বেরই প্রথম অধ্যায় পর্য্যালোচনা করিলে বোধ হয় আপনি এরূপ অসামঞ্জস্যের অবতারণা করিতেন না। উভয়পক্ষ মিলিত হইয়া যুদ্ধের প্রারম্ভে যে সকল নিয়ম করিয়াছিলেন, তাহা ভীষ্মপর্বের প্রথম অধ্যায়ে লিখিত আছে; তাহার মধ্যে এই কথাটুকুও আছে যে, "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" অর্থাৎ 'আমরা বলিয়া কহিয়া বিপক্ষের উপরে প্রহার করিব এবং কোন বিপক্ষ বিশ্বস্ত বা বিহ্বল থাকিলে, তাহার উপরে প্রহার করিব না'। সুতরাং কৃষ্ণ ও অর্জ্জুনের এইরূপ দৃঢ় বিশ্বাসই ছিল যে, আমাদিগকে না জানাইয়া কেহই প্রহার করিবে না। অতএব কৃষ্ণ ও অর্জ্জুন উভয়েই তখনও নিরুদ্বেগ ছিলেন বলিয়া তাঁহাদের অধ্যাত্মবিষয়ের আলোচনাও সম্ভবপর হইয়াছিল।

প্রক্ষিপ্তবাদী—মহাশয়! আসামিপক্ষের অনেক উকীলেরই মনে মনে এমন প্রতিজ্ঞা থাকে যে, 'আমার মক্কেল দোষীই হউন আর নির্দোষই হউন, আমি তাঁহাকে নির্দোষ বলিয়াই প্রতিপন্ন করিব' আপনারও যদি সেইরূপই প্রতিজ্ঞা থাকে যে, আমি গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিব, তাহা হইলে আমার আর আলোচনার প্রয়োজন নাই।

প্রতিবাদী—'গ্রন্থকার জীবিত নাই বা উপস্থিত নাই, গ্রন্থ নিজেও অচেতন পদার্থ বলিয়া কোন প্রতিবাদ করিতে পারিবে না। সুতরাং এই সুযোগে গবেষকনাম বাহির করিয়া লই' এইরূপ ইচ্ছার বশবর্ত্তী হইয়া আপনারাও যদি মূলগ্রন্থ গীতাকে প্রক্ষিপ্ত বলিতে চান, তাহা হইলে আমারও বিবাদে প্রয়োজন নাই। তবে, সর্বপ্রযত্নে গীতাকে মূলগ্রন্থ বলিয়াই প্রতিপন্ন করিতে হইবে এরূপ কোন প্রতিজ্ঞা আমার নাই বা সেরূপ ইচ্ছাও নাই।

প্রক্ষিপ্তবাদী—তাহা হইলে বলুন দেখি, যে দুর্য্যোধন বাল্যকাল হইতেই বিদ্বেষের বশবর্ত্তী হইয়া বিষপ্রয়োগ, জলে নিক্ষেপ এবং অগ্নিতে দগ্ধ করিয়া মারিয়া ফেলিবার চেষ্টা করিয়াছে, সেই দুর্য্যোধনপ্রভৃতিরই "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" এই কথাটুকুর উপরে বিশ্বাস করিয়া ঐরূপ সময়ে কৃষ্ণ ও অর্জ্জুনের মত লোকচরিত্রাভিজ্ঞ বুদ্ধিমান্ লোকদের অন্যমনস্ক হওয়া কি সম্ভবপর হয়?

প্রতিবাদী—অবশ্যই হয়। কেন না, সে সময়ে অসাধারণ ধার্ম্মিক ভীষ্ম কৌরবপক্ষের প্রধান সেনাপতি ছিলেন এবং তিনিও সেই নিয়মপ্রবর্ত্তকদের মধ্যে অন্যতম ছিলেন। সুতরাং তাঁহার আদেশ ব্যতীত কৌরবপক্ষের কাহারও কিছু করিবার ক্ষমতা ছিল না। তা'র পর কৃষ্ণ ও অর্জ্জুন কচি খোকা ছিলেন না। উভয়েই অতিরথ ও অদ্বিতীয় মহাবীর ছিলেন একথা সকলেই জানিত। অতএব দৌড়াইয়া যাইয়া তাঁহাদিগকে সংহার করিবার সাহস বা তীর ছুটাইয়া মারিয়া ফেলিবার ভরসা কাহারও হয় নাই, কিংবা তাঁহারাও সেরূপ আশঙ্কা করেন নাই। তাই তাঁহাদের গীতার আলোচনায় অন্যমনস্ক হওয়া অসম্ভব হয় নাই।

প্রক্ষিপ্তবাদী—আচ্ছা যাউক। পুরাণরচয়িতা বেদব্যাস চিরকালই সাপের গল্প ও ব্যাঙের গল্প প্রভৃতিই লিখিয়া আসিয়াছেন, এ অবস্থায় তিনি যে গীতার মত সমস্ত সম্প্রদায়ের উপযোগী মূল্যবান্ গ্রন্থ রচনা করিতে পারিয়াছিলেন, ইহা কি করিয়া বিশ্বাস করিতে পারি?

প্রতিবাদী—এইবার আধুনিক রুচির অনুরূপ কথাই বলিয়া ফেলিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—আপনার সেকেলে ধরণের কথা শুনিব বলিয়া।

প্রতিবাদী—মহাশয়! সে কাল যে হিন্দুর সুবর্ণযুগ ছিল, তাহা জানেন? সে যাহা হউক, বেদব্যাস কেবল পুরাণই রচনা করিয়া যান নাই, তিনি অধ্যাত্মবিষয়ের চরম গ্রন্থ বেদান্তদর্শন এবং পাতঞ্জলভাষ্যপ্রভৃতিও লিখিয়া গিয়াছেন।

প্রক্ষিপ্তবাদী—তবে কি আপনি মনে করেন যে, বেদব্যাস একজনই ছিলেন?

প্রতিবাদী—বেদব্যাস একজন বা অনেক জন ছিলেন, এবিষয় লইয়া আলোচনা করা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে; তবে এই মাত্র বলিতে পারি যে, এই মহাভারতেরই উদ্‌যোগপর্ব্বে 'সানৎসুজাত-'নামে যে অধ্যাত্মশাস্ত্র দেখিতে পাই, তাহা যদি বেদব্যাস রচনা করিতে পারিয়া থাকেন, তবে এই গীতাও যে তিনি রচনা করিতে পারিয়াছিলেন, এবিষয়ে কোন সন্দেহ নাই; বেদব্যাসের মত জ্ঞানী লেখক ভারতবর্ষে আর কেহ জন্মিয়াছিলেন বলিয়াও মনে হয় না।

প্রক্ষিপ্তবাদী—সে যাহা হউক। শুনিতে পাই—জাভাদ্বীপের মহাভারতে নাকি ভগবদ্‌গীতা নাই। সুতরাং ভগবদ্‌গীতা যদি মহাভারতের মৌলিক অংশই হইত, তবে জাভাদ্বীপের মহাভারতেও তাহা অবশ্যই থাকিত।

প্রতিবাদী—অবশ্যই থাকিত একথা বলিতে পারেন না। কারণ, জাভাদ্বীপবাসীরা প্রথমে হিন্দু ছিল, মধ্যে বৌদ্ধ হইয়াছিল, পরে মুসলমান হইয়াছে। এ অবস্থায় তাহারা যখন হিন্দু ছিল, তখন তাহাদের মহাভারতে ভগবদ্‌গীতা ছিল বলিয়াই মনে করা যাইতে পারে; তা'র পর তাহারা যখন বৌদ্ধ এবং মুসলমান হইয়াছিল, সম্ভবতঃ তখন তাহাদের মহাভারত হইতে গীতা এবং ঐরূপ ঈশ্বরের মূর্ত্তিবোধক অংশগুলি নিষ্কাশিত হইয়াছিল। কেন না, বৌদ্ধ ও মুসলমানদের মতে ঈশ্বরের মূর্ত্তি নাই; অথচ ভগবদ্‌গীতার বক্তা কৃষ্ণ আপনাকে বহু স্থানে ঈশ্বর বলিয়া প্রকাশ করিয়াছেন এবং অর্জ্জুনকে বিশ্বরূপ দেখাইয়া তাহা প্রমাণিতও করিয়াছেন, আবার পার্থসারথিমূর্ত্তিতে সকলের দৃষ্টিগোচরও হইয়াছেন। এ ক্ষেত্রে বৌদ্ধ ও মুসলমানদের ঐ গীতা যে বিরক্তিকর হইবে, তাহাতে আর সন্দেহ কি?। আর এক কথা, জাভাদ্বীপের ভাষায় সে দেশের মহাভারতের যখন অনুবাদ হইয়াছিল, তদবধি তাহাদের মহাভারতে বহু উপাখ্যান নূতন প্রবেশ করিয়াছে, অনেক বিষয় নিষ্কাশিত হইয়াছে এবং বহু স্থান অত্যন্ত বিকৃত হইয়াছে। এ অবস্থায় সে দেশের মহাভারতে গীতা না থাকিলেও তাহা গীতার অমৌলিকতা প্রমাণিত করিতে পারে না।

প্রক্ষিপ্তবাদী—ভাল; গীতার মৌলিকতাসম্বন্ধে আপনি কোন নির্দ্দোষ যুক্তি দেখাইতে পারেন কি?

প্রতিবাদী—অবশ্যই পারি। মহাভারতের পূর্ব্বাপর স্থানগুলি পর্য্যালোচনা করিয়া দেখিলে দেখা যাইবে যে, অন্যান্য স্থানে যেরূপ ভাষা, যেমন ভাব, যে প্রকার ছন্দ এবং যে জাতীয় অপাণিনীয় (আর্ষ) প্রয়োগ আছে, গীতাতেও সেইরূপই সে সমস্ত আছে।

প্রক্ষিপ্তবাদী—এ সকল বিষয়ে যথেষ্ট মতভেদও আছে।

প্রতিবাদী—থা'ক; শঙ্করাচার্য্য, শ্রীধরস্বামী ও মধুসূদনসরস্বতীপ্রভৃতি যোগী মহাপুরুষগণ নিঃশঙ্কচিত্তেই এই গীতার ভাষ্য ও টীকা রচনা করিয়া গিয়াছেন; ইহাতেও গীতার মৌলিকতাই প্রমাণিত হয়।

প্রক্ষিপ্তবাদী—গীতা প্রক্ষিপ্ত বা মৌলিকগ্রন্থ এ বিষয়ে শঙ্করপ্রভৃতি কোন অনুসন্ধান করিয়াছিলেন বলিয়া মনে হয় না। কারণ, তাহা করিয়া থাকিলে, শ্রীধরস্বামী যেমন শ্রীমদ্ভাগবতের প্রথমে তাহার মহাপুরাণত্ব স্থাপনের চেষ্টা করিয়া গিয়াছেন, সেইরূপ গীতার প্রারম্ভেও শঙ্করপ্রভৃতির—অন্ততঃ শ্রীধরস্বামীর কিছু লেখা থাকিত। সুতরাং উঁহাদের ভাষ্য ও টীকা থাকায় এইমাত্র প্রমাণিত হয় যে, উঁহাদের সময়ে মহাভারতে গীতা ছিল।

প্রতিবাদী—তা'র পর গীতায় যে সকল আধ্যাত্মিক শ্লোক আছে, তাহার প্রায় শ্লোকই মহাভারতের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রসঙ্গে উল্লিখিত রহিয়াছে।

প্রক্ষিপ্তবাদী—ভাল, তাহা হইলে অবশ্যই একথা বলা যায় যে, মহাভারতরচনার পরে কোন বিশিষ্ট বিদ্বান্ লোক মহাভারতের সেই সকল স্থান হইতে আধ্যাত্মিক শ্লোকগুলিকে একত্র করিয়া, মধ্যে মধ্যে নিজেও কিছু কিছু লিখিয়া, 'ভগবদ্‌গীতা' নাম দিয়া ভীষ্মপর্ব্বে সন্নিবেশিত করিয়া গিয়াছেন।

প্রতিবাদী—তাহাও হইতে পারে না। কারণ, মহাভারতের আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়টীর নাম—'পর্ব্বসংগ্রহ অধ্যায়'। তাহাতে—কোন্ পর্ব্বে কতগুলি অধ্যায়, কতগুলি শ্লোক, কতগুলি উপপর্ব্ব এবং কি কি বৃত্তান্ত আছে, তাহা মহর্ষি বেদব্যাস নিজেই সূচীপত্রের ভাবে লিখিয়া রাখিয়া গিয়াছেন; তাহাতে দেখিতে পাই—

"পর্বোক্তং ভগবদ্‌গীতা পর্ব্ব ভীষ্মবধস্ততঃ"

ইহার পরে আবার লেখা আছে—

"কশ্মলং যত্র পার্থস্য বাসুদেবো মহামতিঃ।
মোহজং নাশয়ামাস হেতুভির্মোক্ষদর্শিভিঃ॥"

তা'র পর আবার আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে স্বয়ং কৃষ্ণই অর্জ্জুনের নিকটে বলিয়াছেন—

"পূর্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো! তস্মাদত্র মনঃ কুরু॥"

(বঙ্গবাসীর পুস্তকে ও কুন্তঘোণমের পুস্তকে আশ্বমেধিকপর্বে অনুগীতাপ্রকরণে ৫১ অধ্যায়ে ৪৯ শ্লোক) অতএব বেদব্যাস আদিপর্ব্বে ভগবদ্‌গীতাকে একটী উপপর্ব্ব বলিয়াছেন এবং তাহার বৃত্তান্ত লিখিয়াছেন, আবার কৃষ্ণ আশ্বমেধিকপর্ব্বে অনুগীতাপ্রকরণে অর্জ্জুনকে সেই ভগবদ্‌গীতার বিষয়ই স্মরণ করাইয়া দিয়াছেন; এ অবস্থায় কোন রূপেই ভগবদ্‌গীতাকে সংগ্রহগ্রন্থ কিংবা প্রক্ষিপ্ত বলা যায় না।

প্রক্ষিপ্তবাদী—(ঈষৎ হাস্য করিয়া) যদি সেই অংশগুলিকেও প্রক্ষিপ্ত বলি?

প্রতিবাদী—তাহা হইলে, সম্পূর্ণ মহাভারতটাকেই কিংবা নিজেকেই প্রক্ষিপ্ত বলিয়া আমাকে নিষ্কৃতি দিয়া যান।

———:•:———

শ্রীমদ্ভগবদ্গীতা।

প্রথমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়! ॥১॥

ভারতকৌমুদী

নন্বত্র প্রথমাধ্যায়ে লেশতোঽপ্যধ্যাত্মবিষয়াভাবাৎ কথমস্যোপনিষদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বমিতি চেৎ, সত্যম্, অধ্যাত্মবিষয়াবতারণকারণত্বাদেবাস্য তদাত্মিকায়া গীতায়াঃ শরীরত্বম্, প্রস্তাবনায়া নাটকাদিশরীরত্ববৎ।

ধর্ম্মেতি। হে সঞ্জয়! ধর্ম্মক্ষেত্রে মহাতীর্থতয়া ধর্ম্মস্থানে, কুরুক্ষেত্রে তদাখ্যে মহাবিশালস্থানে, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছব এব, সমবেতাঃ সম্মিলিতাঃ, মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চৈব, কিমকুর্ব্বত যুদ্ধবিষয় এব কিং কৃতবন্তঃ, কিং স্বাগ্‌যুদ্ধমেব প্রথমং কৃতবন্তঃ? আহোস্বিদায়ুধযুদ্ধমিত্যর্থঃ। অতো যুযুৎসবঃ কিমকুর্ব্বতেতি প্রশ্নস্য নানুপপত্তিঃ। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখো হতঃ॥" ইতি প্রাগুক্তবচনাৎ সম্মুখহতানাং ক্ষত্রিয়াণাং সর্ব্বত্রৈব সদ্গতিঃ, ধর্ম্মক্ষেত্রে তু পরাঙ্মুখহতানামপি, ইত্যেতৎপ্রদর্শনেন কুরুক্ষেত্রস্য ধর্ম্মক্ষেত্রতয়া যুদ্ধস্থানত্বানুমোদনার্থং ধর্ম্মক্ষেত্র ইতি বিশেষণম্।

নন্বু কুরুক্ষেত্রং বিশালায়তনং তত্র যোদ্ধারশ্চাষ্টাদশাক্ষৌহিণ্যঃ সমবেতা ইতি তত্রত্যানাং তেষাং সর্ব্ববৃত্তান্তাবগমো মানুষস্যাসম্ভব এবেতি কথং সঞ্জয়ং ধৃতরাষ্ট্রঃ পৃচ্ছতি স্মেতি চেন্মৈবম্, ব্যাসেন তদানীং সঞ্জয়ং প্রতি সর্ব্বজ্ঞত্ববরদানাৎ "চক্ষুষা সঞ্জয়ো রাজন্! দিব্যেনৈব সমন্বিতঃ। কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি॥" ইতি প্রাগুক্তত্বাৎ॥১॥

ভারতভাবদীপঃ

ওঁ নমো ব্রহ্মাদিভ্যো ব্রহ্মবিদ্যাসম্প্রদায়কর্ত্তৃভ্যো বংশর্ষিভ্যো নমো গুরুভ্যঃ। প্রণম্য ভগবৎপাদান্ শ্রীধরাদীংশ্চ সদ্গুরূন্। সম্প্রদায়ানুসারেণ গীতাব্যাখ্যাং সমারভে॥ ভারতে সর্ব্ববেদার্থো ভারতার্থশ্চ কৃৎস্নশঃ। গীতায়ামস্তি তেনেয়ং সর্ব্বশাস্ত্রময়ী মতা॥ কর্ম্মোপাত্তিজ্ঞানভেদৈঃ শাস্ত্রং কাণ্ডত্রয়াত্মকম্। অন্তে তূপাসনাকাণ্ডাত্তৃতীয়ো নাতিরিচ্যতে। তদেব

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার পুত্রগণ ও পাণ্ডবগণ ধর্ম্মস্থান কুরুক্ষেত্রে যুদ্ধ করিবার ইচ্ছায় সমবেত হইয়া যুদ্ধবিষয়েই প্রথমে কি করিয়াছিলেন? ॥১॥

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসংগম্য রাজা বচনমব্রবীৎ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, তদা উভয়সৈন্যসন্নাহকালে, পাণ্ডবানামনীকং সৈন্যম্, ব্যূঢ়ং ব্যূহরূপেণ সন্নিবেশিতম্, দৃষ্ট্বা তু, আচার্য্যং প্রধানাস্ত্রশিক্ষকং দ্রোণম্, উপসংগম্য, বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। সমরসমুদ্যমে প্রধানযোদ্ধৃণাং তুষ্টিরাবশ্যকীতি সৈনাপত্যবিধানেনৈব ভীষ্মস্য তুষ্টিঃ কৃতা, ইদানীন্তু স্বয়মুপগমেন রাজ্ঞো বিনয়ঃ তন্নিবন্ধনা দ্রোণস্য তুষ্টিশ্চ সূচিতা। দ্রোণ-কৃপয়োরুভয়োরেবাচার্য্যত্বেঽপি "ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ" ইতি পরব্রাভি-ধানাদাচার্য্যোঽত্র দ্রোণ এব ॥২॥

ভারতভাবদীপঃ

ব্রহ্ম বিদ্ধি ত্বং নেদং যদিদমুপাসতে। ইতি শ্রুত্যৈব বেদস্য হ্যপাস্যাদন্যতেরিতা॥ ইয়মষ্টাদশা-ধ্যায়ী ক্রমাৎ ষট্‌কত্রিকেণ হি। কর্ম্মোপাত্তিজ্ঞানকাণ্ডত্রিতয়াত্মা নিগদ্যতে॥ তত্র যুদ্ধোদ্যমং শ্রুত্বৌৎসুক্যাদগ্রিমং বৃত্তান্তং বুভুৎসুর্ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইতি। তত্র বেদে তেষাং কুরুক্ষেত্রং দেবযজনমাসেতি কর্ম্মকাণ্ডপ্রসিদ্ধং কুরুক্ষেত্রমন্যৎ। "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং. দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমিত্যবিমুক্তাখ্যং ব্রহ্মপ্রাপ্তিস্থানভূতং কুরুক্ষেত্রমন্যৎ। ব্রহ্মসদনত্বং চান্যত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতী"তি বাক্যশেষেণ ব্যুৎপাদিতম্ এতদ্ব্যাবৃত্ত্যর্থং ধর্ম্মক্ষেত্রে ইতি বিশেষণম্। কুরুদেশান্তরগতং হি কুরুক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রমেব ন তু তৎ ব্রহ্ম-সদনং প্রবর্গ্যকাণ্ডে তস্য ধর্ম্মক্ষেত্রত্বমাত্রশ্রবণাৎ। তত্র সমবেতাঃ মিলিতাঃ যুযুৎসবো যোদ্ধু-মিচ্ছবঃ। পাণ্ডবানাং পৃথগ্‌গ্রহণং তেষু মমত্বাভাবসূচনার্থম্ ॥১॥ ব্যূঢ়ং ব্যূহরচনয়া স্থিতম্ আচার্য্যং দ্রোণম্। রাজা দুর্য্যোধনঃ। রাজাঽত্রবীদিত্যেব সিদ্ধে বচনপদেন সংক্ষিপ্ত-বহ্বর্থত্বাদিগুণবত্ত্বং বাক্যস্য সূচ্যতে ॥২॥ দ্রুপদপুত্রেণেতি। পূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপ-

তাৎপর্য্য—ক্ষত্রিয় সর্ব্বত্রই সম্মুখযুদ্ধে নিহত হইয়া সদ্‌গতি লাভ করেন; কিন্তু ধর্ম্ম-স্থানে পরাঙ্মুখভাবে নিহত হইয়াও সেই স্থানের গুণেই সদ্‌গতি লাভ করিতে পারেন। অতএব যুদ্ধ যখন অবশ্যকর্ত্তব্য বলিয়াই স্থির হইয়াছিল, তখন তাহা মহাতীর্থ কুরুক্ষেত্রে আরম্ভ করাই ভাল হইয়াছে। সে যাহা হউক, উঁহারা যুদ্ধার্থী হইয়া যুদ্ধবিষয়েই প্রথম কি করিয়াছিলেন; সঞ্জয়! তাহা তুমি বল ॥১॥

সঞ্জয় কহিলেন—'রাজা দুর্য্যোধন তখন পাণ্ডবগণের সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া দ্রোণাচার্য্যের নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

তাৎপর্য্য—যুদ্ধের সময়ে প্রধান যোদ্ধাদিগকে সন্তুষ্ট রাখাই রাজার কর্ত্তব্য। সুতরাং ভীষ্মকে সেনাপতি করাতেই তাঁহাকে সন্তুষ্ট রাখা হইয়াছে; এখন রাজা দুর্য্যোধন নিজেই দ্রোণাচার্য্যের নিকট উপস্থিত হইয়া বিনয় প্রকাশ করিলেন এবং তাহাতে দ্রোণকেও সন্তুষ্ট করা হইল। না হইলে, দ্রোণকে ডাকিতেও পারিতেন ॥২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য! মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥৩॥
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥৫॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দ্রোণমুত্তেজয়তি পশ্যেতি। হে আচার্য্য! অস্ত্রশিক্ষক! তব শিষ্যেণ ছাত্রেণ, ধীমতা বুদ্ধিমতা, দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন, ব্যূঢ়াং ব্যূহরূপেণ স্থাপিতাম্, পাণ্ডুপুত্রাণাম্, এতাং মহতীং প্রশস্তাম্, চমূং সেনাং পশ্য। ধীমান্ শিষ্যঃ কদাচিদ্গুরুতুল্যো গুরোরধিকো বা ভবতি। তেন চ রচিতো ব্যূহঃ প্রশস্ত এব সঞ্জাতঃ; বিশেষতশ্চাসৌ ধৃষ্টদ্যুম্নস্তব শত্রোর্দ্রুপদস্যৈব পুত্রস্তদ্বধার্থমুৎপন্নশ্চ। অতস্ত্বয়া পাণ্ডবস্নেহাদ্যুদ্ধে উদাসীনেন ন ভাব্যং সাবধানেন স্থাতব্যং গরীয়ান্ ক্রোধশ্চ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥

পাণ্ডবচমূমহত্ত্বং সূচয়তি অত্রেতি। অত্র চমূম্, যুধি যুদ্ধে, ভীমার্জ্জুনাভ্যাং সমাস্তুল্যাঃ, ইষূন্ বাণান্ অস্যন্তি ক্ষিপন্ত্যনেনেতি ইষ্বাস্যো ধনুঃ, করণে ঘঞ্, মহান্ত ইষ্বাসা ধনূংষি যেষাং তে মহাধনুর্দ্ধরা ইত্যর্থঃ, শূরা বীরাঃ সন্তীতি শেষঃ। কে তে ইত্যাহ যুযুধান ইত্যাদি। যুযুধানঃ সাত্যকিঃ, বিরাটদ্রুপদৌ প্রসিদ্ধৌ, মহারথলক্ষণং প্রাগুক্তম্ (উদ্যোগপর্ব্বণি ১৪১৩ পৃষ্ঠে ভারতকৌমুদীটীকায়াম্), ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ, চেকিতানঃ কেকয়রাজপুত্রঃ, বীর্য্যবান্ কাশীরাজশ্চ, পুরুজিৎ রাজবিশেষঃ, কুন্তিভোজশ্চ রাজা, নরপুঙ্গবঃ শৈব্যশ্চ রাজা, বিক্রান্তো যুধামন্যুশ্চ বীর্য্যবান্ উত্তমৌজাশ্চ পাঞ্চালদেশীয়ৌ, সৌভদ্রঃ সুভদ্রাপুত্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ, চকারাদ্ঘটোৎকচাদয়শ্চ, এতে সর্ব্ব এব মহারথাঃ পাণ্ডবসেনায়াং সন্তীতি শেষঃ। অতঃ পাণ্ডবচমূমহত্ত্বান্নহোৎসাহেনৈব ভবদ্ভির্যোদ্ধব্যমিত্যাশয়ঃ।

'আচার্য্য! আপনি পাণ্ডবগণের এই মহাসেনার প্রতি দৃষ্টিপাত করুন; দ্রুপদরাজার পুত্র এবং আপনার বুদ্ধিমান্ শিষ্য ধৃষ্টদ্যুম্ন এই সেনাকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়াছেন ॥৩॥

তাৎপর্য্য—আচার্য্য! দ্রুপদরাজা আপনার চিরশত্রু; এই ধৃষ্টদ্যুম্ন তাঁহারই পুত্র এবং আপনার বধের জন্যই উৎপন্ন হইয়াছেন; বিশেষতঃ এই ধৃষ্টদ্যুম্ন আপনার বুদ্ধিমান্ শিষ্য বলিয়া যুদ্ধে আপনারই তুল্য হইয়াছেন; আর ব্যূহটাকেও সুন্দর করিয়া সাজাইয়াছেন। সুতরাং আপনি পাণ্ডবগণের স্নেহে, বিশেষতঃ অর্জ্জুনের প্রতি গুরুতর স্নেহবশতঃ যুদ্ধে উদাসীন থাকিতে পারিবেন না, বিশেষ সতর্ক হইয়া বিশেষ উৎসাহ সহকারেই আপনার যুদ্ধ করা কর্ত্তব্য ॥৩॥

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম!।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭॥
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥৮॥

ভারতকৌমুদী

অত্র সপ্তীত্যেকয়াধ্যাহর্ত্তব্যয়া ক্রিয়য়া ত্রয়াণাং শ্লোকানামন্বয়াদ্বিশেষকং নামেদং মেলনম্। তথা চ সাহিত্যদর্পণঃ—"ছন্দোবন্ধপদং পদ্যং তেনৈকেন চ মুক্তকম্। দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকম্। কলাপকং চতুর্ভিঃ স্যাত্তদূর্দ্ধং কুলকং স্মৃতম্॥" ॥৪—৬॥

তর্হি কিং তব সেনা পাণ্ডবসেনাতো নিকৃষ্টেত্যাহ অস্মাকমিতি। হে দ্বিজোত্তম! ব্রাহ্মণশ্রেষ্ঠ! অস্মাকং পক্ষে তু যে যোদ্ধারো বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ, তান্ নিবোধ শৃণু। কিঞ্চ মম সৈন্যস্য যে নায়কাঃ পরিচালকাঃ, তে তব, সংজ্ঞার্থং তেষাং সম্যগ্‌জ্ঞানার্থম্, তান্ ব্রবীমি। অতো মৎসেনায়া নিকর্ষাশঙ্কা ন কার্য্যেতি ভাবঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

নার্থং বিশেষণম্ ॥৩॥ মহেষ্বাসাঃ মহান্ত ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে। যুযুধানঃ সাত্যকিঃ। দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ ॥৪॥ ধৃষ্টকেত্বাদয়ঃ ষট্ ॥৫॥ যুধামন্যূত্তমৌজসৌ সৌভদ্রোঽভিমন্যুঃ পঞ্চ দ্রৌপদেয়াঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চেত্যষ্টৌ। চকারাৎ পাণ্ডবা ঘটোৎকচাদয়শ্চাতিপ্রসিদ্ধা গ্রাহ্যাঃ। সর্বেঽপি মহারথা এব। তল্লক্ষণন্তু—"একো দশসহস্রাণি যোধয়েদ্‌যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স বৈ প্রোক্তো মহারথঃ॥ অমিতান্ যোধয়েদ্‌যস্তু সম্প্রোক্তোঽতিরথস্তু সঃ। রথস্তেকেন যোদ্ধা স্যাত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥" ইতি ॥৬॥ বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ। নিবোধ বুধ্যস্ব। ভৌবাদিকস্য

যুদ্ধে ভীম ও অর্জ্জুনের তুল্য অনেক মহাধনুর্দ্ধর বীর এই সৈন্যমধ্যে রহিয়াছেন। যথা—মহারথ সাত্যকি, বিরাট, দ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ এবং ঘটোৎকচপ্রভৃতি, ইঁহারা, সকলেই মহারথ ॥৪—৬॥

তাৎপর্য্য—অতএব আচার্য্য! আপনাদের সকলেরই বিশেষ উৎসাহের সহিত যুদ্ধ করিতে হইবে ॥৪—৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমাদের পক্ষে যে সকল শ্রেষ্ঠ যোদ্ধা আছেন, আপনি তাঁহাদের নাম শ্রবণ করুন; আর আমার সৈন্যের যাঁহারা পরিচালক হইয়াছেন, আপনার পরিচয়ের জন্য তাঁহাদের নামও আমি বলিতেছি—॥৭॥

তাৎপর্য্য—অতএব আপনি পাণ্ডবসৈন্য অপেক্ষা আমার সৈন্যকে নিকৃষ্ট মনে করিবেন না ॥৭॥

(৮)…সৌমদত্তিস্তথৈব চ—দাক্ষিণাত্যপুস্তকবিশেষে পাঠঃ।

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥৯॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০॥

ভারতকৌমুদী

অথ কে তে ইত্যাহ ভবানিতি। সমিতিং যুদ্ধং জয়তীতি সমিতিঞ্জয়ঃ, "নাম্নি তৃভূ" ইত্যাদিনা খশ্, এতদ্বিশেষণঞ্চ সর্ব্বত্র সম্বধ্যতে। তেন চান্যত্র লব্ধজয়া অত্রাপি জেষ্যন্তীতি ভাবঃ। ভবান্ দ্রোণঃ, ভীষ্মশ্চ, কর্ণশ্চ। ভীষ্মেণ কর্ণঃ শস্ত্রং ত্যাজিতোঽপি ভীষ্মানন্তরমসৌ যোৎস্যত এবেতি সোঽপি গ্রাহ্য ইত্যাশয়ঃ। কৃপশ্চ, অশ্বত্থামা, বিকর্ণশ্চ স্বভ্রাতা, সোমদত্তস্যাপত্যমিতি সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, জয়দ্রথশ্চ। এতে বিশিষ্টা ইতি ভাবঃ ॥৮॥

নন্থ তথাপি পাণ্ডবপক্ষীয়বিশিষ্টাপেক্ষয়া ত্বৎপক্ষীয়া বিশিষ্টা অল্পা ইত্যাহ অন্য ইতি। অন্যে শৈল্যকৃতবর্ম্মাদয়ো বহবঃ শূরাশ্চ, মদর্থে, ত্যক্তানি ত্যাগায়োদ্যতানি জীবিতানি জীবনানি যৈস্তে তাদৃশাঃ। সর্ব্ব এব চ তে, নানা বহুবিধানি শস্ত্রাণি সন্নিধৌ হিংসাসাধনানি শূলাদীনি প্রহরণানি বাণাদীন্যস্ত্রাণি চ যেষাং তে, যুদ্ধবিশারদাশ্চ ॥৯॥

অপি চাহ অপর্য্যাপ্তমিতি। অস্মাকং তদেতৎ বলং সৈন্যম্, পরিত আপ্তং প্রাপ্তুং শক্তমিতি পর্য্যাপ্তমল্পং ন পর্য্যাপ্তমপর্য্যাপ্তম্। একাদশাক্ষৌহিণীসংখ্যকত্বাদধিকমিত্যর্থঃ, ভীষ্মেণ অভি সর্ব্বতো রক্ষিতঞ্চ। কিন্তু এতেষাং পাণ্ডবানাম্, ইদং বলং সৈন্যম্, পর্য্যাপ্তং সপ্তাক্ষৌহিণীপরিমিতত্বাদল্পম্, ভীমেন অভিরক্ষিতঞ্চ। একতো মৎসৈন্যং সংখ্যায়াধিকম্, দ্বিতীয়তো মহাবুদ্ধিনা ভীষ্মেণাভিরক্ষিতঞ্চ; পাণ্ডবসৈন্যন্তু একতঃ সংখ্যয়াল্পম্, দ্বিতীয়তশ্চপলবুদ্ধিনা ভীমেনাভিরক্ষিতঞ্চ। অতোঽস্মাকং জয় এবাবশ্যম্ভাবীতি ভাবঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

পরস্মৈপদিনো বুধেরিদং রূপম্। সংজ্ঞার্থম্ অস্মৎপক্ষেঽপি শূরাঃ সন্তীতি জ্ঞাপনার্থম্, পরেষু প্রাবল্যং দৃষ্ট্বা তবোৎসাহভঙ্গো মাভূদিত্যর্থঃ ॥৭॥ বিকর্ণঃ স্বভ্রাতা। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। জয়দ্রথপদস্থানে তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ ॥৮॥ অন্যে শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ। শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি, প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ ॥৯॥ পর্য্যাপ্তং পরিত আপ্তং পরিবেষ্টিতং পাণ্ডবসৈন্যং হি সপ্তাক্ষৌহিণী-

যুদ্ধবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, ভূরিশ্রবা এবং জয়দ্রথ (ইঁহারা বিশিষ্ট) ॥৮॥

তাৎপর্য্য—ইঁহারা অনেক যুদ্ধে জয় লাভ করিয়াছেন; সুতরাং এ যুদ্ধেও যে জয় লাভ করিবেন, এরূপ আশা করা যায় ॥৮॥

শল্য ও কৃতবর্ম্মপ্রভৃতি আরও বহুতর বীর আমার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়াছেন এবং তাঁহারা সকলেই নানাবিধ অস্ত্রশস্ত্রধারী ও যুদ্ধে সুনিপুণ ॥৯॥

তাৎপর্য্য—অতএব তাঁহারা প্রাণপণেই যুদ্ধ করিবেন, এইরূপই আশা করি ॥৯॥

অয়নেষু চ সর্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব এব হি ॥১১॥
তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥১২॥

ভারতকৌমুদী

ইদানীং কর্ত্তব্যমাহ অয়নেষিতি। এব হি শব্দদ্বয়মত্যন্তাবধারণং সূচয়তি, "যঃ কৌমারহরঃ স এব হি বরঃ" ইত্যাদিবৎ। ভবন্তঃ সর্ব্ব এব হি যোদ্ধারঃ, সর্ব্বেষু চ অয়নেষু অস্মাকং ব্যূহমার্গেষু, যথাভাগং বিভক্তং স্বং স্বং স্থানমনতিক্রম্য অবস্থিতাঃ সন্তঃ, ভীষ্মমেব অভিরক্ষন্তু। পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চ যথা পরো ন হন্যাৎ তথা রক্ষিতঃ সর্ব্বাগ্রবর্ত্তী সেনাপতির্ভীষ্মঃ স্বপক্ষং রক্ষন্ পরপক্ষং নির্বিঘ্নং হন্যাদিতি ভাবঃ। "অয়নং বর্ত্মমার্গাধ্বপন্থানঃ পদবী সৃতিঃ" ইত্যমরঃ। অয়তে গচ্ছত্যনেনেতি অয়নং করণে যুট্ ॥১১॥

এতদবসরবৃত্তান্তমাহ তস্যেতি। অস্মিন্নবসর এব কুরুষু কুরুবংশেষু বৃদ্ধঃ কুরুবৃদ্ধঃ প্রতাপবাংশ্চ, পিতামহঃ যুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাং পিতামহভ্রাতা ভীষ্মঃ, তস্য দুর্য্যোধনস্য, হর্ষমানন্দম্, সংজনয়ন্ স্বোৎসাহসূচনেন সম্যগুৎপাদয়ন্, উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য কৃত্বা, শঙ্খং দধ্মৌ বাদয়ামাস। সেনাপতেরুৎসাহদর্শনেন রাজ্ঞ আনন্দঃ স্বত এব ভবতীতি ভাবঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

মিতত্বাদল্পম্, বহুনৈকাদশাক্ষৌণীমিতেনাস্মৎসৈন্যেন বেষ্টয়িতুং শক্যং ন তু তদীয়েনাস্মদীয়মিত্যর্থঃ। এবঞ্চ পর্য্যাপ্তমিত্যস্য পারণীয়মিত্যর্থঃ ॥১০॥ অয়নেষু ব্যূহরচনয়া স্থিতে সৈন্যে প্রবেশমার্গেষু স্বে স্বে স্থানে স্থিতা যূয়ং মধ্যস্থং ভীষ্মমেবাভিরক্ষন্তু। অস্য সেনাপতেশ্চাঞ্চল্যে সর্বাঽপি সেনা আকুলীভবেৎ তৎস্থৈর্য্যে স্থিরা চ ভবেদতঃ স এব রক্ষ্য ইত্যর্থঃ ॥১১॥ তস্যৈবং বদতো দুর্য্যোধনস্য সঞ্জয়বাক্যমিদম্। সিংহনাদমিতি ণমূলন্তম্, তেন বিনদ্যেত্যস্যানুপ্রয়োগঃ

আমাদের এই সৈন্য সংখ্যায় অধিক, বিশেষতঃ ভীষ্ম ইহাকে সর্ব্বতোভাবে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের এই সৈন্য সংখ্যায় অল্প এবং ভীম উহাকে রক্ষা করিতেছেন ॥১০॥

তাৎপর্য্য—আমার সৈন্য এগার অক্ষৌহিণী এবং মহাবুদ্ধি ভীষ্ম ইহাকে রক্ষা করিতেছেন; আর পাণ্ডবদের সৈন্য মাত্র সাত অক্ষৌহিণী, তাহাতে আবার একটা গোঁয়ার (ভীম) উহার রক্ষক হইয়াছে। অতএব নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১০॥

আপনারা সকলেই আমাদের ব্যূহের সকল পথে আপন আপন নির্দ্দিষ্ট স্থানে অবস্থিত হইয়া ভীষ্মকেই সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকুন' ॥১১॥

তাৎপর্য্য—তৎকালে সেনাপতিরা সমস্ত সৈন্যের সম্মুখে থাকিতেন; তাহাতে ঘটনাক্রমে বিপক্ষেরা পার্শ্বে বা পিছনে আসিয়া সেই সেনাপতিগণকে আঘাত করিবার সুযোগ পাইত। এ ক্ষেত্রে সেরূপ না ঘটে এই জন্য দুর্য্যোধন প্রথমেই ভীষ্মকে রক্ষা করিবার উপদেশ দিলেন ॥১১॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥১৩॥
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ কৌরবপক্ষে শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাশ্চ তদানীন্তনা বাদ্য-বিশেষাঃ, সহসা তৎক্ষণাদেব, অভ্যহন্যন্ত তত্তদ্বাদকৈরতাড্যন্ত। পরঞ্চ স শব্দঃ, তুমুল একীভূতঃ সুমহানভবৎ। ভীষ্মস্য শঙ্খনাদশ্রবণেনাবসরাবগমাৎ কৌরবপক্ষীয়াঃ সর্বে বাদকা যুগপদেব স্বং স্বং বাদ্যং বাদয়ামাসুরিত্যাশয়ঃ ॥১৩॥

তত ইতি। ততঃ, শ্বেতৈঃ, হয়ৈরশ্বৈর্যুক্তে, মহতি উত্তমে, স্যন্দনে রথে স্থিতৌ, মাধবঃ কৃষ্ণঃ, পাণ্ডবঃ কৃষ্ণসাহচর্য্যাদর্জ্জুনশ্চ উভৌ, দিব্যৌ উত্তমৌ শঙ্খৌ, প্রদধ্মতুর্বাদয়ামাসতুঃ, বিপক্ষাণামাহ্বরূপ্যেণৈব স্বপক্ষোৎসাহসূচনস্য ন্যায্যত্বাদিত্যাশয়ঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কষাদিত্বাৎ "সমূলকাষকষতি স্ম দৈত্যান্" ইত্যাদিবৎ। কুরুবৃদ্ধো ভীষ্মঃ প্রাগ্ বিরাটনগরাদৌ দৃষ্টপ্রভাবান্ পাণ্ডবান্ দৃষ্ট্বা রাজ্ঞো ভয়ং মাভূদিতি শঙ্খং দধ্মৌ। হর্ষং যুদ্ধোৎসাহং জনয়ন্ হেত্বর্থে শতৃপ্রত্যয়ঃ, হর্ষজননার্থমিত্যর্থঃ ॥১২॥ অভ্যহন্যন্ত অভিহতাঃ, কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ

কুরুকুলবৃদ্ধ প্রতাপশালী ভীষ্ম তখন দুর্য্যোধনের আনন্দ জন্মাইতে থাকিয়া উচ্চস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥১২॥

তাৎপর্য্য—সেনাপতির উৎসাহ দেখিলে, রাজার আনন্দ হওয়া স্বাভাবিক। সুতরাং ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া দুর্য্যোধন বিশেষ আনন্দিত হইলেন ॥১২॥

তদনন্তর বাদ্যবাদকেরা একদাই শঙ্খ, ভেরী, পণব, আনক ও গোমুখপ্রভৃতি বাদ্য বাজাইয়া উঠিল; তখন সেই ধ্বনি তুমুল হইয়া পড়িল ॥১৩॥

তাৎপর্য্য—কুরুপক্ষীয় বাদ্যবাদকেরা সেনাপতি ভীষ্মের সিংহনাদ ও শঙ্খধ্বনি শুনিয়া 'ইহাই বাদ্যধ্বনি আরম্ভ করিবার সময়' এইরূপ মনে করিয়া যুগপৎ সকল দিক্ হইতেই রণবাদ্য বাজাইতে আরম্ভ করিয়াছিল ॥১৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত উত্তম রথে থাকিয়া উত্তম শঙ্খ-যুগলের ধ্বনি করিলেন ॥১৪॥

তাৎপর্য্য—উদ্যোগপর্ব্বে লিখিত আছে—কৌরবপক্ষে ভীষ্ম এবং পাণ্ডবপক্ষে অর্জ্জুন প্রধান সেনাপতি নির্বাচিত হইয়াছিলেন। সুতরাং ভীষ্ম যেমন শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ সূচনা করিলেন, অর্জ্জুনও তেমনই শঙ্খধ্বনি করিয়া নিজের উৎসাহ জানাইলেন। তা'র পর কৌরবপক্ষের ন্যায় পাণ্ডবপক্ষেও প্রধান যোদ্ধারা শঙ্খধ্বনি করিয়া আপনাদের উৎসাহ প্রকাশ করিলেন ॥১৪॥

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥১৫॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥১৬॥ (যুগ্মকম্)
কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ পৃথিবীপতে!।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥ (যুগ্মকম্)
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়াণি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥১৯॥

ভারতকৌমুদী

কৃষ্ণার্জ্জুনশঙ্খয়োর্নামনির্দ্দেশপূর্ব্বকমন্যেষাং শঙ্খবাদনমাহ পাঞ্চেতি। হৃষীকেশঃ কৃষ্ণঃ, পাঞ্চজন্যং নাম শঙ্খম্, ধনঞ্জয়োঽর্জ্জুনশ্চ, দেবদত্তং নাম শঙ্খম্, দধ্মৌ। ভীমং হিড়িম্ববধাদিকং কর্ম্ম যস্য স তাদৃশো বৃকোদরো ভীমশ্চ, পৌণ্ড্রং নাম মহাশঙ্খং দধ্মৌ; তথা কুন্তীপুত্রো রাজা যুধিষ্ঠিরঃ, অনন্তবিজয়ং নাম শঙ্খম্, নকুলঃ সহদেবশ্চ, সুঘোষমণিপুষ্পকৌ নাম শঙ্খৌ, যথাসংখ্যং দধ্মৌ ॥১৫—১৬॥

কাশ্য ইতি। হে পৃথিবীপতে! রাজন্! ধৃতরাষ্ট্র! পরম উত্তম ইষ্বাসো ধনুর্যস্য স তাদৃশঃ, কাশ্যঃ কাশীরাজশ্চ, মহারথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ, বিরাটশ্চ, অপরাজিতঃ সাত্যকিশ্চ দ্রুপদঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ চ, মহাবাহুঃ সৌভদ্রঃ সুভদ্রায়াঃ পুত্রোঽভিমন্যুশ্চ, এতে, সর্বশঃ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, পৃথক্ পৃথক্, শঙ্খান্ দধ্মুঃ ॥১৭—১৮॥

স ইতি। তুমুলঃ সঙ্কীর্ণঃ, স ঘোষঃ পাণ্ডবপক্ষীয়ঃ শঙ্খনাদঃ, নভো গগনঞ্চ, পৃথিবীঞ্চ, অভ্যনুনাদয়ন্ আপূরয়ন্ সন্, ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাং ত্বৎপুত্রাণাম্, হৃদয়ানি, ব্যদারয়ৎ বিদীর্ণানীবাকরোৎ, নির্ঘাতিতানাং সর্ব্বথা দুর্বলীভূতানাঞ্চ পাণ্ডবানাং মহোৎ-

কৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ এবং অর্জ্জুন দেবদত্তনামক শঙ্খ বাজাইয়াছিলেন। ক্রমে ভীমকর্ম্মা ভীমসেন পৌণ্ড্রনামক মহাশঙ্খ, কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্তবিজয় শঙ্খ, নকুল সুঘোষশঙ্খ এবং সহদেব মণিপুষ্পনামক শঙ্খ বাজাইলেন ॥১৫—১৬॥

মহারাজ! তৎপরে মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, অপরাজিত সাত্যকি, দ্রুপদ, দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং মহাবাহু অভিমন্যু ইহারাও সকল দিক্ হইতে পৃথক্ পৃথক্ ভাবে শঙ্খধ্বনি করিলেন ॥১৭—১৮॥

(১৯)···তুমুলো ব্যনুনাদয়ন্—ইতি কুত্রচিদ্দাক্ষিণাত্যপুস্তকে পাঠঃ।

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ ॥২০॥
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে!।
অর্জ্জুন উবাচ।
সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত! ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাহাড়ম্বরপ্রকাশাদিতি ভাবঃ। অন্যেষান্তু তাদৃশবিদ্বেষাভাবান্ন তথেতি সূচয়িতুং ধার্ত্তরাষ্ট্রমাত্রোক্তিঃ ॥১৯॥

অথেতি। হে মহীপতে! ধৃতরাষ্ট্র! অথ ধার্ত্তরাষ্ট্রহৃদয়বেদনানন্তরম্, পাণ্ডবঃ কপিধ্বজঃ অর্জ্জুনঃ, ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ ত্বৎপুত্রান্, ব্যবস্থিতান্ যুদ্ধকরণায় বিদ্যমানান্ দৃষ্ট্বা, ধনুঃ, উদ্যম্য উত্তোল্য ধৃত্বা, শস্ত্রসম্পাতে অস্ত্রক্ষেপে, প্রবৃত্তে প্রক্রান্তে ভাবিনি, তদা হৃষীকেশং কৃষ্ণম্, ইদং বাক্যম্, আহ ব্রবীতি স্ম। কিং তদ্বাক্যমিত্যাহ সেনয়োরিত্যাদি। হে অচ্যুত! জীবেষু ন্যায্যপথাদভ্রষ্ট! কৃষ্ণ! মে মম রথম্, উভয়োঃ সেনয়োর্মধ্যে স্থাপয়। অত্র পূর্ব্বশ্লোকাদ্বয়িন্য আহেতি ক্রিয়ায়াঃ পরশ্লোকে স্থিতের্যুগ্মকত্বমেব। অর্জ্জুন উবাচ ইতি বাক্যান্তরস্য মধ্যে স্থিতৌ তু গদ্যপদ্যয়োঃ সঙ্কীর্ণতামাত্রম্। ঈদৃশমুদাহরণং মহাভারতে পূর্ব্বাপরয়োর্বহুত্র দৃষ্টম্। কপিধ্বজ আহ ইত্যনেনৈব নির্বাহে 'অর্জ্জুন উবাচ' ইতি পুনরুক্তিস্তু মুনেঃ স্বাভাবিকী ॥২০—২১॥

ভারতভাবদীপঃ

॥১৩—১৯॥ ব্যবস্থিতান্ ভয়োদ্বিগ্নতয়া বৈষম্যেণাবস্থিতান্। কপিধ্বজপাণ্ডবপদাভ্যাং ভীষণধ্বজত্বং শৌর্য্যঞ্চ প্রদৃশ্যতে ॥২০॥ হৃষীকেশং সর্ব্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকত্বেন পরচিত্তাভিজ্ঞং ন তু কঞ্চিদধর্ম্মমিতি দ্যোতনার্থং বাক্যপদম্। বাক্যমেবাহ—সেনয়োরিতি ॥২১॥

সেই তুমুল শঙ্খধ্বনি আকাশ ও পৃথিবী পরিপূর্ণ করিতে থাকিয়া ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয় যেন বিদীর্ণ করিল ॥১৯॥

তাৎপর্য্য—ধার্ত্তরাষ্ট্রগণের নানা কৌশলে পাণ্ডবগণ নির্য্যাতিত, বনবাসী ও সহায়শূন্য হইয়াছিলেন; তাহাতে তাঁহাদের হৃদয় দুর্ব্বল হইবারই সম্ভাবনা ছিল। পাণ্ডবপক্ষ হইতেই সন্ধির প্রস্তাব করায় ধার্ত্তরাষ্ট্রেরা পাণ্ডবদের সে দুর্বলতা দৃঢ়রূপেই ধারণা করিয়াছিলেন। কিন্তু এখন সেই পাণ্ডবেরাই প্রচুর সৈন্য ও যুদ্ধোপকরণ সংগ্রহ করিয়া অনুরূপ তুমুল শঙ্খনাদদ্বারা কৌরবশঙ্খনাদের উপযুক্ত প্রত্যুত্তরই দিলেন; ইহাতে পাণ্ডবদের সবলতা প্রকাশ পাওয়ায় ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয়ে নৈরাশ্য উপস্থিত হইল ॥১৯॥

রাজা! তাহার পর পাণ্ডুনন্দন অর্জ্জুন ধার্ত্তরাষ্ট্রগণকে যুদ্ধের জন্য অবস্থিত দেখিয়া ধনু উত্তোলন করিয়া অস্ত্রক্ষেপ আরম্ভ হইবার পূর্ব্বে তখন কৃষ্ণের নিকট এই কথা বলিয়াছিলেন। অর্জুন বলিলেন—'কৃষ্ণ! আমার রথখানাকে উভয় সৈন্যের মধ্যস্থানে রাখ ॥২০—২১॥

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥২২॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥২৩॥

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।।
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ননূভয়োঃ সেনয়োর্মধ্যে কিয়ন্তং কালং রথং স্থাপয়ামি কথং বা স্থাপয়ামীত্যাহ যাবদিতি। অহম্, যাবৎ যাবন্তং কালম্, এতান্ যোদ্ধুকামান্ সতঃ অবস্থিতান্ যোধান্, নিরীক্ষে পশ্যামি; তাবৎ স্থাপয়েত্যর্থঃ। তথাপি যাবচ্ছব্দস্য উত্তরবাক্যগতত্বেন তাবচ্ছব্দানপেক্ষণান্ন যুগ্মকত্বম্, "আত্মা জানাতি, যৎ পাপম্" ইতি সাহিত্যদর্পণোদাহরণবৎ। অস্মিন্ রণসমুদ্যমে যুদ্ধোদ্‌যোগে, কৈর্বীরৈঃ সহ ময়া যোদ্ধব্যম্। তন্নিরূপণার্থমেব নিরীক্ষণমিতি ভাবঃ ॥২২॥

উক্তপ্রায়মেবার্থং কিঞ্চিদ্বিশেষসূচনায় পুনরাহ যোৎস্যমানানিতি। যে এতে, দুর্বুদ্ধেঃ পরদ্রব্যে লোভকরণাৎ চিরমন্যায্যাচরণাচ্চ দুষ্টমতেঃ, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, প্রিয়ং কার্য্যং কর্ত্তুমিচ্ছব ইতি প্রিয়চিকীর্ষবঃ সন্তঃ, অত্র যুদ্ধে, সমাগতাঃ, তান্ যোৎস্যমানান্ যুদ্ধং করিষ্যতো যোধান্, অহম্ অবেক্ষে পশ্যামি। যে কিল দুর্বুদ্ধের্দুর্য্যোধনস্য প্রীতিবিধানেচ্ছয়ৈব যুযুৎসবঃ, তৈঃ সহৈব ময়া সাগ্রহং যোদ্ধব্যম্, ন পুনরস্বারসিকেচ্ছয়া যুদ্ধপ্রবৃত্তৈর্ভীষ্মাদিভিঃ সহেত্যাশয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

রথস্থাপনপ্রয়োজনমাহ—যাবদিতি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ময়া সহ বা কৈর্যোদ্ধব্যমিত্যুভয়ত্র সহশব্দসম্বন্ধঃ। কে বা মাং জেতুং যতন্তে, ময়া বা কে জেতব্যা ইত্যালোচনার্থমিত্যর্থঃ ॥২২॥ যোৎস্যমানান্ ন তু শান্তিকামান্ যতো দুর্বুদ্ধেঃ প্রিয়ং চিকীর্ষন্তি তেন তেষামপি তত্তুল্যত্বং

তাৎপর্য্য—ধনু উত্তোলন করায় এ পর্য্যন্তও অর্জ্জুনের যুদ্ধপ্রবৃত্তি প্রবল ছিল ইহা সূচিত হইয়াছে ॥২০॥

যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই যোদ্ধাদিগকে আমি যে পর্য্যন্ত দেখিয়া লই, সেই পর্য্যন্ত তুমি রথখানা রাখ; এই যুদ্ধের উপক্রমে কাহাদের সহিত আমি যুদ্ধ করিব, (তাহা স্থির করা আবশ্যক) ॥২২॥

এই যাহারা দুর্বুদ্ধি দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার ইচ্ছাবশতই এই যুদ্ধে আসিয়াছে, সেই যুদ্ধার্থীদিগকে আমি একবার দেখিয়া লইব' ॥২৩॥

তাৎপর্য্য—যাহারা দুর্য্যোধনের প্রিয় কার্য্য করিবার জন্যই যুদ্ধে আসিয়াছে, তাহারাই আমাদের বাস্তবিক শত্রু; সুতরাং তাহাদের সহিতই আমি মনোযোগ সহকারে যুদ্ধ করিব। আর যাঁহারা অনিচ্ছায় যুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, সেই ভীষ্মপ্রভৃতির সহিত কেবল যুদ্ধের অভিনয় করিয়া যাইব। এই জন্যই আমার এই নিরীক্ষণ ॥২৩॥

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ! পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥২৫॥ (যুগ্মকম্)
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভারত! ভরতবংশ্য! ধৃতরাষ্ট্র! গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন নিয়ন্ত্রা ধর্ম্মাদৌ সর্বদা সতর্কেণার্জুনেনেত্যর্থঃ, এবমুক্তঃ, হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা কৃষ্ণঃ, উভয়োঃ সেনয়োর্মধ্যে, ভীষ্মদ্রোণয়োঃ প্রমুখতঃ সম্মুখে, সর্বেষাং মহীক্ষিতাং যুযুৎসূনাং রাজ্ঞাঞ্চ প্রমুখতঃ, রথোত্তমং স্থাপয়িত্বা, হে পার্থ! অর্জুন! সমবেতান্ এতান্ কুরূন্, পশ্য, ইত্যর্জুন-মুবাচ। যেন খলু ভক্ত্যা ভগবান্ মায়েশো বশীকৃতঃ, তস্য মায়াবৃত্তিবিশেষরূপায়া নিদ্রায়া জয়ঃ সুকর এবেতি পূর্ব্বশ্লোকপূর্ব্বার্দ্ধভাবঃ ॥২৪—২৫॥

তত্রেতি। অথ, তত্র তদানীম্, পার্থঃ অর্জুনঃ, উভয়োরপি সেনয়োর্যথাসম্ভবং স্থিতান্, পিতৄন্ পিতৃপর্য্যায়ান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ তৎপর্য্যায়ান্ ভীষ্মসোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণকৃপপ্রভৃতীন্, মাতুলান্ শল্যশকুন্যাদীন্, ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ অভিমন্যুলক্ষ্মণাদীন্, পৌত্রান্ ঘটোৎকচপুত্রাঞ্জনপর্বপ্রভৃতীন্, সখীন্ অশ্বত্থামাদীন্, শ্বশুরান্ দ্রুপদাদীন্, সুহৃদঃ ধৃষ্টদ্যুম্নপ্রভৃতীংশ্চ, অপশ্যৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ভারতভবিদীপঃ

সূচিতম্ ॥২৩॥ রথোত্তমং স্থাপয়িত্বা উবাচেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২৪॥ মহীক্ষিতাং পৃথিবী-শ্বরাণাম্ ॥২৫॥ পিতৄন্ পিতৃব্যাদীন্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্। পিতামহান্ ভীষ্মাদীন্। মাতুলান্ শল্যাদীন্। ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্। পুত্রান্ লক্ষ্মণাদীন্। পৌত্রান্ লক্ষ্মণাদিপুত্রান্।

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন! অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ উভয় সৈন্যের মধ্যস্থানে ভীষ্ম, দ্রোণ এবং অন্য সকল রাজার সম্মুখে উত্তম রথখানাকে রাখিয়া অর্জ্জুনকে বলিলেন—'এই সমবেত কৌরবগণকে দর্শন কর' ॥২৪—২৫॥

তাৎপর্য্য—ভগবান্ চিৎস্বরূপ এবং মায়া জড়। সুতরাং ভগবানের অধিষ্ঠান ব্যতীত মায়া কিছুই করিতে পারে না; তাই মায়া ভগবানের অধীন, আর ভগবান্ মায়ার ঈশ্বর বা নিয়ন্তা। হৃষীকশব্দের অর্থ—মায়া, মায়ার ঈশ—নিয়ন্তা। অতএব হৃষীকেশ—কৃষ্ণ। তা'র পর, ভগবান্ ভক্তের অধীন; (তাহার প্রমাণ এই খানেই—কৃষ্ণ অর্জ্জুনের অধীন) মায়া আবার ভগবানের অধীন; নিদ্রা সেই মায়ারই একটী বৃত্তি বা কার্য্য। সুতরাং ভগবদ্ভক্ত অর্জ্জুন যে নিদ্রাকে জয় করিবেন, তাহাতে আর সন্দেহ কি। তাই অর্জ্জুনকে 'গুড়াকেশ' (নিদ্রাবিজয়ী) বলা হইয়াছে ॥২৪॥

তাহার পর তখন অর্জ্জুন দেখিলেন—পিতৃপর্য্যায়, পিতামহপর্য্যায়, আচার্য্য,

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥

অর্জ্জুন উবাচ। *

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ! যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥২৮॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাত্ত্বক্ চৈব পরিদহ্যতে ॥২৯॥

ভারতকৌমুদী

তানিতি। স কৌন্তেয়ঃ অর্জুনঃ, যুযুৎসয়া অবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্, সমীক্ষ্য দৃষ্ট্বা, পরয়া অত্যন্তয়া কৃপয়া, আবিষ্ট আশ্রিতঃ, অতএব বিষীদন্ হন্তুং বিষাদং প্রাপ্নুবন্ সন্, ইদং বক্ষ্যমাণং বচনমব্রবীৎ। বন্ধুবধে বিষাদঃ স্বাভাবিক এবেতি ভাবঃ ॥২৭॥

দৃষ্ট্বেতি। হে কৃষ্ণ! যুযুৎসূন্ যোদ্ধুমিচ্ছূন্ সতঃ সমবস্থিতান্ ইমান্ স্বজনান্, দৃষ্ট্বা বিদ্যমানস্যেতি শেষঃ, মম গাত্রাণি অঙ্গানি, সীদন্তি প্রহর্ত্তব্যত্বধারণয়া অবসন্নানি ভবন্তি, মুখঞ্চ পরিশুষ্যতি শোকানলাবির্ভাবেন শুষ্কীভবতি। যেষাদরো বিধেয়ঃ, তেষেব প্রহারো দেয় ইত্যবসাদহেতুরিত্যাশয়ঃ। এবমুত্তরত্রাপি ॥২৮॥

বেপথুরিতি। মে মম শরীরে, বেপথুঃ কম্পশ্চ, রোমহর্ষো রোমাঞ্চশ্চ, জায়তে। গাণ্ডীবং ধনুঃ, হস্তাৎ, স্রংসতে নিপততি, ত্বক্ চর্ম্ম চ, পরিদহ্যতে শোকানলাবির্ভাবেন সন্তপ্যতে, সর্বত্র ইমান্ দৃষ্ট্বেত্যনুবৃত্তিঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সখীন্ অশ্বত্থামাদীন্। সুহৃদঃ কৃতবর্ম্মাদীন্ ॥২৬॥ কৃপয়া স্নেহেন, স চ স্বজনমিতি বিশেষণেন প্রদর্শ্যতে ॥২৭॥ সীদন্তি নিশ্চেষ্টানি ভবন্তি। রোমহর্ষো রোমাঞ্চঃ ॥২৮—২৯॥

মাতুলপর্য্যায়, ভ্রাতা, পুত্র, পৌত্রপর্য্যায়, সখা, শ্বশুর ও সুহৃদ্গণ যথাসম্ভব উভয়সৈন্যমধ্যে রহিয়াছেন ॥২৬॥

অর্জ্জুন, উভয়সৈন্যমধ্যে অবস্থিত সেই সকল বন্ধুকে দেখিয়া অত্যন্ত দয়াবিষ্ট ও বিষণ্ণ হইয়া এই কথা বলিলেন' ॥২৭॥

তাৎপর্য্য—বন্ধুবধ করিতে হইলে, দয়া ও বিষাদ উপস্থিত হওয়া স্বাভাবিক ॥২৭॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! যুদ্ধ করিবার ইচ্ছায় অবস্থিত এই বন্ধুবর্গকে দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন হইতেছে এবং মুখ শুকাইয়া যাইতেছে ॥২৮॥

তাৎপর্য্য—ভক্তি, স্নেহ বা প্রণয়বশতঃ যাঁহাদের আদর করা উচিত, তাঁহাদিগকেই প্রহার করিতে হইবে; এইরূপ ধারণা হওয়াতেই অর্জুনের অবসাদ ও মুখশোষ উপস্থিত হইয়াছিল। (পরশ্লোকেও এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে) ॥২৮॥

* অয়ং পাঠো দাক্ষিণাত্যপুস্তকবিশেষে নাস্তি। (২৮) দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ! যুযুৎসুং সমুপস্থিতম্…নি।

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব! ॥৩০॥
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ! ন চ রাজ্যং সুখানি চ।
কিং নো রাজ্যেন গোবিন্দ! কিং ভোগৈর্জীবিতেন বা ॥৩১॥
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ।
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। অপি চেতি চার্থঃ। অহম্ অবস্থাতুং দণ্ডায়মানঃ সন্ স্থাতুমপি ন শক্নোমীব। মে মম মনশ্চ, ভ্রমতীব ঘূর্ণত ইব, উভয়ত্রাপি স্বজনহননসম্ভাবনয়া অবসাদশোকাতিশয়াগমাদিতি ভাবঃ। নন্থ প্রস্বাপনাস্ত্রক্ষেপাদিনা বিনাশমন্তরেণাপি জয়সম্ভবাৎ কথং তব স্বজনবিনাশাশঙ্কয়া শোকাবসাদাবিত্যাহ নিমিত্তানীতি। কেশব! বিপরীতানি প্রতিকূলানি, নিমিত্তানি বামবাহুবামনয়নস্পন্দনাদীনি দুর্লক্ষণানি, পশ্যামি অনুভবামি। অতঃ খল্বন্যেষামস্ত্রান্তরপ্রয়োগাদিনা স্বজনবিনাশোঽবশ্যম্ভাবীত্যাশয়ঃ ॥৩০॥

শিষ্যাববোধপর্য্যন্তং গুরুণোপদেষ্টব্য ইতি গুরুসম্প্রদায়নিয়মাদর্জ্জুনস্যাপি তদববোধাভাবে পুনরপ্যুপদেষ্টব্য ইত্যাশয়েন পৃচ্ছতি কচ্চিদিতি। হে পার্থ! ত্বয়া, একাগ্রেণ মদুক্তিজাতে অবহিতেন চেতসা, এতন্মদুক্তিজাতম্, শ্রুতং শ্রবণেনাববুদ্ধম্, কচ্চিৎ কিমিতি বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ। তথা হে ধনঞ্জয়! তে তব, অজ্ঞানম্ অনাত্মনি ভীষ্মশরীরাদাবাত্মবুদ্ধিঃ অক্ষত্রিয়ধর্ম্মত্বয়া অকর্ত্তব্যে ভিক্ষাদৌ কর্ত্তব্যবুদ্ধিশ্চ তেন যঃ সম্মোহো বৈচিত্ত্যং স্বকর্ত্তব্যে যুদ্ধে অকর্ত্তব্যত্বেচ্ছেতি যাবৎ সঃ, প্রনষ্টঃ প্রকর্ষেণ সাকল্যেন নাশং প্রাপ্তঃ কচ্চিৎ ॥৭২॥

ভারতভাবদীপঃ

সলিলং যথা॥" ইতি ॥৭১॥ সর্ব্বান্তর্যামী সর্ব্বজ্ঞোঽপি ভগবাল্লোকশিক্ষার্থং শিষ্যস্য জ্ঞানং জাতং ন বেতি পৃচ্ছতি, অন্যথা পুনঃ পুনঃ স্বয়মেত্য উপদেশং কৃতবতা ঋভুণা নিদাঘ ইব ময়ায়ং শতকৃত্বোঽপ্যুপদেশেন কৃতার্থঃ কর্ত্তব্য ইত্যাশয়েনাহ—কচ্চিদিতি। কচ্চিদিতি কামপ্রবেদনে। হে পার্থ! এতত্ত্বয়া একাগ্রেণ চেতসা শ্রোতব্যং শব্দতোঽর্থতশ্চ বোদ্ধব্যমিতি মম কামোঽস্তি ততস্ত্বাং পৃচ্ছামি কিমিদং ত্বয়া শ্রুতমিতি। শ্রুতবতোঽপি তব অজ্ঞানকৃতঃ সম্মোহো বিপর্য্যয়ঃ অনাত্মন্যাত্মধীরূপঃ স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপ ইতি স দ্বিবিধোঽপি নষ্টঃ

আর, যে লোক এই গীতাশাস্ত্রের উপরে দৃঢ়বিশ্বাসী হইয়া এবং ইহার উপরে কোন দোষারোপ না করিয়া ইহা কেবল শ্রবণও করেন, তিনিও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পুণ্যকারিগণের প্রাপ্য মঙ্গলময় স্বর্গ সকল লাভ করেন ॥৭১॥

তাৎপর্য্য—এই গীতা শ্রবণেও ভগবানের উপরে অচলা ভক্তি জন্মে বলিয়া অসাধারণ পুণ্য হয়; তাহাতেই শ্রোতা পাপমুক্ত হইয়া স্বর্গ লাভ করেন। এই স্থানে ইহাও বুঝিতে হইবে যে, কোন শিশু সম্বোধনশব্দের অর্থ না বুঝিয়া সম্বোধন করিলেও মাতা যেমন সে স্থানে উপস্থিত হন, সেইরূপ গীতার অর্থ না বুঝিয়া পাঠ বা শ্রবণ করিলেও ভগবান্ সেখানে উপস্থিত হন এবং পাঠক ও শ্রোতার উপরে প্রসন্ন হইয়া থাকেন। এ কথা শ্রীধরস্বামী এবং মধুসূদনসরস্বতীও বলিয়াছেন ॥৭১॥

অর্জ্জুন! তুমি একাগ্র চিত্তে আমার এই কথাগুলি শুনিয়াছ ত? ধনঞ্জয়! তোমার সেই অজ্ঞানসম্মোহ বিনষ্ট হইয়াছে ত?' ॥৭২॥

তাৎপর্য্য—অর্জ্জুন! গুরুসম্প্রদায়ের এইরূপ নিয়ম আছে যে, শিষ্য যে পর্য্যন্ত বুঝিবে, সেই পর্য্যন্তই তাহাকে গুরুর বলিতে হইবে। সুতরাং তুমি যদি আমার কথাগুলি না শুনিয়া থাক, বা না বুঝিয়া থাক, তবে আবারও বলি। আর যদি শুনিয়াও থাক এবং বুঝিয়াও থাক, তবে ভীষ্মপ্রভৃতির শরীরের উপরে তোমার আত্মত্ববুদ্ধিরূপ ভ্রম এবং

ইদং তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি॥৬৭॥
য ইমং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ॥৬৮॥

ভারতকৌমুদী

গীতাশাস্ত্রং সমাপ্যেদানীমস্য সম্প্রদায়প্রবর্ত্তনে নিয়মমুপদিশতি। ইদমিতি। হে অর্জ্জুন! ইদং গীতাশাস্ত্রম্, অতপস্কায় বৈধক্লেশমপ্যসহিষ্ণবে, তে তব, কদাচন ন বাচ্যম্, তপস্বিনেঽপি সতে অভক্তায় মদ্ভক্তিরহিতায়, কদাচন ন তে বাচ্যম্, তপস্বিনে ভক্তায়াপি চ অশুশ্রূষবে পরিচর্য্যামকুর্ব্বতে জনায়, কদাচন ন তে বাচ্যম্, কিঞ্চ যো জনো মামভ্যসূয়তি কপটিত্বস্বপ্রশংসিত্বাদিনা ময়ি দোষমারোপয়তি, তস্মৈ জনায়াপি কদাচন ন তে বাচ্যম্, সর্ব্বত্র নৈষ্ফল্যাবশ্যম্ভাবাদিতি ভাবঃ॥৬৭॥

সম্প্রদায়প্রবর্ত্তনে নিয়মমভিধায়েদানীং তাদৃশগুণযুক্তেষু সম্প্রদায়ং প্রবর্ত্তয়িতুঃ ফলমভিধত্তে দ্বাভ্যাম্। য ইতি। যো জনঃ, স্বয়মসংশয়ঃ পরব্রহ্মণি ময়ি মদুক্তৌ চ সন্দেহরহিতঃ সন্, ময়ি পরব্রহ্মণি, পরাং শ্রেষ্ঠাং ভক্তিং কৃত্বা চ, মদ্ভক্তেষু জনেষু মধ্যে, পরমং গুহ্যং গোপনীয়ম্,

ভারতভাবদীপঃ

কুর্ব্বতো ন কর্ম্মলেপ ইত্যর্থঃ॥৬৬॥ এবং শ্লোকদ্বয়েন "জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনা"মিতি সাংখ্যযোগৌ দ্বিতীয়াধ্যায়ে দর্শিতাবুপসংহৃত্য বিদ্যাসম্প্রদায়বিধিমাহ—ইদমিতি। অতপস্কায় তপ আলোচনং তদ্রহিতায় অযত্নশীলায়েত্যর্থঃ। অভক্তায় শ্রদ্ধাহীনায় অশুশ্রূষবে গুরুসেবামকুর্ব্বতে মাং পরমাত্মানং যোঽভ্যসূয়তি মদীয়গুণাসহিষ্ণুতয়া ময়ি দোষারোপপরো ভবতি তস্মৈ নঞঃ প্রত্যেকং সম্বন্ধত্বাদেতেষাং বিশেষণানামনন্তমাভাবেঽপি কদাচন মহত্যপি সঙ্কটে ইদং ন বাচ্যং নোপদেষ্টব্যম্। অত্র "বিদ্যা হ বৈ ব্রাহ্মণমাজগাম গোপায় মা শেবধিষ্টেঽহমস্মি। অসূয়কায়ানৃজবেঽযতায় ন মা ব্রূয়া বীর্য্যবতী তথা স্যাম্॥ যস্তু দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥" ইতি শ্রবণাদসূয়ারহিতায়ার্জ্জবোপেতায়াভ্যাসশীলায় গুরুপরমেশ্বরারাধনপরায় চ এতদ্রহস্যং দেয়ং নান্যস্মৈ ইত্যর্থঃ॥৬৭॥ এবং সম্প্রদায়বিধিমুক্ত্বা সম্প্রদায়কর্ত্তুঃ ফলমাহ—য ইদমিতি।

অর্জ্জুন! যে লোক তপস্বী নহে, ভক্ত নহে, বা শুশ্রূষাকারী নহে, কিংবা যে লোক আমার উপরে দোষারোপ করে, তাহাদের নিকট কখনও তুমি এই গীতাশাস্ত্র বলিবে না॥৬৭॥

তাৎপর্য্য—অতপস্বী, অভক্ত, গুরুর অশুশ্রূষাকারী, কিংবা আমার উপরে দোষারোপকারী লোকদিগের নিকট ইহা বলিলে, ইহা নিষ্ফল হইয়া যাইবে; কেন না, তাহারা ইহার কোন অনুষ্ঠানই করিবে না॥৬৭॥

(৬৮) য ইদম্···রা।

কচ্চিদেতচ্ছ্রুতং পার্থ! ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয়! ॥৭২॥

ভারতকৌমুদী

শিষ্যাববোধপর্য্যন্তং গুরুণোপদেষ্টব্য ইতি গুরুসম্প্রদায়নিয়মাদর্জ্জুনস্যাপি তদববোধাভাবে পুনরপ্যুপদেষ্টব্য ইত্যাশয়েন পৃচ্ছতি কচ্চিদিতি। হে পার্থ! ত্বয়া, একাগ্রেণ মদুক্তিজাতে অবহিতেন চেতসা, এতন্মদুক্তিজাতম্, শ্রুতং শ্রবণেনাববুদ্ধম্, কচ্চিৎ কিমিতি বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ। তথা হে ধনঞ্জয়! তে তব, অজ্ঞানম্ অনাত্মনি ভীষ্মশরীরাদাবাত্মবুদ্ধিঃ অক্ষত্রিয়ধর্ম্মতয়া অকর্ত্তব্যে ভিক্ষাদৌ কর্ত্তব্যবুদ্ধিশ্চ তেন যঃ সম্মোহো বৈচিত্ত্যং স্বকর্ত্তব্যে যুদ্ধে অকর্ত্তব্যত্বেচ্ছেতি যাবৎ সঃ, প্রনষ্টঃ প্রকর্ষেণ সাকল্যেন নাশং প্রাপ্তঃ কচ্চিৎ ॥৭২॥

ভারতভাবদীপঃ

সলিলং যথা॥" ইতি ॥৭১॥ সর্ব্বান্তর্যামী সর্ব্বজ্ঞোঽপি ভগবান্লোকশিক্ষার্থং শিষ্যস্য জ্ঞানং জাতং ন বেতি পৃচ্ছতি, অন্যথা পুনঃ পুনঃ স্বয়মেত্য উপদেশং কৃতবতা ঋণুণা নিদাঘ ইব ময়ায়ং শতকৃত্বোঽপ্যুপদেশেন কৃতার্থঃ কর্ত্তব্য ইত্যাশয়েনাহ—কচ্চিদিতি। কচ্চিদিতি কামপ্রবেদনে। হে পার্থ! এতত্ত্বয়া একাগ্রেণ চেতসা শ্রোতব্যঃ শব্দতোঽর্থতশ্চ বোদ্ধব্যমিতি মম কামোঽস্তি ততস্ত্বাং পৃচ্ছামি কিমিদং ত্বয়া শ্রুতমিতি। শ্রুতবতোঽপি তব অজ্ঞানকৃতঃ সম্মোহো বিপর্য্যয়ঃ অনাত্মন্যাত্মধীরূপঃ স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপ ইতি স দ্বিবিধোঽপি নষ্টঃ

আর, যে লোক এই গীতাশাস্ত্রের উপরে দৃঢ়বিশ্বাসী হইয়া এবং ইহার উপরে কোন দোষারোপ না করিয়া ইহা কেবল শ্রবণও করেন, তিনিও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পুণ্যকারিগণের প্রাপ্য মঙ্গলময় স্বর্গ সকল লাভ করেন ॥৭১॥

তাৎপর্য্য—এই গীতা শ্রবণেও ভগবানের উপরে অচলা ভক্তি জন্মে বলিয়া অসাধারণ পুণ্য হয়; তাহাতেই শ্রোতা পাপমুক্ত হইয়া স্বর্গ লাভ করেন। এই স্থানে ইহাও বুঝিতে হইবে যে, কোন শিশু সম্বোধনশব্দের অর্থ না বুঝিয়া সম্বোধন করিলেও মাতা যেমন সে স্থানে উপস্থিত হন, সেইরূপ গীতার অর্থ না বুঝিয়া পাঠ বা শ্রবণ করিলেও ভগবান্ সেখানে উপস্থিত হন এবং পাঠক ও শ্রোতার উপরে প্রসন্ন হইয়া থাকেন। এ কথা শ্রীধরস্বামী এবং মধুসূদনসরস্বতীও বলিয়াছেন ॥৭১॥

অর্জ্জুন! তুমি একাগ্র চিত্তে আমার এই কথাগুলি শুনিয়াছ ত? ধনঞ্জয়! তোমার সেই অজ্ঞানসম্মোহ বিনষ্ট হইয়াছে ত?' ॥৭২॥

তাৎপর্য্য—অর্জ্জুন! গুরুসম্প্রদায়ের এইরূপ নিয়ম আছে যে, শিষ্য যে পর্য্যন্ত বুঝিবে, সেই পর্য্যন্তই তাহাকে গুরুর বলিতে হইবে। সুতরাং তুমি যদি আমার কথাগুলি না শুনিয়া থাক, বা না বুঝিয়া থাক, তবে আবারও বলি। আর যদি শুনিয়াও থাক এবং বুঝিয়াও থাক, তবে ভীষ্মপ্রভৃতির শরীরের উপরে তোমার আত্মত্ববুদ্ধিরূপ ভ্রম এবং

অর্জ্জুন উবাচ।

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত!।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥৭৩॥

সঞ্জয় উবাচ।

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

শ্রবণেন ত্বদুক্তিজাতস্যাববোধাৎ পুনরুপদেশাপেক্ষা নাস্তীতি জ্ঞাপয়িতুমর্জ্জুন উবাচ নষ্ট ইতি। হে অচ্যুত! আত্মনো জগদ্গুরুত্বধর্ম্মাদভ্রষ্ট! তব প্রসাদাদীদৃশোপদেশদানরূপাদনুগ্রহাৎ, প্রাগুক্তরূপো মম মোহো নষ্টঃ, ময়া, আত্মনঃ ক্ষত্রিয়তয়া যুদ্ধস্যৈব কর্ত্তব্যতায়াঃ স্মৃতিশ্চ লব্ধা। গতস্তিরোহিতঃ সন্দেহঃ ভীষ্মাদিদেহ এব তত্তদাত্মা ন বা যুদ্ধং মে কর্ত্তব্যং ন বা ইত্যাদিসংশয়ো যস্য স তাদৃশঃ সন্, স্থিতঃ অস্মি। অতএব ইতঃ প্রভৃতি যাবজ্জীবং তে বচনং করিষ্যে ত্বদাজ্ঞাং পালয়িষ্যে ॥৭৩॥

ভারতভাবদীপঃ

কচ্চিৎ। মচ্ছ্রমসাফল্যমিচ্ছুস্ত্বামহং পৃচ্ছামীত্যর্থঃ ॥৭২॥ এবং পৃষ্টঃ স্বস্য কৃতকৃত্যতাং জ্ঞাপয়ন্নর্জ্জুন উবাচ—নষ্টো মোহ ইতি। মোহঃ পূর্ব্বোক্তো দ্বিবিধোঽপি নষ্টঃ। স্মৃতিরয়মহমস্মি পরং ব্রহ্মেত্যাত্মানুসন্ধানরূপা আত্মতত্ত্ববিষয়া লব্ধা। যস্যা লাভেন সর্ব্বহৃদয়গ্রন্থীনাং যাবান্ যশ্চাস্মি তত্ত্বত ইত্যত্রোদাহৃতানাং চিজ্জড়ৈক্যভ্রমপ্রভবাণাং বিমোক্ষো ভবতি। তথা চ শ্রূয়তে—"স্মৃতিলম্ভে সর্বগ্রন্থীনাং বিমোক্ষ" ইতি। ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত স্মৃতির্লব্ধেতি সম্বন্ধঃ। স্থিতোঽস্মি ত্বচ্ছাসনে ইতি শেষঃ। গতসন্দেহো নষ্টসন্দেহ ইত্যনেনানাত্মন্যাত্মধীরূপো মোহো নষ্ট ইতি দর্শিতম্। করিষ্যে বচনং তবেত্যনেন স্বধর্ম্মে যুদ্ধে চাধর্ম্মধীরূপোঽপি মোহো নষ্ট ইতি দর্শিতম্ ॥৭৩॥ সমাপ্তঃ শাস্ত্রার্থঃ। ইদানীং কথাপ্রবন্ধমেবানুবর্ত্তয়ন্

কর্ত্তব্য যুদ্ধের উপরে অকর্ত্তব্যত্বজ্ঞানরূপ ভ্রম হওয়ায় 'যুদ্ধ করিব না' বলিয়া যে মোহ জন্মিয়াছিল, তাহা তিরোহিত হইয়াছে ত? ॥৭২॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! তোমার অনুগ্রহে আমার সে মোহ তিরোহিত হইয়াছে, আমি স্মৃতি লাভ করিয়াছি এবং আমার সন্দেহও গিয়াছে। অতএব আমি আজ হইতে যাবজ্জীবন তোমার আদেশ পালন করিব' ॥৭৩॥

তাৎপর্য্য—মোহ কিরূপ, তাহা পূর্ব্বশ্লোকে বলা হইয়াছে। 'আমি ক্ষত্রিয়, আমার যুদ্ধই কর্ত্তব্য' এই স্মৃতি আমার—তোমার উপদেশে জন্মিয়াছে। অতএব অদ্য হইতে তোমার আদেশ পালন করিব, অর্থাৎ তোমার আদেশ হইলে এখনই যুদ্ধে প্রবৃত্ত হইব ॥৭৩॥

ব্যাসপ্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

সকলাধ্যাত্মশাস্ত্রসারভূতাং কৃষ্ণার্জ্জুনসংবাদরূপাং গীতামনূদ্য প্রকৃতমনুসরন্ ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয় উবাচ ইতীতি। হে রাজন্! অহম্, মহাত্মনো বাসুদেবস্য পার্থস্য চ, ইতি ইত্থম্, অদ্ভুতম্ অশ্রুতপূর্ব্বত্বাদাশ্চর্য্যম্, অতএব লোমহর্ষণং রোমাঞ্চজনকম্, ইমং সংবাদমালাপম্, অশ্রৌষং শ্রুতবানস্মি ॥৭৪॥

নন্থ কৌরবশিবিরবর্ত্তী ত্বং বিশালসমরাঙ্গনমধ্যবর্ত্তিনোঃ কৃষ্ণার্জ্জুনয়োরিমং সংবাদমতিদূরাৎ কথমশ্রৌষীরিত্যাহ ব্যাসেতি। অহম্, ব্যাসস্য প্রসাদাৎ "কথয়িষ্যতি তে যুদ্ধং সর্ব্বজ্ঞশ্চ ভবিষ্যতি" ইত্যাদিবরদানরূপানুগ্রহাৎ, স্বয়মাত্মনৈব, অর্জ্জুনান্তিকে কথয়তঃ, যোগেশ্বরাৎ ভক্তানাং মুক্ত্যুপায়নিয়ন্তুঃ কৃষ্ণাৎ, পরমত্যন্তম্, গুহ্যং গোপনীয়ম্, ইমং যোগং মুক্ত্যুপায়ভূতং ব্যাহারম্, সাক্ষাৎ প্রত্যক্ষমেব ন তু পরম্পরয়া, শ্রুতবান্ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

সঞ্জয় উবাচ—ইতীতি। অদ্ভুতং চেতসো বিস্ময়করং রোমহর্ষণং রোমাঞ্চোদ্ভেদজনকম্। শেষং স্পষ্টম্ ॥৭৪॥ কথময়ং ত্বয়া দূরস্থয়োরপি বাসুদেবার্জ্জুনয়োঃ সংবাদঃ শ্রুত ইত্যত আহ—ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদিকং মহ্যং দত্তং যেনাহং ব্যবহিতং বিপ্রকৃষ্টং বা সর্ব্বং করতলামলকবদ্বিজানামি। অতো ব্যাসপ্রসাদাদেতচ্ছাস্ত্রং পরং গুহ্যং গোপ্যম্ অহং শ্রুতবান্। যোগঞ্চ পশ্য মে যোগমৈশ্বরমিতি প্রতিজ্ঞাপূর্ব্বকং প্রদর্শিতং বৈশ্বরূপ্যং তমপি দৃষ্টবানিতি শেষঃ। স্বয়ং কথয়ত ইত্যুক্তে "অস্য মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্যদৃগ্বেদ" ইতি শ্রুতেঃ স্বনিঃশ্বসিতং বেদং শিষ্যাচার্য্যপরম্পরয়া কথয়ত ইত্যায়াতি। তদর্থং সাক্ষাৎ কথয়ত ইতি সৃষ্ট্যাদৌ ব্রহ্মাণং প্রতীবেদানীমর্জ্জুনং প্রতি সাক্ষাৎকথয়তঃ শ্রুতবানহমিত্যর্থঃ। তেন ভগবদনুগ্রহপাত্রতয়া ব্রহ্মণা সমত্বং স্বস্য দ্যোত্যতে। অত্র এতদ্যোগমিত্যভেদেনাম্বয়ে তু গুহ্যপদাপেক্ষয়া এতদ্যোগমিতি পুন্নপুংসকলিঙ্গয়োরপি

সঞ্জয় বলিলেন—'রাজা! (ধৃতরাষ্ট্র!) মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুনের এইরূপ অদ্ভুত ও লোমহর্ষণ এই সংবাদ আমি শ্রবণ করিয়াছিলাম ॥৭৪॥

তাৎপর্য্য—প্রথমে ধৃতরাষ্ট্রের প্রশ্ন অনুসারে সঞ্জয় কৃষ্ণার্জ্জুনসংবাদরূপ গীতা বলিতে আরম্ভ করিয়াছিলেন, এখন তাহা সমাপ্ত হওয়ায় তিনি তৎকালীন নিজের অবস্থাই ধৃতরাষ্ট্রের নিকটে বলিতে লাগিলেন ॥৭৪॥

(৭৫)···এতদ্গুহ্যমহং পরম্···ইতি নীলকণ্ঠধৃতঃ পাঠঃ।

রাজন্! সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ ॥৭৬॥
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্! হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

তেন চ কীদৃশী তবাবস্থা জাতেত্যাহ রাজন্নিতি। হে রাজন্! ধৃতরাষ্ট্র! অহম্, ইমমদ্ভুতম্, পুণ্যং শ্রবণেনাপি পুণ্যজনকম্, কেশবার্জ্জুনয়োঃ সংবাদম্, সংস্মৃত্য সংস্মৃত্য, মুহুর্মুহুঃ, হৃষ্যামি আনন্দিতো ভবামি, ভগবতঃ সাক্ষাচ্ছ্রবণাদেব ॥৭৬॥

অপরং কিং জায়ত ইত্যাহ তদিতি। হে রাজন্! তচ্চ, হরেঃ ভক্তানাং জন্মমরণক্লেশহরণকারিণঃ কৃষ্ণস্য, অত্যদ্ভুতম্, রূপং বিশ্বরূপম্, সংস্মৃত্য সংস্মৃত্য স্থিতস্যেতি শেষঃ, মে মম, মহান্ বিস্ময়ো ভবতি; তথাহং পুনঃ পুনঃ হৃষ্যামি চ রোমাঞ্চিতদেহশ্চ ভবামি, বিস্ময়াতিশয়াদেবেতি ভাবঃ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

সামানাধিকরণ্যং "শক্যঞ্চ যৎকিঞ্চিদপ্যতাপি ক্ষুদুপহন্ত"মিত্যাদাবিব পূর্ব্বপ্রবৃত্তলিঙ্গসংস্কার প্রাবল্যাদুত্তরত্র ভিন্নলিঙ্গবিশেষ্যলাভেঽপি পূর্ব্বসংস্কারো ন নিবর্ত্তত ইতি সামানাধিকরণ্যং বিলিঙ্গয়োরপি বক্তুং শক্যমিতি জ্ঞেয়ম্ ॥৭৫॥ কেশবার্জ্জুনসংবাদশ্রবণজং বিশ্বরূপাখ্যযোগদর্শনজং চাহ্লাদং ক্রমেণ শ্লোকদ্বয়েনাহ—রাজন্নিতি। হে রাজন্! হে ধৃতরাষ্ট্র! পুণ্যং পুণ্যকরং পাপহরং চেত্যর্থাৎ। সংস্মৃত্য সংস্মৃত্যেতি সম্ভ্রমে দ্বিরুক্তিঃ। শেষং স্পষ্টার্থম্ ॥৭৬॥ তচ্চেতি। রূপং বিশ্বরূপম্ এতদ্দর্শনে হি ব্রহ্মাণমীশমিতি দেশতো বিপ্রকৃষ্টম্, "বক্ত্রাণি

যোগেশ্বর কৃষ্ণ নিজেই অর্জ্জুনের নিকট বলিতেছিলেন, সেই অবস্থাতেই পরম গোপনীয় এই মুক্তিজনক বাক্য সকল আমি বেদব্যাসের অনুগ্রহে শুনিয়াছিলাম ॥৭৫॥

তাৎপর্য্য—এই ভীষ্মপর্ব্বেরই দ্বিতীয় অধ্যায়ে কথিত আছে—ধৃতরাষ্ট্রের নিকট যুদ্ধের সমস্ত বৃত্তান্ত বলিবার জন্য বেদব্যাস সঞ্জয়কে দিব্য চক্ষু, দিব্য কর্ণ ও সর্ব্বজ্ঞতালাভের বর দিয়াছিলেন; তাহাতেই সঞ্জয় অতিদূর হইতেও এই কৃষ্ণার্জ্জুনের সংবাদ শুনিয়াছিলেন এবং বিশ্বরূপ দেখিয়াছিলেন ॥৭৫॥

রাজা! আমি কৃষ্ণ ও অর্জ্জুনের অদ্ভুত এবং পুণ্যজনক এই সংবাদ স্মরণ করিয়া করিয়া মুহুর্মুহু আনন্দিত হইতেছি ॥৭৬॥

তাৎপর্য্য—আমি সাধারণ মানুষ হইয়াও সাক্ষাৎ নারায়ণের মুখের এই সকল কথা শুনিতে পাওয়ায় অনবরত আনন্দিত হইতেছি ॥৭৬॥

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতায়াং দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

গীতায়াস্তু অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তেয়ং ভগবদ্গীতা ॥

———•::•———

ভারতকৌমুদী

ইদানীং সঞ্জয়ঃ স্বসম্ভাবনামাহ যত্রেতি। যত্র যুধিষ্ঠিরপক্ষে, যোগেশ্বরো ভক্তানাং মুক্ত্যুপায়নিয়ন্তা কৃষ্ণো বর্ত্ততে, যত্র চ যুধিষ্ঠিরপক্ষে, ধনুর্দ্ধরঃ অদ্বিতীয়ো ধনুর্যোদ্ধা, পার্থঃ পৃথায়াঃ কুন্ত্যাঃ পুত্রঃ অর্জ্জুনস্তিষ্ঠতি; তত্র তস্মিন্ যুধিষ্ঠিরপক্ষ এব, শ্রীর্বীরত্বসম্পৎ বর্ত্ততে, বিজয়ো বিশেষেণ জয়লাভশ্চ ভবেৎ, ভূতিঃ রাজ্যসম্পচ্চ, ধ্রুবা অবশ্যম্ভাবিনী, নীতির্ধর্ম্ম্যো ন্যায়শ্চ তিষ্ঠেৎ, ইতি মম মতিঃ সম্ভাবনা বর্ত্ততে। অতো ভীষ্মপতনেঽপ্যধুনৈব ত্বয়া সন্ধিঃ করণীয় ইতি ভাবঃ ॥৭৮॥

ভারতভাবদীপঃ

তে ত্বরমাণা বিশন্তী"তি কালতো ব্যবহিতং ভীষ্মাদিক্ষয়ঞ্চ করতলামলকবদ্দৃষ্টবান্। তচ্চ জগতো মিথ্যাত্বমস্তরেণ ন সম্ভবতীতি প্রতিপাদিতং বেদান্তকতকে—

"অতীতানাগতং বস্তু বীক্ষ্যতে করবিদ্ধবৎ।
যোগী সঙ্কল্পমাত্রোত্থমিতি শাস্ত্রেষু ডিণ্ডিমঃ ॥

মায়ায়াং সর্ব্বদা সর্ব্বং সর্ব্বাবস্থমিদং জগৎ।
অস্তীতি তদুপাধিশ্চিৎসার্ব্বাত্ম্যাং সর্ব্বমীক্ষতে ॥

আরম্ভপরিণামাভ্যাং স্বেন রূপেণ যন্ন সৎ।
অতীতানাগতং বস্তু যোগী তদ্বীক্ষতাং কথম্ ॥

সঙ্কল্পমাত্রভাতং বস্ত্বতীতাদি যদীষ্যতে।
নষ্টস্ত্রীদর্শনাভং তৎ স্যাদ্যোগিজ্ঞানমপ্রমা ॥

যোগিসঙ্কল্পমাত্রেণ তজ্জোৎপত্তির্যদীষ্যতে।
ঈশসঙ্কল্পমাত্রেণ সর্ব্বোৎপত্তিস্তদেষ্যতাম্ ॥

আরম্ভে পরিণামে বা দেশকালাদ্যতিক্রমঃ।
নৈব দৃষ্টঃ ক্বচিৎ সোঽয়ং স্বপ্নমায়াদিষু স্ফুটঃ ॥

ভারতকৌমুদী

শ্রীশঙ্করো যাং বিবৃতিং চকার
শ্রীশ্রীধরঃ শ্রীমধুসূদনশ্চ।
তত্তদ্বিরোধোঽত্র সতাং ক্ষমার্হো
যদুচ্যতে 'ভিন্নরুচির্হি লোকঃ' ॥১॥

পৌষে ত্রয়োবিংশদিনে প্রবর্ত্তিতা
জ্যৈষ্ঠে ত্রয়োবিংশদিনে সমাপিতা।
বর্ষদ্বয়ান্তর্গতমাসপঞ্চকে
বঙ্গানুবাদাদিযুতাঽসকৌ কৃতা ॥২॥

গীতাবিবৃতিরারব্ধা সপ্তেষ্বষ্টেন্দুমে শকে।
সমাপ্তানুক্তিযুক্তাসৌ অষ্টেষ্বষ্টেন্দুমে শকে ॥৩॥

রাজা কিলৈকং নব তৎসুতশ্চ
ব্রহ্মাগ্নীনাচষ্ট স সঞ্জয়শ্চ।
পার্থঃ শরাষ্টৌ যুগসপ্তবাণান্
কৃষ্ণশ্চ তৎ সপ্তশতী হি গীতা ॥৪॥ *

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতায়াং দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

গীতায়াস্তু অষ্টাদশোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তেয়ং ভগবদ্গীতায়া ভারতকৌমুদী।

———(::)———

ভারতভাবদীপঃ

যুগপদ্গৃহ্যতে কুম্ভো নানাদেশস্থযোগিভিঃ।
জলসূর্য্য ইবাস্মাভিস্তেনাসৌ কল্পিতঃ স্ফুটম্ ॥
যোগিভির্গৃহ্যমাণত্বাদ্ঘটঃ সর্ব্বত্র সর্ব্বদা।
সন্নেবাস্তীতি চেৎ কার্য্যং কথমীদৃগ্বিধং ভবেৎ ॥
ব্যাবৃত্তং হীয়তে কার্য্যং যুগপদ্ভিন্নদেশতা।
চেৎ কল্পনাং বিনাস্তেষ্টা দৃষ্টান্তস্তত্র নাস্তি বঃ॥
তস্মান্নাণুভিরারব্ধভিত্তিবন্নাপি গব্যবৎ।
প্রকৃতেঃ পরিণামো বা জগৎ কিন্ত্বিন্দ্রজালবৎ ॥
সত্যং বদ্ধদৃশামিন্দ্রজালং বিশ্বং পরাগ্দৃশাম্।
অধিষ্ঠানাদৃতে শুদ্ধদৃশাং নাস্ত্যেব তদ্ধ্রুবম্ ॥" ইতি।

* ধৃতরাষ্ট্রঃ ১, দুর্য্যোধনঃ ৯, সঞ্জয়ঃ ৩১, অর্জ্জুনঃ ৮৫, কৃষ্ণঃ ৫৭৪ শ্লোকান্ আচষ্ট অব্রবীৎ। সাকল্যেন—১+৯+৩১+৮৫+৫৭৪=৭০০

ভারতভাবদীপঃ

স্পষ্টার্থো মূলশ্লোকঃ ॥৭৭॥ যস্মাদনন্তৈশ্বর্য্যো ভগবাংস্তদনুগৃহীতোঽর্জ্জুনশ্চ যুধিষ্ঠির-পক্ষেঽস্তি অতস্ত্বয়া জয়াশা ন কার্য্যেত্যাহ—যত্রেতি। যত্র পক্ষে, ধ্রুবেতি সর্ব্বত্র সম্বধ্যতে। শ্রীর্দিব্যসভাদিশোভা, বিজয়ঃ প্রসিদ্ধঃ, ভূতিরৈশ্বর্য্যং সর্ব্বনিয়ন্তৃত্বম্, নীতির্নয়শ্চ এতৎ সর্ব্বং তত্র তস্মিন্ পক্ষে ধ্রুবমিতি মম মতিঃ, অতঃ পাণ্ডবৈঃ সহ সন্ধিরেব কর্ত্তব্য ই তি ভাবঃ ॥৭৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪২॥

ইতি নৈলকণ্ঠীয়ে গীতায়াম্ অষ্টাদশোঽধ্যায়ঃ ॥১৮॥

———:-*-:———

আর, রাজা! কৃষ্ণের সেই অত্যাশ্চর্য্য বিশ্বরূপ স্মরণ করিয়া করিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিতেছে এবং বার বার শরীর রোমাঞ্চিত হইতেছে ॥৭৭॥

তাৎপর্য্য—দেবতারাও সর্ব্বদা যে রূপ দেখিবার আকাঙ্ক্ষা করেন, অথ চ দেখিতে পান না, আমি সাধারণ মানুষ হইয়া সেই বিশ্বরূপই দেখিতে পাইয়াছি; ইহা স্মরণ করিয়া করিয়া আমার অত্যন্ত বিস্ময় জন্মিতেছে, তাহাতেই শরীরে বার বার রোমাঞ্চ উৎপন্ন হইতেছে ॥৭৭॥

যে পক্ষে স্বয়ং যোগেশ্বর কৃষ্ণ রহিয়াছেন এবং যে পক্ষে অদ্বিতীয় ধনুর্যোদ্ধা অর্জুন অবস্থান করিতেছেন, সেই পক্ষেই বীরত্বসম্পদ্ রহিয়াছে, সুতরাং সেই পক্ষেই বিশেষরূপে জয়লাভ হইবে, রাজ্যসম্পদ্‌ও সেই পক্ষেরই অবশ্যম্ভাবিনী এবং ধর্ম্মসঙ্গত নীতিও সেই পক্ষেই থাকিবে' ॥৭৮॥

তাৎপর্য্য—অতএব রাজা! আপনার পক্ষের ভীষ্মের পতন হইয়া থাকিলেও এখনই পাণ্ডবদের সহিত সন্ধি করা আপনার উচিত ॥৭৮॥

———***———

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ। *

ততো ধনঞ্জয়ং দৃষ্ট্বা বাণগাণ্ডীবধারিণম্।
পুনরেব মহানাদং ব্যসৃজন্ত মহারথাঃ ॥১॥
পাণ্ডবাঃ সৃঞ্জয়াশ্চৈব যে চৈষামনুযায়িনঃ।
প্রদধ্মুর্মুদিতাঃ শঙ্খান্ বীরাঃ সাগরসম্ভবান্ ॥২॥

ভারতকৌমুদী

অথ গীতাপ্রথমাধ্যায়ে "এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ। বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ।" ইত্যনেন স্বজনবধসম্ভাবনানিমিত্তকশোকাবসাদেন সশরচাপত্যাগপূর্ব্বকমর্জ্জুনস্যোপবেশনমুক্তম্, তদবসরে চ সমরাঙ্গনমধ্যদেশে ত্যক্তসশরচাপমুপবিষ্টমর্জ্জুনমবলোক্য পাণ্ডবযোধাঃ কিমিতি সন্দিহানাঃ স্বোৎসাহপ্রকাশবিরতা আসন্, পরঞ্চ ভগবতো গীতোপদেশেন বিগতমোহঃ "করিষ্যে বচনং তব" ইত্যভিধায় যুদ্ধায়ৈব ভগবানাদিশেদিতি সম্ভাবয়ন্নর্জ্জুনঃ পুনরপি সশরং চাপং গৃহ্লন্নুত্তস্থৌ, তদবলোক্য চ পাণ্ডবযোধাঃ স্বোৎসাহপ্রকাশায় সিংহনাদমকুর্বন্, তদেব সঞ্জয়ো ধৃতরাষ্ট্রায়োবাচ। তত ইতি। ততো ধনঞ্জয়স্যৈবোত্থানাৎ পরম্, পাণ্ডবপক্ষীয়া মহারথাঃ, ধনঞ্জয়ম্, বাণগাণ্ডীবধারিণং দৃষ্ট্বা, পুনরেব মহানাদং সিংহনাদম্, ব্যসৃজন্ত উৎসাহপ্রকাশায়াকুর্বন্ ॥১॥

পাণ্ডবা ইতি। সাগরসম্ভবান্, অতএব বিশালধ্বনীনিত্যাশয়ঃ ॥২॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর পাণ্ডবপক্ষীয় মহারথেরা অর্জুনকে উত্থিত এবং বাণগাণ্ডীবধারী দর্শন করিয়া পুনরায় মহাসিংহনাদ করিলেন ॥১॥

পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ এবং যাঁহারা উঁহাদের অনুগামী ছিলেন, সেই বীরেরা আনন্দিত হইয়া সমুদ্রজাত শঙ্খসমূহের ধ্বনি করিলেন ॥২॥

* ইতঃ পূর্ব্বম্ 'বৈশম্পায়ন উবাচ। গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ (শাস্ত্রসংগ্রহৈঃ)। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনির্গতা। সর্ব্বশাস্ত্রময়ী গীতা সর্ব্বদেবময়ো হরিঃ। সর্ব্বতীর্থময়ী গঙ্গা সর্ব্ববেদময়ো মনুঃ। গীতা গঙ্গা চ গায়ত্রী গোবিন্দেতি হৃদি স্থিতে। চতুর্গকারসংযুক্তে পুনর্জ্জন্ম ন বিদ্যতে। ষট্‌শতানি সবিংশানি শ্লোকানাং প্রাহ কেশবঃ। অর্জ্জুনঃ সপ্তপঞ্চাশৎ সপ্তষষ্টিঞ্চ সঞ্জয়ঃ। ধৃতরাষ্ট্রঃ শ্লোকমেকং গীতায়া মানমুচ্যতে। ভারতামৃতসর্ব্বস্ব-গীতায়া মথিতস্য চ। সারমুদ্ধৃত্য কৃষ্ণেন অর্জ্জুনস্য মুখে হুতম্।' ইমে পঞ্চ শ্লোকাঃ বা নি রা অধিকাঃ (প্রক্ষিপ্তাঃ), শঙ্করশ্রীধরাভ্যাং গীতায়াং সপ্তশতশ্লোকমাত্রোল্লেখাৎ অত্র তু তদধিকগণনাৎ নীলকণ্ঠেন গৌড়ীয়পুস্তকে এতৎপঞ্চশ্লোকাদর্শনাৎ অস্মৎপিতামহাদিপুস্তকেষু চাস্মাভিরপ্যেতৎপঞ্চশ্লোকালাভাৎ।

তথা ভের্য্যশ্চ পেশ্যশ্চ ক্রকচা গোবিষাণিকাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥৩॥
অথ দেবাঃ সগন্ধর্বাঃ পিতরশ্চ জনেশ্বর !।
সিদ্ধচারণসংঘাশ্চ সমীয়ুস্তে দিদৃক্ষয়া ॥৪॥
ঋষয়শ্চ মহাভাগাঃ পুরস্কৃত্য শতক্রতুম্।
সমীয়ুস্তত্র সহিতা দ্রষ্টুং তদ্বৈশসং মহৎ ॥৫॥
ততো যুধিষ্ঠিরো দৃষ্ট্বা যুদ্ধায় সুসমুদ্যতে।
তে সেনে সাগরপ্রখ্যে মুহুঃ প্রচলিতে নৃপ ! ॥৬॥

ভারতকৌমুদী

তথেতি। পেশ্যাদয়স্তদানীন্তনা বাদ্যবিশেষাঃ। অভ্যহন্যন্ত অবাদ্যন্ত ॥৩॥
অথেতি। সমীয়ুঃ তত্রাজগ্মুঃ, দিদৃক্ষয়া যুদ্ধদর্শনেচ্ছয়া ॥৪॥
ঋষয় ইতি। পুরস্কৃত্য অগ্রগামীকৃত্য, শতক্রতুমিন্দ্রম্। বৈশসং মারীম্ ॥৫॥
তত ইতি। দৃষ্ট্বা তৎকালীনং স্বকর্ত্তব্যমবাধারয়দিতি শেষঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

"গীতা সুগীতা কর্ত্তব্যা" ইত্যাদয়ঃ সার্দ্ধাঃ পঞ্চ শ্লোকা গৌড়ৈর্ন পঠ্যন্তে। এবং গীতান্তে মন্মনা ভবেত্যাদিনা নিষ্কামানামাত্মনিষ্ঠানামেবৈষ্যসীত্যাত্মপ্রাপ্তিশ্চ তৎফলভূতা দর্শিতা সকামানাং ত্বর্থাধীনা কামসিদ্ধিঃ। অর্থশ্চ সতামপি পাণ্ডবানামিব গুরুবধানুতাপাশ্রয়েণৈব সিধ্যতি, সোঽপি বলবদনুগ্রহাৎ। অন্যেষান্তু কৌরবাণামিব সাধ্যমানো নিরন্বয়োচ্ছেদায় ভবতীতি দর্শয়িষ্যন্ যুদ্ধপ্রধানং গ্রন্থং সৌষুপ্তপর্ব্বান্তমারভতেঽর্থস্যানর্থহেতুত্বং বিবরীতুং—ততো ধনঞ্জয়ং দৃষ্ট্বেতি। ততঃ অর্জ্জুনস্য করিষ্যে বচনং তবেত্যেবংরূপপ্রতিজ্ঞা-

আর সেই সময়েই ভেরী, পেশী, ক্রকচ ও গোবিষাণ বাজিয়া উঠিল ; তখন সেই শব্দ তুমুল হইয়া পড়িল ॥৩॥

মহারাজ ! তাহার পর দেবগণ, গন্ধর্বগণ, পিতৃগণ, সিদ্ধগণ ও চারণগণ যুদ্ধ দর্শন করিবার ইচ্ছায় সেস্থানে আগমন করিলেন ॥৪॥

এবং মহাত্মা ঋষিরাও দেবরাজ ইন্দ্রকে অগ্রবর্ত্তী করিয়া সেই মহাযুদ্ধ দেখিবার জন্য সম্মিলিত হইয়া সে স্থানে উপস্থিত হইলেন ॥৫॥

রাজা ! তাহার পর যুধিষ্ঠির সমুদ্রতুল্য উভয় সৈন্যকে যুদ্ধের নিমিত্ত সমুদ্যত ও অনবরত অগ্রসর হইবার জন্য আগ্রহান্বিত দেখিয়া মনে মনে তৎকালীন নিজ কর্ত্তব্য স্থির করিলেন ॥৬॥

(৩)…ততো ভের্য্যশ্চ…রা নি। (৪) তথা দেবাঃ…রা নি। (৬)…যুদ্ধায় সমবস্থিতে …রা নি।

বিমুচ্য কবচং বীরো নিক্ষিপ্য চ বরায়ুধম্।
অবরুহ্য রথাত্তূর্ণং পদ্ভ্যামেব কৃতাঞ্জলিঃ ॥৭॥
পিতামহমভিপ্রেক্ষ্য ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
বাগ্‌যতঃ প্রযযৌ ধীরঃ প্রাঙ্‌মুখো রিপুবাহিনীম্ ॥৮॥ (যুগ্মকম্)
তং প্রয়ান্তমভিপ্রেক্ষ্য কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
অবতীর্য্য রথাত্তূর্ণং ভ্রাতৃভিঃ সহিতোঽন্বগাৎ ॥৯॥
বাসুদেবশ্চ তং রাজন্! পৃষ্ঠতোঽনুজগাম হ।
যথামুখ্যঞ্চ রাজানস্তং সমাজগ্মুরুৎসুকাঃ ॥১০॥

অর্জ্জুন উবাচ।

কিং তে ব্যবসিতং রাজন্! যদস্মানপহায় বৈ।
পদ্ভ্যামেব প্রয়াতোঽসি প্রাঙ্‌মুখো রিপুবাহিনীম্ ॥১১॥

ভারতকৌমুদী

বিমুচ্যেতি। বরায়ুধম্ উত্তমং ধনুঃ। বাগ্‌যতো নীরবঃ, ধীরো ধৈর্য্যবান্ ॥৭—৮॥
তমিতি। অন্বগাৎ যুধিষ্ঠিরমেবানুগতবান্ ॥৯॥
বাসুদেব ইতি। মুখ্যং প্রধানমনতিক্রম্যেতি যথামুখ্যম্ ॥১০॥
কিমিতি। তে ত্বয়া, ব্যবসিতমভিপ্রেতম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

নন্তরং ধনঞ্জয়ং যুদ্ধার্থং সন্নদ্ধং দৃষ্ট্বেত্যর্থঃ ॥১—২॥ ভের্য্যো বৃহত্যো ঢক্কাঃ। পেশ্যঃ কাহলাঃ। ক্রকচা জয়মঙ্গলাঃ। গোবিষাণিকা গবাদিশৃঙ্গাণি। সহস্রা যুগপদেব অভ্যহন্যন্ত অবাদ্যন্ত ॥৩—৬॥ বরায়ুধং ধনুঃশ্রেষ্ঠম্, অবরুহ্য অবতীর্য্য ॥৭—৮॥ যেন বিজয়াখ্যেন

তখন ধর্ম্মরাজ বীর যুধিষ্ঠির কবচ খুলিয়া রাখিয়া, ধনু পরিত্যাগ করিয়া, রথ হইতে সত্বর অবতীর্ণ, কৃতাঞ্জলি, মৌনী, ধৈর্য্যশীল ও পূর্বমুখ হইয়া, ভীষ্মের প্রতি দৃষ্টিপাত করিয়া শত্রুসৈন্যের দিকে পদব্রজেই গমন করিতে লাগিলেন ॥৭—৮॥

তাঁহাকে গমন করিতে দেখিয়া কুন্তীনন্দন অর্জুন সত্বর রথ হইতে অবতরণ করিয়া ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলেন ॥৯॥

রাজা! সেই সময়ে কৃষ্ণও তাঁহার পিছনে চলিলেন এবং প্রধান প্রধান রাজারাও উৎকণ্ঠিত হইয়া তাঁহার অনুসরণ করিতে থাকিলেন ॥১০॥

(৮)…প্রযযৌ যেন…পি বা ব রা। (৯)…অন্বয়াৎ নি। (১০) বাসুদেবশ্চ ভগবান্ …নি রা।

ভীমসেন উবাচ।

ক্ব গমিষ্যসি রাজেন্দ্র! নিক্ষিপ্তকবচায়ুধঃ।
দংশিতেষ্বরিসৈন্যেষু ভ্রাতৄনুৎসৃজ্য পার্থিব! ॥১২॥

নকুল উবাচ।

এবং গতে ত্বয়ি জ্যেষ্ঠে মম ভ্রাতরি ভারত!।
ভীর্মে দুনোতি হৃদয়ং ব্রূহি গন্তা ভবান্ ক্ব নু ॥১৩॥

সহদেব উবাচ।

অস্মিন্ রণসমূহে বৈ বর্ত্তমানে মহাভয়ে।
যোদ্ধব্যে ক্ব নু গন্তাসি শত্রূনভিমুখো নৃপ! ॥১৪॥

সঞ্জয় উবাচ।

এবমাভাষ্যমাণোঽপি ভ্রাতৃভিঃ কুরুনন্দন!।
নোবাচ বাগ্‌যতঃ কিঞ্চিদ্‌গচ্ছত্যেব যুধিষ্ঠিরঃ ॥১৫॥

ভারতকৌমুদী

কেতি। নিক্ষিপ্তকবচায়ুধঃ ত্যক্তস্বর্ম্মাস্ত্রঃ। দংশিতেষু সন্নদ্ধেষু সৎসু ॥১২॥
এবমিতি। গতে শত্রূন্ প্রতি প্রস্থিতে। ভীঃ ত্বত্তঃ সম্ভাব্যমানানুনয়ভয়ম্ ॥১৩॥
অস্মিন্নিতি। রণসমূহে বহুভিঃ করিষ্যমাণেষু বহুষু রণেষু ॥১৪॥
এবমিতি। বাগ্‌যতো মৌনী, রণদেবতাধ্যাননিরতত্বাদিত্যাশয়ঃ ॥১৫॥

তখন অর্জুন বলিলেন—'রাজা! আপনার অভিপ্রায়টা কি? আপনি যে আমাদিগকে পরিত্যাগ করিয়া পূর্ব্বমুখ হইয়া শত্রুসৈন্যের দিকে পদব্রজেই গমন করিতে লাগিলেন' ॥১১॥

ভীমসেন বলিলেন—'রাজশ্রেষ্ঠ রাজা! শত্রুসৈন্য যুদ্ধসজ্জায় সজ্জিত রহিয়াছে, এই অবস্থায় আপনি কবচ ও অস্ত্র ফেলিয়া ভ্রাতৃগণকে পরিত্যাগ করিয়া একাকী কোথায় যাইবেন?' ॥১২॥

নকুল কহিলেন—'ভরতনন্দন! আপনি আমাদের জ্যেষ্ঠ ভ্রাতা হইয়া এইভাবে শত্রুগণের দিকে গমন করিতেছেন বলিয়া ভয়ে আমার হৃদয় সন্তপ্ত হইতেছে। অতএব বলুন—আপনি কোথায় যাইবেন?' ॥১৩॥

সহদেব বলিলেন—'রাজা! অতিভয়ঙ্কর যুদ্ধসমূহ এই উপস্থিত হইল বলিয়া; এ অবস্থায় আপনার যুদ্ধই কর্ত্তব্য, তথাপি আপনি শত্রুগণের দিকে কোথায় গমন করিবেন?' ॥১৪॥

(১৪)···উৎসৃজ্য ক্ব নু গন্তাসি···নি রা।

তানুবাচ মহাপ্রাজ্ঞো বাসুদেবো মহামনাঃ।
অভিপ্রায়োঽস্য বিজ্ঞাতো ময়েতি প্রহসন্নিব ॥১৬॥
এষ ভীষ্মং তথা দ্রোণং গৌতমং শল্যমেব চ।
অনুমান্য গুরূন্ সর্বান্ যোৎস্যতে সহ শত্রুভিঃ ॥১৭॥
শ্রূয়তে হি পুরাকল্পে গুরুননুমান্য যঃ।
যুধ্যতে স ভবেদ্ব্যক্তমপধ্যাতো মহত্তরৈঃ ॥১৮॥
অনুমান্য যথাশাস্ত্রং যস্তু যুধ্যেন্মহত্তরৈঃ।
ধ্রুবস্তস্য জয়ো যুদ্ধে ভবেদিতি মতির্মম ॥১৯॥
এবং ব্রুবতি কৃষ্ণে তু ধার্ত্তরাষ্ট্রচমূং প্রতি।
হাহাকারো মহানাসীন্নিঃশব্দাস্ত্বপরেঽভবন্ ॥২০॥

ভারতকৌমুদী

তানিতি। বিজ্ঞাতঃ অনুমানাদবগতঃ ॥১৬॥
এষ ইতি। এষ যুধিষ্ঠিরঃ। গৌতমং কৃপম্। অনুমান্য সম্মান্য ॥১৭॥
শ্রূয়ত ইতি। পুরাকল্পে প্রাচীনযুদ্ধশাস্ত্রে। ব্যক্তং ধ্রুবম্, অপধ্যাতোঽভিশপ্তঃ ॥১৮॥
অন্বিতি। মহত্তরৈর্গুরুজনৈঃ সহ। ধ্রুবো নিশ্চিতঃ ॥১৯॥
এবমিতি। হাহাকারঃ যুধিষ্ঠিরস্য শিষ্টাচারেণ তস্যৈব জয়সম্ভাবনয়েতি ভাবঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রয়োজনেন স্বয়ং যুধিষ্ঠিরঃ সংগ্রামে দৃঢ়বুদ্ধিস্তৎসিদ্ধ্যর্থম্ অভিপ্রেক্ষ্য আলোচ্য প্রথমং পিতামহং প্রতি প্রযযৌ রিপুবাহিনীং প্রবিষ্টেতি শেষঃ।৯—১৬॥ গৌতমং কৃপম্ ॥১৭॥ পুরাকল্পে

সঞ্জয় কহিলেন—'কুরুনন্দন! ভ্রাতারা এইরূপ বলিতে লাগিলেও মৌনী যুধিষ্ঠির কিছুই বলিলেন না, যাইতেই লাগিলেন ॥১৫॥

তখন মহাবুদ্ধি ও উদারচেতা কৃষ্ণ হাসিতে হাসিতেই যেন তাঁহাদিগকে বলিলেন—'আমি উঁহার অভিপ্রায় বুঝিয়াছি ॥১৬॥

ইনি—ভীষ্ম, দ্রোণ, কৃপ ও শল্যপ্রভৃতি সকল গুরুজনকে সম্মান প্রদর্শন করিয়া পরে শত্রুগণের সহিত যুদ্ধ করিবেন ॥১৭॥

প্রাচীন যুদ্ধশাস্ত্রে শুনিতে পাই—যে লোক গুরুজনের সম্মান না করিয়া যুদ্ধ করে, সে লোক গুরুজনকর্ত্তৃক অভিশপ্ত হয় ॥১৮॥

আর, যে লোক শাস্ত্রানুসারে গুরুজনের সম্মান করিয়া পরে তাঁহাদের সহিত যুদ্ধ করে, তাহার নিশ্চয়ই জয় হয়। আমারও এইরূপই ধারণা ॥১৯॥

(১৭)···যোৎস্যতে পার্থিবোঽরিভিঃ—নি রা।

দৃষ্ট্বা যুধিষ্ঠিরং দূরাদ্ধার্ত্তরাষ্ট্রস্য সৈনিকাঃ।
মিথঃ সঙ্কথয়াঞ্চক্রুরেষো হি কুলপাংসনঃ ॥২১॥
ব্যক্তং ভীত ইহাভ্যেতি রাজাসৌ ভীষ্মমন্তিকম্।
যুধিষ্ঠিরঃ সসোদর্য্যঃ শরণার্থং প্রযাচকঃ ॥২২॥
ধনঞ্জয়ে কথং নাথে পাণ্ডুপুত্রে বৃকোদরে।
নকুলে সহদেবে চ ভীতোঽভ্যেতি চ পাণ্ডবঃ ॥২৩॥
ন নূনং ক্ষত্রিয়কুলে জাতোঽয়ং প্রথিতে ভুবি।
যথাস্য হৃদয়ং ভীতমল্পসত্ত্বস্য সংযুগে ॥২৪॥
ততস্তে সৈনিকাঃ সর্বে প্রশংসন্তি স্ম কৌরবান্।
হৃষ্টাঃ সুমনসো ভূত্বা চেলানি দুধুবুঃ পৃথক্ ॥২৫॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। মিথঃ পরস্পরম্। এষ ইতি বিসর্গলোপাভাবঃ আর্ষঃ ॥২১॥

ব্যক্তমিতি। অন্তিকমস্মাকমন্তিকস্থম্। সসোদর্য্যঃ ভ্রাতৃভিঃ সহ ॥২২॥

ধনঞ্জয় ইতি। নাথে রক্ষকে সতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥২৩॥

নেতি। যথা যতঃ। অল্পসত্ত্বস্য ক্ষীণবলস্য, সংযুগে যুদ্ধে। "সমাভাষ্য প্রহর্ত্তব্যং ন বিশ্বস্তে ন বিহ্বলে" ইতি প্রথমকৃতযুদ্ধনিয়মাৎ সৈনিকা যুধিষ্ঠিরং ন প্রজহ্নুঃ, যুধিষ্ঠিরশ্চ তথা গন্তুমিয়েষ, ভীষ্মনিয়মিতত্বাচ্চিরাত্যাচারী দুর্য্যোধনোঽপি চ তদানীং নিষ্ক্রিয় এবাসীৎ ॥২৪॥

তত ইতি। প্রশংসন্তি স্ম, যুধিষ্ঠিরানুনয়েন বিনা যুদ্ধং জয়লাভসম্ভাবনাদিতি ভাবঃ। সুমনসো নির্বৈরচিত্তাঃ, চেলানি বসনানি, দুধুবুঃ কম্পয়ামাসুঃ, হর্ষাদেবেত্যাশয়ঃ ॥২৫॥

কৃষ্ণ এইরূপ বলিলে, দুর্য্যোধনসৈন্যের কতক অংশে গুরুতর হাহাকার উঠিল এবং অপর অংশ নীরব রহিল ॥২০॥

দুর্য্যোধনের সৈন্যেরা দূর হইতে যুধিষ্ঠিরকে আসিতে দেখিয়া পরস্পর এইরূপ আলোচনা করিতে লাগিল—'এটা কুরুকুলের অধম ॥২১॥

কারণ, ঐ রাজা যুধিষ্ঠিরটা নিশ্চয়ই ভীত হইয়া শরণাগত হইবার জন্য ভ্রাতাদের সহিত আমাদের নিকটবর্ত্তী ভীষ্মের নিকটে আসিতেছে ॥২২॥

ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব রক্ষক থাকিতে এ যুধিষ্ঠিরটা ভীত হইয়া আসিতেছে কেন? ॥২৩॥

নিশ্চয়ই এটা জগৎপ্রসিদ্ধ ক্ষত্রিয়বংশে জন্ম গ্রহণ করে নাই। যে হেতু এই দুর্ব্বল লোকটার মন যুদ্ধে ভীত হইয়াছে' ॥২৪॥

(২১) দৃষ্ট্বা যুধিষ্ঠিরং ক্রূরাঃ…পি। (২২) ব্যক্তং ভীত ইবাভ্যেতি…বা ব রা নি। (২৩)…পাণ্ডবে চ বৃকোদরে… ভীতিরভ্যেতি পাণ্ডবম্…নি রা। (২৪)…জাতঃ সংপ্রথিতে ভুবি…নি রা।

ব্যনিন্দন্ত ততঃ সর্বে যোধাস্তত্র বিশাংপতে।।
যুধিষ্ঠিরং সসৌদর্য্যং সহিতং কেশবেন তু ॥২৬॥
ততস্তু কৌরবং সৈন্যং ধিক্কৃত্বা তু যুধিষ্ঠিরম্।
নিঃশব্দমভবত্তূর্ণং পুনরেব বিশাংপতে! ॥২৭॥
কিং নু বক্ষ্যতি রাজাসৌ কিং ভীষ্মঃ প্রতিবক্ষ্যতি।
কিং ভীমঃ সমরশ্লাঘী কিং নু কৃষ্ণার্জ্জুনাবিতি ॥২৮॥
বিবক্ষিতং কিমস্যেতি সংশয়ঃ সুমহানভূৎ।
উভয়োঃ সেনয়ো রাজন্! যুধিষ্ঠিরকৃতে তদা ॥২৯॥
সোঽবগাহ্য চমূং শত্রোঃ শরশক্তিসমাকুলাম্।
ভীষ্মমেবাভ্যয়াত্তূর্ণং ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ব্যনিন্দন্তেতি। ব্যনিন্দন্ত যুদ্ধনিবৃত্তিপ্রার্থনার্থমেবাগমনসম্ভাবনাৎ ।২৬।
তত ইতি। কৌরবং সৈন্যং কর্ত্তৃ, ধিক্কৃত্বা তিরস্কৃত্য ॥২৭॥
কিমিতি। অসৌ যুধিষ্ঠিরঃ, প্রতিবক্ষ্যতি প্রত্যুত্তরং দাস্যতি ।২৮।
বিবক্ষিতমিতি। বিবক্ষিতং বক্তুমিষ্টম্। যুধিষ্ঠিরকৃতে যুধিষ্ঠিরনিমিত্তে ।২৯।
স ইতি। স যুধিষ্ঠিরঃ, অবগাহ্য প্রবিশ্য। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

প্রাচীনশাস্ত্রে ।১৮—২০॥ মিথোঽন্যোন্যম্, এষো হীতি স্থলোপাভাব আর্ষঃ ॥২১॥ ব্যক্তং নিয়তং ভীষ্মং ভীষ্মস্য অন্তিকং সমীপম্ ।২২—২৬। ধিক্কৃত্বা ধিক্কৃত্য অসমাস আর্ষঃ;

তাহার পর সেই সৈন্যেরা সকলে আনন্দিত ও নির্বৈরচিত্ত হইয়া কৌরবগণের প্রশংসা এবং পৃথক্ পৃথক্ ভাবে বস্ত্র কম্পন করিতে লাগিল ॥২৫॥

নরনাথ! তাহার পর যোদ্ধারা সকলে ভ্রাতৃগণ ও কৃষ্ণের সহিত যুধিষ্ঠিরের বিশেষরূপ নিন্দা করিতে লাগিল ॥২৬॥

নরনাথ! তৎপরে কৌরবসৈন্যেরা যুধিষ্ঠিরকে ধিক্কার দিয়া পুনরায় সত্বরই নীরব হইল ॥২৭॥

ঐ যুধিষ্ঠির, যুদ্ধশ্লাঘাকারী ভীম এবং কৃষ্ণ ও অর্জ্জুন ভীষ্মকে কি বলিবেন, আর ভীষ্মই বা উঁহাদের বাক্যের কি উত্তর দিবেন ॥২৮॥

রাজা! বিশেষতঃ যুধিষ্ঠির কি বলিতে ইচ্ছা করিয়াছেন, এইরূপে যুধিষ্ঠিরের জন্যই তখন উভয় সৈন্যেরই গুরুতর সংশয় উপস্থিত হইল ॥২৯॥

(২৬) ব্যনিন্দত ততঃ · বা, ব্যনিন্দংশ্চ তথা সর্ব্বে···কেশবেন হি—নি য়া। (২৭) ততস্তৎ কৌরবং সৈন্যম্···বা নি য়া।

তমুবাচ ততঃ পাদৌ করাভ্যাং পীড্য পাণ্ডবঃ।
ভীষ্মং শান্তনবং রাজা যুদ্ধায় সমবস্থিতম্ ॥৩১॥

যুধিষ্ঠির উবাচ।

আমন্ত্রয়ে ত্বাং দুর্দ্ধর্ষ! ত্বয়া যোৎস্যামহে সহ।
অনুজানীহি মাং তাত! আশিষশ্চৈব যোজয় ॥৩২॥

ভীষ্ম উবাচ।

যদ্যেবং নাভিগচ্ছেথা যুধি মাং পৃথিবীপতে!।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় ভারত! ॥৩৩॥
প্রীতোঽস্মি রাজন্! যুধ্যস্ব জয়মাপ্নুহি পাণ্ডব!।
যত্তেঽভিলষিতং চান্যত্তদবাপ্নুহি সংযুগে ॥৩৪॥

ভারতকৌমুদী

তমিতি। পাদৌ ভীষ্মস্য চরণৌ, পীড্য দৃঢ়ং গৃহীত্বা, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৩১॥
আমন্ত্রয় ইতি। আমন্ত্রয়ে আমন্ত্রণপূর্ব্বকং যুদ্ধানুমতিং প্রার্থয়ামি ॥৩২॥
যদীতি। পরাভাবায় পরাভবায়, শপেয়ং শিষ্টাচারবর্জনাদভিসম্পাতং কুর্য্যাম্ ॥৩৩॥
প্রীত ইতি। সংযুগে যুদ্ধবিষয়ে, যদন্যৎ কৃত ত্বয়াভিলষিতম্, তদবাপ্নুহি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ধিগিত্যকরোদিতি বা ।২৭—২৮॥ বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ।২৯—৩২॥ পরাভাবায় পরাকৃতো নিরস্তো ভাবঃ সত্তা যত্র সঃ তস্মৈ মরণায়েত্যর্থঃ। পরশ্চাসাবভাবশ্চেতি বিগ্রহেঽপি

তৎপরে যুধিষ্ঠির ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া বাণ ও শক্তিতে পরিপূর্ণ শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিয়া ভীষ্মের অভিমুখেই সত্বর গমন করিলেন ॥৩০॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির হস্তযুগলদ্বারা, যুদ্ধের জন্য অবস্থিত শান্তনুনন্দন ভীষ্মের চরণযুগল ধারণ করিয়া তাঁহাকে বলিলেন ॥৩১॥

যুধিষ্ঠির বলিলেন—'দুর্দ্ধর্ষ পিতামহ! আমি আপনাকে আহ্বান করিতেছি, আমরা আপনার সহিত যুদ্ধ করিব, আপনি আমাকে অনুমতি দিন এবং আশীর্ব্বাদ করুন' ॥৩২॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন পৃথিবীপতি মহারাজ! তুমি যদি যুদ্ধে এই ভাবে আমার নিকট না আসিতে, তবে আমি পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৩৩॥

(৩১)…যুদ্ধায় সমুপস্থিতম্—বা ব রা নি। (৩২)…আশিষশ্চ প্রযোজয়—রা নি। (৩৪) প্রীতোঽস্মি পুত্র! যুধ্যস্ব…বা, প্রীতোঽহং পুত্র! যুধ্যস্ব…রা নি।

ব্রিয়তাঞ্চ বরঃ পার্থ! কিমস্মত্তোঽভিকাঙ্ক্ষসি।
এবং গতে মহারাজ! ন তবাস্তি পরাজয়ঃ॥৩৫॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ॥৩৬॥
অতস্ত্বাং ক্লীববদ্বাক্যং ব্রবীমি কুরুনন্দন!।
ভৃতোঽস্ম্যর্থেন কৌরব্য! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি॥৩৭॥

যুধিষ্ঠির উবাচ।

মন্ত্রয়স্ব মহাপ্রাজ্ঞ! হিতৈষী মম নিত্যশঃ।
যুধ্যস্ব কৌরবার্থে বৈ মমৈষ সততং বরঃ॥৩৮॥

ভারতকৌমুদী

ব্রিয়তামিতি। অস্মত্তঃ অস্মাকং সকাশাৎ। এবমিত্থং বরলাভে, গতে ভূতে॥৩৫॥

অথ ভবান্ মৎপক্ষমাগত্যৈব যুধ্যত্যামিত্যাহ অর্থস্যেতি। অর্থস্য ধনস্য, দাসো দাসবদধীনঃ। বদ্ধো বশীকৃতঃ, অর্থেন অন্নবসনাদ্যর্থং ধনদানেন পোষণাৎ॥৩৬॥

অত ইতি। ক্লীববৎ নিস্তেজস্ক ইব। ভৃতঃ পরিপুষ্টঃ॥৩৭॥

মন্ত্রয়স্বেতি। মম হিতৈষী সন্ মন্ত্রয়স্ব কৌরবেষু মন্ত্রণাং দেহি॥৩৮॥

ভারতভাবদীপঃ

স এবার্থঃ॥৩৩—৩৪॥ এবং গতে ঈদৃগাচরণবতি ত্বয়ি॥৩৫—৩৬॥ ক্লীববৎ স্বোক্তস্য বরস্য যুদ্ধাদন্যদিতি স্বেনৈব সঙ্কোচনাৎ কাতরবৎ, ভৃতঃ পোষিতঃ। যুদ্ধাৎ প্রাতিভট্যাৎ

কিন্তু পাণ্ডুনন্দন! রাজা! আমি এখন তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তুমি যুদ্ধ কর ও জয়লাভ কর, আর যুদ্ধবিষয়ে তোমার অন্য যাহা অভীষ্ট আছে, তাহাও লাভ কর॥৩৪॥

পৃথানন্দন মহারাজ! তুমি আমার নিকট হইতে কি লইতে ইচ্ছা কর, সেই বর গ্রহণ কর। এইরূপ হইলে আর তোমার পরাজয় হইবে না॥৩৫॥

মহারাজ! মানুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে, ইহা সত্য। সুতরাং কৌরবেরা অর্থদ্বারা আমাকে বশীভূত করিয়া রাখিয়াছে॥৩৬॥

অতএব কুরুনন্দন! আমি নপুংসকের ন্যায় তোমাকে এই কথা বলিতেছি যে, এ যাবৎ কৌরবেরা আমাকে অর্থদ্বারা পোষণ করিয়াছে। সুতরাং কুরুনন্দন! তুমি আমার নিকট যুদ্ধভিন্ন অন্য কি লইতে ইচ্ছা কর, (তাহা বল)'॥৩৭॥

(৩৭) যতস্ত্বাম্…কুরুনন্দন!· ·পি, যতস্ত্বাম্…বা। (৩৮) মন্ত্রয়স্ব মহাবাহো।…রা নি।

ভীষ্ম উবাচ।

রাজন্! কিমত্র সাহ্যং তে করোমি কুরুনন্দন!।
কামং যোৎস্যে পরস্যার্থে ব্রূহি যত্তে বিবক্ষিতম্ ॥৩৯॥

যুধিষ্ঠির উবাচ।

কথং জয়েয়ং সংগ্রামে ভবন্তমপরাজিতম্।
এতন্মে মন্ত্রয় হিতং যদি শ্রেয়ঃ প্রপশ্যসি ॥৪০॥

ভীষ্ম উবাচ।

ন তং পশ্যামি কৌন্তেয়! যো মাং যুধ্যন্তমাহবে।
বিজয়েত পুমান্ কশ্চিদপি সাক্ষাচ্ছতক্রতুঃ ॥৪১॥

যুধিষ্ঠির উবাচ।

তস্মাৎ পৃচ্ছাম্যহন্তু ত্বাং পিতামহ! নমোঽস্তু তে।
জয়োপায়ং ব্রবীহি ত্বমাত্মনঃ সমরে পরৈঃ ॥৪২॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। সাহ্যং সাহায্যম্। অত্রার্থে সাহ্যশব্দো রূঢ় ইত্যসকৃদুক্তম্ ॥৩৯॥
কথমিতি। শ্রেয়ো মম মঙ্গলসম্পাদনম্, প্রপশ্যসি কর্ত্তব্যতয়া মন্যসে ॥৪০॥
নেতি। যুধ্যন্তং যুধ্যমানম্, আহবে সমরাঙ্গনে শতক্রতুরিন্দ্রঃ ॥৪১॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাপ্রাজ্ঞ! আপনি সর্ব্বদা আমার হিতৈষী হইয়া মন্ত্রণা দিন, আর কৌরবদের জন্য যুদ্ধ করুন; ইহাই আমার সর্ব্বদা প্রার্থনীয় বর' ॥৩৮॥

ভীষ্ম বলিলেন—'কুরুনন্দন রাজা! আমি ইচ্ছানুসারে বিপক্ষের জন্য যুদ্ধ করিব। সুতরাং আমি এখন তোমার কি সাহায্য করিতে পারি, সে বিষয়ে তোমার যাহা বলিবার ইচ্ছা থাকে, তাহা বল' ॥৩৯॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! আপনি কোথাও পরাজিত হন নাই। অতএব আপনি যদি আমার মঙ্গল সম্পাদন করা উচিত বলিয়া মনে করেন, তবে আপনি আমার এই হিতের কথাটা বলুন যে, আমি কি প্রকারে আপনাকে যুদ্ধে জয় করিব' ॥৪০॥

ভীষ্ম বলিলেন—'কুন্তীনন্দন! আমি সমরাঙ্গনে যুদ্ধ করিতে লাগিলে, কোন পুরুষ আমাকে জয় করিতে পারে, এমন পুরুষ আমি দেখি না; সাক্ষাৎ ইন্দ্রও আমাকে জয় করিতে পারেন না' ॥৪১॥

(৪১) নৈনং পশ্যামি…নি রা। (৪২) হন্ত পৃচ্ছামি তস্মাত্ত্বাম্…বধোপায়ং ব্রবীহি ত্বম্…নি রা।

ভীষ্ম উবাচ।

ন স্ম তং তাত! পশ্যামি সমরে যো জয়েত মাম্।
ন তাবন্মৃত্যুকালো মে পুনরাগমনং কুরু ॥৪৩॥

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো বাক্যং ভীষ্মস্য কুরুনন্দন!।
শিরসা প্রতিজগ্রাহ ভূয়স্তমভিবাদ্য চ ॥৪৪॥
প্রায়াৎ পুনর্মহাবাহুরাচার্য্যস্য রথং প্রতি।
পশ্যতাং সর্বসৈন্যানাং মধ্যেন ভ্রাতৃভিঃ সহ ॥৪৫॥
স দ্রোণমভিবাদ্যাথ কৃত্বা চৈব প্রদক্ষিণম্।
উবাচ রাজা দুর্দ্ধর্ষমাত্মনিঃশ্রেয়সং বচঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ত্বং পরৈঃ সহ সমরে আত্মনো জয়োপায়ং ব্রবীহি ব্রূহি ॥৪২॥
নেতি। স্মেতি পাদপূরণে। অয়ং ন মৃত্যুকাল ইত্যর্থঃ ॥৪৩॥
তত ইতি। ভূয়ঃ পুনরপি ॥৪৪॥
প্রায়াদিতি। মহাবাহুর্যুধিষ্ঠিরঃ, আচার্য্যস্য দ্রোণস্য ॥৪৫॥
স ইতি। দুর্দ্ধর্ষং দ্রোণম্, আত্মনিঃশ্রেয়সম্ আত্মনো মঙ্গলকরম্ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

॥৩৭—৩৮॥ সাহং সাহায্যম্ ॥৩৯॥ শ্রেয়ঃ প্রপশ্যসি যদি বক্তুং যোগ্যমিতি মন্যসে তর্হি বদেত্যর্থঃ ॥৪০—৪২॥ তাবৎ সম্প্রতি ॥৪৩—৪৫॥ আত্মনিঃশ্রেয়সং স্বহিতসাধনম্ ॥৪৬॥

যুধিষ্ঠির বলিলেন—'অতএব পিতামহ! আপনাকে নমস্কার করি এবং জিজ্ঞাসা করি—শত্রুর সহিত যুদ্ধে আপনি আপনার জয়ের উপায় বলুন' ॥৪২॥

ভীষ্ম বলিলেন—'বৎস! যুদ্ধে আমাকে যে জয় করিবে, এমন পুরুষ আমি দেখিতে পাই না, কিংবা এটা আমার মৃত্যুকালও নহে। অতএব আবার আসিও' ॥৪৩॥

সঞ্জয় বলিলেন—কুরুনন্দন! তাহার পর যুধিষ্ঠির পুনরায় ভীষ্মকে অভিবাদন করিয়া তাঁহার সেই বাক্য মস্তকে ধারণ করিলেন ॥৪৪॥

তৎপরে আবার মহাবাহু যুধিষ্ঠির ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া দর্শনকারী সকল সৈন্যের মধ্য দিয়া দ্রোণাচার্য্যের রথের দিকে গমন করিলেন ॥৪৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির দ্রোণকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া তাঁহাকে নিজের মঙ্গলজনক এই বাক্য বলিলেন—॥৪৬॥

(৪৩)···ন তাবন্মৃত্যুকালোঽপি···নি রা।

আমন্ত্রয়ে ত্বাং ভগবন্! যোৎস্যে বিগতকল্মষঃ।
কথং জয়ে রিপূন্ সর্ব্বাননুজ্ঞাতস্ত্বয়া দ্বিজ! ॥৪৭॥

দ্রোণ উবাচ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় সর্ব্বশঃ ॥৪৮॥
তদ্‌যুধিষ্ঠির! তুষ্টোঽস্মি পূজিতশ্চ ত্বয়ানঘ!।
অনুজানামি যুধ্যস্ব বিজয়ং সমবাপ্নুহি ॥৪৯॥
করবাণি চ তে কামং ব্রূহি যত্তে বিবক্ষিতম্।
এবং গতে মহারাজ! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৫০॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৫১॥

ভারতকৌমুদী

আমন্ত্রয় ইতি। বিগতকল্মষঃ ভবদভিবাদনার্থাগমনান্নির্দ্দোষঃ ॥৪৭॥
যদীতি। যুদ্ধায় নিশ্চয়করণাভাবে তু অত্রানাগমনেঽপি ন দোষ ইত্যাশয়ঃ ॥৪৮॥
তদিতি। তুষ্টোঽস্মি অভিবাদনায়াগমনাদেবেতি ভাবঃ ॥৪৯॥
করবাণীতি। কামমভীষ্টং কার্য্যম্। এবং গতে ময়ি কৌরবপক্ষে স্থিতে ॥৫০॥
অর্থস্যেতি। প্রাগেব ব্যাখ্যাতোঽয়ম্ ॥৫১॥

'মাহাত্ম্যশালী ব্রাহ্মণ! আমি আপনাকে আহ্বান করিতেছি। আমি এখন নির্দ্দোষ, আপনার অনুমতি হইলে যুদ্ধ আরম্ভ করিতে পারি। কি প্রকারে সকল শত্রুকে জয় করিতে পারিব, (তাহা বলুন)' ॥৪৭॥

দ্রোণ বলিলেন—'মহারাজ! তুমি যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে আমি সর্ব্বপ্রকারে পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৪৮॥

কিন্তু নিষ্পাপ যুধিষ্ঠির! তুমি আসিয়া আমার সম্মান করিয়াছ, আমি তাহাতে সন্তুষ্ট হইয়াছি। সুতরাং অনুমতি করিতেছি, তুমি যুদ্ধ কর এবং জয় লাভ কর ॥৪৯॥

মহারাজ! তুমি যাহা বলিবার ইচ্ছা করিয়াছ, তাহা বল; আমি তোমার অভীষ্ট সম্পাদন করিব। কিন্তু রাজা! এই অবস্থাতে তোমার পক্ষে যাইয়া যুদ্ধ করা ছাড়া আর কি ইচ্ছা কর, তাহা বল ॥৫০॥

(৪৮)…পরীভাবায় সর্ব্বশঃ—রা নি। (৫০)…ব্রূহি ত্বমভিকাঙ্ক্ষিতম্…রা নি।

অতস্ত্বাং ক্লীববদ্বাক্যং ব্রবীমি কুরুনন্দন ! ।
যোৎস্যামি কৌরবস্যার্থে তবাশাস্যো জয়ো ময়া ॥৫২॥

যুধিষ্ঠির উবাচ।

জয়মাশাস্স্ব মে ব্রহ্মন্ ! মন্ত্রয়স্ব চ মদ্ধিতম্।
যুধ্যস্ব কৌরবস্যার্থে বর এষ বৃতো ময়া ॥৫৩॥

দ্রোণ উবাচ।

ধ্রুবস্তে বিজয়ো রাজন্ ! যস্য মন্ত্রী হরিস্তব।
অহং ত্বামভিজানামি রণে শক্রন্ বিজেষ্যসি ॥৫৪॥
যতো ধর্ম্মস্ততঃ কৃষ্ণো যতঃ কৃষ্ণস্ততো জয়ঃ।
যুধ্যস্ব গচ্ছ কৌন্তেয় ! পৃচ্ছ মাং কিং ব্রবীমি তে ॥৫৫॥

ভারতকৌমুদী

অত ইতি। আশাস্য আশীর্ব্বাদবিষয়ীকরণীয়ঃ ॥৫২॥
জয়মিতি। আশাস্স্ব আশীর্বাদবিষয়ং কুরু ॥৫৩॥
ধ্রুব ইতি। অভিজানামি—হরিমন্ত্রিকতয়া বিজয়পাত্রত্বেন ॥৫৪॥
যত ইতি। যতো যস্মিন্, ততস্তস্মিন্, পক্ষ ইতি শেষঃ ॥৫৫॥

[illegible] কৌরবেরা অর্থদ্বারা আমাকে বশীভূত করিয়া রাখিয়াছে ॥৫১॥

অতএব কুরুনন্দন ! আমি তোমাকে নপুংসকের ন্যায় বাক্য বলিতেছি—আমি কৌরবদের জন্য যুদ্ধ করিব, অথ চ তোমার জয়লাভের জন্য আশীর্ব্বাদ করিব' ॥৫২॥

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণ ! আপনি আমার জয়লাভের আশীর্ব্বাদ করুন, আমার হিতের মন্ত্রণা দিন এবং কৌরবদের জন্য যুদ্ধ করুন, এই বর আমি গ্রহণ করিলাম' ॥৫৩॥

দ্রোণ বলিলেন—'রাজা ! স্বয়ং কৃষ্ণ যাঁহার মন্ত্রী, তাঁহার জয় অবশ্যই হইবে। আমি তোমাকে জানি, তুমি যুদ্ধে শক্রগণকে জয় করিবে ॥৫৪॥

কুন্তীনন্দন ! যে পক্ষে ধর্ম্ম থাকে, সেই পক্ষেই কৃষ্ণ থাকেন এবং যে পক্ষে কৃষ্ণ থাকেন, সেই পক্ষেই জয় হয়। অতএব তুমি যাও, যুদ্ধ কর ; আর যদি কিছু জিজ্ঞাস্য থাকে, তবে জিজ্ঞাসা কর ; আমিই বা তোমাকে আর কি বলিব—বল' ॥৫৫॥

(৫৪) ধ্রুবং তে বিজয়ো রাজন্ !···পি।

যুধিষ্ঠির উবাচ।

পৃচ্ছামি ত্বাং দ্বিজশ্রেষ্ঠ! শৃণু মে যদ্বিবক্ষিতম্।
কথং জয়েয়ং সংগ্রামে ভবন্তমপরাজিতম্ ॥৫৬॥

দ্রোণ উবাচ।

ন তেঽস্তি বিজয়স্তাবদ্‌যাবদ্‌যোৎস্যাম্যহং রণে।
মমাশু নিধনে রাজন্! যতস্ব সহ সোদরৈঃ ॥৫৭॥

যুধিষ্ঠির উবাচ।

হন্ত তস্মান্মহাবাহো! বধোপায়ং বদাত্মনঃ।
আচার্য্য! প্রণিপত্যৈষ পৃচ্ছামি ত্বাং নমোঽস্তু তে ॥৫৮॥

দ্রোণ উবাচ।

ন শক্রং তাত! পশ্যামি যো মাং হন্যাদ্রথে স্থিতম্।
যুধ্যমানং সুসংরব্ধং শরবর্ষৌঘবর্ষিণম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

পৃচ্ছামীতি। মে ময়া, বিবক্ষিতং বক্তুমিষ্টম্ ॥৫৬॥
নেতি। অস্তি ভবিষ্যতীত্যর্থঃ। যোৎস্যামি যোৎস্যে ॥৫৭॥
হন্তেতি। হর্ষে হন্তশব্দঃ, হর্ষশ্চ দ্রোণস্য স্বনিধনে স্বস্যৈবোপদেশাৎ ॥৫৮॥
নেতি। সুসংরব্ধম্ অতীবক্রুদ্ধম্ ৫৯॥

ভারতভাবদীপঃ

অহং রিপূন্ কথং জয়ে তত্ত্বং বিগতকল্মষঃ সন্ কথয়েতি শেষঃ ॥৪৭—৫৩॥ ধ্রুবোঽবশ্যম্ভাবী, অভিজানামি অনুজানামি, বিমোক্ষ্যসে শত্রূন্ জীবিতাদিতি শেষঃ ॥৫৪—৫৭॥ হন্ত বিষাদে

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি যাহা বলিতে ইচ্ছা করিয়াছি, তাহা শ্রবণ করুন। আমি আপনাকে জিজ্ঞাসা করি—আপনি ত কোথাও পরাজিত হন নাই; সুতরাং এই যুদ্ধে আমি আপনাকে কি প্রকারে জয় করিব?' ॥৫৬॥

দ্রোণ বলিলেন—'আমি যে পর্য্যন্ত সমরাঙ্গনে যুদ্ধ করিব, সে পর্য্যন্ত তোমার জয় হইবে না। অতএব তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া সত্বর আমার নিধনের চেষ্টা কর' ॥৫৭॥

যুধিষ্ঠির বলিলেন—'অতএব মহাবাহু! আপনি আপনার বধের উপায় বলুন, আচার্য্য! আমি এই প্রণিপাত করিয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি। আপনাকে নমস্কার করি' ॥৫৮॥

(৫৭)···যাবদ্‌যুধ্যাম্যহং রণে···নি রা।

ঋতে প্রায়গতং রাজন্! ন্যস্তশস্ত্রমচেতনম্।
হন্যাম্মাং যুধি যোধানাং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৬০॥
শস্ত্রং চাহং রণে জহ্যাং শ্রুত্বা সুমহদপ্রিয়ম্।
শ্রদ্ধেয়বাক্যাৎ পুরুষাদেতৎ সত্যং ব্রবীমি তে ॥৬১॥

সঞ্জয় উবাচ।

এতচ্ছ্রুত্বা মহারাজ! ভারদ্বাজস্য ধীমতঃ।
অনুমান্য তমাচার্য্যং প্রায়াচ্ছারদ্বতং প্রতি ॥৬২॥
সোঽভিবাদ্য কৃপং রাজা কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
উবাচ দুর্দ্ধর্ষতমং বাক্যং বাক্যবিদাং বরঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

ঋত ইতি। ঋতে বিনা, প্রায়গতং মরণায়াবস্থিতম্, "প্রায়শ্চানশনে মৃত্যৌ তুল্য-বাহুল্যয়োরপি" ইতি বিশ্বঃ। নেত্যনুবৃত্তিঃ। তেন চ ন হন্যাদিত্যর্থঃ ॥৬০॥

শস্ত্রমিতি। জহ্যাং ত্যজেয়ম্। শ্রদ্ধেয়ং সত্যবাদিতয়া বিশ্বাস্যং বাক্যং যস্য তস্মাৎ ॥৬১॥

এতদিতি। ভারদ্বাজস্য দ্রোণস্য। অনুমান্য পুনর্নমস্কারেণ সম্মান্য। শারদ্বতং কৃপম্ ॥৬২॥

স ইতি। দুর্দ্ধর্ষতমং যুদ্ধে অতীবদুর্দ্ধর্ষং কৃপম্ ॥৬৩॥

দ্রোণ বলিলেন—'বৎস! আমি রথে থাকিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া বাণ-সমূহ বর্ষণপূর্ব্বক যুদ্ধ করিতে লাগিলে, আমাকে যুদ্ধে যে বধ করিতে পারে, এমন শত্রু ত দেখি না ॥৫৯॥

রাজা! অস্ত্রত্যাগ করিয়া অচেতনের ন্যায় হইয়া মরণের জন্য অবস্থান করা ব্যতীত আমাকে যোদ্ধাদের মধ্যে কেহই বধ করিতে পারে না; ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৬০॥

যাঁহার বাক্যে বিশ্বাস করা যায়, সেইরূপ লোকের নিকট গুরুতর অপ্রিয় বাক্য শুনিয়া আমি যুদ্ধে অস্ত্রত্যাগ করিয়া থাকি; ইহাও তোমার নিকট সত্য বলিলাম' ॥৬১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! যুধিষ্ঠির, জ্ঞানী দ্রোণাচার্য্যের এই কথা শুনিয়া পুনরায় তাঁহার সম্মান করিয়া কৃপাচার্য্যের নিকট গমন করিলেন ॥৬২॥

বাক্যবিদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির কৃপাচার্য্যকে নমস্কার ও প্রদক্ষিণ করিয়া সেই মহাদুর্দ্ধর্ষ বীরকে বলিলেন—॥৬৩॥

(৬১)···শ্রুত্বা তু মহদপ্রিয়ম্···নি রা। (৬৩)···কৃত্বা চাভিপ্রদক্ষিণম্···পি।

অনুমানয়ে ত্বাং যোৎস্যামি গুরো! বিগতকল্মষঃ।
জয়েয়ঞ্চ রিপূন্ সর্বাননুজ্ঞাতস্ত্বয়ানঘ! ॥৬৪॥

কৃপ উবাচ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় সর্ব্বশঃ ॥৬৫॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৬৬॥
তেষামর্থে মহারাজ! যোদ্ধব্যমিতি মে মতিঃ।
অতস্ত্বাং ক্লীববদ্ব্রূয়াং যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৬৭॥

যুধিষ্ঠির উবাচ।

হন্ত! পৃচ্ছামি তে তস্মাদাচার্য্য! শৃণু মে বচঃ।
ইত্যুক্ত্বা ব্যথিতো রাজা নোবাচ গতচেতনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

অস্বিতি। অনুমানয়ে দ্রোণসম্মানাৎ পরং সম্মানয়ে ॥৬৪॥
যদীতি। প্রাগ্ব্যাখ্যাতমিদম্। বক্তৃভেদাদুক্তের্ন পৌনরুক্ত্যম্ ॥৬৫॥
অর্থস্যেতি। ইদমপি পূর্ব্বং ব্যাখ্যাতম্ ॥৬৬॥
তেষামিতি। তেষাং কৌরবাণাম্ ॥৬৭॥
হন্তেতি। অত্র বিষাদে হন্তশব্দঃ। বিষাদশ্চ কৃপস্য যোদ্ধব্যত্বশ্রবণাৎ ॥৬৮॥

'নিষ্পাপ! গুরুদেব! আমি আপনাকে সম্মানিত করিলাম; এখন নির্দ্দোষ হইয়া আপনার অনুমতিক্রমে যুদ্ধ করিব এবং সকল শত্রুকে জয় করিব' ॥৬৪॥

কৃপ বলিলেন—'মহারাজ! তুমি যুদ্ধের জন্য কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে সর্ব্বপ্রকার পরাভবের জন্যই আমি তোমাকে অভিসম্পাত করিতাম ॥৬৫॥

মানুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে; ইহা সত্য। অতএব মহারাজ! কৌরবেরা অর্থদ্বারা আমাকে আবদ্ধ করিয়া রাখিয়াছে ॥৬৬॥

অতএব মহারাজ! আমি কৌরবদের জন্যই যুদ্ধ করিব, ইহাই আমার নিশ্চয়। সুতরাং আমি নপুংসকের ন্যায় তোমাকে বলিতেছি—তুমি যুদ্ধ ভিন্ন অন্য কি চাও' ॥৬৭॥

(৬৪) অনুমানয়ে ত্বাং যোৎস্যেঽহম্…নি রা। (৬৫) যদি মাং নাধিগচ্ছেথাঃ…পি।

সঞ্জয় উবাচ।

তং গৌতমঃ প্রত্যুবাচ বিজ্ঞায়াস্য বিবক্ষিতম্।
অবধ্যোঽহং মহীপাল! যুধ্যস্ব জয়মাপ্নুহি ॥৬৯॥
প্রীতস্তেঽভিগমেনাহং জয়ং তব নরাধিপ!।
আশাসিষ্যে সদোত্থায় সত্যমেতদ্ব্রবীমি তে ॥৭০॥
এতচ্ছ্রুত্বা মহারাজ! গৌতমস্য বিশাংপতে!।
অনুমান্য কৃপং রাজা প্রযযৌ যেন মদ্ররাট্ ॥৭১॥
স শল্যমভিবাদ্যাথ কৃত্বা চাভিপ্রদক্ষিণম্।
উবাচ রাজা দুর্দ্ধর্ষমাত্মনিঃশ্রেয়সং বচঃ ॥৭২॥
অনুমানয়ে ত্বাং দুর্দ্ধর্ষ! যোৎস্যে বিগতকল্মষঃ।
জয়েয়ঞ্চ মহারাজ! অনুজ্ঞাতস্ত্বয়া রিপূন্ ॥৭৩॥

ভারতকৌমুদী

তমিতি। গৌতমঃ কৃপঃ। বিবক্ষিতং বক্তুমিষ্টমাত্মনো বধোপায়ম্ ॥৬৯॥
প্রীত ইতি। আশাসিষ্যে কাময়িষ্যে, সদা প্রত্যহম্ উত্থায় প্রভাতে শয্যাতঃ ॥৭০॥
এতদিতি। অনুমান্য দ্রোণাৎ পরং নমস্কারেণ সম্মান্য। যেন যস্যাং দিশি ॥৭১॥
স ইতি। দুর্দ্ধর্ষং শল্যম্, আত্মনিঃশ্রেয়সং নিজমঙ্গলজনকম্ ॥৭২॥
অন্বিতি। অনুমানয়ে নমস্কারেণ সম্মানয়ে। বিগতকল্মষঃ শিষ্টাচারকরণাৎ ॥৭৩॥

যুধিষ্ঠির বলিলেন—অতএব আচার্য্য! আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার কথা শুনুন'—এইটুকুমাত্র বলিয়া রাজা যুধিষ্ঠির ব্যথিত ও অচেতনপ্রায় হইয়া কিছুই বলিতে পারিলেন না ॥৬৮॥

সঞ্জয় কহিলেন—'কৃপাচার্য্য যুধিষ্ঠিরের বলিবার বিষয় বুঝিয়া তাঁহাকে বলিলেন—'রাজা! আমি অবধ্য; তথাপি তুমি যুদ্ধ কর ও জয়লাভ কর ॥৬৯॥

নরনাথ! তুমি আমার নিকট আসিয়াছ বলিয়া আমি তোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি। সুতরাং প্রত্যহ গাত্রোত্থান করিয়া আমি তোমার জয় কামনা করিব, ইহা তোমার নিকট সত্য বলিলাম' ॥৭০॥

নরনাথ মহারাজ! রাজা যুধিষ্ঠির কৃপাচার্য্যের এই কথা শুনিয়া নমস্কার-দ্বারা পুনরায় তাঁহার সম্মান করিয়া—যেখানে শল্য ছিলেন, সেই খানে গমন করিলেন ॥৭১॥

তাহার পর রাজা যুধিষ্ঠির দুর্দ্ধর্ষ শল্যকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া নিজের মঙ্গলজনক বাক্য বলিলেন—॥৭২॥

(৭৩)···জয়েয়ং নু পরান্ রাজন্ননুজ্ঞাতস্ত্বয়া রিপূন্—রা নি,···জয়েয়ঞ্চ পরান্ রাজন্!···বা।

শল্য উবাচ।

যদি মাং নাভিগচ্ছেথা যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ।
শপেয়ং ত্বাং মহারাজ! পরাভাবায় বৈ রণে ॥৭৪॥
তুষ্টোঽস্মি পূজিতশ্চাস্মি যৎ কাঙ্ক্ষসি তদস্তু তে।
অনুজানামি চৈব ত্বাং যুধ্যস্ব জয়মাপ্নুহি ॥৭৫॥
ব্রূহি চৈব পরং বীর! কেনার্থঃ কিং দদামি তে।
এবং গতে মহারাজ! যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৭৬॥
অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।
ইতি সত্যং মহারাজ! বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

যদীতি। প্রাগেব ব্যাখ্যাতমিদম্ ॥৭৪॥
তুষ্ট ইতি। অনুজানামি যুদ্ধকরণায়েতি শেষঃ ॥৭৫॥
ব্রূহীতি। কেন বস্তুনা, অর্থস্তব প্রয়োজনং সিধ্যেদিতি শেষঃ। গতে স্থিতে ॥৭৬॥
অর্থস্যেতি। অর্থোঽত্র প্রতিজ্ঞারূপং বস্তু, তচ্চ উদ্‌যোগপর্বণ্যুক্তম্ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

॥৫৮—৫৯॥ প্রায়গতং মরণায় নিয়তম্, অচেতনং যোগবলেন ত্যক্তদেহং যোধানাং মধ্যে কস্মিদিতি শেষঃ ॥৬০॥ জহ্যাং ত্যজেয়ম্, শ্রদ্ধেয়বাক্যাৎ আদেয়বচনাৎ ॥৬১—৭২॥ পরান্

'দুর্দ্ধর্ষ! আমি আপনাকে সম্মানিত করিতেছি, পরে নির্দ্দোষ হইয়া যুদ্ধ করিব। মহারাজ! আপনার অনুমতিক্রমে আমি শত্রুগণকে জয় করিব' ॥৭৩॥

শল্য বলিলেন—'মহারাজ! তুমি যুদ্ধে কৃতনিশ্চয় হইয়াও যদি আমার নিকট না আসিতে, তবে আমি যুদ্ধে পরাভবের জন্য তোমাকে অভিসম্পাত করিতাম ॥৭৪॥

এখন তুমি সম্মান করায় আমি সন্তুষ্ট হইয়াছি। সুতরাং তুমি যাহা চাও, তাহাই তোমার হউক। আমি তোমাকে অনুমতি দিতেছি, তুমি যুদ্ধ কর এবং জয়লাভ কর ॥৭৫॥

বীর! আর তুমি বল, কোন্ বস্তুদ্বারা তোমার প্রয়োজন সিদ্ধ হইবে, আমি তোমাকে কি দিব? মহারাজ! এরূপ হইলেও যুদ্ধভিন্ন কি চাও, (তাহা বল) ॥৭৬॥

মানুষ অর্থের দাস, কিন্তু অর্থ কাহারও দাস নহে; ইহা সত্য। মহারাজ! তাহাতে ভীষ্ম, দ্রোণ ও কৃপ যেমন অর্থদ্বারা কৌরবদের নিকট বদ্ধ রহিয়াছেন, আমিও তেমন নিজের প্রতিজ্ঞাদ্বারা কৌরবদের নিকট বদ্ধ রহিয়াছি ॥৭৭॥

করিষ্যামি হি তে কামং ভাগিনেয়! যথেপ্সিতম্।
ব্রবীম্যতঃ ক্লীববত্ত্বাং যুদ্ধাদন্যৎ কিমিচ্ছসি ॥৭৮॥

যুধিষ্ঠির উবাচ।

মন্ত্রয়স্ব মহারাজ! নিত্যং মদ্ধিতমুত্তমম্।
কামং যুধ্য পরস্যার্থে বরমেতং বৃণোম্যহম্ ॥৭৯॥

শল্য উবাচ।

কিমত্র ব্রূহি সাহ্যং তে করোমি নৃপসত্তম!।
কামং যোৎস্যে পরস্যার্থে বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ ॥৮০॥

যুধিষ্ঠির উবাচ।

স এব মে বরঃ শল্য! উদ্‌যোগে যস্ত্বয়া কৃতঃ।
সূতপুত্রস্য সংগ্রামে কার্য্যস্তেজোবধস্ত্বয়া ॥৮১॥

ভারতকৌমুদী

করিষ্যামীতি। ভগিন্যা মাদ্র্যাঃ সপত্নীপুত্রত্বাদ্ভাগিনেয়েতি সম্বোধনম্ ॥৭৮॥
মন্ত্রয়স্বেতি। মম হিতং হিতজনকবিষয়ম্। কামং যথেচ্ছম্, যুধ্য যুধ্যস্ব ॥৭৯॥
কিমিতি। সাহ্যং সাহায্যম্। অর্থেন প্রতিজ্ঞাপাশেন ॥৮০॥
স ইতি। উদ্‌যোগে যুদ্ধোদ্‌যোগকালে উদ্‌যোগপর্ব্বণি চ। কার্য্যঃ কর্ত্তব্যঃ ॥৮১॥

অতএব ভাগিনেয়! আমি নপুংসকের ন্যায় তোমাকে বলিতেছি, তুমি যুদ্ধ ভিন্ন অন্য কি ইচ্ছা কর, (বল); আমি ইচ্ছানুসারে তোমার অভীষ্ট সম্পাদন করিব' ॥৭৮॥

যুধিষ্ঠির বলিলেন—'মহারাজ! আপনি আমার বিশেষ হিতের মন্ত্রণা দিবেন, অথ চ ইচ্ছানুসারে বিপক্ষের জন্য যুদ্ধ করিবেন, এই বর আমি গ্রহণ করিলাম' ॥৭৯॥

শল্য বলিলেন—'রাজশ্রেষ্ঠ! আমি কৌরবদের নিকটে প্রতিজ্ঞাপাশে বদ্ধ রহিয়াছি। অতএব তাহাদের জন্য যুদ্ধ করিব। সুতরাং এখন তোমার কি সাহায্য করিতে পারি, বল' ॥৮০॥

যুধিষ্ঠির বলিলেন—'মদ্ররাজ! যুদ্ধের উদ্‌যোগের সময়ে আপনি যে বর দিবার অঙ্গীকার করিয়াছিলেন, আমার সেই বর—(অর্থাৎ) যুদ্ধের সময়ে আপনি কর্ণের তেজোহানি করিবেন' ॥৮১॥

(৭৯)…নিত্যং যদ্ধিতম্…পি। (৮০)…ভূতোঽস্ম্যর্থেন…পি।

শল্য উবাচ।

সম্পৎস্যতে স তে কামঃ কুন্তীপুত্র! যুধিষ্ঠির!।
যথেচ্ছং গচ্ছ যুধ্যস্ব প্রতিজানে জয়ং তব ॥৮২॥

সঞ্জয় উবাচ।

অনুমান্যাথ কৌন্তেয়ো মাতুলং মদ্রকেশ্বরম্।
নির্জগাম মহাসৈন্যাদ্‌ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৮৩॥
বাসুদেবস্তু রাধেয়মাহবেঽভিজগাম হ।
তত এনমুবাচেদং পাণ্ডবার্থে গদাগ্রজঃ ॥৮৪॥
শ্রুতং মে কর্ণ! ভীষ্মস্য দ্বেষাৎ কিল ন যোৎস্যসে।
অস্মান্ বরয় রাধেয়! যাবদ্ভীষ্মো ন হন্যতে ॥৮৫॥
হতে তু ভীষ্মে রাধেয়! পুনরেষ্যসি সংযুগম্।
ধার্ত্তরাষ্ট্রস্য সাহায্যং যদি পশ্যসি চেৎ সমম্ ॥৮৬॥

ভারতকৌমুদী

সমিতি। সম্পৎস্যতে পূর্ণো ভবিষ্যতি। প্রতিজানে প্রতিজ্ঞয়ৈব ব্রবীমি ॥৮২॥
অন্বিতি। অনুমান্য সম্মান্য। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৮৩॥
বাস্বিতি। রাধেয়ং কর্ণম্, আহবে সমরাঙ্গনে। গদস্য তদাখ্যস্য অগ্রজো ভ্রাতা ॥৮৪॥
শ্রুতমিতি। শ্রুতং গুপ্তচরমুখাৎ। অস্মান্ পাণ্ডবপক্ষম্, বরয় গৃহাণ ॥৮৫॥
হত ইতি। হে রাধেয়! ত্বঞ্চেদুভয়ং পক্ষমেব সমং পশ্যসি, যদি বা ধার্ত্তরাষ্ট্রস্য সাহায্যমেব কর্ত্তব্যং পশ্যসি মন্যসে, তদা তু ভীষ্মে হতে ধার্ত্তরাষ্ট্রপক্ষ এব সংযুগং পুনরেষ্যসি ॥৮৬॥

শল্য বলিলেন—'কুন্তীনন্দন যুধিষ্ঠির! তোমার সে অভিলাষ পূর্ণ হইবে। অতএব তুমি ইচ্ছানুসারে গমন কর এবং যুদ্ধ কর। আমি প্রতিজ্ঞাপূর্ব্বক বলিতেছি—তোমার জয় হইবে' ॥৮২॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর যুধিষ্ঠির মাতুল শল্যকে সম্মানিত করিয়া ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া সেই মহাসৈন্য হইতে নির্গত হইলেন ॥৮৩॥

কিন্তু গদের জ্যেষ্ঠভ্রাতা কৃষ্ণ সমরাঙ্গনে কর্ণের নিকটে গমন করিলেন, তৎপরে তিনি পাণ্ডবগণের জন্য কর্ণকে এই কথা বলিলেন—॥৮৪॥

কর্ণ! আমি শুনিয়াছি—'আপনি নাকি ভীষ্মের প্রতি বিদ্বেষবশতঃ যুদ্ধ করিবেন না; তাহা হইলে যে পর্য্যন্ত ভীষ্ম নিহত না হন, সেই পর্য্যন্ত আপনি আমাদের পক্ষ গ্রহণ করুন' ॥৮৫॥

(৮২)···বা ব রা নি। (৮৪)···বা ব রা নি।

কর্ণ উবাচ।

ন বিপ্রিয়ং করিষ্যামি ধার্ত্তরাষ্ট্রস্য কেশব!।
ত্যক্তপ্রাণং হি মাং বিদ্ধি দুর্য্যোধনহিতৈষিণম্ ॥৮৭॥

সঞ্জয় উবাচ।

তচ্ছ্রুত্বা বচনং কৃষ্ণঃ সম্ন্যবর্ত্তত ভারত!।
যুধিষ্ঠিরপুরোগৈশ্চ পাণ্ডবৈঃ সহ সঙ্গতঃ ॥৮৮॥
অথ সৈন্যস্য মধ্যে তু প্রাক্রোশৎ পাণ্ডবাগ্রজঃ।
যোঽস্মান্ বৃণোতি তমহং বরয়ে সাহ্যকারণাৎ ॥৮৯॥
অথ তান্ সমভিপ্রেক্ষ্য যুযুৎসুরিদমব্রবীৎ।
প্রীতাত্মা ধর্ম্মরাজানং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৯০॥
অহং যোৎস্যামি মিষতঃ সংযুগে ধৃতরাষ্ট্রজান্।
যুষ্মদর্থং মহারাজ! যদি মাং বৃণুষেঽনঘ! ॥৯১॥

ভারতকৌমুদী

নেতি। ত্যক্তাস্তাগায়োদ্যমিতাঃ প্রাণা যেন তম্, বিদ্ধি জানীহি ॥৮৭॥
তদিতি। যুধিষ্ঠিরপুরোগৈর্যুধিষ্ঠিরপ্রভৃতিভিঃ। সঙ্গতো মিলিতঃ ॥৮৮॥
অথেতি। প্রাক্রোশৎ উচ্চৈরুক্তবান্। সাহ্যকারণাৎ মৎসাহায্যার্থম্ ॥৮৯॥
অথেতি। যুযুৎসুর্নাম কশ্চিদ্ধৃতরাষ্ট্রস্য অসবর্ণায়াং স্ত্রিয়াং জাতঃ পুত্রঃ ॥৯০॥
অহমিতি। মিষতঃ পশ্যতঃ, সংযুগে যুদ্ধে ॥৯১॥

কর্ণ। আপনি যদি উভয় পক্ষকেই সমান দেখেন, কিংবা যদি দুর্য্যোধনের সাহায্য করা কর্ত্তব্য মনে করেন, তবে ভীষ্ম নিহত হইলে আবার দুর্য্যোধনের পক্ষে যুদ্ধেআসিবেন' ॥৮৬॥

কর্ণ বলিলেন—'কৃষ্ণ! আমি দুর্য্যোধনের অপ্রিয় কার্য্য করিব না। কারণ, আমি দুর্য্যোধনের হিতৈষী। সুতরাং আপনি জানিয়া রাখুন যে, আমি দুর্য্যোধনের জন্যই প্রাণত্যাগে উদ্যত রহিয়াছি' ॥৮৭॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! কৃষ্ণ কর্ণের সেই কথা শুনিয়া ফিরিয়া আসিলেন এবং যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবগণের সহিত মিলিত হইলেন ॥৮৮॥

তাহার পর যুধিষ্ঠির সৈন্যগণের মধ্যে উচ্চস্বরে বলিলেন—'যিনি আমাদিগকে গ্রহণ করিবেন, আমার সাহায্যের জন্য আমি তাহাকে গ্রহণ করিব' ॥৮৯॥

তৎপরে যুযুৎসু সন্তুষ্ট হইয়া পাণ্ডবগণের প্রতি দৃষ্টিপাত করিয়া কুন্তীনন্দন ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৯০॥

(৯১) অহং যোৎস্যামি ভবতঃ···বা ব রা নি।

যুধিষ্ঠির উবাচ।

এহেহি সর্বে যোৎস্যামস্তব ভ্রাতৃনপণ্ডিতান্।
যুযুৎসো! বাসুদেবশ্চ বয়ঞ্চ ক্রম সর্বশঃ ॥৯২॥
বৃণোমি ত্বাং মহাবাহো! যুধ্যস্ব মম কারণাৎ।
ত্বয়ি পিণ্ডশ্চ তন্তুশ্চ ধৃতরাষ্ট্রস্য দৃশ্যতে ॥৯৩॥
ভজস্বাস্মান্ রাজপুত্র! ভজমানান্ মহাদ্যুতে!।
ন ভবিষ্যতি দুর্বুদ্ধির্ধার্তরাষ্ট্রোঽত্যমর্ষণঃ ॥৯৪॥

সঞ্জয় উবাচ।

ততো যুযুৎসুঃ কৌরব্যান্ পরিত্যজ্য সুতাংস্তব।
জগাম পাণ্ডুপুত্রাণাং সেনাং বিশ্রাব্য দুন্দুভিম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

এহীতি। ক্রম ইতি বিসর্গলোপ আর্ষঃ, সর্বশঃ সর্বে ॥৯২॥

বৃণোমীতি। পিণ্ডঃ শ্রাদ্ধম্, তন্তুর্বংশসূত্রম্, অন্যেষাং মরণাবশ্যম্ভাবাৎ ॥৯৩॥

ভজস্বেতি। ন ভবিষ্যতি ন স্থাস্যতি মরিষ্যতীত্যর্থঃ, ধার্তরাষ্ট্রো দুর্যোধনঃ ॥৯৪॥

তত ইতি। কৌরবপক্ষস্থিতৌ অসৎপক্ষাশ্রয়ণং মৃত্যুরবশ্যম্ভাবী জীবনেঽপ্যসবর্ণাপুত্রতয়া রাজ্যাপ্রাপ্তিরবজ্ঞা চ, পাণ্ডবপক্ষগতৌ তু সৎপক্ষাশ্রয়ণং জীবনসম্ভাবনা চিরসম্মাননঞ্চেতি

ভারতভাবদীপঃ

প্রকৃষ্টান্ ॥৭৩—৮৯॥ ইদং বক্ষ্যমাণবচনং যুধিষ্ঠিরঃ প্রত্যব্রবীৎ ॥৯০॥ ভবতঃ ভবৎসম্বন্ধী মিষত ইতি পাঠে পশ্যতস্তবেতি শেষঃ ॥৯১—৯২॥ তন্তুঃ সন্ততিঃ পিণ্ডঃ পিতৃযজ্ঞঃ, অন্যে সর্বে মরিষ্যন্তীতি ভাবঃ ॥৯৩॥ ভজস্বেতি অভজমানঃ সর্বোঽপি ধৃতরাষ্ট্রপুত্রো ন ভবিষ্যতি

'নিষ্পাপ মহারাজ! আপনি যদি আমাকে গ্রহণ করেন, তবে আমি আপনাদের জন্য সমরাঙ্গনে দর্শনকারী ধার্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিব' ॥৯১॥

যুধিষ্ঠির বলিলেন—'যুযুৎসু! এস এস, আমরা সকলে তোমার মূর্খ ভ্রাতৃগণের সহিত যুদ্ধ করিব। কৃষ্ণ ও আমরা সকলে মিলিত হইয়াই একথা বলিতেছি ॥৯২॥

নরনাথ! তখন যোদ্ধারা ছিন্নগাত্র পরস্পরকে আকর্ষণ করিতে থাকিয়া সমগ্র সমরভূমিকে শশলোহিতনামক রক্তবর্ণ পর্ব্বতের ন্যায় রক্তবর্ণ করিয়া ফেলিল ॥১২॥

যোদ্ধারা পরস্পরজিঘাংসাবশতঃ স্বপক্ষ বা বিপক্ষকে চিনিতে পারিল না। সুতরাং সমরদুর্জয় স্বপক্ষীয় বীরেরাই স্বপক্ষীয় বীরগণকেও গ্রহণ করিতে লাগিল ॥১৩॥

(১১)…সাগরস্যেব বর্দ্ধতঃ—পি। (১২) অন্যোন্যস্য তদা যোধা নিকৃন্তন্তো বিশাংপতে!।…মাংসশোণিতসন্নিভাম্—বা। (১৩) যোধাংশ্চ…পরমদুর্জয়াঃ—রা নি।

কৃত্বা পুরুষকারন্তু যথাশক্তি মহাবলাঃ।
ভীমসেনং পরিত্যজ্য সংন্যবর্ত্তন্ত চেদয়ঃ ॥১৫॥
সর্ব্বৈঃ কলিঙ্গৈরাসন্নঃ সন্নিবৃত্তেষু চেদিষু।
স্ববাহুবলমাস্থায় ন ন্যবর্ত্তত পাণ্ডবঃ ॥১৬॥
ন চচাল রথোপস্থাদ্ভীমসেনো মহাবলঃ।
শিতৈরবাকিরদ্বাণৈঃ কলিঙ্গস্য বরূথিনীম্ ॥১৭॥
কালিঙ্গশ্চ মহেষ্বাসঃ পুত্রশ্চাস্য মহারথঃ।
শক্রদেব ইতি খ্যাতো জঘ্নতুঃ পাণ্ডবং শরৈঃ ॥১৮॥
ততো ভীমো মহাবাহুর্বিধুন্বন্ রুচিরং ধনুঃ।
যোধয়ামাস কালিঙ্গং স্ববাহুবলমাশ্রিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

কৃত্বেতি। পুরুষকারং যুদ্ধম্। সংন্যবর্ত্তন্ত অপাসরন্ত ॥১৫॥
সর্ব্বৈরিতি। ন ন্যবর্ত্তত, আসন্নত্বাৎ স্বভাববিপরীতত্বাচ্চেতি ভাবঃ ॥১৬॥
নেতি। রথস্য উপস্থাৎ উপরিদেশাৎ। বরূথিনীং সেনাম্ ॥১৭॥
কালিঙ্গ ইতি। কালিঙ্গঃ কলিঙ্গরাজঃ। পাণ্ডবং ভীমসেনম্ ॥১৮॥
তত ইতি। বিধুন্বন্ সঞ্চালয়ন্। স্ববাহুবলং ন তু সহায়ান্তরবলম্ ॥১৯॥

নরনাথ! ক্রমে বহুসংখ্যক কলিঙ্গসৈন্য এবং নিষাদসৈন্যের সহিত অল্প-সংখ্যক চেদিসৈন্যের গুরুতর যুদ্ধ হইল ॥১৪॥

পরে মহাবল চেদিসৈন্যেরা শক্তি অনুসারে পুরুষকার দেখাইয়া ভীমসেনকে পরিত্যাগ করিয়া যুদ্ধ হইতে নিবৃত্তি পাইল ॥১৫॥

কিন্তু সমস্ত কলিঙ্গসৈন্যের আক্রমণে চেদিসৈন্যেরা নিবৃত্তি পাইলেও ভীম-সেন কলিঙ্গসৈন্যের নিকটে ছিলেন বলিয়া আপন বাহুবল অবলম্বন করিয়াই নিবৃত্তি পাইলেন না ॥১৬॥

এবং মহাবল ভীমসেন রথের উপর হইতেও সরিলেন না, সেখানে থাকিয়াই তিনি কলিঙ্গসৈন্যের উপরে সুতীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১৭॥

এদিকে মহাধনুর্দ্ধর কলিঙ্গরাজ এবং উঁহার পুত্র মহারথ শক্রদেব ইঁহারা দুই জনে বাণদ্বারা ভীমসেনকে আঘাত করিতে থাকিলেন ॥১৮॥

তখন মহাবাহু ভীমসেন আপন বাহুবল অবলম্বন করিয়া মনোহর ধনু সঞ্চালন করিতে থাকিয়া কলিঙ্গরাজের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

(১৬)···সংন্যবর্ত্তত পাণ্ডবঃ—বা নি,···অন্যবর্ত্তত পাণ্ডবম্—নি। (১৭)···কলিঙ্গানাং বরূথিনীম্—বা রা নি। (১৮) কালিঙ্গস্তু···বা রা নি।

শক্রদেবস্তু সমরে বিসৃজন্ সায়কান্ বহূন্।
অশ্বান্ জঘান সমরে ভীমসেনস্য সায়কৈঃ ॥২০॥
তং দৃষ্ট্বা বিরথং তত্র ভীমসেনমরিন্দমম্।
শক্রদেবোঽভিদুদ্রাব শরৈরবকিরন্ শিতৈঃ ॥২১॥
ভীমস্যোপরি রাজেন্দ্র! শক্রদেবো মহাবলঃ।
ববর্ষ শরবর্ষাণি তপান্তে জলদো যথা ॥২২॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ ভীমসেনো মহাবলঃ।
শক্রদেবায় চিক্ষেপ সর্বশৈক্যায়সীং গদাম্ ॥২৩॥
স তয়া নিহতো রাজন্! কলিঙ্গস্য সুতো রথাৎ।
সধ্বজঃ সহ সূতেন জগাম ধরণীতলম্ ॥২৪॥
হতমাত্মসুতং দৃষ্ট্বা কলিঙ্গানাং জনাধিপঃ।
রথৈরনেকসাহস্রৈর্ভীমস্যাবারয়দ্দিশঃ ॥২৫॥

ভারতকৌমুদী

শক্রেতি। বিসৃজন্ নিক্ষিপন্, সায়কান্ বাণান্ ।২০॥
তমিতি। অভিদুদ্রাব অভিদধাব, অবকিরন্ আবৃণ্বন্ ॥২১॥
ভীমস্যেতি। তপান্তে গ্রীষ্মকালাবসানে, জলদো যথা জলবর্ষাণি বর্ষতি তথা ॥২২॥
হতেতি। সর্বমেব শৈক্যং সারভূতময়ো লৌহং তন্নির্মিতাং সর্বশৈক্যায়সীম্ ॥২৩॥
স ইতি। ধ্বজস্য কলিঙ্গসুতস্য সারথেশ্চ ক্রমেণাহননাদিতি ভাবঃ ॥২৪॥
হতমিতি। জনাধিপো রাজা। অবারয়ৎ অবেষ্টত, দিশঃ সর্বাঃ ॥২৫॥

কিন্তু শক্রদেব সমরাঙ্গনে বহুতর বাণ নিক্ষেপ করিয়া সেই বাণদ্বারা যুদ্ধে ভীমের অশ্বগুলিকে সংহার করিলেন ॥২০॥

আর শক্রদেব তখন শক্রদমনকারী ভীমসেনকে রথবিহীন দেখিয়া সুতীক্ষ্ণ বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥২১॥

রাজশ্রেষ্ঠ! গ্রীষ্মকালাবসানে মেঘ যেমন জল বর্ষণ করে, সেইরূপ মহাবল শক্রদেব ভীমের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২২॥

তখন মহাবল ভীমসেন হতাশ্ব রথে থাকিয়াই শক্রদেবের উপরে একটা লৌহসারময়ী গদা নিক্ষেপ করিলেন ॥২৩॥

রাজা! কলিঙ্গরাজের পুত্র শক্রদেব সেই গদার আঘাতে নিহত হইয়া ধ্বজ ও সারথির সহিত রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥২৪॥

(২১)…কিরন্তং নিশিতৈঃ শরৈঃ—পি বা। (২৪)…কালিঙ্গতনয়ো রথাৎ। বিরথঃ সহ সূতেন…রা নি।

ততো ভীমো মহাবাহুর্গদাং ত্যক্ত্বা মহাবলঃ।
উদকর্ষচ্চ নিস্ত্রিংশং চিকীর্ষুঃ কর্ম্ম দারুণম্ ॥২৬॥
চর্ম্ম চাপ্রতিমং রাজন্নার্ষভং পুরুষর্ষভ!।
নক্ষত্রৈরর্দ্ধচন্দ্রৈশ্চ শাতকুম্ভময়ৈশ্চিতম্ ॥২৭॥ (যুগ্মকম্)
কালিঙ্গস্তু ততঃ ক্রুদ্ধো ধনুর্জ্যামবমৃজ্য চ।
প্রগৃহ্য চ শরং ঘোরমেকং সর্পবিষোপমম্ ॥২৮॥
প্রাহিণোদ্ভীমসেনায় বধাকাঙ্ক্ষী জনেশ্বরঃ।
তমাপতন্তং বেগেন প্রেষিতং নিশিতং শরম্ ॥২৯॥
ভীমসেনো দ্বিধা রাজংশ্চিচ্ছেদ বিপুলাসিনা।
উদক্রোশচ্চ সংহৃষ্টস্ত্রাসয়ানো বলং তব ॥৩০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। উদকর্ষং কোষাদুদ্ধৃতবান্, নিস্ত্রিংশমসিম্, চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। ঋষভস্য বৃষবিশেষস্যেদমিতি আর্ষভম্। নক্ষত্রৈর্নক্ষত্রাকারৈঃ, অর্দ্ধচন্দ্রৈরর্দ্ধচন্দ্রাকারৈশ্চ চিহ্নৈরিতি শেষঃ, শাতকুম্ভময়ৈঃ স্বর্ণময়ৈঃ, চিতং ব্যাপ্তম্ ॥২৬—২৭॥

কালিঙ্গ ইতি। ধনুষো জ্যাং গুণম্। প্রাহিণোৎ ন্যক্ষিপৎ। বিপুলাসিনা বিশালেন খড়্গেন। উদক্রোশৎ উচ্চৈঃ সিংহনাদমকরোৎ। ত্রাসয়ানস্ত্রাসয়ন্, বলং সৈন্যম্ ॥২৮—৩০॥

এই সময়ে কলিঙ্গরাজ আপন পুত্রকে নিহত দেখিয়া বহুসহস্র রথদ্বারা ভীমের সকল দিক্ বেষ্টন করিলেন ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! তাহার পর মহাবাহু ও মহাবল ভীমসেন গদা ত্যাগ করিয়া ভয়ঙ্কর কার্য্য করিবার ইচ্ছায় কোষ হইতে তরবারি আকর্ষণ করিয়া লইলেন, আর বৃষচর্ম্মনির্ম্মিত এবং স্বর্ণময় নক্ষত্রচিহ্ন ও অর্দ্ধচন্দ্রচিহ্নে চিহ্নিত অতুলনীয় একখানা ঢাল গ্রহণ করিলেন ॥২৬—২৭॥

রাজা! তাহার পর কলিঙ্গরাজ ক্রুদ্ধ ও ভীমসেনের বধাভিলাষী হইয়া, ধনুর গুণ মাজিয়া এবং সর্পবিষযুক্তের ন্যায় ভয়ঙ্কর একটা বাণ গ্রহণ করিয়া ভীমের প্রতি নিক্ষেপ করিলেন। সেই সুতীক্ষ্ণ বাণটা বেগে আসিতে লাগিলে ভীমসেন বিশাল তরবারিদ্বারা তাহা দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন এবং আনন্দিতচিত্তে আপনার সৈন্যগণের ভয় উৎপাদন করতঃ উচ্চস্বরে সিংহনাদ করিলেন ॥২৮—৩০॥

(২৬)···ততো ভীমো মহাবেগাং ত্যক্ত্বা গুর্বীং মহাগদাম্। নিস্ত্রিংশমাদদে ঘোরম্···য়া নি। (২৮)···ধনুর্গৃহ্যাবমৃজ্য চ···পি। (২৯) প্রেরিতং নিশিতং শরম্—রা নি। (৩০)·· ত্রাসয়ানো বরূথিনীম্—রা নি।

কালিঙ্গোঽথ ততঃ ক্রুদ্ধো ভীমসেনস্য সংযুগে।
তোমরান্ প্রাহিণোচ্ছীঘ্রং চতুর্দ্দশ শিলাশিতান্ ॥৩১॥
তানপ্রাপ্তান্ মহাবাহুঃ খগতানেব পাণ্ডবঃ।
চিচ্ছেদ সমরে রাজন্নসংভ্রান্তো বরাসিনা ॥৩২॥
নিকৃত্য তু রণে ভীমস্তোমরান্ বৈ চতুর্দ্দশ।
ভানুমন্তং ততো ভীমঃ প্রাদ্রবৎ পুরুষর্ষভঃ ॥৩৩॥
ভানুমাংস্তু ততো ভীমং শরবর্ষেণ ছাদয়ন্।
ননাদ বলবন্নাদং নাদয়ানো নভস্তলম্ ॥৩৪॥
ন স তং মমৃষে ভীমঃ সিংহনাদং মহামৃধে।
ততঃ স্বরেণ মহতা বিননাদ মহাস্বনম্ ॥৩৫॥
তেন নাদেন বিত্রস্তা কলিঙ্গানাং বরূথিনী।
ন ভীমং সমরে মেনে মানুষং ভরতর্ষভ! ॥৩৬॥

ভারতকৌমুদী

কালিঙ্গ ইতি। সংযুগে সমরে। তোমরান্ বাণবিশেষান্ ॥৩১॥
তানিতি। খগতান্ আকাশস্থিতান্। অসংভ্রান্তঃ অবিচলিতচিত্তঃ ॥৩২॥
নিকৃত্যেতি। নিকৃত্য ছিত্বা। ভানুমন্তং তদাখ্যং বীরম্। ভীমো ভীষণমূর্ত্তিঃ ॥৩৩॥
ভানুমানিতি। বলবৎ সাতিশয়ম্, নাদয়ানো নাদয়ন্ ॥৩৪॥
নেতি। মমৃষে সেহে। মহামৃধে মহাযুদ্ধে। বিননাদ চকার ॥৩৫॥

তদনন্তর কলিঙ্গরাজ ক্রুদ্ধ হইয়া সমরাঙ্গনে ভীমসেনের প্রতি সুতীক্ষ্ণ চৌদ্দটা তোমর দ্রুত নিক্ষেপ করিলেন ॥৩১॥

রাজা! সে তোমরগুলি না আসিয়া আকাশে থাকিতে থাকিতেই মহাবাহু ভীমসেন অবিচলিতচিত্তে বিশাল তরবারিদ্বারা সেগুলিকে ছেদন করিয়া ফেলিলেন ॥৩২॥

ভয়ঙ্করমূর্ত্তি ও পুরুষশ্রেষ্ঠ ভীমসেন যুদ্ধে সেই চৌদ্দটা তোমরকে ছেদন করিয়া তাহার পরে ভানুমানের দিকে ধাবিত হইলেন ॥৩৩॥

তদনন্তর ভানুমান্ বাণবৃষ্টিদ্বারা ভীমসেনকে আবৃত করতঃ আকাশটাকে নিনাদিত করিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩৪॥

কিন্তু ভীমসেন মহাযুদ্ধে সে সিংহনাদ সহ্য করিতে পারিলেন না; তাই তিনিও বিশাল স্বরে মহাগর্জন করিলেন ॥৩৫॥

(৩১)…ভীমসেনস্য সংযুগে · রা নি। (৩২)…খগতানেব…রা নি। (৩৫) ন চ তম্… মহাহবে…মহাস্বনঃ…রা নি। (৩৬) তেন শব্দেন…পুরুষর্ষভ!—পি বা।

ততো ভীমো মহাবাহুর্নর্দ্দিত্বা বিপুলং স্বনম্।
সাসির্বেগবদাপ্লুত্য দন্তাভ্যাং বারণোত্তমম্ ॥৩৭॥
আরুরোহ ততো মধ্যং নাগরাজস্য মারিষ!।
খড়্গেন পৃথুনা মধ্যে ভানুমন্তমথাচ্ছিনৎ ॥৩৮॥ (যুগ্মকম্)
সোঽস্তরায়ুধিনং হত্বা রাজপুত্রমরিন্দমঃ।
গুরুভারসহং স্কন্ধে নাগাস্যাসিমপাতয়ৎ ॥৩৯॥
ছিন্নস্কন্ধঃ স নিনদন্ পপাত গজযূথপঃ।
আরুগ্নঃ সিন্ধুবেগেন সানুমানিব পর্ব্বতঃ ॥৪০॥
ততস্তস্মাদবপ্লুত্য গজাদ্ভারত! ভারতঃ।
খড়্গপাণিরদীনাত্মা তস্থৌ ভূমৌ সুদংশিতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তেনেতি। বহ্বধিনী সেনা। মানুষং ন মেনে, তদধিকস্বরশ্রবণাৎ ॥৩৬॥

তত ইতি। নর্দ্দিত্বা কৃত্বা। অসিনা সহেতি সাসিঃ, আপ্লুত্য উৎপত্য, দন্তাভ্যাং দন্তয়োর্দ্বারণেন, বারণোত্তমং ভানুমতো বাহনীভূতং হস্তিশ্রেষ্ঠম্। নাগরাজস্য তস্যৈব হস্তিশ্রেষ্ঠস্য, মধ্যং মধ্যদেশং গত্বেতি শেষঃ। পৃথুনা বিশালেন, মধ্যে কটিদেশে ॥৩৭—৩৮॥

স ইতি। অন্তরে গজমধ্যপৃষ্ঠে স্থিত্বা আযুধ্যত ইতি তম্, রাজপুত্রং ভানুমন্তম্। গুরুভারসহং গুরুতরকার্য্যসাধনক্ষমম্, নাগস্য তস্যৈব হস্তিশ্রেষ্ঠস্য ॥৩৯॥

ছিন্নেতি। আরুগ্নঃ সর্ব্বথা ভগ্নঃ, সানুমান্ সমতলভূমিযুক্তঃ, তদ্বৎপৃষ্ঠত্বাৎ ॥৪০॥

ভরতশ্রেষ্ঠ! কলিঙ্গসৈন্যেরা সেই মহাগর্জনে ভীত হইয়া যুদ্ধে ভীমসেনকে মানুষ বলিয়া মনে করিতে পারিল না ॥৩৬॥

মাননীয় মহারাজ! তাহার পর মহাবাহু ভীমসেন তরবারির সহিতই সেই ভানুমানের হস্তীটার দন্তযুগল ধারণ করিয়া বেগে লাফ দিয়া তাহার উপরে উঠিলেন এবং তৎপরে তাহার পৃষ্ঠের মধ্যস্থানে যাইয়া বিশাল তরবারি-দ্বারা ভানুমানের কটিদেশ ছেদন করিলেন ॥৩৭—৩৮॥

ক্রমে শত্রুদমনকারী ভীমসেন কলিঙ্গরাজপুত্র গজযোধী ভানুমান্‌কে বধ করিয়া সেই বিশাল তরবারিদ্বারাই সেই হস্তীটার স্কন্ধে আঘাত করিলেন ॥৩৯॥

তখন সেই গজযূথপতি ছিন্নস্কন্ধ হইয়া বিশাল শব্দ করিয়া, নদীবেগে ভগ্ন সমতলভূমিযুক্ত পর্ব্বতের ন্যায় ভূতলে পতিত হইল ॥৪০॥

ভরতনন্দন! তাহার পর যুদ্ধসজ্জায় সুসজ্জিত, তরবারিধারী ও অদুর্ব্বল-চিত্ত ভীমসেন সেই হস্তিপৃষ্ঠ হইতে লাফ দিয়া নামিয়া ভূতলে দাঁড়াইলেন ॥৪১॥

(৩৭) ততো ভীমো মহারাজ!···পি বা। (৩৯)···গুরুভারসহে···রা নি।

স চচার বহূন্ মার্গানভিতঃ পাতয়ন্ গজান্।
অগ্নিচক্রমিবাবিদ্ধং সর্বতঃ প্রত্যদৃশ্যত ॥৪২॥
অশ্ববৃন্দেষু নাগেষু রথানীকেষু চাভিভূঃ।
পদাতীনাঞ্চ সংঘেষু বিনিঘ্নন্ শোণিতোক্ষিতঃ ॥৪৩॥
শ্যেনবদ্ব্যচরদ্ভীমো রণেঽরিষু বলোৎকটঃ।
ছিন্দংস্তেষাং শরীরাণি শিরাংসি চ মহাবলঃ ॥৪৪॥
খড়্গেন শিতধারেণ সংযুগে গজযোধিনাম্।
পদাতিরেকঃ সংক্রুদ্ধঃ শত্রূণাং ভয়বর্দ্ধনঃ ॥৪৫॥
মোহয়ামাস শূরাংস্তান্ কালান্তকযমোপমঃ।
মূঢ়াস্তমেব চ রণে বিনদন্তঃ সমাদ্রবন্ ॥৪৬॥
সাসিমুত্তমবেগেন বিচরন্তং মহারণে।
নিকৃত্য রথিনাঞ্চাজৌ রথেশাঞ্চ যুগানি চ ॥৪৭॥
জঘান রথিনঞ্চাপি বলবান্ রিপুমর্দ্দনঃ।
ভীমসেনশ্চরন্ মার্গান্ সুবহূন্ প্রত্যদৃশ্যত ॥৪৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ভারতো ভীমঃ। অদীনাত্মা অদুর্ব্বলচিত্তঃ, সুদংশিতঃ সুসন্নদ্ধঃ ॥৪১॥

স ইতি। অভিত উভয়পার্শ্বয়োঃ। আবিদ্ধং ঘূর্ণিতম্ ॥৪২॥

অশ্বেতি। অভিভবতি শত্রূন্ পরাজয়ত ইতি অভিভূঃ। বিনিঘ্নন্ অশ্ববৃন্দাদীনিতি শেষঃ। বলোৎকটো বলমত্তঃ। তেষাং গজযোধিনাং শরীরাণি শিরাংসি চ ছিন্দন্। পদাতিঃ পাদচারী। কালান্তকযমোপমঃ প্রলয়কালীনসর্ব্বসংহারকযমতুল্যঃ। সমাদ্রবন্ অভ্যধাবন্। সাসিম্ অসিযুক্তম্। নিকৃত্য ছিত্ত্বা, রথস্য ঈশাং দারুবিশেষম্, যুগান্যপি দারুবিশেষান্। প্রত্যদৃশ্যত অস্মাভিঃ ॥৪৩—৪৮॥

ভীমসেন দুই পার্শ্বের হস্তিসমূহকে নিপাতিত করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন। তখন ঘূর্ণিত অগ্নিচক্রের ন্যায় তাঁহাকে সকলদিকে মণ্ডলাকারে গমন করিতে দেখা গেল ॥৪২॥

শত্রুপরাজয়কারী ও বলমত্ত ভীমসেন শত্রুসংহার করতঃ রক্তাক্তদেহে বিপক্ষের অশ্ব, হস্তী, রথী ও পদাতিসমূহের মধ্যে সমরাঙ্গনে শ্যেনপক্ষীর ন্যায় বিচরণ করিতে লাগিলেন। আর পাদচারী, একাকী, মহাবল ও কালান্তক

(৪২)…অভীতঃ পাতয়ন্…পি বা। (৪৩)…রথানীকেষু বা বিভুঃ…পি বা। (৪৪)…ব্যচরৎ সংখ্যে ভীমো যুধি বলোৎকটঃ…শিরাংসি চ মহাজবঃ—পি বা। (৪৬) সম্মোহয়ামাস স তান্…মূঢ়াশ্চ তে তমেবাজৌ…রা নি। (৪৭)…বিচরন্তং মহাহবে…পি বা।

ভ্রান্তমাবিদ্ধমুদ্‌ভ্রান্তমাপ্লুতং প্রসৃতং সৃতম্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ামাস পাণ্ডবঃ ॥৪৯॥
কেচিদগ্রাসিনা ছিন্নাঃ পাণ্ডবেন মহাত্মনা।
বিনেদুর্ভিন্নমর্ম্মাণো নিপেতুশ্চ গতাসবঃ ॥৫০॥
ছিন্নদন্তাগ্রহস্তাশ্চ ভিন্নকুম্ভাস্তথা পরে।
বিযোধাঃ স্বান্যনীকানি জঘ্নুর্ভারত! বারণাঃ ॥৫১॥

ভারতকৌমুদী

ভ্রান্তমিতি। পাণ্ডবো ভীম', ভ্রান্তং চতুরস্রবদ্‌ভ্রমণম্, আবিদ্ধং মণ্ডলাকারেণ গমনম্, উদ্‌ভ্রান্তম্ উৎপ্লুত্যোৎপ্লুত্য গমনম্, আপ্লুতম্ অধিকোৎপ্লবনেন লঙ্ঘনম্, প্রসৃতং সরলভাবেন সম্মুখগমনম্, সৃতং তথৈব পশ্চাদপসরণম্, সম্পাতং হঠাদাক্রমণম্, সমুদীর্ণম্ উচ্চৈরুল্লম্ফ্য প্রহারাতিক্রমণঞ্চ বিপক্ষান্ দর্শয়ামাস ॥৪৯॥

কেচিদিতি। অগ্রাসিনা অসেরগ্রদেশেন। গতাসবো নির্গতপ্রাণাঃ ॥৫০॥

ছিন্নেতি। ছিন্না দন্তা অগ্রহস্তাঃ শুণ্ডাগ্রাণি চ যেষাং তে। বিযোধা আরোহিশূন্যাঃ, স্বানি স্বপক্ষীয়াণ্যেব, অনীকানি সৈন্যানি, বারণা হস্তিনঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৩৭॥ ভানুমন্তং কলিঙ্গাত্মজম্ ॥৩৮॥ অম্বরায়ুধিনং গজারূঢ়যোধম্ ॥৩৯—৪১॥ আবিদ্ধং ভ্রামিতম্ ॥৪২—৪৫॥ কালান্তকযমোপমঃ প্রলয়কালীননাশকযমতুল্যঃ ॥৪৬—৪৮॥ ভ্রান্তমিত্যাদি। ভ্রান্তং মণ্ডলাকৃতি, তদেব ক্রমোপেতমাবিদ্ধম্, ভ্রান্তমেবোল্লম্ফিতসহিতমুদ্‌ভ্রান্তম্, আপ্লুতং কেবলমুৎপ্লবনম্, প্রসৃতং সর্ব্বাসু দিক্ষু প্রসরণং প্লুতমেকস্যাং দিশি, যমের তুল্য শত্রুগণের ভয়বর্দ্ধক ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া সুতীক্ষ্ণ তরবারিদ্বারা যুদ্ধে গজযোধিগণের দেহ ও মস্তক ছেদন করিতে থাকিয়া সেই বীরগণকে মোহিত করিতে থাকিলেন। এহেন ভীমসেন যখন তরবারি ধারণ করিয়া মহাবেগে বিচরণ করিতেছিলেন, তখনই মূর্খ যোদ্ধারা তাঁহার প্রতি ধাবিত হইতে ছিল। সুতরাং বলবান্ ও শত্রুমর্দ্দন ভীমসেন তরবারিদ্বারা রথিগণের রথের কাষ্ঠসকল ছেদন করিয়া রথীদিগকেও বধ করিতে লাগিলেন। এই সময়ে ভীমসেনকে অনেক পথে বিচরণ করিতে দেখা গেল ॥৪৩—৪৮॥

ক্রমে ভীমসেন ভ্রান্ত, আবিদ্ধ, উদ্‌ভ্রান্ত, আপ্লুত, প্রসৃত, সৃত, সম্পাত ও সমুদীর্ণ এই আটপ্রকার মল্লযোদ্ধার গতি দর্শন করাইলেন ॥৪৯॥

মহাবল ভীম তরবারির অগ্রদেশদ্বারা বিদারণ করিলে কতকগুলি যোদ্ধা বিদীর্ণহৃদয় হইয়া প্রথমে আর্ত্তনাদ করিল, পরে প্রাণহীন হইয়া পতিত হইল ॥৫০॥

(৪৯)···দর্শয়ামাস ভারত!—পি বা।

নিপেতুরুর্ব্ব্যাঞ্চ তথা বিনদন্তো মহারবান্।
ছিন্নাংশ্চ তোমরান্ রাজন্! মহামাত্রশিরাংসি চ ॥৫২॥
পরিস্তোমান্ বিচিত্রাংশ্চ কক্ষ্যাশ্চ কনকোজ্জ্বলাঃ।
গ্রৈবেয়াণ্যথ শক্তীশ্চ পতাকাঃ কণপাংস্তথা ॥৫৩॥
তূণীরানথ যন্ত্রাণি বিচিত্রাণি ধনূংষি চ।
ভিন্দিপালানি শুভ্রাণি তোত্রাণি চাঙ্কুশৈঃ সহ ॥৫৪॥
ঘণ্টাশ্চ বিবিধাকারান্ হেমগর্ভান্ ত্সরূনপি।
পততঃ পাতিতাংশ্চৈব পশ্যামঃ সহ সাদিভিঃ ॥৫৫॥ (কলাপকম্)
ছিন্নগাত্রাবরকরৈর্নিহতৈশ্চাপি বারণৈঃ।
আসীদ্ভূমিঃ সমাস্তীর্ণা পতিতৈর্ভূধরৈরিব ॥৫৬॥

ভারতকৌমুদী

নিপেতুরিতি। বারণা ইত্যনুবৃত্তিঃ, উর্ব্যাং ভূমৌ। মহামাত্রাণাং হস্তিপকানাং শিরাংসি। পরিস্তোমান্ গজপৃষ্ঠাস্তরণানি, কক্ষ্যা গজপার্শ্বরজ্জুঃ। গ্রৈবেয়াণি অশ্বানাং গ্রীবালঙ্কারান্। কণপান্ অস্ত্রবিশেষান্। যন্ত্রাণি গুলিকাক্ষেপকাণি। তোত্রাণি কশাঃ। ত্সরূন্ তরবারিমুষ্টীন্। ভীমেন ছিন্নান্ পাতিতান্। সাদিভিরারোহিভিঃ ॥৫২—৫৫॥

ভারতভাবদীপঃ

সম্পাতং বেগম্, সমুদীর্ণং সর্বান্ প্রতি সমুদ্যমম্ ॥৪৯—৫১॥ তোমরান্ বাণবিশেষান্, মহামাত্রো হস্তিপকঃ ॥৫২॥ কণপান্ মুদ্গরান্ ॥৫৩॥ যন্ত্রাণি সারিপ্রভৃতীনি, তোত্রাণি কর্ণমূলতোদনানি ॥৫৪—৫৫॥ গাত্রাবরৈর্গাত্রৈঃ পূর্ব্বকায়ৈঃ, অবরৈরধঃকায়ৈঃ। "দ্বৌ পূর্ব্বপশ্চাজ্জঘাদি-

ভরতনন্দন! ভীমসেন আরোহিশূন্য অনেক হস্তীর দন্ত ও শুণ্ডাগ্র ছেদন করিলেন এবং অপর বহুতর হস্তীর কুম্ভ বিদারণ করিলেন; তাহাতে সেই হস্তীগুলি স্বপক্ষীয় সৈন্যদিগকেই বধ করিতে থাকিল ॥৫১॥

ক্রমে সেই হস্তী সকল গুরুতর গর্জন করিতে করিতে ভূতলে পতিত হইতে লাগিল। রাজা! তৎপরে আমরা দেখিলাম—তোমর, হস্তিপকের মস্তক, বিচিত্র পৃষ্ঠাস্তরণ, স্বর্ণোজ্জ্বল গজরজ্জু, গ্রীবাভূষণ, শক্তি, পতাকা, মুদ্গর, তূণীর, বিচিত্র যন্ত্র (কামান), ধনু, ভিন্দিপাল, শুভ্রবর্ণ কশা, অঙ্কুশ, ঘণ্টা ও স্বর্ণখচিত নানাপ্রকার খড়্গমুষ্টি, এইগুলিকে ভীমসেন আরোহীদের সহিত কাটিয়া ফেলিয়াছেন এবং এইগুলি তৎকর্ত্তৃক ছিন্ন হইয়া পতিত হইতেছে ॥৫২—৫৫॥

(৫৪)…অঙ্গুলিত্রাণি শুভ্রাণি…পি বা।

বিমৃদ্নৈবং মহানাগান্ মমর্দ্দাশ্বান্ মহাবলঃ।
অশ্বারোহবরাংশ্চৈব পাতয়ামাস সংযুগে।
তদ্‌ঘোরমভবদ্‌যুদ্ধং তস্য তেষাঞ্চ মারিষ! ॥৫৭॥
খলীনান্যথ চিত্রাণি কক্ষ্যাশ্চ কনকোজ্জ্বলাঃ।
পরিস্তোমাশ্চ প্রাসাশ্চ ঋষ্টয়শ্চ মহাধনাঃ ॥৫৮॥
কবচান্যথ চর্ম্মাণি চিত্রাণ্যাস্তরণানি চ।
তত্র তত্রাপবিদ্ধানি ব্যদৃশ্যন্ত মহাহবে ॥৫৯॥ (যুগ্মকম্)
প্রাসৈর্যষ্টৈর্বিচিত্রৈশ্চ শস্ত্রৈশ্চ বিমলৈস্তথা।
স চক্রে বসুধাং কীর্ণাং শবলৈঃ কুসুমৈরিব ॥৬০॥

ভারতকৌমুদী

ছিন্নেতি। ছিন্না গাত্রাণি শরীরাণি অবরাণি জঙ্ঘাস্তাদেশাঃ করাঃ শুণ্ডাশ্চ যেষাং তৈঃ। "অবরং গজাস্ত্যজঙ্ঘাদিদেশেঽপি চরমে ত্রিষু" ইতি মেদিনী ॥৫৬॥

বিমৃদ্নেতি। মহানাগান্ মহাগজান্। অশ্বারোহবরান্ অশ্বারোহিশ্রেষ্ঠান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥

খলীনানীতি। খলীনানি অশ্বমুখরজ্জবঃ, কক্ষ্যা গজপার্শ্বরজ্জবঃ। পরিস্তোমা গজপৃষ্ঠাস্তরণানি, প্রাসা ঋষ্টয়শ্চাশ্ববিশেষাঃ। অপবিদ্ধানি পতিতানি ॥৫৮—৫৯॥

ভারতভাবদীপঃ

দেশৌ গাত্রাবরৌ ক্রমা"দিতি কোশঃ ॥৫৬—৫৭॥ খলীনানি অশ্বস্য নিবেশ্যানি "কড়িয়ালি" ইতি প্রসিদ্ধানি, কক্ষ্যা গজমধ্যবন্ধনম্ ॥৫৮॥ আস্তরণানি পর্য্যাচ্ছাদনানি অপবিদ্ধানি ॥৫৯॥

ভীমসেন কোন হস্তীর দেহ, কোনটার জঙ্ঘা ও কোনটার শুণ্ড ছেদন করিলে এবং কোন কোন হস্তীকে বধ করিলে, সেগুলি পর্ব্বতের ন্যায় পতিত হওয়ায় সমরভূমি ব্যাপ্ত হইয়া গেল ॥৫৬॥

মাননীয় রাজা! মহাবল ভীম এইভাবে বিশাল হস্তীগুলিকে বিনাশ করিয়া অশ্বগুলিকেও বিনাশ করিলেন এবং প্রধান প্রধান অশ্বারোহিগণকেও নিপাতিত করিলেন। সুতরাং ভীমের ও কলিঙ্গসৈন্যের সেই যুদ্ধ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥৫৭॥

তাহার পর মহাযুদ্ধের নানাস্থানে বিচিত্র লাগাম, স্বর্ণোজ্জ্বল গজরজ্জু, হস্তিপৃষ্ঠের আস্তরণ, মহামূল্য প্রাস ও ঋষ্টি, কবচ, চর্ম্ম এবং বিচিত্র আস্তরণ সকল পতিত দেখা গেল ॥৫৮—৫৯॥

(৫৭)···মমর্দ্দাশ্বান্ নরর্ষভঃ···পি বা। (৫৮) খলীনান্যথ যোক্ত্রাণি···রা নি। (৫৯)··· চিত্রাণ্যাভরণানি চ···পি বা। (৬০) যোধয়ন্ বৈ বিচিত্রৈশ্চ শস্ত্রৈশ্চ বিমলৈস্তথা···সরসীঃ কুমুদৈরিব—পি, প্রোথযত্রৈশ্চ চিত্রৈশ্চ খড়্গৈশ্চ বিমলৈস্তথা···শবলাং কুমুদৈরিব—বা।

আপ্লুত্য রথিনঃ কাংশ্চিৎ পরামৃশ্য মহাবলঃ।
পাতয়ামাস খড়্গেন সধ্বজানপি পাণ্ডবঃ ॥৬১॥
মুহুরুৎপততো দিক্ষু ধাবতশ্চ যশস্বিনঃ।
মার্গাংশ্চ চরতশ্চিত্রং ব্যস্ময়ন্ত রণে জনাঃ ॥৬২॥
নিজঘান পদা কাংশ্চিদাক্ষিপ্যান্যানপোথয়ৎ।
খড়্গেনান্যাংশ্চ চিচ্ছেদ নাদৈরন্যানভীষয়ৎ ॥৬৩॥
উরুবেগেন চাপ্যন্যান্ পাতয়ামাস ভূতলে।
অপরে চৈনমালোক্য ভয়াদ্বিদ্রাবিণোঽভবন্ ॥৬৪॥
এবং সা বহুলা সেনা কলিঙ্গানাং তরস্বিনাম্।
পরিবার্য্য রণে ভীষ্মং ভীমসেনমুপাদ্রবৎ ॥৬৫॥

ভারতকৌমুদী

প্রাসৈরিতি। যন্ত্রৈশ্চুলিকাক্ষেপকৈঃ। কীর্ণাং ব্যাপ্তাম্, শরবৈর্নানাবর্ণৈঃ ॥৬০॥
আপ্লুত্যেতি। আপ্লুত্য উল্লম্ফ্য। পরামৃশ্য কেশেষু ধৃত্বা ॥৬১॥
মুহুরিতি। চিত্রং যথা স্যাত্তথা চরতো ভীমস্য সম্বন্ধে, ব্যস্ময়ন্ত বিস্মিতাঃ ॥৬২॥
নিজঘানেতি। আক্ষিপ্যাকৃষ্য। অভীষয়ৎ ভয়ং প্রাপিতবান্ ॥৬৩॥
উর্বিতি। বিদ্রাবিণঃ পলায়িনঃ ॥৬৪॥

ক্রমে ভীমসেন নানাবর্ণের পুষ্পের ন্যায় প্রাস, বিচিত্র যন্ত্র ও নির্ম্মল অস্ত্র-দ্বারা সমরভূমিটাকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৬০॥

মহাবল ভীমসেন লাফ দিয়া উঠিয়া কেশাকর্ষণ করিয়া তরবারিদ্বারা কতক-গুলি রথীকে তাহাদের ধ্বজের সহিত ছেদনপূর্ব্বক নিপাতিত করিলেন ॥৬১॥

যশস্বী ভীমসেন বার বার লাফ দিয়া উঠেন, নানাদিকে ধাবিত হন এবং বিচিত্রভাবে পথে বিচরণ করেন, ইহা দেখিয়া সমরাঙ্গনের লোকেরা বিস্মিত হইল ॥৬২॥

ভীমসেন পদাঘাত করিয়া কতকগুলি সৈন্যকে বধ করিলেন, অপরগুলিকে আকর্ষণপূর্ব্বক আনয়ন করিয়া মৃত্তিকায় প্রোথিত করিলেন, অন্য অনেককে তরবারিদ্বারা ছেদন করিলেন এবং আর কতকগুলিকে গর্জন করিয়া ভীত করিলেন ॥৬৩॥

এবং অন্য অনেককে উরুবেগে ভূতলে পাতিত করিলেন, আর অপর অনেকে উঁহাকে দেখিয়া ভয়ে পলায়ন করিল ॥৬৪॥

(৬২)···চরতশ্চিত্রান্···রা নি। (৬৩) স জঘান···রা নি। (৬৪)···ভয়াৎ পঞ্চত্বমাগতাঃ-রা নি।

ততঃ কলিঙ্গসৈন্যানাং প্রমুখে ভরতর্ষভ ! ।
শ্রুতায়ুষমভিপ্রেক্ষ্য ভীমসেনঃ সমভ্যয়াৎ ॥৬৬॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কালিঙ্গো নবভিঃ শরৈঃ।
ভীমসেনমমেয়াত্মা প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৬৭॥
কালিঙ্গবাণাভিহতস্তোত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
ভীমসেনঃ প্রজজ্বাল ক্রোধেনাগ্নিরিবেন্ধনৈঃ ॥৬৮॥
অথাশোকঃ সমাদায় রথং হেমপরিষ্কৃতম্।
ভীমং সম্পাদয়ামাস রথেন রথিনাং বরম্ ॥৬৯॥
তমারুহ্য রথং তূর্ণং কৌন্তেয়ঃ শত্রুসূদনঃ।
কালিঙ্গমভিদুদ্রাব তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৭০॥

ভারতকৌমুদী

এবমিতি। তরস্বিনাং বলবতাম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ।৬৫।
তত ইতি। শ্রুতায়ুষং শ্রুতায়ুর্নামানং কলিঙ্গরাজম্ ।৬৬।
তমিতি। কালিঙ্গঃ শ্রুতায়ুঃ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ ।৬৭।
কালিঙ্গ ইতি। তোত্রার্দ্দিতো বৈণুকাহত, "তোত্রং বৈণুকম্" ইত্যমরঃ ।৬৮।
অথেতি। অশোকো বিশোকঃ সারথিঃ। সম্পাদয়ামাস প্রাপয়ামাস ।৬৯।
তমিতি। কৌন্তেয়ো ভীমঃ প্রকরণাৎ। কালিঙ্গং শ্রুতায়ুষম্ ।৭০।

এইরূপ হইতে থাকিলে শক্তিশালী বিপুল কলিঙ্গসৈন্য ভীষ্মকে পরিবেষ্টন করিয়া সমরাঙ্গনে ভীমের দিকে ধাবিত হইল ॥৬৫॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর ভীমসেন কলিঙ্গসৈন্যের সম্মুখে শ্রুতায়ুকে দেখিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৬৬॥

তখন ভীমসেনকে আসিতে দেখিয়া অমিতশক্তি কলিঙ্গরাজ নয়টা বাণদ্বারা তাঁহার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৬৭॥

এই সময়ে ভীমসেন অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় কলিঙ্গরাজের বাণে তাড়িত হইয়া কাষ্ঠদ্বারা অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥৬৮॥

তাহার পর ভীমসেনেরই সারথি বিশোক স্বর্ণালঙ্কৃত একখানা রথ লইয়া রথিশ্রেষ্ঠ ভীমসেনের নিকট আগমন করিল ॥৬৯॥

শত্রুদমনকারী ভীমসেন সত্বর সেই রথে আরোহণ করিয়া কলিঙ্গরাজের দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৭০॥

(৬৮)···ক্রোধেনাগ্নিরিবৈধিতঃ—রা নি। (৭০)···কলিঙ্গমভিদুদ্রাব···রা নি।

ততঃ শ্রুতায়ুর্বলবান্ ভীমস্য নিশিতান্ শরান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো দর্শয়ন্ হস্তলাঘবম্ ॥৭১॥
স কার্ম্মুকবরোৎসৃষ্টৈর্নবভির্নিশিতৈঃ শরৈঃ।
সমাহতো ভৃশং রাজন্! কালিঙ্গেন মহাবলঃ।
সঞ্চুকোপ ভৃশং ভীমো দণ্ডাহত ইবোরগঃ ॥৭২॥
ক্রুদ্ধশ্চ চাপমায়ম্য বলবদ্বলিনাং বরঃ।
কালিঙ্গমবধীৎ পার্থো ভীমঃ সপ্তভিরায়সৈঃ ॥৭৩॥
ক্ষুরাভ্যাং চক্ররক্ষৌ চ কালিঙ্গস্য মহাবলৌ।
সত্যদেবঞ্চ সত্যঞ্চ প্রাহিণোদ্যমসাদনম্ ॥৭৪॥
ততঃ পুনরমেয়াত্মা নারাচৈর্নিশিতৈস্ত্রিভিঃ।
কেতুমন্তং রণে ভীমোঽগময়দ্যমসাদনম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভীমস্য উপরি। হস্তলাঘবং হস্তয়োর্ক্রতাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥৭১॥
স ইতি। কার্ম্মুকবরেণ উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥
ক্রুদ্ধ ইতি। আয়ম্য বিস্তার্য্য, বলবৎ দৃঢ়ম্। অবধীৎ প্রাহরৎ ॥৭৩॥
ক্ষুরাভ্যামিতি। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ভীম ইত্যনুবৃত্তিঃ ॥৭৪॥
তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ কেতুমন্তং নাম যোদ্ধারম্ ॥৭৫॥

তাহার পর বলবান্ কলিঙ্গরাজ শ্রুতায়ু অত্যন্তক্রুদ্ধ হইয়া লঘুহস্ততা দেখাইয়া ভীমের উপরে বহুতর নিশিত শর নিক্ষেপ করিলেন ॥৭১॥

রাজা! শ্রুতায়ু উত্তমকার্ম্মুকনিক্ষিপ্ত নিশিত নয়টা বাণদ্বারা অত্যন্ত আঘাত করিলে, মহাবল ভীমসেন দণ্ডতাড়িত সর্পের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইলেন ॥৭২॥

বলিশ্রেষ্ঠ পৃথানন্দন ভীমসেন ক্রুদ্ধ হইয়া দৃঢ় ধনু আকর্ষণ করিয়া সাতটা লৌহময় বাণদ্বারা শ্রুতায়ুকে তাড়ন করিলেন ॥৭৩॥

এবং তিনি দুইটা ক্ষুরদ্বারা শ্রুতায়ুর চক্ররক্ষক মহাবল সত্যদেব ও সত্যকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৭৪॥

তাহার পর আবার অমিতশক্তি ভীমসেন তিনটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা যুদ্ধে কেতুমান্‌কে যমালয়ে পাঠাইলেন ॥৭৫॥

(৭১)…ভীমায় নিশিতান্…রা নি। (৭২) সমাহতো মহারাজ! কলিঙ্গেন মহাত্মনা। সঞ্চুক্রুশে ভৃশম্…রা নি।

ততঃ কলিঙ্গাঃ সন্নদ্ধা ভীমসেনমমর্ষণম্।
অনীকৈর্বহুসাহস্রৈঃ ক্ষত্রিয়াঃ সমবারয়ন্ ॥৭৬॥
ততঃ শক্তিগদাখড়্গতোমরর্ষ্টিপরশ্বধৈঃ।
কলিঙ্গাঃ শতশো রাজন্! ভীমসেনমবারয়ন্ ॥৭৭॥
সন্নিবার্য্য স তাং ঘোরাং শরবৃষ্টিং সমুত্থিতাম্।
গদামাদায় তরসা সন্নিপত্য মহাবলঃ ॥৭৮॥
ভীমঃ সপ্তশতান্ বীরাননয়দ্যমসাদনম্!
পুনশ্চৈব দ্বিসাহস্রান্ কলিঙ্গানরিমর্দ্দনঃ ॥৭৯॥
প্রাহিণোন্মৃত্যুলোকায় তদদ্ভুতমিবাভবৎ।
এবং স তান্যনীকানি কলিঙ্গানাং পুনঃ পুনঃ ॥৮০॥
বিভেদ সমরে বীরো ভীমো ভীমপরাক্রমঃ।
হতারোহাশ্চ মাতঙ্গাঃ পাণ্ডবেন কৃতা রণে ॥৮১॥
বিপ্রজগ্মুরনীকেষু মেঘা বাতহতা ইব।
মৃদ্নন্তঃ স্বান্যনীকানি বিনদন্তঃ শরাতুরাঃ ॥৮২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অনীকৈঃ সৈন্যৈঃ। সমবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৭৬॥

তত ইতি। শক্ত্যাদয়ঃ শস্ত্রবিশেষাঃ ॥৭৭॥

পঞ্চভিঃ কুলকেন সমরং বর্ণয়তি সন্নিবার্য্যেতি। শরপদং শক্ত্যাদেরপ্যুপলক্ষণম্। তরসা বেগেন। অনয়ৎ প্রৈরয়ৎ। প্রাহিণোৎ প্রৈষয়ৎ। বিভেদ সংঘাদ্বিচ্ছিন্নীচকার। হতা আরোহা আরোহিণো যেষাং তে। বিপ্রজগ্মুঃ বৈমুখ্যং প্রাপুঃ। মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ ॥৭৮—৮২॥

তৎপরে যুদ্ধসজ্জায় সজ্জিত কলিঙ্গদেশীয় ক্ষত্রিয়েরা বহুসহস্র সৈন্যদ্বারা ক্রুদ্ধ ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৭৬॥

রাজা! তাহার পর শত শত কলিঙ্গসৈন্য শক্তি, গদা, তরবারি, তোমর, ঋষ্টি ও পরশুদ্বারা ভীমসেনকে নিবারণ করিতে লাগিল ॥৭৭॥

তখন মহাবল, ভীষণমূর্ত্তি, ভয়ঙ্কর-পরাক্রমশালী ও শত্রুমর্দ্দন ভীমসেন আগত সেই দারুণ অস্ত্রবৃষ্টি নিবারণ করিয়া, গদা লইয়া, বেগে ধাবিত হইয়া, সাত শত কলিঙ্গবীরকে যমালয়ে প্রেরণ করিলেন; আবার তিনি দ্বিসহস্র

(৭৬) ততঃ কলিঙ্গাঃ সংক্রুদ্ধাঃ···ক্ষত্রিয়াঃ সমযোধয়ন্—রা নি। (৭৭)···কলিঙ্গাশ্চ ততো রাজন্!···রা নি। (৮১) বিভেদ সমরে তূর্ণং প্রেক্ষ্য ভীমং মহারথম্···রা নি। (৮২)···ঘনা বাতহতা ইব···পি বা।

ততো ভীমো মহাবাহুঃ খড়্গসক্তমহাভুজঃ।
সম্প্রহৃষ্টো মহাঘোষং শঙ্খং প্রাধ্মাপয়দ্বলী ॥৮৩॥
সর্বকালিঙ্গসৈন্যানাং মনাংসি সমকম্পয়ৎ।
মোহশ্চাপি কলিঙ্গানামাবিবেশ পরন্তপ! ॥৮৪॥
প্রাকম্পন্ত চ সৈন্যানি বাহনানি চ সুব্রুবুঃ।
ভীমেন সমরে রাজন্! গজেন্দ্রেণেব সর্ব্বতঃ ॥৮৫॥
মার্গান্ বহূন্ বিচরতা ধাবতা চ ততস্ততঃ।
মুহুরুৎপততা চৈব সম্মোহঃ সমজায়ত ॥৮৬॥
ভীমসেনভয়ত্রস্তং সৈন্যঞ্চ সমকম্পত।
ক্ষোভ্যমাণমসংবাধং গ্রাহেণেব মহৎ সরঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

তত ইতি। খড়্গে সক্তো লগ্নো মহাভুজো বিশালদক্ষিণহস্তো যস্য সঃ ॥৮৩॥
সর্ব্বেতি। সমকম্পয়ৎ ভীমসেন ইতি শেষঃ ॥৮৪॥
প্রেতি। বাহনানি গজাশ্বাদীনি, সুব্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥৮৫॥
মোহং প্রতি কারণমাহ মার্গানিতি। উৎপততা উল্লম্ফনং কুর্বতা ভীমেন ॥৮৬॥

কলিঙ্গসৈন্যকে যমলোকে পাঠাইলেন; সেই ঘটনা যেন আশ্চর্য্যের ন্যায় হইল। এইভাবে তিনি যুদ্ধে বার বার সেই কলিঙ্গসেনাকে বিচ্ছিন্ন করিলেন। ক্রমে তিনি আরোহিগণকে বিনাশ করিলে, বিশাল হস্তী সকল শরাঘাতে পীড়িত হইয়া গর্জন করিতে থাকিয়া স্বপক্ষের সৈন্যগুলিকেই মর্দ্দন করতঃ, বায়ুসঞ্চালিত মেঘের ন্যায় সৈন্যগণের মধ্য দিয়াই পলায়ন করিতে লাগিল ॥৭৮—৮২॥

তদনন্তর মহাবাহু ও মহাবল ভীমসেন আনন্দিত হইয়া বিশাল হস্তে বিশাল তরবারি ধারণ করিয়া মহাশব্দকারী শঙ্খের ধ্বনি করিলেন ॥৮৩॥

শত্রুতাপন রাজা! ভীমসেন সেই শঙ্খধ্বনিদ্বারা সমস্ত কলিঙ্গসৈন্যের হৃদয় কম্পিত করিলেন এবং তাহাদের মোহ উপস্থিত হইল ॥৮৪॥

রাজা! বিশাল হস্তীর ন্যায় ভীমসেন সমরাঙ্গনের সর্ব্বত্র বিচরণ করিতে লাগিলে কলিঙ্গসৈন্যেরা যেমন কম্পিত হইতে লাগিল, তেমন তাহাদের বাহনগুলিও পলায়ন করিতে থাকিল ॥৮৫॥

আর ভীমসেন বহুপথে বিচরণ, ইতস্ততঃ ধাবন এবং বার বার উল্লম্ফন করিতে লাগিলে ভয়ে কলিঙ্গসৈন্যের মোহ উপস্থিত হইল ॥৮৬॥

(৮৩)…খড়্গহস্তো মহাভুজঃ…রা নি। (৮৫)…বাহনানি চ সর্ব্বশঃ…গজেন্দ্রেণেব সর্ব্বশঃ —রা নি। (৮৬)…সম্মোহঃ সমপদ্যত—রা নি।

ত্রাসিতেষু চ বীরেষু ভীমেনাদ্ভুতকর্ম্মণা।
পুনরাবর্ত্তমানেষু বিদ্রবৎসু চ সংঘশঃ ॥৮৮॥
সর্বকালিঙ্গযোধেষু পাণ্ডূনাং বাহিনীপতিঃ।
অবাদীৎ স্বান্যনীকানি যুধ্যধ্বমিতি পার্ষতঃ ॥৮৯॥ (যুগ্মকম্)
সেনাপতিবচঃ শ্রুত্বা শিখণ্ডিপ্রমুখা গণাঃ।
ভীমমেবাভ্যবর্ত্তন্ত রথানীকৈঃ প্রহারিভিঃ ॥৯০॥
ধর্ম্মরাজশ্চ তান্ সর্বানুপজগ্রাহ পাণ্ডবঃ।
মহতা মেঘবর্ণেন নাগানীকেন পৃষ্ঠতঃ ॥৯১॥
এবং সংনোদ্য সর্ব্বাণি স্বান্যনীকানি পার্ষতঃ।
ভীমসেনস্য জগ্রাহ পার্ষ্ণিং সৎপুরুষৈর্বৃতঃ ॥৯২॥

ভারতকৌমুদী

ভীমেতি। অসংবাধং নিষ্প্রতিবন্ধম্, গ্রাহেণ জলজন্তুনা, সরো জলাশয়ঃ ॥৮৭॥
ত্রাসিতেষ্বিতি। বিদ্রবৎসু পলায়মানেষু। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৮৮—৮৯॥
সেনেতি। গণা যোদ্ধৃবর্গাঃ। রথানীকৈ রথিসৈন্যৈঃ সহ ॥৯০॥
ধর্ম্মেতি। উপজগ্রাহ সাহায্যার্থং গৃহীতবান্। নাগানীকেন হস্তিসৈন্যেন ॥৯১॥
এবমিতি। সংনোদ্য সম্প্রেষ্য। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। পার্ষ্ণিং পৃষ্ঠভাগম্ ॥৯২॥

বিশাল জলজন্তুর ন্যায় ভীমসেন অবাধে আলোড়ন করিতে থাকিলে, মহা-জলাশয়ের ন্যায় কলিঙ্গসৈন্য ভীমের ভয়ে আকুল হইয়া কাঁপিতে লাগিল ॥৮৭॥

অদ্ভুতকর্ম্মা ভীমসেন ভয় উৎপাদন করিলে, কলিঙ্গদেশের সকল বীর যোদ্ধারা দলে দলে একবার পলায়ন আবার প্রত্যাবর্ত্তন করিতে থাকিলে, পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন আপন সৈন্যগণকে বলিলেন—'তোমরা যুদ্ধ কর' ॥৮৮—৮৯॥

তখন শিখণ্ডিপ্রভৃতি যোদ্ধারা সেনাপতির আদেশ শুনিয়া রথিসৈন্যগণের সহিত মিলিত হইয়া সাহায্য করিবার জন্য ভীমসেনের দিকেই ধাবিত হইলেন ॥৯০॥

ক্রমে ধর্ম্মরাজ যুধিষ্ঠির মেঘের ন্যায় নীলবর্ণ বিশাল হস্তিসৈন্য লইয়া পিছনের দিকে তাঁহাদের সকলকে গ্রহণ করিলেন ॥৯১॥

ধৃষ্টদ্যুম্ন এইভাবে আপন সৈন্যগণকে প্রেরণ করিয়া উত্তম যোদ্ধৃবর্গে পরি-বেষ্টিত হইয়া ভীমসেনের পশ্চাদ্ভাগ গ্রহণ করিলেন ॥৯২॥

(৮৮) ত্রাসিতেষু চ সর্ব্বেষু···নি,···বিদ্রবৎসু সমন্ততঃ—পি। (৮৯)···ধ্বজিনীপতিঃ। অব্রবীৎ···রা নি। (৯০)···ভীমমেবাভ্যবর্ত্তন্ত···পি। (৯২) এবং সংনোদ্য···সৎপুরুষো-চিতম্—পি বা।

ন হি পাঞ্চালরাজস্য লোকে কশ্চন বিদ্যতে।
ভীমসাত্যকয়োরন্যঃ প্রাণেভ্যঃ প্রিয়কৃত্তমঃ ॥৯৩॥
সোঽপশ্যত কলিঙ্গেষু চরন্তমরিসূদনম্।
ভীমসেনং মহাবাহুং পার্ষতঃ পরবীরহা ॥৯৪॥
ননর্দ্দ বহুধা রাজন্! হৃষ্টশ্চাসীৎ পরন্তপঃ।
শঙ্খং দধ্মৌ চ সমরে সিংহনাদং ননাদ চ ॥৯৫॥
স চ পারাবতাশ্বস্য রথে হেমপরিষ্কৃতে।
কোবিদারধ্বজং দৃষ্ট্বা ভীমসেনঃ সমাশ্বসৎ ॥৯৬॥
ধৃষ্টদ্যুম্নস্তু তং দৃষ্ট্বা কলিঙ্গৈঃ সমভিদ্রুতম্।
ভীমসেনমমেয়াত্মা ত্রাণায়াজৌ সমভ্যয়াৎ ॥৯৭॥
তৌ দূরাৎ সাত্যকিং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
কলিঙ্গান্ সমরে বীরৌ যোধয়ন্তৌ মনস্বিনৌ ॥৯৮॥

ভারতকৌমুদী

কুতঃ পার্ষ্ণিং জগ্রাহেত্যাহ ন হীতি। পাঞ্চালরাজস্য তৎপুত্রস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥৯৩॥
স ইতি। কলিঙ্গেষু কলিঙ্গসৈন্যেষু। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥৯৪॥
ননর্দ্দেতি। ননর্দ্দ গর্জনং চকার। পরন্তপো ধৃষ্টদ্যুম্ন এব ॥৯৫॥
স ইতি। পারাবতাশ্বস্য কপোতবর্ণাশ্বস্য। কোবিদারধ্বজং রক্তকাঞ্চনধ্বজম্ ॥৯৬॥
ধৃষ্টেতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। ত্রাণায় ভীমস্যৈব, আজৌ যুদ্ধে ॥৯৭॥
তাবিতি। সাত্যকিং দৃষ্ট্বা আনন্দিতাবিতি শেষঃ ॥৯৮॥

কারণ, ভীম ও সাত্যকি ব্যতীত অন্য কোন লোকই জগতে ধৃষ্টদ্যুম্নের প্রাণ অপেক্ষা অধিক প্রিয় নহে ॥৯৩॥

ক্রমে বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন মহাবাহু ও শত্রুনাশক ভীমসেনকে কলিঙ্গ-সৈন্যমধ্যে বিচরণ করিতে দেখিলেন ॥৯৪॥

রাজা! তখন পরন্তপ ধৃষ্টদ্যুম্ন আনন্দিত হইলেন, বহুবিধ বীরগর্জন করিলেন, শঙ্খ বাজাইলেন এবং সিংহনাদ করিলেন ॥৯৫॥

ভীমসেনও স্বর্ণালঙ্কৃত এবং কপোতবর্ণের অশ্বযুক্ত রথে রক্তকাঞ্চনবৃক্ষের ধ্বজ দেখিয়া আশ্বস্ত হইলেন ॥৯৬॥

অজ্ঞেয়শক্তি ধৃষ্টদ্যুম্নও ভীমসেনকে কলিঙ্গসৈন্যসমাক্রান্ত দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৯৭॥

(৯৩) ন হি পাঞ্চালরাজস্য···রা নি। (৯৪)···অরিসূদনঃ···রা নি। (৯৫) ননর্দ্দ বহুধা···পি, ননাদ বহুধা···বা। (৯৮)···যোধয়েতাং মনস্বিনৌ—রা নি।

স তত্র গত্বা শৈনেয়ো জবেন জয়তাং বরঃ।
পার্থপার্ষতয়োঃ পার্ষ্ণিং জগ্রাহ পুরুষর্ষভঃ ॥৯৯॥
স কৃত্বা দারুণং কর্ম্ম প্রগৃহীতশরাসনঃ।
আস্থিতো রৌদ্রমাত্মানং কলিঙ্গানন্ববৈক্ষত ॥১০০॥
কলিঙ্গপ্রভবাঞ্চৈব মাংসশোণিতকর্দ্দমাম্।
রুধিরস্যন্দিনীং তত্র ভীমঃ প্রাবর্ত্তয়ন্নদীম্ ॥১০১॥
অথান্তরে কলিঙ্গানাং পাণ্ডবানাঞ্চ বাহিনীম্।
সন্ততারস্থদুস্তারাং ভীমসেনো মহাবলঃ ॥১০২॥
ভীমসেনং তথা দৃষ্ট্বা প্রাক্রোশংস্তাবকা নৃপ!।
কালোঽয়ং ভীমরূপেণ কলিঙ্গৈঃ সহ যুধ্যতে ॥১০৩॥

ভারতকৌমুদী

স ইতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, জবেন বেগেন। পার্ষ্ণিং পশ্চাদ্ভাগম্ ॥৯৯॥
স ইতি। দারুণং কর্ম্ম গমনপথপ্রবর্ত্তনায় বিপক্ষবধরূপম্। আস্থিত আশ্রিতঃ ॥১০০॥
কলিঙ্গেতি। কলিঙ্গপ্রভবাং কলিঙ্গসৈন্যোৎপন্নাম্। রুধিরস্যন্দিনীং রক্তপ্রবাহিনীম্ ॥১০১॥
অথেতি। অন্তরে মধ্যে। বাহিনীং তাং রক্তপ্রবাহিনীং নদীম্ ॥১০২॥
ভীমেতি। প্রাক্রোশন্ উচ্চৈরবদন্, তাবকাস্বৎপক্ষীয়াঃ সৈন্যাঃ ॥১০৩॥

কলিঙ্গসৈন্যগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত বীর ও মনস্বী ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন দূর হইতে সাত্যকিকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৯৮॥

এদিকে বিজয়িপ্রধান ও পুরুষশ্রেষ্ঠ সাত্যকি সমরাঙ্গনে উপস্থিত হইয়া ভীম ও ধৃষ্টদ্যুম্নের পশ্চাদ্ভাগ গ্রহণ করিলেন ॥৯৯॥

ক্রমে সাত্যকি ধনু ধারণপূর্ব্বক ভীষণ কার্য্য করিয়া রৌদ্রমূর্ত্তিতে কলিঙ্গ-সৈন্যের দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥১০০॥

সেই সময়ে ভীমসেন কলিঙ্গসৈন্যমধ্যে একটা রক্তপ্রবাহিনী নদী প্রবর্ত্তিত করিলেন; মাংস ও ঘনীভূত রক্ত তাহার কর্দ্দম হইল ॥১০১॥

মহাবল ভীমসেন কলিঙ্গসৈন্য ও পাণ্ডবসৈন্যের মধ্যে প্রবাহিনী সেই দুস্তর রক্তনদীটাকে অতিক্রম করিলেন ॥১০২॥

রাজা! আপনার পক্ষের সৈন্যেরা ভীমসেনকে সেইরূপ দেখিয়া উচ্চস্বরে বলিতে লাগিল—'স্বয়ং যম এই ভীমরূপে কলিঙ্গসৈন্যের সহিত যুদ্ধ করিতেছেন' ॥১০৩॥

(১০০) স কৃত্বা কদনং তত্র···জঘান সমরে পরান্—পি বা। (১০২) অন্তরেণ কলিঙ্গানাম্···তাং সন্ততার দুস্তারাম্···রা নি।

ততঃ শান্তনবো ভীষ্মঃ শ্রুত্বা তং নিনদং রণে।
অভ্যয়াত্ত্বরিতো ভীমং ব্যূঢ়ানীকঃ সমন্ততঃ ॥১০৪॥
তং সাত্যকির্ভীমসেনো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
অভ্যদ্রবন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্ ॥১০৫॥
পরিবার্য্য তু তে সর্বে গাঙ্গেয়ং তরসা রণে।
ত্রিভিস্ত্রিভিঃ শরৈর্ঘোরৈর্ভীষ্মমানর্চ্ছুরঞ্জসা ॥১০৬॥
প্রত্যবিধ্যত তান্ সর্বান্ পিতা দেবব্রতস্তব।
যতমানান্ মহেষ্বাসাংস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥১০৭॥
ততঃ শরসহস্রেণ সন্নিবার্য্য মহারথান্।
হয়ান্ কাঞ্চনসন্নাহান্ ভীমস্য ন্যহনচ্ছরৈঃ ॥১০৮॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ ভীমসেনঃ প্রতাপবান্।
শক্তিং চিক্ষেপ তরসা গাঙ্গেয়স্য রথং প্রতি ॥১০৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু, ব্যূঢ়ং ব্যূহরূপেণ নিবেশিতমনীকং যেন সঃ ॥১০৪॥
তমিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ, হেমপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥১০৫॥
পরীতি। তরসা বলেন। আনর্চ্ছুঃ প্রজহ্রুঃ, অঞ্জসা দ্রুতম্ ॥১০৬॥
প্রতীতি। যতমানান্ প্রহারায়। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥১০৭॥
তত ইতি। কাঞ্চনসন্নাহান্ স্বর্ণভূষিতান্। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥১০৮॥
হতেতি। শক্তিমস্ত্রবিশেষম্, তরসা বেগেন ॥১০৯॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে সেই কোলাহল শুনিয়া সকল দিকে সৈন্য সজ্জিত করিয়া সত্বর ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১০৪॥

তখন সাত্যকি, ভীমসেন ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইঁহারাও ভীষ্মের সেই স্বর্ণালঙ্কৃত রথের দিকে ধাবিত হইলেন ॥১০৫॥

এবং তাঁহারা সকলেই তিন তিনটা ভয়ঙ্কর বাণদ্বারা বলপূর্ব্বক সমরাঙ্গনে দ্রুত ভীষ্মকে প্রহার করিলেন ॥১০৬॥

তখন আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মও তিন তিনটা বাণদ্বারা যত্নশীল ও মহাধনুর্দ্ধর তাঁহাদের সকলকে প্রতিবিদ্ধ করিলেন ॥১০৭॥

তাহার পর ভীষ্ম বহুসংখ্যক বাণদ্বারা সেই মহারথদিগকে বারণ করিয়া অপর কতকগুলি বাণদ্বারা ভীমের স্বর্ণভূষিত অশ্বগুলিকে বধ করিলেন ॥১০৮॥

(১০৬) আনর্চ্ছুরোজসা—রা নি। (১০৮)…অভ্যহনচ্ছরৈঃ—পি বা।

অপ্রাপ্তামথ তাং শক্তিং পিতা দেবব্রতস্তব।
ত্রিধা চিচ্ছেদ সমরে সা পৃথিব্যামশীর্য্যত ॥১১০॥
ততঃ শৈক্যায়সীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
ভীমসেনো রথাত্তূর্ণং পুপ্লুবে মনুজর্ষভ! ॥১১১॥
সাত্যকোঽপি ততস্তূর্ণং ভীমস্য প্রিয়কাম্যয়া।
সারথিং কুরুবৃদ্ধস্য পাতয়ামাস সায়কৈঃ ॥১১২॥
ভীষ্মস্তু নিহতে তস্মিন্ সারথৌ রথিনাং বরঃ।
বাতায়মানৈস্তৈরশ্বৈরপনীতো রণাজিরাৎ ॥১১৩॥
ভীমসেনস্ততো রাজন্নপযাতে মহারথে।
প্রজজ্বাল যথা বহ্নির্দহন্ কক্ষমিবোল্বণঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

অপ্রাপ্তামিতি। অপ্রাপ্তামনাগতামেব। অশীর্য্যত শীর্ণা সতী পপাত ॥১১০॥
তত ইতি। শৈক্যায়সীং লৌহসারনির্ম্মিতাম্, গুর্বীং ভারবতীম্ ॥১১১॥
সাত্যক ইতি। সাত্যকঃ সাত্যকিঃ। কুরুবৃদ্ধস্য ভীষ্মস্য ॥১১২॥
ভীষ্ম ইতি। বাতায়মানৈঃ বায়ুবদাচরদ্ভিঃ দ্রুতমপসরদ্ভিরিত্যর্থঃ ॥১১৩॥
ভীমেতি। মহারথে ভীষ্মে। প্রজজ্বাল ক্রোধেন। কক্ষং তৃণরাশিম্। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥১১৪॥

তখন প্রতাপশালী ভীমসেন সেই হতাশ্ব রথে থাকিয়াই ভীষ্মের রথের উপরে বলপূর্বক একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥১০৯॥

তৎপরে আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সেই শক্তিটা আসিবার পূর্বেই সেটাকে তিন খণ্ডে ছেদন করিলেন; তখন সেটা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥১১০॥

নরশ্রেষ্ঠ! তাহার পর ভীমসেন লৌহসারনির্ম্মিত, ভারযুক্ত ও বিশাল গদা ধারণ করিয়া সত্বর রথ হইতে লাফাইয়া পড়িলেন ॥১১১॥

তৎপরে সাত্যকিও ভীমের প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় বাণদ্বারা সত্বর ভীষ্মের সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥১১২॥

রথিশ্রেষ্ঠ ভীষ্মের সারথি নিহত হইলে, বায়ুর ন্যায় বেগবান্ তাঁহার অশ্বগুলি তাঁহাকে সমরাঙ্গন হইতে লইয়া গেল ॥১১৩॥

রাজা! মহারথ ভীষ্ম অপসৃত হইলে, তাহার পর ভীমসেন তৃণরাশিদগ্ধকারী প্রবল অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিতে লাগিলেন ॥১১৪॥

(১১০)…পৃথিব্যাং সা ব্যশীর্য্যত—পি বা। (১১১)…ততস্তূর্ণম্…রা নি। (১১২)…গাঙ্গেয়সারথিং তূর্ণং পাতয়ামাস…রা নি। (১১৪)…কক্ষমিবৈধিতঃ—রা নি।

স হত্বা সর্বকালিঙ্গান্ সেনামধ্যে ব্যবস্থিতঃ।
নৈনমভ্যুৎসহন্ কেচিত্তাবকা ভরতর্ষভ ! ॥১১৫॥
ধৃষ্টদ্যুম্নস্তমারোপ্য স্বে রথে রথিনাং বরঃ।
পশ্যতাং সর্বসৈন্যানামপোবাহ যশস্বিনম্ ॥১১৬॥
সম্পূজ্যমানঃ পাঞ্চাল্যৈর্মৎস্যৈশ্চ ভরতর্ষভ ! ।
ধৃষ্টদ্যুম্নং পরিষ্বজ্য সমেয়াদথ সাত্যকিম্ ॥১১৭॥
অথাব্রবীদ্ভীমসেনং সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
প্রহর্ষয়ন্ যদুব্যাঘ্রো ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

স ইতি। অভ্যুৎসহন্ অশক্নুবন্ত, তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ ॥১১৫॥
ধৃষ্টেতি। তং ভীমম্, স্বে স্বকীয়ে। অপোবাহ রণাদপনিনায় ॥১১৬॥
সমিতি। সম্পূজ্যমানো যুদ্ধজয়াৎ প্রশস্যমানো ভীমঃ। সমেয়াদগচ্ছৎ ॥১১৭॥
অথেতি। প্রহর্ষয়ন্ আনন্দয়ন্ ভীমসেনমেব ॥১১৮॥

ভারতভাবদীপঃ

পতিতানি ॥৬০—৬৮॥ অশোকো বিশোকঃ ॥৬৯—৯৭॥ পারাবতার্থস্য মর্কটতিন্দুকসমানবর্ণার্থস্য। "পারাবতঃ কলরবে শৈলে মর্কটতিন্দুকে" ইতি বিশ্বঃ ॥৯৮—১০৫॥ আনর্চ্ছুঃ আচ্ছাদিতবন্তঃ ॥১০৬—১১২॥ বাতায়মানৈঃ ইতস্ততো ধাবদ্ভিঃ ॥১১৩—১২২॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৪॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে ভীমসেন সমস্ত কলিঙ্গসৈন্য সংহার করিয়া আপন সৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলেন; কিন্তু তৎকালে আপনার পক্ষের কোন যোদ্ধাই তাঁহাকে বারণ করিতে সমর্থ হইল না ॥১১৫॥

তৎপরে রথিশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন সমস্ত সৈন্যের সমক্ষেই যশস্বী ভীমসেনকে আপন রথে তুলিয়া লইয়া চলিয়া গেলেন ॥১১৬॥

ভরতশ্রেষ্ঠ! তখন পাঞ্চালসৈন্য ও মৎস্যসৈন্যেরা ভীমসেনের প্রশংসা করিতে লাগিল এবং তিনি ধৃষ্টদ্যুম্নকে আলিঙ্গন করিয়া সাত্যকির নিকটে চলিয়া গেলেন ॥১১৭॥

তাহার পর যথার্থবিক্রমশালী ও যদুবংশশ্রেষ্ঠ সাত্যকি ধৃষ্টদ্যুম্নের সমক্ষে ভীমসেনকে আনন্দিত করিতে থাকিয়া তাঁহাকে বলিলেন—॥১১৮॥

(১১৫)…সেনামধ্যে ব্যতিষ্ঠত…রা নি। (১১৬)…স্বরথে…রা নি। (১১৮)…ধৃষ্টদ্যুম্নস্য পশ্যতঃ—পি বা।

দিষ্ট্যা কলিঙ্গরাজশ্চ রাজপুত্রশ্চ কেতুমান্।
শক্রদেবশ্চ কালিঙ্গঃ কলিঙ্গাশ্চ মৃধে হতাঃ ॥১১৯॥
স্ববাহুবলবীর্য্যেণ নাগাশ্বরথসঙ্কুলঃ।
মহাপুরুষভূয়িষ্ঠো বীরযোধনিষেবিতঃ।
মহাব্যূহঃ কলিঙ্গানামেকেন সূদিতস্ত্বয়া ॥১২০॥
এবমুক্ত্বা শিনের্নপ্তা দীর্ঘবাহুররিন্দমঃ।
রথাদ্রথমভিদ্রুত্য পর্য্যষ্বজত পাণ্ডবম্ ॥১২১॥
ততঃ স্বরথমাস্থায় পুনরেব মহারথঃ।
তাবকানবধীৎ ক্রুদ্ধো ভীমস্য বলমাদধৎ ॥১২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধে কলিঙ্গবধে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। কালিঙ্গঃ কলিঙ্গরাজপুত্রঃ। মৃধে যুদ্ধে ॥১১৯॥
স্বেতি। নাগা হস্তিনঃ। সূদিতো বিনাশিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২০॥
এবমিতি। শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ। পর্য্যষ্বজত আলিঙ্গৎ ॥১২১॥
তত ইতি। মহারথঃ সাত্যকিঃ। তাবকান্ ত্বৎপক্ষীয়ান্। আদধজ্জনয়ন্ ॥১২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

'মধ্যমপাণ্ডব! আপনি আজ ভাগ্যবশতঃ কলিঙ্গরাজ শ্রুতায়ুকে, তাঁহার পুত্র কেতুমান্ ও শক্রদেবকে এবং কলিঙ্গসৈন্যগণকে যুদ্ধে বিনাশ করিয়াছেন ॥১১৯॥

আর হস্তী, অশ্ব, রথ, মহাযোদ্ধা ও বীরসৈন্যগণে পরিপূর্ণ কলিঙ্গদেশীয় মহাব্যূহটাকে আপনি একাকীই আপন বাহুবলে বিধ্বস্ত করিয়াছেন' ॥১২০॥

অরিন্দম রাজা! এই কথা বলিয়া দীর্ঘবাহু সাত্যকি আপন রথ হইতে ভীমের রথে লাফাইয়া পড়িয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন ॥১২১॥

তাহার পর সাত্যকি পুনরায় আপন রথে আসিয়া ক্রুদ্ধ হইয়া ভীমের শক্তিবৃদ্ধি করিতে থাকিয়া আপনার পক্ষীয় সৈন্যগণকে বধ করিতে প্রবৃত্ত হইলেন' ॥১২২॥

(১১৯) দিষ্ট্যা কালিঙ্গরাজশ্চ···রা নি। (১২০) বীরযোধ···সূদিতস্ত্বয়া—রা নি। (১২১)···অরিন্দমঃ। রথাদ্রথমভিদ্রুত্য···পি বা।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততোঽপরাহ্ণভূয়িষ্ঠে তস্মিন্নহনি ভারত!।
রথনাগাশ্বপত্তীনাং সাদিনাঞ্চ মহাক্ষয়ে ॥১॥
দ্রোণপুত্রেণ শল্যেন কৃপেণ চ মহাত্মনা।
সমসজ্জত পাঞ্চাল্যস্ত্রিভিরেতৈর্মহারথৈঃ ॥২॥ (যুগ্মকম্)
স লোকবিদিতানশ্বান্ নিজঘান মহাবলঃ।
দ্রৌণেঃ পাঞ্চালদায়াদঃ শিতৈর্দশভিরাশুগৈঃ ॥৩॥
ততঃ শল্যরথং তূর্ণমাস্থায় হতবাহনঃ।
দ্রৌণিঃ পাঞ্চালদায়াদমভ্যবর্ষদথেষুভিঃ ॥৪॥
ধৃষ্টদ্যুম্নস্তু সংযুক্তং দ্রৌণিনা বীক্ষ্য ভারত!।
সৌভদ্রোঽভ্যপতত্তূর্ণং বিকিরন্ নিশিতান্ শরান্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। অপরাহ্ণস্য ভূয়িষ্ঠং বাহুল্যং যত্র তস্মিন্ সময়ে। নাগা হস্তিনঃ, পত্তয়ঃ পদাতয়ঃ, সাদিনঃ তত্তদারোহিণঃ। সমসজ্জত মিলিতঃ, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥১—২॥

স ইতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, পাঞ্চালদায়াদো ধৃষ্টদ্যুম্নঃ, আশুগৈর্বাণৈঃ ॥৩॥

তত ইতি। আস্থায় আরুহ্য। ইষুভির্বাণৈঃ ॥৪॥

ধৃষ্টেতি। সংযুক্তং যুদ্ধে মিলিতম্। সৌভদ্রঃ অভিমন্যুঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! তাহার পর সেই দিন অপরাহ্ণের অনেক সময় অতীত হইলে রথ, হস্তী, অশ্ব ও পদাতিগণের এবং আরোহিগণের অত্যন্ত ক্ষয় হইতে থাকিলে মহাত্মা অশ্বত্থামা, শল্য ও কৃপ এই তিন জন মহারথীর সহিত ধৃষ্টদ্যুম্ন মিলিত হইলেন ॥১—২॥

তখন মহাবল ধৃষ্টদ্যুম্ন দশটা শিলাশাণিত বাণদ্বারা অশ্বত্থামার লোকবিখ্যাত অশ্বগুলিকে সংহার করিলেন ॥৩॥

তৎপরে হতবাহন অশ্বত্থামা দ্রুত যাইয়া শল্যের রথে আরোহণ করিয়া ধৃষ্টদ্যুম্নের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

(১) গতপূর্ব্বাহ্ণভূয়িষ্ঠে···রথাশ্বনরনাগানাম্···পি, গতে পূর্ব্বাহ্ণসময়ে···রথাশ্বনরনাগানাম্ ···বা, গতপূর্ব্বাহ্ণভূয়িষ্ঠে···রা। (৫)···দ্রৌণিনা দৃষ্ট ভারত!···পি বা।

স শল্যং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ।
অশ্বত্থামানমষ্টাভির্বিব্যাধ পুরুষর্ষভঃ ॥৬॥
আর্জ্জুনিস্তু ততস্তূর্ণং দ্রৌণির্বিব্যাধ পত্রিণা।
শল্যো দ্বাদশভিশ্চাপি কৃপশ্চ নিশিতৈস্ত্রিভিঃ ॥৭॥
লক্ষ্মণস্তব পৌত্রস্তু সৌভদ্রং সমবস্থিতম্।
অভ্যবর্ত্তত সংহৃষ্টস্ততো যুদ্ধমবর্ত্তত ॥৮॥
দৌর্য্যোধনিস্তু সংক্রুদ্ধঃ সৌভদ্রং নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ সমরে রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥৯॥
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধো ভ্রাতরং ভরতর্ষভ!।
শরৈঃ পঞ্চাশতা ক্ষিপ্রং ক্ষিপ্রহস্তো ন্যবিধ্যত ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স পুরুষর্ষভঃ সৌভদ্রঃ ॥৬॥
আর্জ্জুনিমিতি। আর্জ্জুনিমভিমন্যুম্। পত্রিণা একেন বাণেন ॥৭॥
লক্ষ্মণ ইতি। পৌত্রো দুর্য্যোধনপুত্রত্বাৎ। সংহৃষ্টঃ অভিমন্যুনা সহ যুদ্ধলাভাৎ ॥৮॥
দৌর্য্যোধনিরিতি। স চ লক্ষ্মণঃ। তদদ্ভুতমিবাভবৎ, অভিমন্যোরপি তাড়নাৎ ॥৯॥
অভীতি। ভ্রাতরং লক্ষ্মণম্। ক্ষিপ্রহস্তঃ সত্বরাস্ত্রক্ষেপযোগ্যহস্তঃ ॥১০॥

ভরতনন্দন! এই সময়ে অশ্বত্থামার সহিত ধৃষ্টদ্যুম্নকে যুদ্ধে সম্মিলিত দেখিয়া অভিমন্যু সুতীক্ষ্ণ বাণ বর্ষণ করিতে করিতে সত্বর সে স্থানে উপস্থিত হইলেন ॥৫॥

এবং পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু পঞ্চবিংশতি শরদ্বারা শল্যকে, নবসংখ্যক শরদ্বারা কৃপকে, আর অষ্টসংখ্যক শরদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥৬॥

তাহার পর অশ্বত্থামা একটা বাণদ্বারা, শল্য বারটা বাণদ্বারা এবং কৃপ তিনটা তীক্ষ্ণ বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥৭॥

এই সময়ে আপনার পৌত্র লক্ষ্মণ আনন্দিত হইয়া সমরাবস্থিত অভিমন্যুর নিকটে উপস্থিত হইলেন; তাহার পর তাঁহাদের যুদ্ধারম্ভ হইল ॥৮॥

রাজা! দুর্য্যোধনপুত্র লক্ষ্মণ অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন; তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥৯॥

(৬)…বিব্যাধ ভরতর্ষভ!—পি বা। (৭)…শল্যোঽথ দশভিশ্চৈব…রা নি। (৮)…পর্য্যবস্থিতম্…সক্রুদ্ধঃ…পি বা। (৯) দৌর্য্যোধনিঃ সুসংক্রুদ্ধঃ…রা নি। (১০)…শরৈঃ পঞ্চাশতৈ রাজন্!…রা নি।

লক্ষ্মণোঽপি ততস্তস্য ধনুশ্চিচ্ছেদ পত্রিণা।
মুষ্টিদেশে মহারাজ! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥১১॥
তদ্বিহায় ধনুশ্ছিন্নং সৌভদ্রঃ পরবীরহা।
অন্যদাদত্তবাংশ্চিত্রং কার্ষ্মুকং বেগবত্তরম্ ॥১২॥
তৌ তত্র সমরে যুক্তৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
অন্যোন্যং বিশিখৈস্তীক্ষ্ণৈর্জঘ্নতুঃ পুরুষর্ষভৌ ॥১৩॥
ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা পুত্রং মহাবলম্।
পীড়িতং তব পৌত্রেণ প্রায়াত্তত্র জনেশ্বরঃ ॥১৪॥
সন্নিবৃত্তে তব সুতে সর্ব এব জনাধিপাঃ।
আর্জ্জুনিং রথবংশেন সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥১৫॥

ভারতকৌমুদী

লক্ষ্মণ ইতি। জনাঃ কুরুপক্ষীয়াঃ, উচ্চুক্রুশুঃ উচ্চৈরানন্দকোলাহলং চক্রুঃ ॥১১॥
তদিতি। বেগবত্তরং গুরুতরবেগেনাপ্যাকর্ষণসহম্ ॥১২॥
তাবিতি। কৃতস্য পরকৃতপ্রহারস্য প্রতিকৃতৈষিণৌ প্রতীকারাভিলাষিণৌ ॥১৩॥
তত ইতি। পৌত্রেণ পৌত্রপর্য্যায়েণ অভিমন্যুনা, তত্র পুত্রান্তিকে ॥১৪॥
সন্নিবৃত্ত ইতি। আর্জ্জুনিমভিমন্যুম্, রথানাং বংশেন সমূহেন ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ! তখন লঘুহস্ত অভিমন্যুও অতিশয় ক্রুদ্ধ হইয়া সত্বরই পঞ্চাশটা বাণদ্বারা লক্ষ্মণকে বিদ্ধ করিলেন ॥১০॥

মহারাজ! তৎপরে লক্ষ্মণও একটা বাণদ্বারা অভিমন্যুর ধনুখানাকে মুষ্টিদেশে ছেদন করিলেন; তাহাতে কৌরবপক্ষীয় লোকেরা উচ্চস্বরে আনন্দকোলাহল করিয়া উঠিল ॥১১॥

তখন বিপক্ষবীরহন্তা অভিমন্যু সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া অন্য একখানা বিচিত্র ও সুদৃঢ় ধনু গ্রহণ করিলেন ॥১২॥

তখন সেই পুরুষশ্রেষ্ঠেরা দুই জনে যুদ্ধে মিলিত এবং পরকৃত প্রহারের প্রতীকারাভিলাষী হইয়া তীক্ষ্ণবাণদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর নরনাথ রাজা দুর্য্যোধন মহাবল পুত্র লক্ষ্মণকে অভিমন্যুকর্ত্তৃক পীড়িত দেখিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৪॥

আপনার পুত্র দুর্য্যোধন অভিমন্যুর দিকে ধাবিত হইলে কৌরবপক্ষীয় রাজারা সকলেই যাইয়া রথসমূহদ্বারা সকল দিকে অভিমন্যুকে বেষ্টন করিলেন ॥১৫॥

(১৪)···পুত্রং মহারথম্···তত্র প্রজেশ্বরঃ—রা নি।

স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ শূরো যুধি সুদুর্জ্জয়ৈঃ।
ন স্ম প্রব্যথতে রাজন্! কৃষ্ণতুল্যপরাক্রমঃ ॥১৬॥
সৌভদ্রমথ সংযুক্তং দৃষ্ট্বা তত্র ধনঞ্জয়ঃ।
অভিদুদ্রাব সংক্রুদ্ধস্ত্রাতুকামঃ স্বমাত্মজম্ ॥১৭॥
ততঃ সরথনাগাশ্বা ভীষ্মদ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত রাজানঃ সহিতাঃ সব্যসাচিনম্ ॥১৮॥
উদ্ধূতং সহসা ভৌমং নাগাশ্বরথপত্তিভিঃ।
দিবাকররথং প্রাপ্য রজস্তীব্রমদৃশ্যত ॥১৯॥
তানি নাগসহস্রাণি ভূমিপালশতানি চ।
তস্য বাণপথং প্রাপ্য নাভ্যবর্ত্তন্ত সর্ব্বশঃ ॥২০॥
প্রণেদুঃ সর্বভূতানি বভূবুস্তিমিরা দিশঃ।
কুরূণাঞ্চানয়ন্তীব্রঃ সমদৃশ্যত দারুণঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। স আর্জ্জুনিঃ। ন প্রব্যথতে স্ম ন বিভেতি স্ম ॥১৬॥
সৌভদ্রমিতি। সৌভদ্রমভিমন্যুম্, সংযুক্তং বিপক্ষবীরৈর্মিলিতম্ ॥১৭॥
তত ইতি। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্ত। সব্যসাচিনমর্জ্জুনম্ ॥১৮॥
উদ্ধূতমুত্তোলিতম্। প্রাপ্য স্থিতম্, রজো ধূলিঃ ॥১৯॥
তানীতি। নাগা হস্তিনঃ। তস্য সব্যসাচিনঃ। নাভ্যবর্ত্তন্ত অভিগন্তুং নাশকুবন্ ॥২০॥

রাজা! মহাবীর ও কৃষ্ণের তুল্য পরাক্রমশালী অভিমন্যু বীর ও অতি-দুর্জ্জয় রাজগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়াও ভীত হইলেন না ॥১৬॥

তাহার পর অর্জ্জুন অভিমন্যুকে রাজাদের সহিত মিলিত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আপন পুত্রকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৭॥

তদনন্তর কুরুপক্ষীয় রাজারা সম্মিলিত হইয়া ভীষ্ম ও দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া হস্তী, অশ্ব ও রথের সহিত অর্জ্জুনের দিকে দ্রুত যাইতে লাগিলেন ॥১৮॥

এই সময়ে দেখা গেল—হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহের চরণাঘাতে উৎপন্ন ভূতলের ধূলিরাশি সূর্য্যের রথপর্য্যন্ত যাইয়া উঠিতেছে ॥১৯॥

ওদিকে সেই সহস্র সহস্র হস্তী ও শত শত রাজা অর্জ্জুনের বাণপথে যাইয়া আর অগ্রসর হইতে পারিলেন না ॥২০॥

(১৬)…সুদুর্জ্জয়ঃ ; পি বা। (১৭)…সংসক্তং দৃষ্ট্বা…অভিদুদ্রাব বেগেন…রা নি।

নাপ্যন্তরীক্ষং ন দিশো ন ভূমির্ন চ ভাস্করঃ।
প্রাজ্ঞায়ত নরশ্রেষ্ঠ! শরসংঘৈঃ কিরীটিনঃ ॥২২॥
সাদিতা রথনাগাশ্চ হতাশ্বা রথিনো রণে।
বিপ্রদ্রুতরথাঃ কেচিদদৃশ্যন্তে রথযূথপাঃ ॥২৩॥
বিরথা রথিনশ্চান্যে ধাবমানাস্ততস্ততঃ।
তত্র তত্রৈব দৃশ্যন্তে সায়ুধাঃ সাঙ্গদৈর্ভুজৈঃ ॥২৪॥
হয়ারোহা হয়াংস্ত্যক্ত্বা গজারোহাশ্চ দন্তিনঃ।
অর্জ্জুনস্য ভয়াদ্রাজন্! সমন্তাদ্বিপ্রদুদ্রুবুঃ ॥২৫॥
রথেভ্যশ্চ গজেভ্যশ্চ হয়েভ্যশ্চ নরাধিপাঃ।
পাতিতাঃ পাত্যমানাশ্চ দৃশ্যন্তেঽর্জ্জুনসায়কৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

প্রণেদুরিতি। তিমিরা রজোভিস্তিমিরাবৃতাঃ। অনয়ো দুর্নীতিফলম্ ॥২১॥
নেতি। শরসংঘৈরাবৃতত্বাদেবেতি সর্বত্র ভাবঃ ॥২২॥
সাদিতা ইতি। বিপ্রদ্রুতাঃ পলায়িতা রথা যেষাং তে, রথযূথপা রথিশ্রেষ্ঠাঃ ॥২৩॥
বিরথা ইতি। তত্র তত্রৈব দৃশ্যন্তে ন পুনরগ্রেসরাঃ, অর্জ্জুনশরৈর্বারণাৎ ॥২৪॥
হয়েতি। দন্তিনস্ত্যক্ত্বেতি সম্বন্ধঃ। বিপ্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥২৫॥
রথেভ্য ইতি। নরাধিপা যোদ্ধারঃ। দৃশ্যন্তে স্ম অস্মদাদিভিঃ ॥২৬॥

সকল প্রাণী অর্ত্তনাদ করিতে লাগিল এবং সমস্ত দিক্ অন্ধকারাবৃত হইল। সুতরাং কৌরবগণের সাতিশয় ও ভয়ঙ্কর দুর্নীতির ফল তখন দেখা যাইতে লাগিল ॥২১॥

নরনাথ! অর্জ্জুনের বাণসমূহে আকাশ, দিক্, ভূতল ও সূর্য্য—এগুলির কোনটাকেই দেখা গেল না ॥২২॥

তখন আমরা দেখিলাম—রথ ভগ্ন, হস্তী বিনষ্ট ও রথিগণের অশ্বসকল নিহত হইয়াছে এবং রথিশ্রেষ্ঠগণের রথগুলি পলায়ন করিতেছে ॥২৩॥

আর দেখিলাম—অন্য রথীরা নানা দিক্ হইতে দ্রুত আসিয়া রথবিহীন হইতেছেন এবং কেয়ূরভূষিতবাহু ও অস্ত্রধারী যোদ্ধারা সেই সেই স্থানেই থাকিতেছেন (কিন্তু মোটেই অগ্রসর হইতে পারিতেছেন না) ॥২৪॥

রাজা! অর্জ্জুনের ভয়ে অশ্বারোহীরা অশ্বগুলিকে এবং গজারোহীরা গজসমূহকে ত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥২৫॥

(২২)…প্রজজ্ঞে ভরতশ্রেষ্ঠ! শস্ত্রসংঘৈঃ…রা নি। (২৩) পাতিতধ্বজনাগাস্ত হতাশ্বা রথিনো ভৃশম্—পি বা। (২৬)…অর্জ্জুনতাড়িতাঃ—পি, পতিতাঃ পাত্যমানাশ্চ…রা নি।

সগদানুদ্যতান্ বাহূন্ সখড়্গাংশ্চ বিশাংপতে ! ।
সপ্রাসাংশ্চ সতূণীরান্ সশরান্ সশরাসনান্ ॥২৭॥
সাঙ্কুশান্ সপতাকাংশ্চ তত্র তত্রার্জ্জুনো নৃণাম্ ।
নিচকর্ত্ত শরৈরুগ্রৈ রৌদ্রং বপুরধারয়ৎ ॥২৮॥ (যুগ্মকম্)
পরিঘাণাং বিদীর্ণানাং মুদ্গরাণাঞ্চ মারিষ ! ।
প্রাসানাং ভিন্দিপালানাং নিস্ত্রিংশানাঞ্চ সংযুগে ॥২৯॥
পরশ্বধানাং তীক্ষ্ণানাং তোমরাণাঞ্চ ভারত ! ।
বর্ম্মণাং চাপবিদ্ধানাং কাঞ্চনানাঞ্চ ভূমিপ ! ॥৩০॥
ধ্বজানাং চর্ম্মণাঞ্চৈব ব্যজনানাঞ্চ সর্ব্বশঃ ।
ছত্রাণাং হেমদণ্ডানাং তোমরাণাঞ্চ ভারত ! ॥৩১॥
প্রতোদানাঞ্চ যোক্ত্রাণাং কশানাঞ্চৈব মারিষ ! ।
রাশয়ঃ স্মাত্র দৃশ্যন্তে বিনিকীর্ণা রণক্ষিতৌ ॥৩২॥ (কলাপকম্)
নাসীত্তত্র পুমান্ কশ্চিত্তব সৈন্যস্য ভারত ! ।
যোঽর্জ্জুনং সমরে শূরং প্রত্যুদ্যায়াৎ কথঞ্চন ॥৩৩॥

ভারতকৌমুদী

সগদানিতি। সশরাসনান্ সকার্ম্মুকান্। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥২৭—২৮॥

পরিঘাণামিতি। বিদীর্ণানাম্ অর্জ্জুনেনৈব। অপবিদ্ধানাম্ অর্জ্জুনেন ছিন্না পাতিতানাম্। বিভিন্নজাতীয়তয়া তোমরাণাং দ্বিরুক্তিঃ। বিনিকীর্ণাঃ ক্ষিপ্তাঃ ॥২৯—৩২॥

নেতি। প্রত্যুদ্যায়াৎ যোদ্ধুমভিগচ্ছেৎ ॥৩৩॥

আমরা ইহাও দেখিলাম—অর্জুনের বাণ সকল যাইয়া যোদ্ধাদিগকে রথ, হস্তী ও অশ্ব হইতে নিপাতিত করিয়াছে ও করিতেছে ॥২৬॥

নরনাথ! ক্রমে অর্জুন রৌদ্র মূর্ত্তি ধারণ করিলেন এবং ভীষণ বাণসমূহদ্বারা গদা, তরবারি, প্রাস, তূণ, বাণ, ধনু, অঙ্কুশ ও পতাকাধারী যোদ্ধৃগণের বাহুগুলিকে ছেদন করিতে লাগিলেন ॥২৭—২৮॥

মাননীয় ভরতনন্দন! বিদীর্ণ পরিঘ, মুদ্গর, প্রাস, ভিন্দিপাল, তরবারি, পরশু, তীক্ষ্ণ তোমর, দেহচ্যুত স্বর্ণময় বর্ম্ম, ধ্বজ, চর্ম্ম, ব্যজন, স্বর্ণদণ্ড ছত্র, তোমর, প্রতোদ (বৃহৎ চাবুক) যোৎ ও কশা (ক্ষুদ্র চাবুক), রাশি রাশি এই পদার্থগুলি সমরাঙ্গনে বিক্ষিপ্ত অবস্থায় দেখা গেল ॥২৯—৩২॥

(২৮)···রৌদ্রং রূপমধারয়ৎ—পি বা। (২৯) পরিঘাণাং প্রদীপ্তানাম্···রা নি। (৩৩)···প্রত্যুদীয়াৎ কথঞ্চন—পি বা।

যো যো হি সমরে পার্থং প্রত্যুদ্‌যাতি বিশাংপতে ! ।
স সংখ্যে বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পরলোকায় নীয়তে ॥৩৪॥
তেষু বিদ্রবমাণেষু তব যোধেষু সর্বশঃ ।
অর্জ্জুনো বাসুদেবশ্চ দধ্মতুর্বারিজোত্তমৌ ॥৩৫॥
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা পিতা দেবব্রতস্তব ।
অব্রবীৎ সমরে শূরং ভারদ্বাজং স্ময়ন্নিব ॥৩৬॥
এষ পাণ্ডুসুতো বীরঃ কৃষ্ণেন সহিতো বলী ।
তথা করোতি সৈন্যানি যথা কুর্য্যান্ন কশ্চন ॥৩৭॥
ন হ্যেষ সমরে শক্যো জেতুমদ্য কথঞ্চন ।
যথাঽস্য দৃশ্যতে রূপং কালান্তকযমোপমম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

য ইতি। সংখ্যে যুদ্ধে, বিশিখৈর্বাণৈঃ। নীয়তে অর্জ্জুনেন ॥৩৪॥
তেষিতি। বিদ্রবমাণেষু পলায়মানেষু। বারিজোত্তমৌ শঙ্খশ্রেষ্ঠৌ ॥৩৫॥
তদিতি। প্রভগ্নং বিচ্ছিন্নম্। ভারদ্বাজং দ্রোণম্, স্ময়ন্ বিস্ময়ং প্রাপ্নুবন্ ॥৩৬॥
এষ ইতি। সৈন্যানি কৌরববলানি, কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুয়াৎ ॥৩৭॥
নেতি। যথা যতঃ, অস্য পাণ্ডুসুতস্য ॥৩৮॥

ভরতনন্দন ! আপনার সৈন্যের মধ্যে এমন কোন লোক ছিল না, যে, সমরাঙ্গনে কোন প্রকারে মহাবীর অর্জুনের সম্মুখে যাইতে পারে ॥৩৩॥

নরনাথ ! যে যে লোক যুদ্ধে অর্জুনের সম্মুখে যাইতে লাগিল, অর্জুন যুদ্ধে তীক্ষ্ণ বাণদ্বারা সেই সেই লোককেই যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৩৪॥

মহারাজ ! আপনার সেই সকল যোদ্ধা পলায়ন করিতে লাগিলে, কৃষ্ণ ও অর্জুন উত্তম শঙ্খধ্বনি করিলেন ॥৩৫॥

সেই সৈন্য বিচ্ছিন্ন হইয়াছে দেখিয়া আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম বিস্ময়াপন্ন হইয়াই যেন সমরাঙ্গনে বীর দ্রোণকে বলিলেন—॥৩৬॥

'বীর ও বলবান্ এই অর্জুন কৃষ্ণের সহিত মিলিত হইয়া আমাদের সৈন্যগুলিকে সেইরূপ করিতেছেন, যেরূপ কেহ করিতে পারে না ॥৩৭॥

অথ চ আজ কোন প্রকারেই ইঁহাকে যুদ্ধে জয় করিতে পারা যাইবে না। যে হেতু কালান্তকযমের ন্যায় ইঁহার রূপ দেখা যাইতেছে ॥৩৮॥

(৩৫)···শঙ্খং দধ্মতুরুত্তমৌ—পি বা। (৩৭)···বীর !···যথা কুর্য্যাদ্ধনঞ্জয়ঃ—বা রা নি। (৩৮)···বিজেতুং হি কথঞ্চন—রা নি।

ন নিবর্ত্তয়িতুঞ্চাপি শক্যেয়ং মহতী চমূঃ।
অন্যোন্যপ্রেক্ষয়া পশ্য দ্রবতীয়ং বরূথিনী ॥৩৯॥
এষ চাস্তং গিরিশ্রেষ্ঠং ভানুমান্ প্রতিপদ্যতে।
চক্ষূংষি সর্বলোকস্য সংহরন্নিব সর্বথা ॥৪০॥
তত্রাবহারং সংপ্রাপ্তং মন্যেঽহং পুরুষর্ষভ!।
শ্রান্তা ভীতাশ্চ নো যোধা ন যোৎস্যন্তি কথঞ্চন ॥৪১॥
এবমুক্ত্বা ততো ভীষ্মো দ্রোণমাচার্য্যসত্তমম্।
অবহারমথো চক্রে তাবকানাং মহারথঃ ॥৪২॥
ততঃ সরথনাগাশ্বা জয়ং প্রাপ্য সসোমকাঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চৈব প্রণেদুশ্চ পুনঃ পুনঃ ॥৪৩॥
প্রযযুঃ শিবিরায়ৈব ধনঞ্জয়পুরস্কৃতাঃ।
বাদিত্রঘোষৈঃ সংহৃষ্টাঃ প্রণদন্তো মহারথাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। অন্যোন্যপ্রেক্ষয়া পরস্পরপলায়নদর্শনেন। বরূথিনী সেনা ॥৩৯॥
এষ ইতি। ভানুমান্ সূর্য্যঃ, প্রতিপদ্যতে গচ্ছতি ॥৪০॥
তত্রেতি। তত্র তেন হেতুনেত্যর্থঃ, অবহারং যুদ্ধবিরামম্, সংপ্রাপ্তমুচিতম্ ॥৪১॥
এবমিতি। অবহারং যুদ্ধবিরামম্, তাবকানাং তব সৈন্যানাম্ ॥৪২॥
তত ইতি। নাগা হস্তিনঃ। প্রণেদুঃ প্রকর্ষেণ সিংহনাদং চক্রুঃ ॥৪৩॥

আবার এই বিশাল সেনাকে ফিরাইতেও পারা যাইবে না। দেখুন—এই সেনা পরস্পরের পলায়ন দর্শন করিয়া পলায়ন করিতেছে ॥৩৯॥

এদিকে এই সূর্য্যও সমস্ত লোকের দৃষ্টিশক্তি হরণ করতই যেন অস্তাচলে গমন করিতেছেন ॥৪০॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! আমি মনে করি—এখন যুদ্ধের বিরাম করাই উচিত। কারণ, আমাদের যোদ্ধারা পরিশ্রান্ত ও ভীত হইয়া পড়িয়াছে বলিয়া কোন প্রকারেই আজ আর যুদ্ধ করিতে পারিবে না' ॥৪১॥

তাহার পর মহারথ ভীষ্ম আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণকে এইরূপ বলিয়া তৎপরে আপনার সৈন্যগণের অবহার করিলেন ॥৪২॥

তদনন্তর হস্তী, অশ্ব, রথ ও সোমকগণের সহিত সম্মিলিত পাঞ্চালগণ ও পাণ্ডবগণ জয়লাভ করিয়া বার বার সিংহনাদ করিলেন ॥৪৩॥

(৪৩)…দ্রোণাচার্য্যমনুত্তমম্…পি বা। (৪৩) (৪৪) ইদং শ্লোকদ্বয়ং পি বা ব রা নাস্তি।

ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত ! ।
অস্তং গচ্ছতি সূর্য্যেঽভূৎ সন্ধ্যাকালে চ বর্ত্ততি ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধং নাম পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

প্রভাতায়াস্তু শর্ব্বর্য্যাং ভীষ্মঃ শান্তনবস্ততঃ ।
অনীকান্যথ সংযানে ব্যাদিদেশ পরন্তপঃ ॥১॥

ভারতকৌমুদী

প্রযযুরিতি। বাদিত্রঘোষৈর্বাদ্যধ্বনিভিঃ, প্রণদন্তঃ শব্দং কুর্ব্বন্তঃ ॥৪৪॥
তত ইতি। অবহারো যুদ্ধবিরামঃ। তেষাং পাণ্ডবানাম্। বর্ত্ততি বর্ত্তমানে ॥৪৫॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

প্রভাতায়ামিতি। শর্ব্বর্য্যাং রাত্রৌ। অনীকানি সৈন্যানি, সংযানে যুদ্ধপ্রয়াণে ॥১॥

ভারতভাবদীপঃ

গতেতি ॥১—৩৬॥ যথা কুর্য্যাদ্ধনঞ্জয়ঃ—ধনঞ্জয়োঽগ্নিরর্জ্জুনো বা স যথা কুর্য্যাদিত্য-সাধারণ্যোক্তিঃ ॥৩৭—৩৮॥ অন্যোন্যপ্রেক্ষয়া পরস্পরভঙ্গদর্শনেন ॥৩৯—৪৪॥ বর্ত্ততি বর্ত্তমানে ॥৪৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

ক্রমে পাণ্ডবপক্ষীয় মহারথেরা আনন্দিত হইয়া বাদ্যধ্বনি সহকারে কোলাহল করিতে থাকিয়া অর্জুনকে অগ্রবর্ত্তী করিয়া শিবিরের দিকেই প্রস্থান করিলেন ॥৪৪॥

ভরতনন্দন! তৎপরে সূর্য্য অস্তগত এবং সন্ধ্যাকাল উপস্থিত হইলে, আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের সৈন্যগণের অবহার হইল' ॥৪৫॥

(৪৫)···প্রণদন্তঃ ··নি। (১) প্রভাতায়াঞ্চ···শান্তনবস্তদা। অনীকান্যনুসংযানে ব্যাদিদেশাথ ভারত !—রা নি।

গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।
পুত্রাণাং তে জয়াকাঙ্ক্ষী বৃদ্ধঃ কুরুপিতামহঃ ॥২॥
গরুড়স্য স্বয়ং তুণ্ডে পিতা দেবব্রতস্তব।
চক্ষুষী চ ভরদ্বাজঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥৩॥
অশ্বত্থামা কৃপশ্চৈব শিরস্যাস্তাং যশস্বিনৌ।
ত্রৈগর্ত্তৈর্ম্মৎস্যকৈকেয়ৈর্বাটধানৈশ্চ সংযুতৌ ॥৪॥
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ!।
মদ্রকাঃ সিন্ধুসৌবীরাস্তথা পাঞ্চনদাশ্চ যে ॥৫॥
জয়দ্রথেন সহিতা গ্রীবায়াং সন্নিবেশিতাঃ।
পৃষ্ঠে দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গারুড়মিতি। গারুড়ং গরুড়াকৃতিতুল্যং তদাখ্যম্ ॥২॥

গরুড়স্যেতি। তুণ্ডে মুখে। ভরদ্বাজো দ্রোণঃ, সাত্বতো যদুবংশীয়ঃ ॥৩॥

অশ্বেতি। 'শিরো মস্তকম্, আস্তাম্ অভবতাম্। বিধেয়প্রাধান্যেঽপি "উদ্দেশ্যবিধেয়য়োরুদ্দেশ্যবচনত্বমাখ্যাতস্য" ইতি নিয়মানুদ্দেশ্যানুসারেণ দ্বিবচনম্ ॥৪॥

ভূরীতি। হে মারিষ! আর্য্য!। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥৫—৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর রাত্রি প্রভাত হইলে, শত্রু-সন্তাপকারী শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে যাইবার জন্য সৈন্যগণকে আদেশ করিলেন ॥১॥

এবং কুরুপিতামহ ও বৃদ্ধ ভীষ্ম আপনার পুত্রগণের জয়াকাঙ্ক্ষী হইয়া তখন গারুড়নামক মহাব্যূহ রচনা করিলেন ॥২॥

আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম নিজে সেই গরুড়ব্যূহের মুখস্থানে থাকিলেন এবং দ্রোণ ও যদুবংশীয় কৃতবর্ম্মা তাহার নয়নযুগল হইলেন ॥৩॥

ত্রিগর্ত্ত, মৎস্য, কেকয় ও বাটধানদেশীয় সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া অশ্বত্থামা ও কৃপাচার্য্য তাহার মস্তক হইলেন ॥৪॥

মাননীয় রাজা! ভূরিশ্রবা, শল, শল্য ও ভগদত্তকে এবং মদ্র, সিন্ধু, সৌবীর ও পঞ্চনদদেশের যে সকল সৈন্য ছিল তাহাদিগকে জয়দ্রথের সহিত ব্যূহের গ্রীবাদেশে সন্নিবেশিত করিলেন এবং অনুচরগণের সহিত সহোদরগণে পরিবেষ্টিত করিয়া রাজা দুর্য্যোধনকে ব্যূহের পৃষ্ঠদেশে রাখিলেন ॥৫—৬॥

(২)···ভীষ্মঃ কুরুপিতামহঃ—রা নি। (৩)··চক্ষুষী তু···পি বা। (৪)···সংযুতৈঃ···পি,··· সংযুগে—ব রা নি।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজাশ্চ শকৈঃ সহ।
পুচ্ছমাসন্ মহারাজ! শূরসেনাশ্চ মারিষ! ॥৭॥
মাগধাশ্চ কলিঙ্গাশ্চ দাসেরকগণৈঃ সহ।
দক্ষিণং পক্ষমাসাদ্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ ॥৮॥
কারূষাশ্চ বিকুঞ্জাশ্চ মুণ্ডাঃ কুণ্ডীবৃষাস্তথা।
বৃহদ্বলেন সহিতা বামপার্শ্বে সমাস্থিতাঃ ॥৯॥
বাক্যৈর্য়মিতি। বাক্যৈর্য়ঞ্চ কৃষ্ণমপি। স্বনবৎ সশব্দম্ ॥৬৩॥

ভরতনন্দন! তথাপি ভীষ্ম সুতীক্ষ্ণ বাণসমূহদ্বারা সমস্ত অঙ্গে কৃষ্ণ ও অর্জুনকে অত্যন্তগাঢ়ভাবে বিদ্ধ করিলেন ॥৬০॥

তখন ক্রুদ্ধ দুইটা মহাবৃষ যেমন পরস্পর শৃঙ্গাঘাতে রক্তাক্তদেহ হইয়া শোভা পায়, সেইরূপ সেই নরশ্রেষ্ঠেরা দুই জন ভীষ্মের শরে বিক্ষত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৬১॥

অত্যন্ত উৎসাহিত ও মহাক্রুদ্ধ ভীষ্ম আবারও বহুসংখ্যক বাণদ্বারা কৃষ্ণ ও অর্জুনের সমস্ত দিক্ আবৃত করিলেন ॥৬২॥

তখন ক্রুদ্ধ ভীষ্ম বিকট হাস্য করিয়া তীক্ষ্ণবাণদ্বারা মুহুর্মুহু পীড়ন করিতে থাকিয়া কৃষ্ণকেও বিচলিত করিয়া তুলিলেন ॥৬৩॥

ভীষ্ম প্রবল পরাক্রম প্রকাশ করিতেছেন, অথ চ অর্জুন মনোযোগ না দিয়া অল্প অল্প যুদ্ধ করিতেছেন; তা'র পর ভীষ্ম উভয়সৈন্যের মধ্যস্থানে আসিয়া অনবরত শরবর্ষণ করিতেছেন, সূর্য্যের ন্যায় পাণ্ডবসৈন্যকে সন্তপ্ত করিয়া তুলিয়াছেন, পাণ্ডবগণের প্রধান প্রধান সৈন্য বধ করিতেছেন এবং যুধিষ্ঠিরের

(৬২) পুনশ্চাপি স সংক্রুদ্ধঃ···বা,···কৃষ্ণয়োর্যুধি সংরব্ধো ভীষ্মঃ প্রাচ্ছাদয়দ্দিশঃ—কা নি।

অমৃষ্যমাণো ভগবান্ কেশবঃ পরবীরহা।
অচিন্তয়দমেয়াত্মা নাস্তি যৌধিষ্ঠিরং বলম্ ॥৬৭॥ (কলাপকম্)
একাহ্না হি রণে ভীষ্মো নাশয়েদ্দেবদানবান্।
কিমু পাণ্ডুসুতান্ যুদ্ধে সবলান্ সপদানুগান্ ॥৬৮॥
দ্রবতে চ মহাসৈন্যং পাণ্ডবস্য মহাত্মনঃ।
এতে চ কৌরবাস্তূর্ণং প্রভগ্নান্ বীক্ষ্য সোমকান্।
আদ্রবন্তি রণে হৃষ্টা হর্ষয়ন্তঃ পিতামহম্ ॥৬৯॥
সোঽহং ভীষ্মং নিহন্ম্যদ্য পাণ্ডবার্থায় দংশিতঃ।
ভারমেতং বিনেষ্যামি পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৭০॥
অর্জ্জুনো হি শরৈস্তীক্ষ্ণৈর্বধ্যমানোঽপি সংযুগে।
কর্ত্তব্যং নাভিজানাতি রণে ভীষ্মস্য গৌরবাৎ ॥৭১॥

ভারতকৌমুদী

তত্ ইতি। মৃদু অকিঞ্চিৎকরং যুদ্ধং যস্য স তস্য ভাবস্তাম্। প্রতপন্তং পাণ্ডবসেনাম্। বলে সৈন্যে। অমৃষ্যমাণঃ অসহমানঃ। নাস্তি সর্বনাশাদিত্যাশয়ঃ ॥৬৪—৬৭॥

অপরং কিমচিন্তয়দিত্যাহ চতুর্ভিঃ। একেতি। সপদানুগান্ সানুচরান্ ॥৬৮॥

দ্রবত ইতি। দ্রবতে পলায়তে। আদ্রবন্তি দ্রুতমাগচ্ছন্তি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৯॥

স ইতি। দংশিতঃ কৃতসন্নাহঃ। ভারং বিপক্ষসেনাপতিভূতভীষ্মরূপম্ ॥৭০॥

অর্জ্জুন ইতি। বধ্যমানোঽপি আহন্যমানোঽপি। কর্ত্তব্যং প্রতিপ্রহারম্ ॥৭১॥

সৈন্যের মধ্যে যেন প্রলয় ঘটাইতেছেন এই সকল ঘটনা দেখিয়া মহাবাহু, অলৌকিকশক্তিশালী ও বিপক্ষবীরহন্তা ভগবান্ কৃষ্ণ চিন্তা করিলেন—'যুধিষ্ঠিরের বল নষ্ট হইল ॥৬৪—৬৭॥

কারণ, ভীষ্ম যুদ্ধে একদিনেই দেবগণ এবং দানবগণকেও সংহার করিতে পারেন, তাহাতে সৈন্য ও অনুচরগণের সহিত পাণ্ডবগণকে যে সংহার করিবেন সে বিষয়ে আর বক্তব্য আছে কি ॥৬৮॥

মহাত্মা যুধিষ্ঠিরের বিশাল সৈন্য পলায়ন করিতেছে এবং এই কৌরবেরা সোমকদিগকে পলায়ন করিতে দেখিয়া আনন্দিত হইয়া ভীষ্মকেও আনন্দিত করিতে থাকিয়া দ্রুত যুদ্ধে আগমন করিতেছে ॥৬৯॥

এদিকে আমি যুদ্ধসজ্জায় সজ্জিতই আছি। সুতরাং আমি আজ পাণ্ডবদের জন্য ভীষ্মকে বধ করিব এবং মহাত্মা পাণ্ডবগণের এই ভার অপনীত করিব ॥৭০॥

(৬৮)··· কিমু পাণ্ডুসুতান্··· রা নি। (৬৯)···প্রাদ্রবন্তি রণে দৃষ্ট্বা···রা নি।

তথা চিন্তয়ন্তস্য ভূয় এব পিতামহঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ শরান্ পার্থরথং প্রতি ॥৭২॥
তেষাং বহুত্বাৎ সুভৃশং শরাণাং দিশোঽথ সর্বা পিহিতা বভূবুঃ।
ন চান্তরীক্ষং ন দিশো ন ভূমির্ন ভাস্করোঽদৃশ্যত রশ্মিমালী।
ববুশ্চ বাতাস্তুমুলাঃ সধূমা দিশশ্চ সর্বাঃ ক্ষুভিতা বভূবুঃ ॥৭৩॥
দ্রোণো বিকর্ণোঽথ জয়দ্রথশ্চ ভূরিশ্রবাঃ কৃতবর্ম্মা কৃপশ্চ।
শ্রুতায়ুরম্বষ্ঠপতিশ্চ রাজা বিন্দানুবিন্দৌ চ সুদক্ষিণশ্চ ॥৭৪॥
প্রাচ্যাশ্চ সৌবীরগণাশ্চ সর্বে বসাতয়ঃ ক্ষুদ্রকমালবাশ্চ।
কিরীটিনং ত্বরমাণাভিসস্রুর্নিদেশগাঃ শান্তনবস্য রাজ্ঞঃ ॥৭৫॥ (যুগ্মকম্)
তং বাজি-পাদাত-রথৌঘ-জালৈরনেকসাহস্রশতৈর্দদর্শ।
কিরীটিনং সংপরিবার্য্যমাণং শিনের্নপ্তা বারণযূথপৈশ্চ ॥৭৬॥

ভারতকৌমুদী

তথেতি। তস্যেত্যনাদরে ষষ্ঠী। ভূয়ঃ পুনঃ, পিতামহো ভীষ্মঃ ॥৭২॥

তেষামিতি। পিহিতা আবৃতাঃ। ক্ষুভিতা বিচলিতা ইব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৩॥

দ্রোণ ইতি। কলিঙ্গপতেঃ শ্রুতায়ুষঃ প্রাগেব বিনাশাৎ অয়মম্বষ্ঠপতী রাজা শ্রুতায়ুরিত্যুক্তম্। ত্বরমাণাভিসস্রুরিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষ. ॥৭৪—৭৫॥

কারণ, অর্জুন ভীষ্মের তীক্ষ্ণবাণে আহত হইতে থাকিয়াও তাঁহার প্রতি গৌরবনিবন্ধনই যুদ্ধের কর্ত্তব্য বিষয় বুঝিতেছেন না' ॥৭১॥

কৃষ্ণ এইরূপ চিন্তা করিতেছিলেন, এই অবস্থাতেও ক্রুদ্ধ ভীষ্ম পুনরায় অর্জুনের রথের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥৭২॥

ভীষ্মের বাণগুলি অত্যন্ত অধিক ছিল বলিয়া সমস্ত দিক্‌ই আবৃত হইয়া গেল; এমন কি—আকাশ, দিক্, ভূমি বা কিরণসমূহযুক্ত সূর্য্যকেও দেখা গেল না; আর ধূমের সহিত তুমুল বায়ু বহিত হইতে থাকিল এবং সকল দিক্ যেন কাঁপিতে লাগিল ॥৭৩॥

তাহার পর দ্রোণ, বিকর্ণ, জয়দ্রথ, ভূরিশ্রবা, কৃতবর্ম্মা, কৃপ, অম্বষ্ঠদেশাধিপতি শ্রুতায়ু, বিন্দ, অনুবিন্দ ও সুদক্ষিণ এবং পূর্ব্বদেশীয়, সৌবীরদেশীয়, বসাতিদেশীয়, ক্ষুদ্রকদেশীয় ও মালবদেশীয় যোদ্ধারা সকলে ভীষ্মের আদেশক্রমে সত্বর অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭৪—৭৫॥

(৭৩) তেষাং বহুত্বাত্ত্ব ভৃশম্…দিশশ্চ…রা নি। (৭৪)…সর্ব্বাঃ পিহিতা বভূবুঃ—পি বা। (৭৫)…ত্বরমাণা বিসস্রুঃ…পি বা।

ততস্তু দৃষ্ট্বার্জ্জুনবাসুদেবৌ পদাতিনাগাশ্বরথৈঃ সমন্তাৎ।
অভিদ্রুতৌ শস্ত্রভৃতাং বরিষ্ঠৌ শিনিপ্রবীরোঽভিসসার তূর্ণম্ ॥৭৭॥
স তান্যনীকানি মহাধনুষ্মান্ শিনিপ্রবীরঃ সহসাভিপত্য।
চকার সাহায্যমথার্জ্জুনস্য বিষ্ণুর্যথা বৃত্রনিসূদনস্য ॥৭৮॥
বিশীর্ণনাগাশ্বরথধ্বজৌঘং ভীষ্মেণ বিত্রাসিতসর্বযোধম্।
যুধিষ্ঠিরানীকমভিদ্রবন্তং প্রোবাচ সংদৃশ্য শিনিপ্রবীরঃ ॥৭৯॥
ক ক্ষত্রিয়া যাস্যথ নৈষ ধর্ম্মঃ সতাং পুরস্তাৎ কথিতঃ পুরাণৈঃ।
মা স্বাং প্রতিজ্ঞাং ত্যজত প্রবীরাঃ! স্বং বীরধর্ম্মং পরিপালয়ধ্বম্ ॥৮০॥

ভারতকৌমুদী

তমিতি। কিরীটিনমর্জ্জুনম্, সংপরিবার্য্যমাণং পরিবেষ্ট্যমানম্, শিনের্নপ্তা সাত্যকিঃ ॥৭৬॥
তত ইতি। অভিদ্রুতৌ অভিস্থতৌ। অভিসসার অভিজগাম ॥৭৭॥
স ইতি। অনীকানি পাণ্ডবসৈন্যানি। বৃত্রনিসূদনস্য বৃত্রহন্তুরিন্দ্রস্য ॥৭৮॥
বিশীর্ণেতি। অভিদ্রবন্তং পলায়মানম্। শিনিপ্রবীরঃ সাত্যকিঃ ॥৭৯॥
কেতি। হে ক্ষত্রিয়াঃ সৈন্যভূতাঃ!। পুরাণৈঃ প্রাচীনৈর্মন্বাদিভিঃ ॥৮০॥

তখন দূর হইতে সাত্যকি দেখিলেন—কুরুপক্ষের শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী, পদাতি, রথী ও গজারোহী আসিয়া অর্জুনকে পরিবেষ্টন করিতেছে ॥৭৬॥

কৌরবপক্ষের পদাতি, গজারোহী, অশ্বারোহী ও রথীরা সকল দিক্ হইতে যাইয়া অস্ত্রধারিশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জুনকে আক্রমণ করিতেছে দেখিয়া সাত্যকি সত্বর সেই দিকে ধাবিত হইলেন ॥৭৭॥

পূর্ব্বকালে বিষ্ণু যেমন বৃত্রাসুরযুদ্ধে ইন্দ্রের সাহায্য করিয়াছিলেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ও শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি দ্রুত সেই সৈন্যগণের নিকটে উপস্থিত হইয়া অর্জুনের সাহায্য করিতে প্রবৃত্ত হইলেন ॥৭৮॥

ভীষ্মের শরে যুধিষ্ঠিরের বহুতর গজারোহী, অশ্বারোহী, রথারোহী সৈন্য ও ধ্বজ বিনষ্ট হইয়াছে, জীবিত অবশিষ্ট সকল যোদ্ধাই ভীত হইয়া পড়িয়াছে এবং অনেক সৈন্য পলায়ন করিতেছে ইহা দেখিয়া সাত্যকি বলিলেন—॥৭৯॥

'ক্ষত্রিয়গণ! আপনারা কোথায় যাইবেন? প্রাচীন শাস্ত্রকারেরা সজ্জনদের নিকটে এই পলায়নটাকে ধর্ম্ম বলিয়া প্রকাশ করেন নাই। আর প্রধান

(৭৮) স তান্যনীকানি ধনুষ্মতাং বরঃ···পি বা। (৮০)···কথিতঃ পুরাণঃ। মাস্ব প্রতিজ্ঞাম···পি বা।

তান্ বাসবানন্তরজো নিশাম্য নরেন্দ্রমুখ্যান্ দ্রবতঃ সমন্তাৎ।
পার্থস্য দৃষ্ট্বা মৃদুযুদ্ধতাঞ্চ ভীষ্মঞ্চ সংখ্যে সমুদীর্য্যমাণম্ ॥৮১॥
অমৃষ্যমাণস্তু ততো মহাত্মা যশস্বিনং সর্ব্বদাশার্হভর্ত্তা।
উবাচ শৈনেয়মভিপ্রশংসন্ দৃষ্ট্বা কুরূনাপততঃ সমগ্রান্ ॥৮২॥ (যুগ্মকম্)
যে যান্তি তে যান্তু শিনিপ্রবীর! যেঽপি স্থিতাঃ সাত্বত! তেঽপি যান্তু।
ভীষ্মং রথাৎ পশ্য নিপাত্যমানং দ্রোণঞ্চ সংখ্যে সগণং ময়াদ্য ॥৮৩॥
ন সারথেঃ সাত্বত! কৌরবাণাং ক্রুদ্ধস্য মুচ্যেত রণেঽদ্য কশ্চিৎ।
তস্মাদহং গৃহ্য রথাঙ্গমুগ্রং প্রাণং হরিষ্যামি মহাব্রতস্য ॥৮৪॥
নিহত্য ভীষ্মং সগণং তথাজৌ দ্রোণঞ্চ শৈনেয়! রথপ্রবীরৌ।
প্রীতিং করিষ্যামি ধনঞ্জয়স্য রাজ্ঞশ্চ ভীমস্য তথাশ্বিনোশ্চ ॥৮৫॥

ভারতকৌমুদী

তানিতি। বাসবানন্তরজ উপেন্দ্রঃ কৃষ্ণ ইতি যাবৎ, নিশাম্য দৃষ্ট্বা, দ্রবতঃ পলায়মানান্। সমুদীর্য্যমাণম্ উৎসাহেন বর্দ্ধ্যমানম্। দশার্হা যাদবাঃ।৮১—৮২॥

য ইতি। হে সাত্বত! সাত্বতবংশীয়!। সংখ্যে যুদ্ধে, সগণং সানুচরম্।৮৩॥

নেতি। সারথেরর্জ্জুনসারথিভূতস্য মম। রথাঙ্গং চক্রম্। মহাব্রতস্য ভীষ্মস্য।৮৪॥

বীরগণ! আপনারা নিজেদের প্রতিজ্ঞা ত্যাগ করিবেন না, স্বকীয় বীরধর্ম্মই পালন করুন' ॥৮০॥

পাণ্ডবপক্ষের প্রধান রাজারা সকল দিকে পলায়ন করিতেছেন, অর্জুন কোমলভাবে যুদ্ধ করিতেছেন, ভীষ্ম উৎসাহে বাড়িয়া উঠিয়াছেন এবং সমগ্র কৌরবসৈন্য অর্জুনের দিকে আসিতেছে এই সমস্ত দেখিয়া যদুপতি মহাত্মা কৃষ্ণ সহ্য করিতে না পারিয়া যশস্বী সাত্যকির প্রশংসা করিয়া তাঁহাকে বলিলেন—॥৮১—৮২॥

'শিনিবংশপ্রবীর! সাত্বত! সাত্যকি! যাহারা যাইতেছে, তাহারা যাউক এবং যাহারা রহিয়াছে, তাহারাও যাউক। আমিই আজ যুদ্ধে অনুচরবর্গের সহিত ভীষ্ম ও দ্রোণকে রথ হইতে নিপাতিত করিতেছি—দেখ ॥৮৩॥

সাত্যকি! আজ কৌরবপক্ষের মধ্যে কোন ব্যক্তিই যুদ্ধে ক্রুদ্ধ পার্থসারথির নিকট হইতে মুক্তি পাইবে না। অতএব আমিই ভীষণ চক্র ধারণ করিয়া ভীষ্মের প্রাণ হরণ করিব ॥৮৪॥

(৮১)…নিশম্য…পি বা। (৮২) অমৃষ্যমাণঃ স ততঃ…রা নি,…আপততঃ সমন্তাৎ—পি বা। (৮৩) যে যান্তি যান্ত্বেব…রা নি। (৮৪) ন মে বলে সাত্বত!…দ্রোণং হনিষ্যামি মহাব্রতঞ্চ—পি।

নিহত্য সর্বান্ ধৃতরাষ্ট্রপুত্রাংস্তৎপাক্ষিকা যে চ নরেন্দ্রমুখ্যাঃ।
রাজ্যেন রাজানমজাতশত্রুং সম্পাদয়িষ্যাম্যহমদ্য হৃষ্টঃ ॥৮৬॥
ইতীদমুক্ত্বা স মহানুভাবঃ সস্মার চক্রং নিশিতং পুরাণম্।
সুদর্শনং চিন্তিতমাত্রমেব তস্যাগ্রহস্তং স্বয়মারুরোহ ॥৮৭॥
তচ্চক্রপদ্মং প্রগৃহীতমাজৌ ররাজ নারায়ণবাহুনালম্।
যথাদিপদ্মং তরুণার্কবর্ণং ররাজ নারায়ণনাভিজাতম্ ॥৮৮॥
তৎ কৃষ্ণকোপোদয়সূর্য্যবুদ্ধং ক্ষুরান্ততীক্ষ্ণাগ্রসুজাতপত্রম্।
তস্যৈব দেহোরুসরঃপ্ররূঢ়ং ররাজ নারায়ণবাহুনালম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, অশ্বিনোরশ্বিনীকুমারপুত্রয়োর্নকুলসহদেবয়োঃ ।৮৫।

নিহত্যেতি। তৎপাক্ষিকা ধৃতরাষ্ট্রপুত্রপক্ষপাতিনঃ। সম্পাদয়িষ্যামি সংযোজয়িষ্যামি ॥৮৬॥

ইতীতি। মহানুভাবো মহাপ্রভাবঃ কৃষ্ণঃ। অগ্রহস্তং হস্তাগ্রম্ ॥৮৭॥

তচ্চক্রং বর্ণয়তি দ্বাভ্যাং তদিতি। নারায়ণস্য নাভের্নাভিনালাজ্জাতম্, তরুণার্কবর্ণং নবোদিতসূর্য্যবর্ণম্, আদিপদ্মং যথা ররাজ ; তথা নারায়ণস্য বাহুর্নালমিব যস্য তৎ, প্রগৃহীতং কৃষ্ণেন ধৃতম্, তৎ, চক্রং পদ্মমিব চক্রপদ্মম্, আজৌ যুদ্ধে ররাজ ॥৮৮॥

তদিতি। কৃষ্ণস্য কোপ এব সূর্য্যস্তস্য উদয়েন বুদ্ধং প্রকাশিতম্। রাজদন্তাদিত্বাৎ সূর্য্যপদস্য পরনিপাতঃ। ক্ষুরস্য অস্তবৎ ধারাবৎ তীক্ষ্ণাগ্রঞ্চ তৎ সুজাতানি পত্রাণি অরা এব

শিনিনন্দন! আমি আজ অনুচরগণের সহিত রথিশ্রেষ্ঠ ভীষ্ম ও দ্রোণকে নিহত করিয়া যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেবের আনন্দ বিধান করিব ॥৮৫॥

আমি আজ ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্রকে এবং যে সকল প্রধান রাজা তাহাদের পক্ষে রহিয়াছেন তাঁহাদিগকে সংহার করিয়া আনন্দিত হইয়া রাজা যুধিষ্ঠিরকে রাজ্যে সংস্থাপিত করিব' ॥৮৬॥

এইভাবে এই সকল কথা বলিয়া মহাপ্রভাবশালী কৃষ্ণ পুরাতন সেই সুধার চক্র স্মরণ করিলেন এবং স্মরণ করামাত্রই সেই সুদর্শনচক্র আসিয়া নিজেই কৃষ্ণের হস্তাগ্রে আরোহণ করিল ॥৮৭॥

পূর্ব্বকালে জলশায়ী নারায়ণের নাভিনাল হইতে উৎপন্ন এবং নবোদিত সূর্য্যের ন্যায় রক্তবর্ণ আদিপদ্ম যেমন শোভা পাইত, সেইরূপ কৃষ্ণের বাহুনাল-ধৃত পদ্মতুল্য সেই সুদর্শনচক্র যুদ্ধে শোভা পাইতে লাগিল ॥৮৮॥

(৮৬)…তৎপক্ষিণো যে…রা নি। (৮৭) ইতঃপরং শ্লোকাঃ পি বা ব রা ন সন্তি।

ততঃ সুনাভং বসুদেবপুত্রঃ সূর্য্যপ্রভং বজ্রসহস্রতুল্যম্।
ক্ষুরান্তমুদ্‌ভ্রাম্য ভুজেন চক্রং রথাদবপ্লুত্য বিসৃজ্য বাহান্ ॥৯০॥
সঙ্কম্পয়ন্ গাং চরণৈর্মহাত্মা বেগেন কৃষ্ণঃ প্রসসার ভীষ্মম্।
মদান্ধমাজৌ সমুদীর্ণদর্পং সিংহো জিঘাংসন্নিব বারণেন্দ্রম্ ॥৯১॥ (যুগ্মকম্)
সোঽভিদ্রবন্ ভীষ্মমনীকমধ্যে ক্রুদ্ধো মহেন্দ্রাবরজঃ প্রমাথী।
ব্যালম্বিপীতাম্বরধৃক্ চকাশে ঘনো যথা খে তড়িতাবনদ্ধঃ ॥৯২॥

ভারতকৌমুদী

দলানি যস্ত তচ্চেতি তৎ। তস্ত কৃষ্ণস্তৈব দেহ এব উরু মহৎ সরো জলাশয়স্তত্র প্ররূঢ়মারূঢ়ং জাতঞ্চ, নারায়ণস্ত বাহুরেব নালং যস্ত তচ্চ, তৎ চক্রপদ্মং ররাজ। অত্র সাঙ্গং রূপকমলঙ্কারঃ ॥৮৯॥

দ্বাভ্যাং যুগ্মকেন কৃষ্ণস্ত তদানীন্তনীং চেষ্টামাহ তত ইতি। শোভনো নাভির্মধ্যভিত্বং যস্ত তৎ। উদ্‌ভ্রাম্য বিঘূর্ণ্য। বাহান্ অশ্বান্। গাং ভূমিম্, চরণৈশ্চরণপাতৈঃ। প্রসসার অভিদধাব। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্, বারণেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্ ॥৯০—৯১॥

স ইতি। অনীকস্ত কৌরবসৈন্যস্ত মধ্যে স্থিতমিতি শেষঃ, মহেন্দ্রাবরজ ইন্দ্রানুজঃ কৃষ্ণঃ, প্রমাথী বিপক্ষালোড়নকারী। ঘনো মেঘঃ, খে আকাশে, অবনদ্ধো বেষ্টিতঃ ॥৯২॥

এবং কৃষ্ণের ক্রোধরূপ-সূর্য্যকর্ত্তৃকপ্রকাশিত, ক্ষুরের ন্যায় তীক্ষ্ণধার, অররূপ—(ভিতরের তেরচা কাঠগুলিস্বরূপ) দলযুক্ত, কৃষ্ণেরই দেহরূপ-সরোবর-জাত ও তাঁহারই বাহুরূপ-নালযুক্ত সেই সুদর্শনচক্ররূপ পদ্ম শোভা পাইতে থাকিল ॥৮৯॥

তাহার পর বসুদেবনন্দন মহাত্মা কৃষ্ণ দক্ষিণহস্তদ্বারা সুন্দরনাভিযুক্ত, সূর্য্যের ন্যায় উজ্জ্বল, সহস্র বজ্রের তুল্য প্রভাবশালী ও ক্ষুরধার সেই চক্রটাকে আঘূর্ণিত করিয়া, অশ্বগুলিকে ছাড়িয়া দিয়া, রথ হইতে লাফাইয়া পড়িয়া, চরণবিন্যাসে ভূতল কম্পিত করিয়া, সিংহ যেমন মদমত্ত ও দর্পিত মহাহস্তীকে বধ করিবার জন্য বেগে ধাবিত হয়, সেইরূপ বেগে ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৯০—৯১॥

বিপক্ষবিনাশকারী ও লম্বিত-পীত-বসনধারী কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া বিপক্ষসৈন্য-মধ্যস্থিত ভীষ্মের প্রতি বেগে যাইতে থাকিয়া আকাশে বিদ্যুৎপরিবেষ্টিত নূতন মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৯২॥

(৯০)…ক্ষুরান্তমুদ্ভ্রম্য…রা নি। (৯২)…ব্যালম্বিপীতান্তপটশ্চকাশে…পি রা,…যথা খেঽচিরভাপিনদ্ধঃ—পি,…ব্যালম্বিপীতান্তটশ্চকাশে ঘনো যথা খেঽচিরভাতিনদ্ধঃ—যা।

তমাত্তচক্রং প্রণদন্তমুচ্চৈঃ ক্রুদ্ধং মহেন্দ্রাবরজং সমীক্ষ্য।
সর্বাণি ভূতানি ভৃশং বিনেদুঃ ক্ষয়ং কুরূণামিব চিন্তয়িত্বা ॥৯৩॥
স বাসুদেবঃ প্রগৃহীতচক্রঃ সংবর্ত্তয়িষ্যন্নিব সর্বলোকম্।
অভ্যুৎপতল্লোঁকগুরুর্বভাসে ভূতানি ধক্ষ্যন্নিব ধূমকেতুঃ ॥৯৪॥
তমাদ্রবন্তং প্রগৃহীতচক্রং দৃষ্ট্বা দেবং শান্তনবস্তদানীম্।
অসম্ভ্রমং তদ্বিচকর্ষ দোর্ভ্যাং মহাধনুর্গাণ্ডিবতুল্যঘোষম্ ॥৯৫॥
উবাচ ভীষ্মস্তমনন্তপৌরুষং গোবিন্দমাজাববিমূঢ়চেতাঃ।
এহেহি দেবেশ! জগন্নিবাস! নমোঽস্তু তে মাধব! চক্রপাণে! ॥৯৬॥
প্রসহ্য মাং পাতয় লোকনাথ! রথোত্তমাৎ সর্বশরণ্য! সংখ্যে।
ত্বয়া হতস্যাপি মমাদ্য কৃষ্ণ! শ্রেয়ঃ পরস্মিন্নিহ চৈব লোকে।
সম্ভাবিতোঽস্ম্যন্ধকবৃষ্ণিনাথ! লোকৈস্ত্রিভির্বীর! তবাভিযানাৎ ॥৯৭॥

ভারতকৌমুদী

তমিতি। আত্তচক্রং গৃহীতচক্রম্। মহেন্দ্রাবরজং কৃষ্ণম্। বিনেদুরার্ত্তনাদং চক্রুঃ ॥৯৩॥
সইতি। সংবর্ত্তয়িষ্যন্ প্রলয়ং প্রাপয়িষ্যন্। ধূমকেতুরগ্নিঃ ॥৯৪॥
তমিতি। আদ্রবন্তমভিধাবন্তম্। বিচকর্ষ কর্ষণবিরোধিসঙ্কোচং চকার ॥৯৫॥
উবাচেতি। আজৌ যুদ্ধে, অবিমূঢ়চেতাঃ কার্য্যনিরূপণপটুচিত্তঃ ॥৯৬॥

কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া চক্র ধারণ করিয়া উচ্চস্বরে বীরনাদ করতঃ আসিতেছেন দেখিয়া তত্রত্য লোকেরা কৌরবগণের বিনাশের চিন্তাই যেন করিয়া অত্যন্ত আর্ত্তনাদ করিতে লাগিল ॥৯৩॥

জগদ্‌গুরু কৃষ্ণ চক্র ধারণ করিয়া সমগ্র জগৎ সংহার করিবেন বলিয়াই যেন ধাবিত হইয়া, বনদহনকারী অগ্নির ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৯৪॥

কৃষ্ণ চক্র ধারণ করিয়া বেগে আগমন করিতেছেন দেখিয়া ভীষ্ম তখন বাহুযুগলদ্বারা ধৈর্য্যসহকারে গাণ্ডীবের তুল্য গম্ভীরনাদী স্বকীয় ধনুখানাকে সঙ্কুচিত করিলেন ॥৯৫॥

এবং স্থিরচিত্ত ভীষ্ম সমরাঙ্গনে থাকিয়া অসীমশক্তিশালী কৃষ্ণকে বলিলেন—'দেবেশ্বর! জগতের আশ্রয়! আসুন আসুন, মাধব! চক্রপাণি! আপনাকে নমস্কার করি ॥৯৬॥

(৯৩)…ক্ষয়ং কুরূণামিতি চিন্তয়িত্বা—পি বা। (৯৪)…সংবর্ত্তয়িষ্যন্নিব জীবলোকম্…পি বা। (৯৭)…লোকৈস্ত্রিভিশ্চ প্রথিতপ্রভাবঃ—পি বা। ইতঃ শ্লোকাৎ পরং কিয়ন্তঃ শ্লোকা মধ্যদেশীয়পুস্তকেষধিকা দৃশ্যন্তে।

রথাদবপ্লুত্য ততস্ত্বরাবান্ পার্থোঽপ্যনুদ্রুত্য যদুপ্রবীরম্।
জগ্রাহ পীনোত্তমলম্ববাহুং বাহ্বোর্হরিং ব্যায়তপীনবাহুঃ ॥৯৮॥
নিগৃহ্যমাণশ্চ তদাদিদেবো ভৃশং সরোষঃ কিল চাত্মযোগী।
আদায় বেগেন জগাম বিষ্ণুর্জিষ্ণুং মহাবাত ইবৈকবৃক্ষম্ ॥৯৯॥
পার্থস্তু বিষ্টভ্য বলেন পাদৌ ভীষ্মান্তিকং তূর্ণমভিদ্রবন্তম্।
বলান্নিজগ্রাহ হরিং কিরীটী পদেঽথ রাজন্! দশমে কথঞ্চিৎ ॥১০০॥
অবস্থিতঞ্চ প্রণিপত্য কৃষ্ণং প্রীতোঽর্জ্জুনঃ কাঞ্চনচিত্রমালী।
উবাচ কোপং প্রতিসংহরেতি গতির্ভবান্ কেশব! পাণ্ডবানাম্ ॥১০১॥

ভারতকৌমুদী

প্রসহেতি। প্রসহ্য বলেন। শ্রেয়ো মঙ্গলম্। সম্ভাবিতঃ সম্মানিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৭॥

রথাদিতি। অনুদ্রুত্য পশ্চাদ্গত্বা। পীনৌ স্থূলৌ উত্তমৌ সুন্দরৌ লম্বৌ দীর্ঘৌ চ বাহূ যস্য তম্। ব্যায়তৌ দীর্ঘৌ পীনৌ স্থূলৌ চ বাহূ যস্য সঃ ॥৯৮॥

নিগৃহ্যেতি। নিগৃহ্যমাণশ্চ ধ্রিয়মাণোঽপি। জিষ্ণুমর্জ্জুনম্ ॥৯৯॥

পার্থ ইতি। বিষ্টভ্য ধৃত্বা। নিজগ্রাহ নিবর্ত্তয়ামাস। পদে পদক্ষেপে ॥১০০॥

অবেতি। কাঞ্চনী সৌবর্ণী চিত্রা চ মালা অস্যাস্তীতি সঃ ॥১০১॥

জগদীশ্বর! সর্বশরণ্য! আপনি যুদ্ধে বলপূর্ব্বক আমাকে রথ হইতে নিপাতিত করুন। কৃষ্ণ! আপনি আজ আমাকে বধ করিলেও ইহলোকে এবং পরলোকে আমার মঙ্গল হইবে। অন্ধকনাথ! বৃষ্ণিপতি! বীর! আপনি আমার প্রতি ধাবিত হইয়াছেন বলিয়াই আমি ত্রিভুবনের লোকের নিকট সম্মানিত হইয়াছি' ॥৯৭॥

তাহার পর দীর্ঘ এবং স্থূলবাহু অর্জ্জুনও রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর কৃষ্ণের অনুসরণ করিয়া তাঁহার স্থূল, সুন্দর ও দীর্ঘ বাহুযুগল ধারণ করিলেন ॥৯৮॥

অর্জ্জুন ধারণ করিলেও তখন মহাবায়ু (ঝড়) যেমন একটা বৃক্ষকে লইয়া বেগে গমন করে, সেইরূপ আদিদেব, আত্মযোগী ও অত্যন্ত ক্রুদ্ধ কৃষ্ণ অর্জ্জুনকে লইয়াই বেগে কিয়দ্দূর গমন করিলেন ॥৯৯॥

রাজা! কৃষ্ণ বেগে ভীষ্মের দিকে যাইতেছিলেন, সেই অবস্থাতে পৃথানন্দন অর্জ্জুন বলপূর্ব্বক তাঁহার চরণযুগল ধারণ করিয়া দশম পাদক্ষেপের সময়ে বলপূর্ব্বক কোন প্রকারে তাঁহাকে নিবর্ত্তিত করিলেন ॥১০০॥

(৯৮)···পার্থঃ পদাপ্লুত্য ··পি বা। (৯৯) বিগৃহ্যমাণস্তু···পি,···কিল নাম যোগী···পি বা নি।

ন হাস্যতে কর্ম্ম যথাপ্রতিজ্ঞং পুত্রৈঃ শপে কেশব! সোদরৈশ্চ।
অন্তং করিষ্যামি যথা কুরূণাং ত্বয়াহমিন্দ্রানুজ! সংপ্রযুক্তঃ ॥১০২॥
ততঃ প্রতিজ্ঞাং সময়ঞ্চ তস্য জনার্দ্দনঃ প্রীতমনা নিশম্য।
স্থিতঃ প্রিয়ে কৌরবসত্তমস্য রথং সচক্রঃ পুনরারুরোহ ॥১০৩॥
স তানভীষূন্ পুনরাদদানঃ প্রগৃহ্য শঙ্খং দ্বিষতাং নিহন্তা।
নিনাদয়ামাস দিশো নভশ্চ স পাঞ্চজন্যস্য রবেণ শৌরিঃ ॥১০৪॥
ব্যাবিদ্ধনিষ্কাঙ্গদকুণ্ডলং তং রজোবিকীর্ণাঞ্চিতপক্ষ্মনেত্রম্।
বিশুদ্ধদংষ্ট্রং প্রগৃহীতশঙ্খং বিচুক্রুশুঃ প্রেক্ষ্য কুরুপ্রবীরাঃ ॥১০৫॥

ভারতকৌমুদী

নেতি। হাস্যতে ত্যক্ষ্যতে। অন্তং নাশম্। সম্প্রযুক্তঃ সম্যঙ্নিযুক্তঃ ॥১০২॥
তত ইতি। সময়ং শপথম্। প্রিয়ে প্রীতিজনকে কার্য্যে ॥১০৩॥
স ইতি। স প্রসিদ্ধঃ, অভীষূন্ অশ্বরজ্জূঃ। শৌরিঃ কৃষ্ণঃ ॥১০৪॥
ব্যাবিদ্ধেতি। ব্যাবিদ্ধানি আন্দোলিতানি নিষ্কং হারঃ অঙ্গদে কেয়ূরে কুণ্ডলে চ যস্য তম্, রজোভির্ধূলিভির্বিকীর্ণানি প্রাক্স্পৃষ্টানি পরঞ্চ অঞ্চিতানি ব্যাপ্তানি পক্ষ্মাণি লোমানি যয়োস্তে তাদৃশে নেত্রে যস্য তম্। বিশুদ্ধদংষ্ট্রং নির্ম্মলদন্তম্ ॥১০৫॥

কৃষ্ণ দাঁড়াইলে, সুবর্ণময়-বিচিত্র-মাল্য-ধারী অর্জ্জুন সন্তুষ্ট হইয়া প্রণিপাত করিয়া কৃষ্ণকে বলিলেন—'কেশব! তুমিই পাণ্ডবগণের উপায়। সুতরাং তুমি ক্রোধের উপসংহার কর ॥১০১॥

কৃষ্ণ! আমি পুত্রগণ ও ভ্রাতৃগণদ্বারা শপথ করিতেছি—আমি যে বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছিলাম, সে কার্য্য আর ত্যাগ করিব না এবং উপেন্দ্র! তোমার নিয়োগ অনুসারে কৌরবগণকে বিনাশ করিব' ॥১০২॥

তদনন্তর অর্জ্জুনের প্রিয়কার্য্যসম্পাদনতৎপর কৃষ্ণ তাঁহার সেই প্রতিজ্ঞা ও শপথ শ্রবণ করিয়া সন্তুষ্ট হইয়া চক্র লইয়াই পুনরায় রথে আরোহণ করিলেন ॥১০৩॥

তৎপরে শত্রুহন্তা কৃষ্ণ পুনরায় বামহস্তে অশ্বরজ্জু এবং দক্ষিণহস্তে শঙ্খ ধারণ করিয়া সেই পাঞ্চজন্যশঙ্খের রবে সমস্ত দিক্ ও আকাশ নিনাদিত করিলেন ॥১০৪॥

তৎকালে তাঁহার কণ্ঠের হার, বাহুর কেয়ূর ও কর্ণের কুণ্ডল দুলিতে লাগিল এবং পূর্ব্বেই তাঁহার নয়নের লোমগুলি ধূলিতে ব্যাপ্ত হইয়াছিল, আর মুখের

(১০২)…অন্তং গমিষ্যামি…পি বা। (১০৪)…বিনাদয়ামাস…রা নি। (১০৫)…পক্ষ্মনেত্রম্…রা নি।

মৃদঙ্গভেরীপটহপ্রণাদা নেমিস্বনা দুন্দুভিনিস্বনাশ্চ।
সসিংহনাদাশ্চ বভূবুরুগ্রাঃ সর্বেষ্বনীকেষু ততঃ কুরূণাম্ ॥১০৬॥
গাণ্ডীবঘোষঃ স্তনয়িত্নুকল্পো জগাম পার্থস্য নভো দিশশ্চ।
জগ্মুশ্চ বাণা বিমলাঃ প্রসন্নাঃ সর্বা দিশঃ পাণ্ডবচাপমুক্তাঃ ॥১০৭॥
তং কৌরবাণামধিপো জবেন ভীষ্মেণ ভূরিশ্রবসা চ সার্দ্ধম্।
অভ্যুদ্যযাবুদ্যতবাণপাণিঃ কক্ষং দিধক্ষন্নিব ধূমকেতুঃ ॥১০৮॥
অথার্জ্জুনায় প্রজিঘায় ভল্লান্ ভূরিশ্রবাঃ সপ্ত সুবর্ণপুঙ্খান্।
দুর্য্যোধনস্তোমরমুগ্রবেগং শল্যো গদাং শান্তনবশ্চ শক্তিম্ ॥১০৯॥
স সপ্তভিঃ সপ্ত শরপ্রবেকান্ সংবার্য্য ভূরিশ্রবসা প্রযুক্তান্।
শিতেন দুর্য্যোধনবাহুমুক্তং ক্ষুরেণ তত্তোমরমুন্মমাথ ॥১১০॥

ভারতকৌমুদী

মৃদঙ্গেতি। নেমিস্বনাঃ চক্রান্তশব্দাঃ। অনীকেষু সৈন্যেষু ॥১০৬॥
গাণ্ডীবেতি। স্তনয়িত্নুকল্পো মেঘধ্বনিতুল্যঃ। পাণ্ডবচাপমুক্তা অর্জ্জুনধনুর্নিঃসৃতাঃ ॥১০৭॥
তমিতি। কৌরবাণামধিপো দুর্য্যোধনঃ, জবেন বেগেন। কক্ষং তৃণরাশিম্ ॥১০৮॥
অথেতি। প্রজিঘায় নিচিক্ষেপ। শান্তনবো ভীষ্মঃ ॥১০৯॥

ভিতরে নির্ম্মল দন্ত ও হস্তে শঙ্খ ছিল; এহেন কৃষ্ণকে দেখিয়া কুরুপক্ষের যোদ্ধারা কোলাহল করিয়া উঠিলেন ॥১০৫॥

তাহার পর সমস্ত কৌরবসৈন্যের মধ্যে মৃদঙ্গ, ভেরী, পটহ, রথচক্র ও দুন্দুভির শব্দ এবং ভীষণ সিংহনাদ হইতে লাগিল ॥১০৬॥

ক্রমে মেঘগর্জনের ন্যায় গম্ভীর অর্জ্জুনের গাণ্ডীবধ্বনিও সমস্ত দিকে ও আকাশে প্রসৃত হইতে থাকিল এবং তাঁহার ধনু হইতে নির্গত নির্ম্মল ও সরল বাণ সকল সমস্ত দিকে যাইতে লাগিল ॥১০৭॥

এই সময়ে উত্তোলিতবাণহস্ত কৌরবাধিপতি দুর্য্যোধন ভীষ্ম ও ভূরিশ্রবার সহিত মিলিত হইয়া তৃণরাশিদহনেচ্ছু অগ্নির ন্যায় বেগে অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥১০৮॥

তাহার পর ভূরিশ্রবা স্বর্ণপুঙ্খ সাতটা ভল্ল, দুর্য্যোধন ভয়ঙ্করবেগশালী একটা তোমর, শল্য একটা গদা এবং ভীষ্ম একটা শক্তি অর্জুনের প্রতি নিক্ষেপ করিলেন ॥১০৯॥

(১০৬) মৃদঙ্গভেরীপণবপ্রণাদাঃ…রা নি। (১১০)…ভূরিশ্রবসা প্রমুক্তান্…বা, ভূরিশ্রবসা বিসৃষ্টান্…রা নি।

ততঃ শুভামাপততীং স শক্তিং বিদ্যুৎপ্রভাং শান্তনবেন মুক্তাম্।
গদাঞ্চ মদ্রাধিপবাহুমুক্তাং দ্বাভ্যাং শরাভ্যাং নিচকর্ত্ত বীরঃ ॥১১১॥
ততো ভুজাভ্যাং বলবদ্বিকৃষ্য চিত্রং ধনুর্গাণ্ডিবমপ্রমেয়ম্।
মাহেন্দ্রমস্ত্রং বিধিবৎ সুঘোরং প্রাদুশ্চকারাদ্ভুতমন্তরীক্ষে ॥১১২॥
তেনোত্তমাস্ত্রেণ ততো মহাত্মা সর্ব্বাণ্যনীকানি মহাধনুষ্মান্।
শরৌঘজালৈর্বিমলাগ্নিবর্ণৈর্নিবারয়ামাস কিরীটমালী ॥১১৩॥

ভারতকৌমুদী

স ইতি। শরপ্রবেকান্ বাণশ্রেষ্ঠান্, "ক্লীবে প্রধানং প্রমুখপ্রবেকানুত্তমোত্তমাঃ" ইত্যমরঃ। শিতেন শাণপাষাণঘর্ষিতেন, ক্ষুরেণাস্ত্রেণ, উন্মমাথ চিচ্ছেদ ॥১১০॥

তত ইতি। শুভাং প্রয়োক্তুর্মঙ্গলজনিকাম্, আপততীমাপততীমাগচ্ছন্তীম্ ॥১১১॥

তত ইতি। বলবৎ সাতিশয়ম্। অপ্রমেয়ম্ অজ্ঞেয়প্রভাবম্ ॥১১২॥

তেনেতি। অনীকানি কৌরবসৈন্যানি। কিরীটমালী অর্জ্জুনঃ ॥১১৩॥

ভারতভাবদীপঃ

প্রতিজ্ঞাতে ইতি ॥১—৩০॥ পিণ্ডিতান্ একস্থান্, বর্ম্মিতান্ কবচিনঃ ॥৩১—৩৮॥ আক্রন্দে যুদ্ধে ॥৩৯—৮২॥ সমুদীর্য্যমাণং বর্দ্ধমানপ্রযত্নম্ ॥৮৩—৮৬॥ অশ্বিনোরশ্বিপুত্রয়োর্নকুল-সহদেবয়োঃ ॥৮৭—১০৯॥ প্রজিঘায় প্রেষয়ামাস ॥১১০॥ শরপ্রবেকান্ বাণশ্রেষ্ঠান্ ॥১১১—১১৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

তখন অর্জুন সাতটা বাণদ্বারা ভূরিশ্রবার সেই সাতটা ভল্লকে নিবারণ করিয়া একটা নিশিত ক্ষুরাস্ত্রদ্বারা দুর্য্যোধননিক্ষিপ্ত সেই তোমরটাকে ছেদন করিলেন ॥১১০॥

নিক্ষেপকারীর মঙ্গলজনক ও বিদ্যুতের ন্যায় উজ্জ্বল সেই ভীষ্মনিক্ষিপ্ত শক্তি এবং শল্যনিক্ষিপ্ত গদা আসিতে লাগিলে, মহাবীর অর্জুন দুইটা বাণদ্বারা সে দুইটাকে ছেদন করিলেন ॥১১১॥

তাহার পর অর্জুন বাহুযুগলদ্বারা বিচিত্র গাণ্ডীবধনুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া আকাশে যথাবিধানে অজ্ঞেয়প্রভাব, অতিভয়ঙ্কর ও অদ্ভুতশক্তি মাহেন্দ্র অস্ত্র আবিষ্কার করিলেন ॥১১২॥

তৎপরে মহাত্মা ও মহাধনুর্দ্ধর অর্জুন সেই উত্তমাস্ত্রের প্রভাবে আবির্ভূত নির্ম্মল ও অগ্নির ন্যায় পিঙ্গলবর্ণ শরসমূহদ্বারা বিপক্ষের সমস্ত সৈন্যকে নিবারণ করিলেন ॥১১৩॥

(১১১)···আপততীঞ্চ শক্তিম্···পি বা

শিলীমুখাঃ পার্থধনুর্বিসৃষ্টা রথাদ্ধজাগ্রাণি ধনূংষি বাহূন্।
নিকৃত্য দেহান্ বিবিশুঃ পরেষাং নরেন্দ্রনাগেন্দ্রতুরঙ্গমাণাম্ ॥১১৪॥
ততো দিশঃ সোঽনুদিশশ্চ পার্থঃ শরৈঃ সুধারৈঃ সমরে বিতত্য।
গাণ্ডীবশব্দেন মনাংসি তেষাং কিরীটমালী ব্যথয়াঞ্চকার ॥১১৫॥
তস্মিংস্তথা ঘোরতমাস্ত্রযুদ্ধে শঙ্খস্বনা দুন্দুভিনিস্বনাশ্চ।
অন্তর্হিতা গাণ্ডিবনিস্বনেন বভূবুরুগ্রাশ্চ রথপ্রণাদাঃ ॥১১৬॥
গাণ্ডীবশব্দং তমথো বিদিত্বা বিরাটরাজপ্রমুখাঃ প্রবীরাঃ।
পাঞ্চালরাজো দ্রুপদশ্চ বীরস্তং দেশমাজগ্মুরদীনসত্ত্বাঃ ॥১১৭॥
সর্বাণি সৈন্যানি তু তাবকানি যতো যতো গাণ্ডিবজঃ প্রণাদঃ।
ততস্ততঃ সন্নতিমেব জগ্মুর্ন তং প্রতীপোঽভিসসার কশ্চিৎ ॥১১৮॥

ভারতকৌমুদী

শিলীতি। শিলীমুখা বাণাঃ। নিকৃত্য ছিত্বা। নাগেন্দ্রা হস্তিশ্রেষ্ঠাঃ ॥১১৪॥
তত ইতি। অনুদিশো বিদিশঃ। বিতত্য ব্যাপ্য। তেষাং পরেষাম্ ॥১১৫॥
তস্মিন্নিতি। অন্তর্হিতা অভিভূতা ইত্যর্থঃ। রথপ্রণাদা রথচক্রশব্দাঃ ॥১১৬॥
গাণ্ডীবেতি। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমরোক্তের্দীর্ঘহ্রস্বোভয়েকারমধ্য এবায়ং শব্দঃ। বিদিত্বা আকর্ণ্য। অদীনসত্ত্বা অকাতরস্বভাবাঃ ॥১১৭॥
সর্বাণীতি। সন্নতিং পরাজয়সূচিকামবনতিম্। প্রতীপঃ প্রতিকূলঃ সন্ ॥১১৮॥

তদনন্তর অর্জুনের গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহ যাইয়া বিপক্ষসৈন্যের রথধ্বজ, ধনু ও বাহু সকল ছেদন করিয়া সেই পক্ষের পদাতি, হস্তী ও অশ্বগণের দেহেও প্রবেশ করিতে লাগিল ॥১১৪॥

তাহার পর অর্জুন সুধার বাণসমূহদ্বারা সমরাঙ্গনের দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিয়া গাণ্ডীবশব্দদ্বারা বিপক্ষসৈন্যের মনও বিত্রস্ত করিলেন ॥১১৫॥

সেই অতিভয়ঙ্কর অস্ত্রযুদ্ধে শঙ্খধ্বনি, দুন্দুভিধ্বনি ও ভীষণ রথচক্রের শব্দ গাণ্ডীবের শব্দে অভিভূত হইল ॥১১৬॥

তাহার পর পাঞ্চালদেশের রাজা বীর দ্রুপদ এবং বিরাটপ্রভৃতি অকাতরস্বভাব প্রধান বীরেরা সেই গাণ্ডীবের শব্দ শুনিয়া সেই স্থানে আসিলেন ॥১১৭॥

তখন যেদিকে যেদিকে গাণ্ডীবের শব্দ হইতে লাগিল, সেই দিকে সেই দিকেই আপনার সকল সৈন্য অবনত হইতে থাকিল; কিন্তু কোন সৈন্যই প্রতিকূল হইয়া সেই শব্দের দিকে গেল না ॥১১৮॥

(১১৪)···রথান্ ধ্বজাগ্রাণি···বা ব রা নি। (১১৬)···তথা ঘোরতমে প্রবৃত্তে···উগ্রাশ্বরথপ্রণাদাঃ—রা নি। (১১৭)···প্রমুখা সুবীরাঃ···পি বা।

তস্মিন্ সুঘোরে নৃপ! সম্প্রহারে হতাঃ প্রবীরাঃ সরথাশ্বসূতাঃ।
গজাশ্চ নারাচনিপাততপ্তা মহাপতাকাঃ শুভরুক্মকক্ষ্যাঃ ॥১১৯॥
পরীতসত্ত্বাঃ সহসা নিপেতুঃ কিরীটিনা তত্র বিভিন্নকায়াঃ।
দৃঢ়াহতাঃ পত্রিভিরুগ্রবেগৈঃ পার্থেন ভল্লৈর্বিমলৈঃ শিতাগ্রৈঃ ॥১২০॥
নিকৃত্তযন্ত্রা নিহতেন্দ্রজালা ধ্বজা নৃপাণাং ধ্বজিনীমুখেষু।
পদাতিসংঘাশ্চ রথাশ্চ সংখ্যে হয়াশ্চ নাগাশ্চ ধনঞ্জয়েন ॥১২১॥
বাণাহতাস্তূর্ণমপেতসত্ত্বা বিস্রংস্য শস্ত্রাণ্যথ পেতুরুর্ব্যাম্।
ঐন্দ্রেণ তেনাস্ত্রবরেণ রাজন্! মহাহবে ভিন্নতনুত্রকায়াঃ ॥১২২॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সম্প্রহারে যুদ্ধে। নারাচনিপাতেন তপ্তাঃ পীড়িতাঃ, মহত্যঃ পতাকা যেষু তে, শুভা মনোহরা রুক্মকক্ষ্যাঃ স্বর্ণনির্ম্মিতমধ্যবন্ধনরজ্জবো যেষাং তে ॥১১৯॥

পরীতেতি। পরীতসত্ত্বা তত্তদাঘাতেন গতবলাঃ। পত্রিভিঃ কঙ্কপত্রযুক্তৈঃ ॥১২০॥

নিকৃত্তেতি। নিকৃত্তানি ছিন্নানি যন্ত্রাণি কিঙ্কিণীধারকাণি যেষাং তে, নিহতানি ইন্দ্রজালানি ঐন্দ্রজালিকদ্রব্যবৎ প্রতীয়মানি শৃঙ্গাণি যেষাং তে। হতা ইতি শেষঃ ॥১২১॥

বাণেতি। হে রাজন্! অথ, মহাহবে মহাযুদ্ধে, তেন ঐন্দ্রেণ অস্ত্রবরেণ তৎপ্রয়োগেণ হেতুনা, বাণৈস্তন্নির্গতৈঃ শরৈরাহতাঃ, অতএব ভিন্না বিদীর্ণাঃ তনুত্রকায়া বর্ম্মদেহা যেষাং তে তাদৃশাঃ কৌরবসৈন্যাঃ, অপেতসত্ত্বাস্তিরোহিতবলাঃ সন্তঃ, শস্ত্রাণি স্বস্বধৃতান্যায়ুধানি, বিস্রংস্য অবসাদেন হস্তশৈথিল্যাদেব নিপাত্য উর্ব্যাং ভূতলে পেতুঃ ॥১২২॥

রাজা! সেই ভীষণ যুদ্ধে রথ, অশ্ব ও সারথির সহিত প্রধান প্রধান বীরেরা নিহত হইতে লাগিলেন এবং বিশালপতাকাসমন্বিত ও সুন্দরস্বর্ণরজ্জুবদ্ধ হস্তী সকল অর্জুনের নারাচের আঘাতে পীড়িত হইতে থাকিল ॥১১৯॥

কিরীটধারী অর্জুনের ভয়ঙ্করবেগযুক্ত, কঙ্কপত্রসমন্বিত, নির্ম্মল ও সুধার ভল্লসমূহের আঘাতে বহুতর সৈন্যই বিদীর্ণদেহ, দৃঢ় আহত ও দুর্ব্বল হইয়া তৎক্ষণাৎ সেই সেইস্থানে পতিত হইতে লাগিল ॥১২০॥

অর্জুন বিপক্ষসৈন্যের সম্মুখবর্ত্তী রাজগণের ধ্বজগুলির কিঙ্কিণীযন্ত্র ও উজ্জ্বল শৃঙ্গসকল ছেদন করিলেন এবং যুদ্ধে পদাতি, রথ, অশ্ব ও হস্তী সকল বিনাশ করিলেন ॥১২১॥

রাজা! ক্রমে মহাযুদ্ধে সেই দারুণ ঐন্দ্র অস্ত্র হইতে বাণ সকল নির্গত হইয়া আঘাত করিতে থাকিলে এবং বর্ম্ম ও দেহ বিদারণ করিতে লাগিলে,

(১২০)…ভিন্নতনুত্রকায়াঃ। দৃঢ়ং হতাঃ…রা নি। (১২১)…নিহতেন্দ্রকীলাঃ…রা নি। (১২২)…বিষ্টভ্য গাত্রাণি নিপেতুরুর্ব্যাম্…রা নি।

ততঃ শরৌঘৈর্নিশিতৈঃ কিরীটিনা নৃদেহশস্ত্রক্ষতলোহিতোদা।
নদী সুঘোরা নরমেদফেনা প্রবর্ত্তিতা তত্র রণাজিরে বৈ ॥১২৩॥
বেগেন সাতীব পৃথুপ্রবাহা পরেতনাগাশ্বশরীরতীরা।
নরেন্দ্রমজ্জাচ্ছ্রিতমাংসপঙ্কা প্রভূতরক্ষোগণভূতসেবিতা ॥১২৪॥
শিরঃকপালাকুলকেশশাদ্বলা শরীরসংঘাতসহস্রবাহিনী।
বিকীর্ণনানাকবচোর্ম্মিসঙ্কুলা নরাশ্বনাগাস্থিশরীরশর্করা ॥১২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথার্জ্জুনপ্রবর্ত্তিতাং রক্তনদীং বর্ণয়তি। তত ইতি। ততঃ কিরীটিনা অর্জ্জুনেন, নিশিতৈঃ শরৌঘৈঃ, তত্র রণাজিরে সমরাঙ্গনে, নৃদেহানাং শস্ত্রক্ষতলোহিতানি তচ্ছরৌঘবিদারণনিবন্ধনানি রুধিরাণ্যেব উদকানি জলানি যস্যাঃ সা, নরাণাং মেদা ধাতুবিশেষা এব ফেনা যস্যাঃ সা চ, সুঘোরা কাচিন্নদী প্রবর্ত্তিতা ॥১২৩॥

নন্থ তস্যাস্তীরাদীনি কানীত্যাকাঙ্ক্ষায়াং দ্বাভ্যাং যুগ্মকেন তদ্বর্ণয়তি বেগেনেতি। সা নদী, অতীব বেগেন যুক্তেতি শেষঃ, পৃথুর্মহান্ প্রবাহো যস্যাঃ সা, পরেতানাং মৃতানাং নাগানাং হস্তিনামশ্বানাঞ্চ শরীরাণ্যেব উচ্চত্বাত্তীরাণি যস্যাঃ সা, নরেন্দ্রাণাং ভূপতিতানাং রাজ্ঞাং মজ্জানি ধাতুবিশেষা উচ্ছ্রিতানি প্রবাহাদূর্দ্ধং গতানি মাংসানি চৈব পঙ্কাঃ কর্দ্দমা যস্যাঃ সা, তথা প্রভূতৈঃ প্রচুরৈঃ রক্ষোগণৈরদৃশ্যৈ রাক্ষসগণৈঃ ভূতৈর্দেবযোনিবিশেষৈশ্চ সেবিতা। শিরঃকপালানাম্ আকুলা বিশৃঙ্খলাঃ কেশা এব শাদ্বলাস্তৃণপূর্ণদেশা যস্যাঃ সা, শৈবালপুঞ্জরূপাণাং শরীরসংঘাতানাং সহস্রং বহতীতি সা, বিকীর্ণানি নানা বহূনি কবচান্যেব ঊর্ম্ময়স্তরঙ্গাস্তৈঃ সঙ্কুলা ব্যাপ্তা, তথা নরাণামশ্বানাং নাগানাং হস্তিনাঞ্চ অস্থিশরীরাণি শরীরাণামস্থীন্যেব শর্করাঃ ক্ষুদ্রপ্রস্তরখণ্ডা যস্যাং সা চ। অস্থিশরীরেতি রাজদন্তাদিত্বাচ্ছরীরপদস্য পরনিপাতঃ ॥১২৪—১২৫॥

কৌরবসৈন্যেরা সত্বরই দুর্বল হইয়া আপন আপন অস্ত্র ত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥১২২॥

তাহার পর অর্জুন নিশিত বাণসমূহদ্বারা সেই সমরাঙ্গনে একটা অতিভীষণ নদী উৎপাদন করিলেন অস্ত্রক্ষত মানুষের দেহের রক্তই তাহার জল এবং মেদই তাহার ফেন হইল ॥১২৩॥

সেই নদীটার গুরুতর বেগ ও বিশাল প্রবাহ ছিল, মৃত হস্তী ও অশ্বসমূহের শরীরই তাহার তীর হইয়াছিল, ক্ষত্রিয়গণের মজ্জা ও মাংস কর্দ্দমস্বরূপ ছিল এবং অদৃশ্য বহুতর রাক্ষস ও ভূত তাহার সেবা করিতেছিল। আর মস্তক ও কপালের বিশৃঙ্খল কেশগুলি তাহার তৃণচ্ছন্ন দেশ ছিল, সে নদীটা শৈবালপুঞ্জ-

(১২৫)···বিশীর্ণনানা···রা নি।

গোমায়ুশালাবৃকগৃধ্রকঙ্কৈঃ ক্রব্যাদসংঘৈশ্চ তরক্ষুভিশ্চ।
উপেতকূলাং দদৃশুর্মনুষ্যাঃ ক্রূরাং মহাবৈতরণীপ্রকাশাম্ ॥১২৬॥
প্রবর্ত্তিতামর্জ্জুনবাণসংঘৈর্মেদোবসাসৃক্প্রবহাং সুভীমাম্।
হতপ্রবীরাঞ্চ তথৈব দৃষ্ট্বা সেনাং কুরূণামথ ফাল্গুনেন ॥১২৭॥
তে চেদিপাঞ্চালকরূষমৎস্যাঃ পার্থাশ্চ সর্বে সহিতাঃ প্রণেদুঃ।
জয়প্রমত্তাঃ পুরুষপ্রবীরাঃ সংত্রাসয়ন্তঃ কুরুযোধবীরান্ ॥১২৮॥ (যুগ্মকম্)
হতপ্রবীরাণি বলানি দৃষ্ট্বা কিরীটিনা শক্রভয়াবহেন।
বিত্রাস্য সেনাং ধ্বজিনীপতীনাং সিংহো মৃগাণামিব যূথসংঘান্ ॥১২৯॥
বিনেদতুস্তাবতিহর্ষযুক্তৌ গাণ্ডীবধন্বা চ জনার্দ্দনশ্চ।
ততো রবিং সংহৃতরশ্মিজালং দৃষ্ট্বা ভৃশং শস্ত্রপরিক্ষতাঙ্গাঃ ॥১৩০॥

ভারতকৌমুদী

গোমায়ুরিতি। তত্রত্যা মনুষ্যাঃ, গোমায়বঃ শৃগালাঃ, শালাবৃকাঃ কুক্কুরাঃ, গৃধ্রাঃ কঙ্কাশ্চ পক্ষিবিশেষাস্তৈঃ, ক্রব্যাদসংঘৈর্বনবিড়ালাদিভির্মাংসভোজিভিশ্চ, তরক্ষুভির্ব্যাঘ্রবিশেষৈশ্চ, উপেতং মাংসাদিভক্ষণায় প্রাপ্তং কূলং তীরং যস্যাস্তাম্, মহাবৈতরণী যমদ্বারস্থনদীব প্রকাশত ইতি তাম্, ক্রূরাং ভীষণাং তাং নদীং দদৃশুঃ ॥১২৬॥

প্রবর্ত্তিতামিতি। মেদাংসি বসাশ্চ ধাতুবিশেষান্ অসৃঞ্জি রক্তানি চ প্রবহতীতি তাম্। হতাঃ প্রবীরা যস্যাস্তাম্। ফাল্গুনেনার্জ্জুনেন। প্রণেদুঃ সিংহনাদং চক্রুঃ ॥১২৭—১২৮॥

স্বরূপ শরীরসমূহ বহন করিতেছিল এবং বহুস্থানে বিক্ষিপ্ত বহুতর কবচরূপ তরঙ্গে ব্যাপ্ত ছিল; আর মানুষ, হস্তী ও অশ্বের অস্থিগুলিই তাহার কাঁকর হইয়া ছিল ॥১২৪—১২৫॥

তখন তত্রত্য লোকেরা দেখিতে লাগিল—শৃগাল, কুকুর, শকুন, হাড়গিলা, বনবিড়ালপ্রভৃতি মাংসভোজী জন্তু ও চিতাবাঘ মহাবৈতরণী নদীর তুল্য ভীষণ সেই রক্তনদীর তীরে আসিয়া উপস্থিত হইতে লাগিল ॥১২৬॥

অর্জুনের বাণসমূহ মেদ, বসা ও রক্তবাহিনী অতিভয়ঙ্কর একটা নদী উৎপাদন করিয়াছে এবং অর্জুন প্রধান প্রধান বীরদিগকে বিনাশ করিয়াছেন, এহেন কৌরবসৈন্য দেখিয়া চেদি, পাঞ্চাল, করূষ ও মৎস্যদেশীয় প্রধান বীরপুরুষেরা এবং পাণ্ডবেরা সকলে মিলিত ও জয়োন্মত্ত হইয়া কুরুপক্ষীয় বীরযোদ্ধৃগণকে ভীত করিতে থাকিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥১২৭—১২৮॥

(১২৬) শকঙ্কশালাবৃকগৃধ্রকাকৈঃ…রা নি। (১২৮)…জয়প্রগল্‌ভাঃ…রা নি। (১৩০) …সংবৃতরশ্মিজালম্…রা নি।

তদৈন্দ্রমস্ত্রং বিততঞ্চ ঘোরমসহ্যমুদীক্ষ্য যুগান্তকল্পম্।
অথাপযানং কুরবঃ সভীষ্মাঃ সদ্রোণদুর্য্যোধনবাহ্লিকাশ্চ ॥১৩১॥
চক্রুর্নিশাং সন্ধিগতাং সমীক্ষ্য বিভাবসোর্লোহিতরাগযুক্তাম্।
অবাপ্য কীর্ত্তিঞ্চ যশশ্চ লোকে বিজিত্য শক্রংশ্চ ধনঞ্জয়োঽপি ॥১৩২॥
যযৌ নরেন্দ্রৈঃ সহ সোদরৈশ্চ সমাপ্তকর্ম্মা শিবিরং নিশায়াম্।
ততঃ প্রজজ্ঞে তুমুলঃ কুরূণাং নিশামুখে ঘোরতমঃ প্রণাদঃ ॥১৩৩॥
(কুলকম্)
রণে রথানামযুতং নিহত্য হতা গজাঃ সপ্তশতাৰ্জ্জুনেন।
প্রাচ্যাশ্চ সৌবীরগণাশ্চ সর্বে নিপাতিতাঃ ক্ষুদ্রকমালবাশ্চ ॥১৩৪॥

ভারতকৌমুদী

হতেতি। ধ্বজিনীপতীনাং সেনাপতীনাম্। বিনেদতুঃ সিংহনাদং চক্রতুঃ। বিততং সমরাঙ্গনে বিস্তৃতম্। যুগান্তকল্পং প্রলয়কালীনাগ্নিতুল্যম্। অপযানং শিবিরে প্রস্থানম্। সন্ধিগতাং স্বদিনয়োঃ সংযোগপ্রাপ্তাম্। "শৌর্য্যাদিপ্রভবা কীর্ত্তির্দানাদিপ্রভবং যশঃ" ইতি মহাজনোক্তেঃ কীর্ত্তিযশসোর্ভেদঃ। সোদরৈর্ভ্রাতৃভিঃ। সমাপ্তং কর্ম্ম শক্রজয়কর্ম্মাং যস্য সঃ। প্রণাদো বিষাদকোলাহলঃ ॥১২৯—১৩৩॥

রণ ইতি। সপ্ত শতানি যেষাং তে। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৩৪॥

আর শক্রগণের ভীতিজনক অর্জুন প্রধান প্রধান বীরদিগকে বধ করিয়াছেন দেখিয়া কৃষ্ণ এবং অর্জুনও অত্যন্ত আনন্দিত হইয়া সিংহ যেমন মৃগসমূহকে বিত্রস্ত করে, সেইরূপ বিপক্ষ সেনাপতিগণের সৈন্যগণকে বিত্রস্ত করিয়া সিংহনাদ করিতে লাগিলেন। ক্রমে সূর্য্য আপন কিরণসমূহকে উপসংহৃত করিয়াছেন, তাঁহার লোহিতবর্ণরঞ্জিত সন্ধ্যাকাল উপস্থিত হইয়াছে এবং ভয়ঙ্কর ঐন্দ্রাস্ত্রও প্রলয়কালের অগ্নিরাশির ন্যায় বিস্তৃত হইয়া পড়িয়াছে, ইহা দেখিয়া অস্ত্রাঘাতে ক্ষত-বিক্ষত-দেহ ভীষ্ম, দ্রোণ, দুর্য্যোধন ও বাহ্লিকপ্রভৃতি কৌরবপক্ষীয় যোদ্ধারা সে দিনের মত যুদ্ধশেষ করিয়া শিবিরে প্রস্থান করিলেন। ওদিকে অর্জুনও শক্রবিজয়পূর্ব্বক জগতে কীর্ত্তি ও যশ লাভ এবং সে দিনের মত কার্য্য শেষ করিয়া সেই সন্ধ্যাকালে রাজগণ ও ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া শিবিরে গমন করিলেন। তাহার পর সেই সন্ধ্যাকালে কৌরবগণের মধ্যে তুমুল ও ভয়ঙ্কর বিষাদকোলাহল হইতে লাগিল—॥১২৯—১৩৩॥

'অর্জুন আজ যুদ্ধে দশসহস্র রথী ও সপ্তশত হস্তী সংহার করিয়া পূর্বদেশীয়, সৌবীরদেশীয়, ক্ষুদ্রকদেশীয় ও মালবদেশীয় সকল সৈন্যকে নিপাতিত করিয়াছেন ॥১৩৪॥

মহৎ কৃতং কর্ম্ম ধনঞ্জয়েন কর্ত্তুং যথা নার্হতি কশ্চিদন্যঃ।
শ্রুতায়ুরম্বষ্ঠপতিশ্চ রাজা তথৈব দুর্ম্মর্ষণচিত্রসেনৌ ॥১৩৫॥
দ্রোণঃ কৃপঃ সৈন্ধববাহ্লিকৌ চ ভূরিশ্রবাঃ শল্যশলৌ চ রাজন্!।
অন্যে চ যোধাঃ শতশঃ সমেতাঃ ক্রুদ্ধেন পার্থেন রণস্য মধ্যে ॥১৩৬॥
স্ববাহুবীর্য্যেণ জিতাঃ সভীষ্মাঃ কিরীটিনা লোকমহারথেন।
ইতি ব্রুবন্তঃ শিবিরাণি জগ্মুঃ সর্বে গণা ভারত! যে ত্বদীয়াঃ ॥১৩৭॥
(বিশেষকম্)
উল্কাসহস্রৈশ্চ সুসংপ্রদীপ্তৈর্বিভ্রাজমানৈশ্চ তথা প্রদীপৈঃ।
কিরীটিবিত্রাসিতসর্বযোধা চক্রে নিবেশং ধ্বজিনী কুরূণাম্ ॥১৩৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে তৃতীয়দিবসযুদ্ধাবহারে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

মহদিতি। শ্রুতায়ুর্নাম। সৈন্ধবো জয়দ্রথঃ। পার্থেন অর্জ্জুনেন। গণা যোধসমূহাঃ ॥১৩৫—১৩৭॥

উল্কেতি। কিরীটিনা অর্জ্জুনেন বিত্রাসিতাঃ সর্বে যোধা যস্যাঃ সা, কুরূণাং ধ্বজিনী সেনা, সুসংপ্রদীপ্তৈরতীবপ্রজ্বলিতৈঃ, উল্কাসহস্রৈর্দীর্ঘদণ্ডালোকৈঃ, তথা বিভ্রাজমানৈর্বিশেষেণ দীপ্যমানৈঃ প্রদীপৈশ্চ, নিবেশং শিবিরপ্রবেশং চক্রে ॥১৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং অন্য কোন লোকই যাহা করিতে পারে না, তাহা আজ অর্জুন করিয়াছেন। তৎপরে অম্বষ্ঠদেশাধিপতি রাজা শ্রুতায়ু, দুর্ম্মর্ষণ, চিত্রসেন, দ্রোণ, কৃপ, জয়দ্রথ, বাহ্লিক, ভূরিশ্রবা, শল্য, শল এবং অন্য শত শত সম্মিলিত যোদ্ধাকে ভীষ্মের সহিতই আজ জগতে অদ্বিতীয় মহারথ ও কিরীটধারী এক অর্জুন ক্রুদ্ধ হইয়া আপন বাহুবলে সমরাঙ্গনে জয় করিয়াছেন' ভরতনন্দন রাজা! এইরূপ বলিতে বলিতে আপনার পক্ষীয় সকল যোদ্ধা শিবিরে গমন করিলেন ॥১৩৫—১৩৭॥

অর্জুন সকল যোদ্ধাকে বিত্রাসিত করিলে, সমগ্র কৌরবসৈন্য অতিপ্রজ্বলিত সহস্র সহস্র মশাল এবং বিশেষপ্রজ্বলিত প্রদীপের আলোকে যাইয়া শিবিরে প্রবেশ করিল' ॥১৩৮॥

(১৩৫)···অম্বষ্ঠপতিশ্চ রাজন্!···রা বি। (১৩৭)··· সর্বে জনাঃ···পি বা।

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

ব্যুষ্টাং নিশাং ভারত! ভারতীনামনীকিনীনাং প্রমুখে মহাত্মা।
যযৌ সপত্নান্ প্রতি জাতকোপো বৃতঃ সমগ্রেণ বলেন ভীষ্মঃ ॥১॥
তং দ্রোণদুর্য্যোধনবাহ্লিকাশ্চ তথৈব দুর্মর্ষণচিত্রসেনৌ।
জয়দ্রথশ্চাতিবলো বলৌঘৈর্নৃপাস্তথান্যে প্রযযুঃ সমন্তাৎ ॥২॥
স তৈর্মহদ্ভিশ্চ মহারথৈশ্চ তেজস্বিভির্বীর্য্যবদ্ভিশ্চ রাজন্!।
ররাজ রাজোত্তম! রাজমধ্যে সংখ্যে সুরাণামিব দেবরাজঃ ॥৩॥
তস্মিন্ননীকপ্রমুখে বিষক্তা দোধূয়মানাশ্চ মহাপতাকাঃ।
সুরক্তপীতাসিতপাণ্ডুরাভা মহাগজস্কন্ধগতা বিরেজুঃ ॥৪॥

ভারতকৌমুদী

ব্যুষ্টামিতি। ব্যুষ্টাং প্রভাতাং নিশাং প্রাপ্য স্থিতানাম্। ভারতীনাং ভরতবংশসম্বন্ধিনীনাং কৌরবীয়াণামিতি যাবৎ, প্রমুখে অগ্রে। সপত্নান্ শত্রূন্ ॥১॥

তমিতি। বলৌঘৈঃ সহ। তং ভীষ্মম্ অগ্রেসরীকৃত্য সমন্তাৎ প্রযযুঃ ॥২॥

স ইতি। সংখ্যে যুদ্ধে, সুরাণাং মধ্যে দেবরাজ ইব স ভীষ্মো ররাজ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! রাত্রি প্রভাত হইলে, ক্রুদ্ধ মহাত্মা ভীষ্ম কৌরবসৈন্যের সম্মুখে থাকিয়া সমগ্র সৈন্যে বেষ্টিত হইয়া শত্রুপক্ষের দিকে গমন করিতে লাগিলেন ॥১॥

তখন দ্রোণ, দুর্য্যোধন, বাহ্লিক, দুর্মর্ষণ, চিত্রসেন, মহাবল জয়দ্রথ ও বহু-সৈন্যসমন্বিত অন্যান্য রাজারা তাঁহার সকল দিকে গমন করিতে থাকিলেন ॥২॥

রাজশ্রেষ্ঠ রাজা! দেবগণমধ্যে দেবরাজের ন্যায় ভীষ্ম সেই রাজাদের মধ্যে থাকিয়া মহারথ, তেজস্বী ও বীর্য্যবান্ সেই মহাবীরগণদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৩॥

বিশাল-হস্তিগণ-স্কন্ধে স্থাপিত, রক্তবর্ণ, পীতবর্ণ, কৃষ্ণবর্ণ ও শুভ্রবর্ণ মহা-পতাকা সকল বায়ুবেগে অনবরত কম্পিত হইতে থাকিয়া সেই সৈন্যের সম্মুখে বিরাজ করিতে থাকিল ॥৪॥

(১)…ভারতানাম্…বা ব রা নি। (৩)…ররাজ রাজা স তু রাজমধ্যেঽবৃতঃ স দেবৈরিব বজ্রপাণিঃ—রা নি।

সা বাহিনী শান্তনবেন গুপ্তা মহারথৈর্বারণবাজিভিশ্চ।
বভৌ সবিদ্যুৎস্তনয়িত্নুকল্পা জলাগমে দ্যৌরিব জাতমেঘা ॥৫॥
ততো রণায়াভিমুখী প্রয়াতা প্রত্যর্জ্জুনং শান্তনবাভিগুপ্তা।
সেনা মহোগ্রা সহসা কুরূণাং বেগো যথা ভীম ইবাপগায়াঃ ॥৬॥
তং ব্যালনানাবিধগূঢ়সারং গজাশ্বপাদাতরথৌঘপক্ষম্।
ব্যূহং মহামেঘসমং মহাত্মা দদর্শ দূরাৎ কপিরাজকেতুঃ ॥৭॥
বিনির্যযৌ কেতুমতা রথেন নরর্ষভঃ শ্বেতহয়েন কালে।
জয়ে ধৃতঃ শক্রবরূথিনীনাং যথা সুরেন্দ্রোঽসুরবাহিনীনাম্ ॥৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বিষক্তাঃ সংলগ্নাঃ, দোধূয়মানা বায়ুনা ভৃশং কম্পমানাঃ ॥৪॥

সেতি। গুপ্তা রক্ষিতা। সবিদ্যুতো যে স্তনয়িত্নবো মেঘাস্তৎকল্পা ॥৫॥

তত ইতি। আপগায়া নদ্যাঃ, বেগো যথা তথা। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৬॥

তমিতি। মহাত্মা, কপিরাজো বানরশ্রেষ্ঠঃ কেতৌ ধ্বজে যস্য সঃ অর্জ্জুনঃ, দূরাৎ, ব্যালাঃ শঠাঃ=কূটযোদ্ধারস্তৈর্নানাবিধং যথা স্যাত্তথা গূঢ়ানি গোপনেন রক্ষিতানি সারাণি প্রধানাস্ত্রাণি যস্মিন্ তম্, "ব্যালো দুষ্টগজে সর্পে শঠে শ্বাপদসিংহয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। গজা অশ্বাঃ পাদাতং পদাতিসমূহো রথৌঘশ্চ পক্ষাঃ সহায়া যস্য তম্, মহামেঘসমঞ্চ তং ব্যূহং দদর্শ ॥৭॥

বিনির্যিতি। নরর্ষভঃ অর্জ্জুনঃ। ধৃত আগ্রহবান্, শক্রবরূথিনীনাং শক্রসেনানাম্ ॥৮॥

ভীষ্মরক্ষিত সেই কৌরবসৈন্য মহারথগণ, হস্তিগণ ও অশ্বগণদ্বারা বর্ষাকালে বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় কিংবা মেঘসমন্বিত আকাশের ন্যায় শোভা ধারণ করিল ॥৫॥

তাহার পর ভীষ্মরক্ষিত অতিভয়ঙ্কর সেই কৌরবসৈন্য যুদ্ধ করিবার জন্য, ভয়ঙ্কর নদীবেগের ন্যায় অর্জুনের অভিমুখে দ্রুত গমন করিতে লাগিল ॥৬॥

কূটযোদ্ধারা প্রধান প্রধান অস্ত্র সেই ব্যূহের মধ্যে গোপনে নানাবিধভাবে স্থাপন করিয়াছিলেন এবং হস্তী, অশ্ব, পদাতি ও রথিসমূহ তাহার যথাস্থানে সন্নিবেশিত ছিল, আর সে ব্যূহ মহামেঘের ন্যায় প্রকাশ পাইতেছিল; এহেন সেই কৌরবব্যূহ দূর হইতে মহাত্মা অর্জুন দর্শন করিলেন ॥৭॥

তাহার পর ইন্দ্র যেমন অসুরসেনা জয় করিবার জন্য উৎসাহী হইয়া শিবির হইতে নির্গত হইতেন, সেইরূপ নরশ্রেষ্ঠ অর্জুন শত্রুসৈন্য জয় করিবার জন্য

(৫)···শান্তনবেন রাজ্ঞা···পি,· ·শান্তনবেন রাজ্ঞাম্···বা। (৬)··· অভিমুখা···সসারসেনা সহসা···পি বা। (৮) স নির্যযৌ···শ্বেতহয়েন বীরঃ। বরূথিনীনাং প্রমুখে মহাত্মা বলৈর্বৃতঃ সর্ব্বসপত্নসেনাম্—পি বা।

নারায়ণেনেন্দ্র ইবাভিগুপ্তঃ শশীব সূর্য্যেণ সমেযিবান্ যথা।
তথা মহাত্মা সহ কেশবেন বরূথিনীনাং প্রমুখে ররাজ ॥৯॥
সোপস্করং সোত্তরবন্ধুরেষং যত্তং যদূনাম্ষভেণ সংখ্যে।
কপিধ্বজং প্রেক্ষ্য রথং বিষেদুঃ সহৈব পুত্রৈস্তব কৌরবেয়াঃ ॥১০॥
প্রকর্ষতা গুপ্তমুদায়ুধেন কিরীটিনা লোকমহারথেন।
তং ব্যূহরাজং দদৃশুস্ত্বদীয়াশ্চতুশ্চতুর্ব্যালসহস্রকীর্ণম্ ॥১১॥
যথৈব পূর্বেঽহনি ধর্ম্মরাজ্ঞা ব্যূহঃ কৃতঃ কৌরবসত্তমেন।
তথা ন ভূতো ভুবি মানুষেষু ন দৃষ্টপূর্বো ন চ বিশ্রুতশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

নারেতি। অভিগুপ্তো রক্ষিতঃ, ইবশব্দঃ সম্ভাবনায়াম্, সমেযিবান্ সম্মিলিতঃ ॥৯॥

সোপেতি। উপস্করৈরস্ত্রাদ্যুপকরণৈঃ সহেতি সোপস্করম্, উত্তরেণ উপর্য্যাবরণেন বন্ধুরা মনোহরা ঈষা দীর্ঘদণ্ডা যস্ত তম্, "বন্ধুরং রম্যনম্রয়োঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। যদূনাম্ষভেণ কৃষ্ণেন, যত্তং যত্নেন চালিতম্। বিষেদুর্বিষণ্ণা বভূবুঃ ॥১০॥

প্রেতি। ত্বদীয়াঃ, প্রকর্ষতা তং ব্যূহমেবাকৃষ্য নয়তা, উদায়ুধেন উত্তোলিতাস্ত্রেণ, লোকমহারথেন কিরীটিনা অর্জ্জুনেন, গুপ্তং রক্ষিতম্, চতুর্ভিশ্চতুর্ভির্ব্যালসহস্রৈর্বিভিন্নস্থানস্থানাং দুষ্টহস্তিনাং সহস্রৈঃ কীর্ণং ব্যাপ্তম্, তং পাণ্ডবপক্ষীয়ং ব্যূহরাজং দদৃশুঃ ॥১১॥

যথেতি। ধর্ম্মরাজ্ঞা যুধিষ্ঠিরেণ। তদ্দিবসব্যূহোঽপি তাদৃশ এবেতি ভাবঃ ॥১২॥

উৎসাহী হইয়া উত্তমধ্বজযুক্ত ও শ্বেতবর্ণ ঘোটকসমন্বিত রথে আরোহণ করিয়া যথাসময়ে শিবির হইতে নির্গত হইলেন ॥৮॥

তখন নারায়ণরক্ষিত ইন্দ্রের ন্যায় এবং সূর্য্যসম্মিলিত চন্দ্রের তুল্য, কৃষ্ণের সহিত মিলিত মহাত্মা অর্জুন পাণ্ডবসৈন্যের সম্মুখে বিরাজ করিতে লাগিলেন ॥৯॥

যাহাতে অস্ত্রশস্ত্রপ্রভৃতি উপকরণ (আসবাব) ছিল, উপরে আবরণ থাকায় যাহার স্তম্ভগুলি সুন্দর দেখাইতেছিল এবং কৃষ্ণ যত্ন সহকারে যাহা চালাইতেছিলেন, সেই কপিধ্বজ রথ দেখিয়া আপনার পুত্রদের সহিতই কুরুপক্ষীয়েরা বিষণ্ণ হইল ॥১০॥

জগতে অদ্বিতীয় মহারথ অর্জুন অস্ত্রধারণপূর্ব্বক রক্ষা করতঃ আকর্ষণ করিয়া আনয়ন করিতেছেন এবং যথাস্থানে চারি চারি হাজার করিয়া দুষ্টহস্তী রহিয়াছে, এহেন পাণ্ডবসৈন্যব্যূহ আপনার সৈন্যেরা দর্শন করিল ॥১১॥

(৯) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (১০)…যত্তা যদূনাম্…পি বা। (১১) প্রকল্পিতং গুপ্তম্…নি। (১২) যথাহি…পি বা।

ততো যথাদেশমুপেত্য তস্থুঃ পাঞ্চালমুখ্যাঃ সহ চেদিমুখ্যৈঃ।
ততঃ সমাদেশসমাহতানি ভেরীসহস্রাণি বিনেদুরাজৌ।
শঙ্খস্বনা দুন্দুভিনিস্বনাশ্চ সর্বেষ্বনীকেষু সসিংহনাদাঃ ॥১৩॥
ততঃ সবাণানি মহাস্বনানি বিস্ফার্য্যমাণানি ধনূংষি বীরৈঃ।
ক্ষণেন ভেরীপণবপ্রণাদানন্তর্দধুঃ শঙ্খমহাস্বনাংশ্চ ॥১৪॥
তচ্ছঙ্খশব্দাবৃতমন্তরীক্ষমুত্তস্থৌ ভৌমদ্রুতরেণুজালম্।
মহানুভাবাশ্চ ততঃ প্রকাশমালোক্য বীরাঃ সহসাভিপেতুঃ ॥১৫॥
রথী রথেনাভিহতঃ সসূতঃ পপাত সাশ্বঃ সরথঃ সকেতুঃ।
গজো গজেনাভিহতঃ পপাত পদাতিনা চাভিহতঃ পদাতিঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সমাদেশেন নায়কাজ্ঞয়া সমাহতানি তাড়িতানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
তত ইতি। বিস্ফার্য্যমাণানি আকৃষ্যমাণানি। অন্তর্দধুস্তিরশ্চক্রুঃ ॥১৪॥
তদিতি। উদ্ভূতং ভৌমং ভূমিসম্বন্ধি দ্রুতং দ্রুতগামি রেণুজালং যত্র তৎ ॥১৫॥
রথীতি। অভিহতঃ সংঘর্ষাৎ, পপাত সমরাঙ্গনং জগাম ॥১৬॥

কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠির পূর্ব্বদিন যেরূপ ব্যূহ রচনা করিয়াছিলেন, পৃথিবীতে মানুষের মধ্যে সেরূপ ব্যূহ কখনও হয় নাই, আমরা পূর্বে দেখি নাই, বা শুনিও নাই। (এদিনেও সেইরূপ ব্যূহই হইয়াছিল) ॥১২॥

তাহার পর পাঞ্চালদেশীয় প্রধান যোদ্ধারা চেদিদেশীয় প্রধান যোদ্ধাদের সহিত আসিয়া যথাস্থানে অবস্থান করিতে লাগিলেন। তৎপরে নায়কগণের আদেশক্রমে যুদ্ধে সহস্র সহস্র ভেরী বাজিতে লাগিল এবং সমস্ত সৈন্যের মধ্যেই শঙ্খ ও দুন্দুভিধ্বনি এবং সিংহনাদ হইতে থাকিল ॥১৩॥

তদনন্তর বাণধারী বীরগণের বিশাল ধনুষ্টঙ্কার ভেরী, পণব ও শঙ্খের ধ্বনিকে তিরোহিত করিল ॥১৪॥

ক্রমে শঙ্খপ্রভৃতির শব্দ যাইয়া আকাশকে ব্যাপ্ত করিল এবং ভূতলের ধূলি-রাশি দ্রুত উঠিতে লাগিল; তৎপরে মহাপ্রভাবশালী বীরেরা সূর্য্যালোক দেখিয়া বিপক্ষগণের প্রতি বেগে ধাবিত হইতে লাগিলেন ॥১৫॥

সারথি, অশ্ব, রথ ও ধ্বজের সহিত রথীরা অপরাপর রথের সঙ্গে ঠেসাঠেসি-ভাবে আসিতে থাকিল এবং হস্তী অন্যান্য হস্তীর সহিত ও পদাতি অপরাপর পদাতির সঙ্গে সংসৃষ্ট হইয়া আগমন করিতে লাগিল ॥১৬॥

(১৩)…ততো মহাবেগসমাহতানি…পি বা,…শঙ্খস্বনাস্তূর্য্যরবাঃ প্রণেদুঃ…রা নি।
(১৫)…মহাবিতানাবততপ্রকাশম্…পি বা।

আবর্ত্তমানান্যভিবর্ত্তমানৈর্ঘোরীকৃতান্যদ্ভুতদর্শনানি।
প্রাসৈশ্চ খড়্গৈশ্চ সমাহতানি সদশ্ববৃন্দানি সদশ্ববৃন্দৈঃ ॥১৭॥
সুবর্ণতারাগণভূষিতানি সূর্য্যপ্রভাভানি শরাবরাণি।
বিদার্য্যমাণানি পরশ্বধৈশ্চ প্রাসৈশ্চ খড়্গৈশ্চ নিপেতুরুর্ব্যাম্ ॥১৮॥
গজৈর্বিশালৈর্বহবস্তু রুগ্নাঃ কেচিৎ সসূতা রথিনঃ প্রপেতুঃ।
গজর্ষভাশ্চাপি রথর্ষভেণ প্রপেতিরে বাণহতাঃ পৃথিব্যাম্ ॥১৯॥
গজৌঘবেগোদ্ধতসাদিতানাং শ্রুত্বা বিনেদুর্বহুধা মনুষ্যাঃ।
আর্ত্তস্বরং সাদিপদাতিযূনাং বিষাণগাত্রাবরতাড়িতানাম্ ॥২০॥

ভারতকৌমুদী

আবর্ত্তেতি। আবর্ত্তমানানি আগমনপ্রবৃত্তানি, ঘোরীকৃতানি অশ্বাদিভিঃ ॥১৭॥

সুবর্ণেতি। সূর্য্যপ্রভেব ভা দীপ্তির্যেষাং তানি, শরা আব্রিয়ন্তে যৈস্তানি বর্ম্মাণি ॥১৮॥

গজৈরিতি। রুগ্না ভগ্নদেহাঃ, সসূতাঃ সারথিসহিতাঃ। রথর্ষভেণ রথিশ্রেষ্ঠেন ॥১৯॥

গজেতি। মনুষ্যাঃ, গজৌঘবেগেন] উদ্ধতসাদিতানামতিশয়মর্দ্দিতানাম্, ;বিষাণৈর্দন্তৈঃ গাত্রাবরৈর্দেহনিম্নভাগৈশ্চ তাড়িতানাঞ্চ, সাদিনঃ অশ্বারোহিণঃ পদাতয়শ্চ তে যুবানশ্চেতি তেষাম্, বহুধা আর্ত্তস্বরং শ্রুত্বা, বিনেদুঃ হাহেত্যার্ত্তনাদং চক্রুঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

ব্যুষ্টামিতি। ব্যুষ্টাং প্রভাতাম্ ॥১—৬॥ ব্যালো ব্যূহবিশেষস্তেন নানাবিধং গূঢ়সারঞ্চ ॥৭—৯॥ সুপক্ষরং সুচক্রম্, সোত্তরবন্ধুরেষম্ উত্তরেণাচ্ছাদনেন বন্ধুরা রম্যা ঈষা তৎসহিতম্ ॥১০॥ চতুশ্চতুরাবৃত্তং ব্যালানাং গজানাং সহস্রং কর্ণেষু বিদিগ্‌ভাগেষু যস্য তম্ ॥১১—১৭॥ শরাবরাণি কবচানি ॥১৮—৩০॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

ক্রমে উত্তম অশ্বারোহীরা অভিমুখে যাইয়া প্রাস ও তরবারিদ্বারা ভয়ঙ্কর-মূর্ত্তি ও অদ্ভুতদর্শন বিপক্ষ অশ্বারোহীদিগকে আঘাত করিতে থাকিল ॥১৭॥

তখন স্বর্ণতারাভূষিত ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল বর্ম্ম সকল পরশু, প্রাস ও তরবারির আঘাতে স্খলিত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥১৮॥

বহুতর পদাতি এবং সারথির সহিত কতকগুলি রথী বিশাল হস্তিগণের দন্তাঘাতে ভগ্নদেহ হইয়া পতিত হইল; আবার রথিশ্রেষ্ঠগণের বাণে আহত হইয়া হস্তিশ্রেষ্ঠগুলিও ভূতলে পতিত হইতে লাগিল ॥১৯॥

(১৭)…ঘনীকৃতানি…পি বা। (১৯) গজৈর্বিষাণাপরগাত্ররুগ্নাঃ…গজর্ষভেণ…রা নি। (২০)…শ্রুত্বা বিষেদুঃ…আর্ত্তস্বনম্…রা নি।

সংভ্রান্তনাগাশ্বরথে মুহূর্ত্তে মহাক্ষয়ে সাদিপদাতিযূনাম্।
মহারথৈঃ সংপরিবার্য্যমাণো দদর্শ ভীষ্মঃ কপিরাজকেতুম্ ॥২১॥
তং পঞ্চতালোচ্ছ্রিতকেতুঃ সদশ্ববেগাদ্ভুতবীর্য্যযানঃ।
মহাস্ত্রবাণাশনিদীপ্তিমন্তং কিরীটিনং শান্তনবোঽভ্যধাবৎ ॥২২॥
তথৈব শক্রপ্রতিমপ্রভাবমিন্দ্রাত্মজং দ্রোণমুখা বিসস্রুঃ।
কৃপশ্চ শল্যশ্চ বিবিংশতিশ্চ দুর্য্যোধনঃ সৌমদত্তিশ্চ রাজন্! ॥২৩॥
ততো রথানাং প্রমুখাদুপেত্য সর্বাস্ত্রবিৎ কাঞ্চনচিত্রবর্ম্মা।
জবেন শূরোঽভিসসার সর্বাংস্তানর্জ্জুনস্যাত্মভবোঽভিমন্যুঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সমিতি। সংভ্রান্তা ব্যস্তা নাগা হস্তিনঃ অশ্বা রথাশ্চ যত্র তস্মিন্ ॥২১॥

তমিতি। পঞ্চ তালান্ পঞ্চকরতলধ্বনিগমনপর্য্যন্তম্ উচ্ছ্রিত উন্নতঃ তালকেতুস্তালতরুধ্বজো যস্য সঃ, সদশ্বানাং বেগেন অদ্ভুতং বীর্য্যং যস্য তত্তাদৃশং যানং রথো যস্য স তাদৃশঃ শান্তনবো ভীষ্মঃ, মহাস্ত্রবাণা এবাশনয়ো বজ্রাস্তৈর্দীপ্তিমন্তং কিরীটিনমর্জ্জুনমভ্যধাবৎ ॥২২॥

তথেতি। শক্রপ্রতিমপ্রভাবম্ ইন্দ্রতুল্যশক্তিম্, ইন্দ্রাত্মজমর্জ্জুনম্। বিসস্রুরভিজগ্মুঃ ॥২৩॥

হস্তিসমূহের বেগে আহত এবং দন্ত ও দেহনিম্নভাগদ্বারা তাড়িত অশ্বারোহী ও পদাতিগণের নানাপ্রকার আর্ত্তনাদ শুনিয়া অন্যান্য মানুষেরাও আর্ত্তনাদ করিতে লাগিল ॥২০॥

যে সময়ে হস্তী, অশ্ব ও রথীরা ব্যতিব্যস্ত ছিল এবং অশ্বারোহী ও পদাতিগণের মহাক্ষয় হইতেছিল, সেই সময়ে মহারথগণে পরিবেষ্টিত ভীষ্ম অর্জ্জুনকে দেখিতে পাইলেন ॥২১॥

তখন ভীষ্ম অত্যুচ্চধ্বজযুক্ত এবং মহাবেগশালী রথে আরোহণ করিয়া, বজ্রতুল্য বাণ ও অন্যান্য দারুণ অস্ত্রের তেজে তেজীয়ান্ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২২॥

রাজা! সেইরূপই কৃপ, শল্য, বিবিংশতি, দুর্য্যোধন ও ভূরিশ্রবা ইঁহারা দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া ইন্দ্রের তুল্য প্রভাবশালী অর্জ্জুনের প্রতি বেগে গমন করিতে লাগিলেন ॥২৩॥

তাহার পর সর্ব্বাস্ত্রবিৎ, স্বর্ণময়বিচিত্রবর্ম্মধারী ও মহাবীর অর্জ্জুনপুত্র অভিমন্যু রথিসৈন্যের সম্মুখ হইতে নির্গত হইয়া বেগে তাঁহাদের সকলের প্রতি ধাবিত হইলেন ॥২৪॥

(২১)···সংপরিবার্য্যমাণম্···রা নি। (২৩)··শক্রপ্রতিমানকল্পঃ···পি বা। (২৪)··· অর্জ্জুনস্যাত্মসুতঃ···পি বা।

তেষাং মহাস্ত্রাণি মহারথানামসহ্যকর্ম্মা বিনিহত্য কার্ষ্ণিঃ।
বভৌ মহামন্ত্রহুতার্চ্চিমালী সদোগতঃ সন্ ভগবানিবাগ্নিঃ ॥২৫॥
ততঃ স তূর্ণং রুধিরোদফেনাং কৃত্বা নদীমাশু রণে রিপূণাম্।
জগাম সৌভদ্রমতীত্য ভীষ্মো মহারথং পার্থমদীনসত্ত্বঃ ॥২৬॥
ততঃ প্রহস্যাদ্ভুতবিক্রমেণ গাণ্ডীবমুক্তেন শিলাশিতেন।
বিপাঠজালেন মহাস্ত্রজালং বিনাশয়ামাস কিরীটমালী ॥২৭॥
তমুত্তমং সর্বধনুর্দ্ধরাণামশক্তকর্ম্মা কপিরাজকেতুঃ।
ভীষ্মং মহাত্মাভিববর্ষ তূর্ণং শরৈঃ সুতীক্ষ্ণৈর্বিমলৈশ্চ ভল্লৈঃ ॥২৮॥
তথৈব ভীষ্মাহতমন্তরীক্ষে মহাস্ত্রজালং কপিরাজকেতোঃ।
বিশীর্য্যমাণং দদৃশুস্ত্বদীয়া দিবাকরেণেব তমোঽভিভূতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কাঞ্চনং স্বর্ণময়ং চিত্রঞ্চ বর্ম্ম যস্য সঃ। জবেন বেগেন ॥২৪॥
তেষামিতি। কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুঃ। সদোগতো হোমসভাস্থঃ ॥২৫॥
তত ইতি। রুধিরাণ্যেব উদকফেনা যস্যাস্তাম্। অদীনসত্ত্বঃ অকাতরস্বভাবঃ ॥২৬॥
তত ইতি। বিপাঠজালেন বাণবিশেষসমূহেন। কিরীটমালী অর্জ্জুনঃ ॥২৭॥
তমিতি। অন্যৈরশক্যং কর্ম্ম যুদ্ধং যস্য সঃ, কপিরাজকেতুরর্জ্জুনঃ ॥২৮॥
তথেতি। ভীষ্মেণ আহতং নাশিতম্। তমঃ অন্ধকারম্ ॥২৯॥

ক্রমে শত্রুবিজয়ী অভিমন্যু সেই মহারথগণের দারুণ অস্ত্র সকল নিবারণ করিয়া মহামন্ত্রদ্বারা আহুত হোমস্থানস্থিত মাহাত্ম্যশালী অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৫॥

তাহার পর অকাতরস্বভাব ভীষ্ম সত্বর সমরাঙ্গনে শত্রুগণের রক্তরূপ জল ও ফেনযুক্তা একটা নদী প্রবর্ত্তিত করিয়া অভিমন্যুকে অতিক্রমপূর্ব্বক মহারথ অর্জুনের সম্মুখে উপস্থিত হইলেন ॥২৬॥

তদনন্তর অর্জুন হাস্য করিয়া আপন অদ্ভুত বিক্রমদ্বারা গাণ্ডীবনিক্ষিপ্ত শিলাশাণিত বিপাঠসমূহে ভীষ্মের মহাস্ত্রসমূহকে বিনষ্ট করিলেন ॥২৭॥

তৎপরে অন্যের অসাধ্যকর্ম্মা মহাত্মা অর্জুন সত্বর সর্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীষ্মের উপরে সুতীক্ষ্ণ বাণ ও নির্ম্মল ভল্ল সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

(২৫)…মহাস্ত্রাণি মহাবলানাম্…পি বা। (২৬)…নদীং তাং সমরে…পি বা। (২৭) ততঃ প্রগৃহ্যাদ্ভুতদর্শনেন গাণ্ডীবনির্হ্লাদমহাস্বনেন…পি বা। (২৮)…অসক্তকর্ম্মা…শরৌঘজালৈর্বিমলৈশ্চ ভল্লৈঃ—রা নি।

এবংবিধং কার্ম্মুকভীমনাদমদানবৎ সৎপুরুষোত্তমাভ্যাম্।
দদর্শ লোকঃ কুরুসৃঞ্জয়াশ্চ তদ্দ্বৈরথং ভীষ্মধনঞ্জয়াভ্যাম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্থদিবসযুদ্ধে ভীষ্মার্জ্জুনদ্বৈরথে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

একষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দ্রৌণির্ভূরিশ্রবাঃ শল্যশ্চিত্রসেনশ্চ মারিষ!।
পুত্রঃ সাংযমনেশ্চৈব সৌভদ্রং সমযোধয়ন্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। অদীনবৎ অকাতরমিব। তদ্যুদ্ধম্। উভয়ত্রাপি ষষ্ঠ্যর্থে চতুর্থী।৩০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা। হে মারিষ! আর্য্য!। সাংযমনেঃ শল্যস্য, তথৈব পরত্রাভিধানাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

দ্রৌণিরিতি। সাংযমনেঃ শল্যস্য পুত্রঃ ॥১—১০১॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

তখন সূর্য্য যেমন অন্ধকার বিনষ্ট করেন, সেইরূপই ভীষ্ম অর্জুনের মহাস্ত্র সকল আকাশে থাকাকালেই বিনষ্ট করিতে লাগিলেন। তৎকালে আপনার পক্ষের লোকেরা দেখিল—সে অস্ত্র সকল ব্যর্থ হইয়া যাইতে লাগিল ॥২৯॥

সৎপুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ও অর্জুনের সেই দ্বৈরথযুদ্ধ এইরূপে অকাতরভাবে চলিতে লগিল এবং দুই জনেরই দুইখানা ধনুর ভয়ঙ্কর টঙ্কার হইতে থাকিল; এই ঘটনা কৌরবেরা, সৃঞ্জয়েরা ও অন্যান্য লোকেরা দেখিতে লাগিল' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় মহারাজ! অশ্বত্থামা, ভূরিশ্রবা, শল্য, চিত্রসেন ও শল্যের পুত্র ইহারা পাঁচ জন অভিমন্যুর সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

(১)···মারিষঃ···সৌভদ্রং পর্য্যবারয়ন্—রা নি।

সংসক্তমতিতেজোভিস্তমেকং দদৃশুর্জনাঃ।
পঞ্চভির্মনুজব্যাঘ্রৈর্গজৈঃ সিংহশিশুং যথা ॥২॥
নাতিলক্ষ্যতয়া কশ্চিন্ন শৌর্য্যে ন পরাক্রমে।
বভূব সদৃশঃ কাঞ্চে নাস্ত্রে নাপি চ লাঘবে ॥৩॥
তথা তমাত্মজং যুদ্ধে বিক্রমন্তমরিন্দমম্।
দৃষ্ট্বা পার্থঃ সুসংযত্তং সিংহনাদমথানদৎ ॥৪॥
পীড়য়ানঞ্চ তৎ সৈন্যং পৌত্রং তব বিশাংপতে!।
দৃষ্ট্বা ত্বদীয়া রাজেন্দ্র! সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৫॥
ধ্বজিনীং ধার্ত্তরাষ্ট্রাণাং দীনশক্রুরদীনবৎ।
প্রত্যুদ্যযৌ স সৌভদ্রস্তেজসা চ বলেন চ ॥৬॥
তস্য লাঘবমার্গস্থমাদিত্যসদৃশপ্রভম্।
ব্যদৃশ্যত মহচ্চাপং সমরে যুধ্যতঃ পরৈঃ ॥৭॥

ভারতকৌমুদী

সমিতি। সংসক্তং যুদ্ধে সম্মিলিতম্। তং সৌভদ্রম্। পঞ্চভির্দ্রৌণ্যাদিভিঃ ॥২॥
নেতি। অতিলক্ষ্যতয়া অতিশয়েন লক্ষ্যভেদিতয়া। কাঞ্চে রভিমন্যোঃ ॥৩॥
তথেতি। তং সৌভদ্রম্। পার্থঃ অর্জ্জুনঃ, সুসংযত্তং যুদ্ধে অতীবযত্নবন্তং সতর্কম্ ॥৪॥
পীড়েতি। পীড়য়ানং পীড়য়ন্তম্। পৌত্রমভিমন্যুম্। পর্য্যবারয়ন্ অবেষ্টন্ত ॥৫॥
ধ্বজিনীমিতি। ধ্বজিনীং সেনাম্, দীনশক্রুর্বালকতয়া ক্ষুদ্রশক্রুরপি, অদীনবৎ অক্ষুদ্রবৎ ॥৬॥

তখন তত্রত্য লোকেরা দেখিতে লাগিল—একটী সিংহশাবক যেমন পাঁচটা বিশাল হস্তীর সহিত যুদ্ধে মিলিত হয়, সেইরূপ এক অভিমন্যু পাঁচ জন নরশ্রেষ্ঠ মহাবীরের সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন ॥২॥

তথাপি লক্ষ্যভেদে, বীরত্বে, পরাক্রমে, অস্ত্রক্ষেপে ও লঘুহস্ততায় কেহই অভিমন্যুর সমকক্ষ হইতে পারিলেন না ॥৩॥

তাহার পর শত্রুদমনকারী পুত্র সতর্ক হইয়া যুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ করিতেছে দেখিয়া অর্জুন সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! আপনার পক্ষীয় যোদ্ধারা সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৫॥

তখন অভিমন্যু বালক হইয়াও তেজে এবং বলে অবালকের ন্যায় মহা-বিক্রমে ধার্ত্তরাষ্ট্রসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৬॥

(৭)···নাদৃশ্যত মহচ্চাপম্···পি বা।

স দ্রৌণিমিষুণৈকেন বিদ্ধা শল্যঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজং সাংযমনেশ্চাপি সোঽষ্টাভিঃ পর্য্যপাতয়ৎ ॥৮॥
রুক্মদণ্ডাং মহাশক্তিং প্রেষিতাং সৌমদত্তিনা।
শিতেনোরগসঙ্কাশাং পত্রিণাভিজঘান তাম্ ॥৯॥
শল্যস্য চ মহাঘোরানস্যতঃ শতশঃ শরান্।
নিবার্য্যার্জ্জুনদায়াদো জঘান চতুরো হয়ান্ ॥১০॥
ভূরিশ্রবাশ্চ শল্যশ্চ দ্রৌণিঃ সাংযমনিঃ শলঃ।
নাত্যবর্ত্তন্ত সংরব্ধাঃ কাঙ্ক্ষে র্বাহুবলোদয়ম্ ॥১১॥
ততস্ত্রিগর্ত্তা রাজেন্দ্র! মদ্রাশ্চ সহ কেকয়ৈঃ।
পঞ্চবিংশতিসাহস্রাস্তব পুত্রেণ চোদিতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

তস্যেতি। লাঘবমার্গস্থং লঘুহস্ততাপ্রদর্শনবিষয়গতম্। যুধ্যতো যুধ্যমানস্য ॥৭॥
স ইতি। দ্রৌণিমশ্বত্থামানম্, ইষুণা বাণেন। সাংযমনেঃ শল্যপুত্রস্য ॥৮॥
রুক্মেতি। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্। সৌমদত্তিনা ভূরিশ্রবসা। পত্রিণা বাণেন ॥৯॥
শল্যস্যেতি। অস্যতঃ ক্ষিপতঃ। অর্জ্জুনস্য দায়াদঃ পুত্রঃ। হয়ান্ অশ্বান্ ॥১০॥
ভূরীতি। নাত্যবর্ত্তন্ত নাত্যক্রামন্, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, কাঙ্ক্ষে রভিমন্যোঃ ॥১১॥

তিনি সমরাঙ্গনে বিপক্ষদের সহিত যুদ্ধ করিতে লাগিলে, তাঁহার লঘুহস্ততা দেখাইবার স্থান বিশাল ধনুখানাকে সূর্য্যমণ্ডলের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৭॥

পরে অভিমন্যু একটা বাণদ্বারা অশ্বত্থামাকে এবং পাঁচটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিয়া আটটা বাণদ্বারা শল্যপুত্রের ধ্বজটাকে নিপাতিত করিলেন ॥৮॥

এবং তিনি একটা শিলাশাণিত বাণদ্বারা ভূরিশ্রবার নিক্ষিপ্ত সর্পসদৃশ স্বর্ণদণ্ড মহাশক্তিটাকে প্রতিহত করিলেন ॥৯॥

এই সময়ে শল্য অতিভয়ঙ্কর শত শত বাণ নিক্ষেপ করিতেছিলেন, কিন্তু অভিমন্যু সেগুলিকেও নিবারণ করিয়া শল্যের চারিটা অশ্বকে বধ করিলেন ॥১০॥

অতএব ভূরিশ্রবা, শল্য, শল্যের পুত্র অশ্বত্থামা ও শল ইঁহারা ক্রুদ্ধ হইয়াও অভিমন্যুর বাহুবল অতিক্রম করিতে পারিলেন না ॥১১॥

(৮)…সোঽষ্টাভিরপবর্জয়ৎ—পি,…সোঽষ্টাভিশ্চিচ্ছিদে ততঃ—রা নি। (৯)…পত্রিণা প্রজহার তাম্—পি বা। (১০)…জঘানার্জ্জুনদায়াদঃ…রা নি। (১১)…নাভ্যবর্ত্তন্ত সংরব্ধাঃ কাঙ্ক্ষে র্বাহুবলোদয়াং—রা নি।

ধনুর্বেদবিদো মুখ্যা অজেয়াঃ শত্রুভির্যুধি।
সহপুত্রং জিঘাংসন্তং পরিবব্রুঃ কিরীটিনম্ ॥১৩॥ (যুগ্মকম্)
তৌ তু তত্র পিতাপুত্রৌ পরিক্ষিপ্তৌ মহারথৌ।
দদর্শ রাজন্! পাঞ্চাল্যঃ সেনাপতিররিন্দম! ॥১৪॥
স বারণরথৌঘানাং সহস্রৈর্বহুভির্বৃতঃ।
বাজিভিঃ পত্তিভিশ্চৈব বৃতঃ শতসহস্রশঃ ॥১৫॥
ধনুর্বিস্ফার্য্য সংক্রুদ্ধশ্চোদয়িত্বা চ বাহিনীম্।
যযৌ তং মদ্রকানীকং কৈকেয়াংশ্চ পরন্তপঃ ॥১৬॥ (যুগ্মকম্)
তেন কীর্ত্তিমতা গুপ্তমনীকং দৃঢ়ধন্বনা।
সংরব্ধরথনাগাশ্বং যোৎস্যমানমশোভত ॥১৭॥
সোঽর্জ্জুনপ্রমুখে যান্তং পাঞ্চালকুলবর্দ্ধনঃ।
ত্রিভিঃ শারদ্বতং বাণৈর্জত্রুদেশে সমার্পয়ৎ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতাঃ প্রেরিতাঃ। সহপুত্রং সাভিমন্যুম্ ॥১২—১৩॥
তাবিতি। পরিক্ষিপ্তৌ শত্রুপরিবেষ্টিতৌ। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥১৪॥
স ইতি। স ধৃষ্টদ্যুম্নঃ, বারণা হস্তিনঃ। চোদয়িত্বা সঞ্চাল্য ॥১৫—১৬॥
তেনেতি। গুপ্তং রক্ষিতম্। সংরব্ধাঃ ক্রুদ্ধা রথা নাগা হস্তিনঃ অশ্বাশ্চ যত্র তৎ ॥১৭॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর প্রধান ধনুর্ব্বেদবিৎ এবং যুদ্ধে শত্রুগণের অজেয় ত্রিগর্ত্ত, মদ্র ও কেকয়দেশীয় পঞ্চবিংশতিসহস্র যোদ্ধা আপনার পুত্রের আদেশক্রমে আসিয়া জিঘাংসু অভিমন্যুর সহিত অর্জুনকে পরিবেষ্টন করিল ॥১২—১৩॥

অরিন্দম রাজা! তখন সেনাপতি ধৃষ্টদ্যুম্ন দূর হইতে মহারথ পিতা ও পুত্র অর্জুন ও অভিমন্যুকে পরিবেষ্টিত অবস্থায় দর্শন করিলেন ॥১৪॥

সেই শত্রুসন্তাপকারী ধৃষ্টদ্যুম্ন বহুসহস্র হস্তী ও রথী সৈন্যে এবং শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী ও পদাতি সৈন্যে পরিবেষ্টিত হইয়া ধনু আকর্ষণ ও সৈন্য সঞ্চালন করিয়া অত্যন্ত ক্রুদ্ধ অবস্থায় সেই মদ্র ও কেকয়দেশীয় সৈন্যগণের প্রতি গমন করিলেন ॥১৫—১৬॥

সেই যশস্বী ও দৃঢ়ধন্বা ধৃষ্টদ্যুম্ন যাহার নায়ক ছিলেন এবং যাহার মধ্যে বহুতর ক্রুদ্ধ রথী, গজারোহী ও অশ্বারোহী ছিল, সেই যুদ্ধার্থী সৈন্য তখন শোভা পাইতে লাগিল ॥১৭॥

ননাদ বলবন্নাদং ভগদত্তঃ প্রতাপবান্ ॥৫৩॥
ততো ঘটোৎকচো রাজন্! প্রেক্ষ্য ভীমং তথাগতম্।
সংক্রুদ্ধো রাক্ষসো ঘোরস্তত্রৈবান্তরধীয়ত ॥৫৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। তে পাণ্ডবপক্ষীয়াঃ, বিপ্রমনসঃ প্রকর্ষেণ বিষণ্ণচিত্তাঃ ॥৫০॥
তত ইতি। নৃপতির্ভগদত্তঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৫১॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। অভিপরীতাত্মা আক্রান্তদেহাদিসংঘাতঃ ॥৫২॥
তানিতি। ননাদ চকার, বলবৎ সাতিশয়ম্, নাদং সিংহনাদম্ ॥৫৩॥
তত ইতি। তথাগতং মূর্চ্ছাপ্রাপ্তম্ ॥৫৪॥

অবলম্বনপূর্ব্বক চরণবিন্যাসে ভূতল কম্পিত করিয়া দৈবপ্রেরিত যমের ন্যায় সমস্ত পাণ্ডবগণের প্রতি ধাবিত হইল ॥৪৯॥

তখন পাণ্ডবপক্ষীয় মহারথেরা সকলে সেই হাতীটার বিশাল রূপ দেখিয়া সেটাকে অসহ্য মনে করিয়া অত্যন্তবিষণ্ণচিত্ত হইলেন ॥৫০॥

মহারাজ! তাহার পর ভগদত্ত ক্রুদ্ধ হইয়া একটা অবনতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫১॥

মহাধনুর্দ্ধর ও মহারথ ভীমসেন ভগদত্তের সেই শরাঘাতে অত্যন্তবিদ্ধ হইয়া মূর্চ্ছা উপস্থিত হওয়ায় রথের ধ্বজদণ্ড ধারণ করিলেন ॥৫২॥

তখন প্রতাপশালী ভগদত্ত পাণ্ডবপক্ষীয় যোদ্ধাদিগকে ভীত এবং ভীমসেনকে মূর্চ্ছিত দেখিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৫৩॥

রাজা! তাহার পর ভয়ঙ্করমূর্ত্তি রাক্ষস ঘটোৎকচ ভীমসেনকে সেইরূপ দেখিয়া ক্রুদ্ধ হইয়া সেই স্থানেই অন্তর্হিত হইল ॥৫৪॥

(৫০)…ন্যতিপ্রমনসোঽভবন্—রা নি। (৫১) আজঘান নরব্যাঘ্র!…পি বা। (৫৪)… দৃষ্ট। ভীমম্…পি বা।

স কৃত্বা দারুণাং মায়াং ভীরূণাং ভয়বর্দ্ধিনীম্।
অদৃশ্যত নিমেষার্দ্ধাদ্ঘোররূপং সমাস্থিতঃ ॥৫৫॥
ঐরাবতং সমারূঢ়ঃ স বৈ মায়াকৃতং স্বয়ম্।
তস্য চান্বেঽপি দিঙ্নাগা বভূবুরনুযায়িনঃ ॥৫৬॥
অঞ্জনো বামনশ্চৈব মহাপদ্মশ্চ সুপ্রভঃ।
ত্রয় এতে মহানাগা রাক্ষসৈঃ সমধিষ্ঠিতাঃ ॥৫৭॥
মহাকায়াস্ত্রিধা রাজন্! প্রস্রবন্তো মদান্ বহূন্।
তেজোবীর্য্যবলোপেতা মহাবলপরাক্রমাঃ ॥৫৮॥ (বিশেষকম্)
ঘটোৎকচস্তু স্বং নাগং চোদয়ামাস তং তদা।
সগজং ভগদত্তস্তু হন্তুকামঃ পরন্তপঃ ॥৫৯॥
তে চান্যে চোদিতা নাগা রাক্ষসৈস্তৈর্মহাবলৈঃ।
পরিপেতুঃ সুসংরব্ধাশ্চতুর্দংষ্ট্রাশ্চতুর্দ্দিশম্।
ভগদত্তস্য তং নাগং বিষাণৈরভ্যপীড়য়ন্ ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। স ঘটোৎকচঃ। সমাস্থিতঃ সমাশ্রিতঃ ॥৫৫॥

ঐরাবতমিতি। সমারূঢ় আসীদিতি শেষঃ। মহাপদ্মঃ পুণ্ডরীকনামা, সুপ্রভ ইতি চাস্য বিশেষণম্। ত্রিধা মুখগণ্ডোপস্থবর্ত্তিতয়া ত্রিপ্রকারান্, মদান্ মদজলানি ॥৫৬—৫৮॥

ঘটোৎকচ ইতি। নাগং হস্তিনম্, চোদয়ামাস প্রেরয়ামাস ॥৫৯॥

তৎপরে সে, নিমেষার্দ্ধমধ্যেই ভীরুব্যক্তিগণের ভয়বর্দ্ধিনী দারুণ মায়া করিয়া ভয়ঙ্কর মূর্ত্তিতে দৃষ্টিগোচর হইল ॥৫৫॥

রাজা! তৎকালে ঘটোৎকচ আপন মায়ানির্ম্মিত ঐরাবতহস্তীতে আরূঢ় ছিল। আর অঞ্জন, বামন ও সুন্দরমূর্ত্তি পুণ্ডরীক এই তিনটা দিগ্‌হস্তীও ঘটোৎকচের অনুগামী হইয়াছিল; উহার প্রত্যেক হস্তীর উপরেই রাক্ষসেরা আরোহণ করিয়াছিল এবং উহার প্রত্যেক হস্তীই দেহের তিনটী স্থান হইতে প্রচুর মদজল নিঃসারণ করিতেছিল; বিশেষতঃ ঐ হস্তীগুলির প্রত্যেকটারই বিশাল শরীর, তেজ, মানসিক বল, দৈহিক বল ও অত্যন্ত পরাক্রম ছিল ॥৫৬—৫৮॥

তখন শত্রুসন্তাপকারী ঘটোৎকচ ভগদত্তকে ও তাঁহার হস্তীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া নিজের সেই হস্তীটাকে চালাইয়া দিল ॥৫৯॥

(৫৬) ঐরাবতং সমারুহ্য স্বয়ং মায়াময়ং কৃতম্…পি বা। (৫৮)…মদং বহু…বা রা নি। (৫৯)…চোদয়ামাস সংযুগে…পি বা।

স পীড্যমানস্তৈর্নাগৈর্বেদনার্ত্তঃ শরাহতঃ।
অনদৎ সুমহানাদমিন্দ্রাশনিসমস্বনম্ ॥৬১॥
ব্যবর্ত্তত মহাঘোষো ভৈমসেনিশরার্দিতঃ।
মৃদিত্বা সর্বসৈন্যানি তব পুত্রস্য ভারত! ॥৬২॥
তস্য তং নদতো নাদং সুঘোরং ভীমনিস্বনম্।
শ্রুত্বা ভীষ্মোঽব্রবীদ্দ্রোণং রাজানঞ্চ সুযোধনম্ ॥৬৩॥
এষ যুধ্যতি সংগ্রামে হৈড়িম্বেন দুরাত্মনা।
ভগদত্তো মহেষ্বাসঃ কৃচ্ছ্রে চ পরিবর্ত্ততে ॥৬৪॥
রাক্ষসশ্চ মহামায়ঃ স চ রাজাতিকোপনঃ।
এতৌ সমেতৌ সমরে কালমৃত্যুসমাবুভৌ ॥৬৫॥

ভারতকৌমুদী

ত ইতি। চতুর্দংষ্ট্রাঃ প্রত্যেকমেব। বিষাণৈর্দন্তৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০॥
স ইতি। স ভগদত্তহস্তী। শরাহতঃ প্রাগেব পাণ্ডববাণৈস্তাড়িতঃ ॥৬১॥
ব্যবর্ত্তেতেতি। ব্যবর্ত্তত অপাসরৎ, মহান্ ঘোষো যস্য সঃ, ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥৬২॥
তস্যেতি। তস্য ভগদত্তহস্তিনঃ। ভীমনিস্বনমীদৃশী পুনরুক্তিরার্ষত্বাৎ সোঢ়ব্যা ॥৬৩॥
এষ ইতি। হৈড়িম্বেন হিড়িম্বাপুত্রেণ ঘটোৎকচেন। কৃচ্ছ্রে বিপদি ॥৬৪॥
রাক্ষস ইতি। কালো রুদ্রঃ। অতএবৈকতরধ্বংসো ধ্রুব এবেতি ভাবঃ ॥৬৫॥

পরে সেই মহাবল রাক্ষসেরাও অপর তিনটা হস্তীকে প্রেরণ করিল। তখন চতুর্দন্তযুক্ত ও অত্যন্তক্রুদ্ধ সেই তিনটা হস্তী (এবং ঘটোৎকচের হস্তী) চতুর্দ্দিক্ হইতে যাইয়া দন্তদ্বারা ভগদত্তের সেই হস্তীটাকে পীড়ন করিতে লাগিল ॥৬০॥

ভগদত্তের সেই হস্তীটা পূর্বেই পাণ্ডবগণের বাণে আহত হইয়াছিল, এখন রাক্ষসগণের হস্তীগুলিও পীড়ন করিতে থাকায় অত্যন্ত বেদনার্ত্ত হইয়া ইন্দ্রের বজ্রের শব্দের ন্যায় গুরুতর কাতরধ্বনি করিতে থাকিল ॥৬১॥

এবং ভরতনন্দন! মহাকাতরধ্বনিকারী ভগদত্তের সেই হস্তীটা ঘটোৎকচের বাণেও তাড়িত হইয়া আপনার পুত্রের সমস্ত সৈন্যকে মর্দ্দন করিতে থাকিয়া পলায়ন করিতে লাগিল ॥৬২॥

ভীষ্ম সেই হাতীটার ভয়ঙ্কর আর্ত্তনাদ শুনিয়া দ্রোণাচার্য্য ও রাজা দুর্য্যোধনকে বলিলেন—॥৬৩॥

'এই মহাধনুর্দ্ধর ভগদত্ত সমরাঙ্গনে দুরাত্মা ঘটোৎকচের সহিত যুদ্ধ করিতেছেন। সুতরাং তিনি বিপদেই পড়িয়াছেন ॥৬৪॥

(৬২) অয়ং শ্লোকঃ পি বা রা নাস্তি। (৬৪)···হৈড়িম্বেন মহাত্মনা···কৃচ্ছ্রেণ···পি বা।

শ্রূয়তে চৈব হৃষ্টানাং পাণ্ডবানাং মহাস্বনঃ।
হস্তিনশ্চৈব সুমহান্ ভীতস্য রুদিতধ্বনিঃ ॥৬৬॥
তত্র গচ্ছাম ভদ্রং বো রাজানং পরিরক্ষিতুম্।
অরক্ষ্যমাণঃ সমরে ক্ষিপ্রং প্রাণান্ বিমোক্ষ্যতি ॥৬৭॥
তে ত্বরধ্বং মহাবীর্য্যাঃ! কিং চিরেণ প্রয়ামহে।
মহান্ হি বর্ত্ততে রৌদ্রঃ সংগ্রামো রোমহর্ষণঃ ॥৬৮॥
ভক্তশ্চ কুলপুত্রশ্চ শূরশ্চ পৃতনাপতিঃ।
যুক্তং তস্য পরিত্রাণং কর্ত্তুমস্মাভিরচ্যুতাঃ! ॥৬৯॥
ভীষ্মস্য তদ্বচঃ শ্রুত্বা ভারদ্বাজপুরোগমাঃ।
সহিতাঃ সর্বরাজানো ভগদত্তপরীপ্সয়া।
উত্তমং জবমাস্থায় প্রযযুর্যত্র সোঽভবৎ ॥৭০॥

ভারতকৌমুদী

তর্হি ঘটোৎকচধ্বংস এব সম্ভাব্যতামিত্যাহ শ্রূয়ত ইতি। হস্তিনো ভগদত্তসম্বন্ধিনঃ ॥৬৬॥
তত্রেতি। বো যুষ্মাকং ভদ্রং মঙ্গলং ভবত্বিত্যাশীঃ। রাজানং ভগদত্তম্ ॥৬৭॥
ত ইতি। তে যূয়ম্। রৌদ্রো ভয়ঙ্করঃ ॥৬৮॥
ভক্ত ইতি। পৃতনাপতিঃ সেনাংশবিশেষনেতা। হে অচ্যুতা বীরধর্ম্মাদভ্রষ্টাঃ! ॥৬৯॥
ভীষ্মস্যেতি। ভগদত্তস্য পরীপ্সয়া রক্ষণেচ্ছয়া। জবং বেগম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥

রাক্ষসটাও মহামায়াবী এবং ভগদত্তও অত্যন্তকোপনস্বভাব। সুতরাং রুদ্র ও যমের তুল্য উঁহারা দুই জন সমরাঙ্গনে সম্মিলিত হইয়াছেন ॥৬৫॥

তা'র পর পাণ্ডবগণের আনন্দকোলাহল এবং ভীত হাতীটার আর্ত্তনাদ শুনা যাইতেছে ॥৬৬॥

অতএব ভগদত্তকে রক্ষা করিবার জন্য আমাদের সেখানে যাওয়া একান্ত উচিত। কেন না, উঁহাকে রক্ষা না করিলে, সত্বরই উনি যুদ্ধে প্রাণত্যাগ করিবেন। আপনাদের মঙ্গল হউক ॥৬৭॥

অতএব মহাবীরগণ! আপনারা সত্বর হউন, বিলম্ব করিবেন না, (চলুন) যাই। কারণ, মহাভয়ঙ্কর ও রোমহর্ষণ যুদ্ধ চলিতেছে ॥৬৮॥

হে বীরধর্ম্মপরিপালকগণ! ভগদত্ত আমাদের ভক্ত, সদ্বংশজাত ও সেনাপতি। অতএব উঁহাকে রক্ষা করা আমাদের অবশ্য কর্ত্তব্য' ॥৬৯॥

(৬৬)·· শ্রূয়তে হ্যেষঃ···পি বা। (৬৮) তং ত্বরধ্বম্···মা চিরং কুরুতানঘাঃ! পি। (৬৯)·· অচ্যুত!—রা নি। (৭০)···শ্রুত্বা সর্ব এব মহারথাঃ। ভীষ্মদ্রোণৌ পুরস্কৃত্য···রা নি।

তান্ প্রয়াতান্ সমালোক্য যুধিষ্ঠিরপুরোগমাঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং পৃষ্ঠতোঽনুযযুঃ পরান্ ॥৭১॥
তান্যনীকান্যথালোক্য রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
ননাদ সুমহানাদং বিস্ফোটমশনেরিব ॥৭২॥
তস্য তং নিনদং শ্রুত্বা দৃষ্ট্বা নাগাংশ্চ যুধ্যতঃ।
ভীষ্মঃ শান্তনবো ভূয়ো ভারদ্বাজমভাষত ॥৭৩॥
ন রোচতে মে সংগ্রামো হৈড়িম্বেন দুরাত্মনা।
বলবীর্য্যসমাবিষ্টঃ সসহায়শ্চ সাম্প্রতম্ ॥৭৪॥
নৈষ শক্যো যুধা জেতুমপি বজ্রভৃতা স্বয়ম্।
লব্ধলক্ষঃ প্রহারী চ বয়ঞ্চ শ্রান্তবাহনাঃ ॥৭৫॥
পাঞ্চালৈঃ পাণ্ডবেয়ৈশ্চ দিবসং ক্ষতবিক্ষতাঃ।
ইদানীং যুধি নির্জেতুং ন শক্যোঽসৌ স রাক্ষসঃ ॥৭৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তানিতি। পরান্ শত্রূন্ কৌরবান্ ॥৭১॥
তানীতি। রাক্ষসেন্দ্রো ঘটোৎকচঃ। ননাদ চকার, বিস্ফোটং শব্দম্ ॥৭২॥
তস্যেতি। নাগান্ রাক্ষসমায়াকল্পিতান্ গজান্। ভারদ্বাজং দ্রোণম্ ॥৭৩॥
নেতি। বলং মানসিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ দৈহিকী শক্তিঃ ॥৭৪॥
নেতি। লব্ধলক্ষঃ প্রাপ্তসমকক্ষযোধঃ। দিবসং যাবৎ ॥৭৫—৭৬॥

ভীষ্মের সেই কথা শুনিয়া দ্রোণ ও সম্মিলিত রাজারা সকলে ভগদত্তকে রক্ষা করিবার জন্য অত্যন্ত বেগ অবলম্বন করিয়া—যেখানে ভগদত্ত ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৭০॥

তাঁহাদিগকে গমন করিতে দেখিয়া পাঞ্চালদেশীয় যোদ্ধারা যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া অন্যান্য পাণ্ডবদের সহিত মিলিত হইয়া তাঁহাদের পিছনে যাইতে লাগিলেন ॥৭১॥

তদনন্তর প্রতাপশালী ঘটোৎকচ সেই কৌরবসৈন্যকে আসিতে দেখিয়া বজ্রধ্বনির ন্যায় বিশাল সিংহনাদ করিল ॥৭২॥

ঘটোৎকচের সেই সিংহনাদ শুনিয়া এবং তাহাদের সেই হাতীগুলিকে যুদ্ধ করিতে দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় দ্রোণকে বলিলেন—॥৭৩॥

'দুরাত্মা ঘটোৎকচের সহিত আমি এখন যুদ্ধ করিতে ইচ্ছা করি না। কারণ, এখন-ও বল, বীর্য্য এবং সহায়সম্পন্ন রহিয়াছে ॥৭৪॥

(৭১)···প্রয়াতান্ সমালক্ষ্য···পি বা। (৭২)···নাদং নাদয়ানো নভস্তলম্—পি বা।

অস্তমভ্যেতি সবিতা রাত্রৌ যোদ্ধুং ন শক্যতে।
অবহারমতঃ কুর্ম্মঃ শ্বো যোৎস্যামঃ পরৈঃ সহ ॥৭৭॥
পিতামহবচঃ শ্রুত্বা তথা চক্রুঃ স্ম কৌরবাঃ।
উপায়েনাপযানং তে ঘটোৎকচভয়ার্দ্দিতাঃ ॥৭৮॥
কৌরবেষু নিবৃত্তেষু পাণ্ডবা জিতকাশিনঃ।
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ ভারত! ॥৭৯॥
এবং তদভবদ্‌যুদ্ধং দিবসং ভরতর্ষভ!।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ পুরস্কৃত্য ঘটোৎকচম্ ॥৮০॥
কৌরবাস্তু ততো রাজন্! প্রযযুঃ শিবিরং স্বকম্।
ব্রীড়ান্বিতা নিশাকালে পাণ্ডবৈর্যৈঃ পরাজিতাঃ ॥৮১॥

ভারতকৌমুদী

অস্তমিতি। অবহারম্, অদ্যতনযুদ্ধবিরামম্, শ্বঃ পরদিনে ॥৭৭॥
পিতামহেতি। উপায়েন রাত্র্যাগমব্যপদেশেন, অপযানং শিবিরগমনম্ ॥৭৮॥
কৌরবেষ্বিতি। জিতমিতি ভাবে ক্তঃ। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৭৯॥
এবমিতি। দিবসং চতুর্থং দিনম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৮০॥

সুতরাং এখন স্বয়ং ইন্দ্রও উহাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না। বিশেষতঃ ও এখন উপযুক্ত লক্ষ্য পাইয়াছে এবং প্রহারেও প্রবৃত্ত হইয়াছে; আর আমাদের বাহনগুলি পরিশ্রান্ত হইয়াছে এবং আমরাও সমস্ত দিন পাঞ্চালগণ ও পাণ্ডবগণের প্রহারে ক্ষত-বিক্ষত হইয়াছি। এ অবস্থায় আমরা এখন ঐ রাক্ষসটাকে জয় করিতে সমর্থ হইব না ॥৭৫—৭৬॥

এদিকে সূর্য্য অস্ত যাইতেছেন। সুতরাং রাত্রিতে আর যুদ্ধ করা যাইবে না। অতএব আমরা আজিকার মত যুদ্ধ সমাপ্ত করি, আগামী কাল আবার বিপক্ষদের সহিত যুদ্ধ করিব' ॥৭৭॥

ভীষ্মের সেইরূপ কথা শুনিয়া ঘটোৎকচের ভয়ে পীড়িত কৌরবেরা রাত্রি হইয়াছে বলিয়া শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৭৮॥

ভরতনন্দন! কৌরবেরা নিবৃত্তি পাইলে, বিজয়শোভী পাণ্ডবেরা অত্যন্ত সিংহনাদ ও শঙ্খধ্বনি করিলেন ॥৭৯॥

ভরতশ্রেষ্ঠ! ঘটোৎকচকে সম্মুখে রাখিয়া সে দিন পাণ্ডবও কৌরবগণের এইরূপ যুদ্ধ হইয়াছিল ॥৮০॥

(৭৮)· ·তথা চক্রুঃ প্রহর্ষিতাঃ। উপায়েনাপযাতাস্তে···পি বা। (৮১)···কৌরবাস্তু ততস্তূর্ণম্···পি বা,···ব্রীড়ানতাঃ···পি,·· ব্রীড়মানাঃ···রা নি।

শরবিক্ষতগাত্রাশ্চ পাণ্ডুপুত্রা মহারথাঃ।
যুদ্ধে প্রমনসো রাজন্! জগ্মুশ্চ শিবিরং প্রতি ॥৮২॥
পুরস্কৃত্য মহারাজ! ভীমসেনঘটোৎকচৌ।
পূজয়ন্তস্তদান্যোন্যং মুদা পরময়া যুতাঃ ॥৮৩॥
নদন্তো বিবিধান্ নাদাংস্তূর্য্যস্বনবিমিশ্রিতান্।
সিংহনাদাংশ্চ কুর্বন্তো বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ ॥৮৪॥
বিনদন্তো মহাত্মানঃ কম্পয়ন্তশ্চ মেদিনীম্।
ঘট্টয়ন্তশ্চ মর্ম্মাণি তব পুত্রস্য মারিষ!।
প্রয়াতাঃ শিবিরায়ৈব নিশাকালে পরন্তপাঃ ॥৮৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কৌরবা ইতি। স্বকং স্বকীয়ম্। ব্রীড়ান্বিতাঃ পরাজিতত্বাদেব লজ্জিতাঃ।৮১॥

শরেতি। প্রমনসো জয়লাভাৎ প্রসন্নচিত্তাঃ।৮২॥

অথ কেন প্রকারেণ জগ্মুরিত্যপেক্ষায়াং ত্রিভির্বিশেষকেণ তং প্রকারমেবাহ পুরস্কৃত্যেতি। পূজয়ন্তঃ প্রশংসয়া গৌরবং প্রকাশয়ন্তঃ। নদন্তঃ কুর্বন্তঃ। বিনদন্তঃ কোলাহলং কুর্বন্তঃ। ঘট্টয়ন্তঃ কম্পয়ন্তঃ, মর্ম্মাণি হৃদয়ানি, পুত্রস্য পুত্রগণস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৩—৮৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪৬॥ স্বতেজনৈর্বাণৈরিতি শেষঃ ॥৪৭—৮৪॥ ঘট্টয়ন্তঃ স্পৃশন্তঃ।৮৫—৮৭॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৩॥

রাজা! তাহার পর কৌরবেরা পাণ্ডবগণের নিকট পরাজিত হওয়ায় লজ্জিত হইয়া রাত্রিকালে আপন শিবিরে যাইয়া প্রবেশ করিলেন ॥৮১॥

রাজা! এদিকে যুদ্ধে বাণবিক্ষতগাত্র মহারথ পাণ্ডবেরাও জয়লাভ করায় প্রসন্নচিত্ত হইয়া শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৮২॥

মাননীয় মহারাজ! শত্রুসন্তাপকারী মহাত্মা পাণ্ডবেরা জয়লাভ করায় পরম আনন্দিত হইয়া, পরস্পর প্রশংসা করিতে থাকিয়া, ভীমসেন ও ঘটোৎকচকে অগ্রবর্ত্তী করিয়া, তূর্য্যধ্বনির সহিত নানাবিধ বীরনাদ, শঙ্খধ্বনিমিশ্রিত সিংহনাদ, এবং বিশাল কোলাহল করতঃ, ভূতল ও আপনার পুত্রগণের হৃদয় কম্পিত করিতে থাকিয়া রাত্রিকালে শিবিরে যাইয়া প্রবেশ করিলেন ॥৮৩—৮৫॥

(৮২)…যুদ্ধে সুমনসো রাজন্!…বা,…যুদ্ধে সুমনসো ভূত্বা…রা নি। (৮৫)…নিশাকালে পরন্তপ!—রা নি।

দুর্য্যোধনস্তু নৃপতির্দীনো ভ্রাতৃবধেন চ।
মুহূর্ত্তং চিন্তয়ামাস বাষ্পশোকসমাকুলঃ ॥৮৬॥
ততঃ কৃত্বা বিধিং সর্বং শিবিরস্য যথাবিধি।
প্রদধ্যৌ শোকসন্তপ্তো ভ্রাতৃব্যসনকর্শিতঃ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্থদিবসাবহারে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভয়ং মে সুমহজ্জাতং বিস্ময়শ্চৈব সঞ্জয়!।
শ্রুত্বা পাণ্ডুকুমারাণাং কর্ম্ম দেবৈঃ সুদুষ্করম্ ॥১॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। দীনঃ কাতরঃ। চিন্তয়ামাস আত্মনঃ কর্ত্তব্যবিষয়ম্ ॥৮৬॥

তত ইতি। বিধিং রঙ্গিপুরুষস্থাপনাদি কার্য্যম্। প্রদধ্যৌ জয়োপায়ং চিন্তয়ামাস। ভ্রাতৃণাং সেনাপতিপ্রভৃতীনামষ্টানাং সহোদরাণাং ব্যসনেন বিপদা বিনাশেন কর্শিতঃ পীড়িতঃ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভয়মিতি। ভয়ং স্বজনবধাৎ, বিস্ময়শ্চ পাণ্ডবানাং কেবলজয়লাভাৎ ॥১॥

কিন্তু রাজা দুর্য্যোধন ভ্রাতৃবধনিবন্ধন কাতর এবং বাষ্প ও শোকে বিশেষ আকুল হইয়া মুহূর্ত্তকাল কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিলেন ॥৮৬॥

তাহার পর তিনি যথাবিধানে শিবিরের সমস্ত কার্য্য করিয়া ভ্রাতৃবধনিবন্ধন শোকসন্তপ্ত ও পীড়িত হইয়া জয়ের উপায় চিন্তা করিতে লাগিলেন' ॥৮৭॥

———:-*-:———

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবগণের কার্য্যগুলি দেবগণের পক্ষেও অতিদুষ্কর, ইহা শুনিয়া আমার গুরুতর ভয় ও বিস্ময় জন্মিয়াছে ॥১॥

* '·· চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

পুত্রাণাঞ্চ পরাভাবং শ্রুত্বা সঞ্জয়! সর্বশঃ।
চিন্তা মে মহতী সূত! ভবিষ্যতি কথং ত্বিতি ॥২॥
ধ্রুবং বিদুরবাক্যানি ধক্ষ্যন্তি হৃদয়ং মম।
তথাহি দৃশ্যতে সর্বং দৈবযোগেন সঞ্জয়! ॥৩॥
যত্র ভীষ্মমুখান্ সর্বান্ শস্ত্রজ্ঞান্ যোধসত্তমান্।
পাণ্ডবানামনীকেষু যোধয়ন্তি প্রহারিণঃ ॥৪॥
কেনাবধ্যা মহাত্মানঃ পাণ্ডুপুত্রা মহাবলাঃ।
কেন দত্তবরাস্তাত! কিং বা জ্ঞানং বিদন্তি তে ॥৫॥
যেন ক্ষয়ং ন গচ্ছন্তি দিবি তারাগণা ইব।
পুনঃ পুনর্ন মৃষ্যামি হতং সৈন্যন্তু পাণ্ডবৈঃ ॥৬॥
ময্যেব দণ্ডঃ পততি দৈবাৎ পরমদারুণঃ।
যথাঽবধ্যাঃ পাণ্ডুসুতা যথা বধ্যাশ্চ মে সুতাঃ ॥৭॥

ভারতকৌমুদী

পুত্রাণামিতি। পরাভাবং পরাভবম্। কথং ক্রমেণ কীদৃগবস্থা ॥২॥
ধ্রুবমিতি। বিদুরবাক্যানি উদ্‌যোগপর্ব্বোক্তানি। দৃশ্যতে সম্ভাব্যতে ॥৩॥
যত্রেতি। যত্র হেতৌ। প্রহারিণঃ অভিমন্যুপ্রভৃতয়ো বালা অপি যোদ্ধারঃ ॥৪॥
কেনেতি। কেন হেতুনা। দত্তো বরো যেভ্যস্তে। জ্ঞানং ভোজবিদ্যাম্ ॥৫॥
যেনেতি। ন গচ্ছন্তি পাণ্ডবাঃ। পুনঃ পুনর্হতং ন মৃষ্যামি ন সহে ॥৬॥

সূত সঞ্জয়! সর্ব্বপ্রকারে পুত্রগণের পরাজয় শুনিয়া আমার মহাচিন্তা জন্মিয়াছে যে, পরে কি হইবে ॥২॥

সঞ্জয়! নিশ্চয়ই বিদুরের কথাগুলি আমার হৃদয় দগ্ধ করিবে। কারণ, সেইরূপই সমস্ত লক্ষণ দেখিতেছি ॥৩॥

যে হেতু পাণ্ডবপক্ষের সাধারণ যোদ্ধারাও আমাদের পক্ষের ভীষ্মপ্রভৃতি সর্ব্বশস্ত্রজ্ঞ প্রধান যোদ্ধাদের সহিত যুদ্ধ করিতেছে! ॥৪॥

বৎস! মহাত্মা ও মহাবল পাণ্ডবেরা কেন অবধ্য হইল? কে তাহাদিগকে বর দিল? কোন্ ভোজবিদ্যাই বা তাহারা জানিল? ॥৫॥

যে হেতু আকাশের নক্ষত্রগণের ন্যায় পাণ্ডবেরা ক্ষয় পাইতেছে না; কিন্তু তাহারাই বার বার আমাদের সৈন্য ক্ষয় করিতেছে; ইহা ত সহ্য করিতে পারিতেছি না ॥৬॥

(২)…কথং ত্বিতি—পি। (৪) যত্র ভীষ্মমুখান্ শূরানুত্তমজ্ঞান্…পি বা। (৫) কিং তেঽবধ্যা মহাত্মানঃ পাণ্ডোঃ পুত্রাঃ…পি বা।

এতন্মে সর্বমাচক্ষ্ব যাথাতথ্যেন সঞ্জয়!।
নহি পারং প্রপশ্যামি দুঃখস্যাস্য কথঞ্চন ॥৮॥
সমুদ্রস্যেব মহতো ভুজাভ্যাং প্রতরন্ নরঃ।
পুত্রাণাং ব্যসনং মন্যে ধ্রুবং প্রাপ্তং সুদারুণম্ ॥৯॥ (যুগ্মকম্)
ঘাতয়িষ্যতি মে সর্বান্ পুত্রান্ ভীমো ন সংশয়ঃ।
ন হি পশ্যামি তং বীরং যো মে রক্ষেৎ সুতান্ রণে ॥১০॥
ধ্রুবং বিনাশঃ সম্প্রাপ্তঃ পুত্রাণাং মম সঞ্জয়!।
তস্মান্মে কারণং সূত! শক্তিঞ্চৈব বিশেষতঃ ॥১১॥
পৃচ্ছতো বৈ যথাতত্ত্বং সর্বমাখ্যাতুমর্হসি।
দুর্য্যোধনশ্চ যচ্চক্রে দৃষ্ট্বা স্বান্ বিমুখান্ রণে ॥১২॥
ভীষ্মদ্রোণৌ কৃপশ্চৈব সৌবলশ্চ জয়দ্রথঃ।
দ্রৌণির্বাপি মহেষ্বাসো বিকর্ণো বা মহাবলঃ ॥১৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ময়ীতি। পততি প্রাদুর্ভবতি। যথা যতঃ, অবধ্যা ইত্যকারো জ্ঞেয়ঃ ॥৭॥
এতদিতি। পারং শেষসীমাম্। ব্যসনং বিপৎ, প্রাপ্তমুপস্থিতম্ ॥৮—৯॥
ঘাতেতি। ঘাতয়িষ্যতীতি স্বার্থে ইন্। হি যস্মাৎ ॥১০॥
ধ্রুবমিতি। কারণং পাণ্ডবানাং জয়হেতুম্, শক্তিং তেষাং সামর্থ্যম্। স্বান্ স্বপক্ষবর্ত্তিনো ভীষ্মাদীন্। সৌবলঃ শকুনিঃ। দ্রৌণিরশ্বত্থামা। সর্ব্বত্র যচ্চক্র ইতি সম্বন্ধঃ ॥১১—১৩॥

হায়! দৈববশতঃ অতিদারুণ দণ্ড আমার উপরেই পতিত হইতেছে। যে হেতু পাণ্ডবেরা দৈবের বধ্য হইতেছে না, আমার পুত্রেরাই বধ্য হইতেছে ॥৭॥

সঞ্জয়! তুমি এই সমস্ত বিষয় আমার নিকট যথাযথভাবে বল। বাহু-যুগলদ্বারা সন্তরণকারী মানুষ যেমন মহাসমুদ্রের পার দেখিতে পায় না, আমিও সেইরূপ কোন প্রকারেই এই দুঃখের পার দেখিতে পাইতেছি না। আমি মনে করি—নিশ্চয়ই আমার পুত্রগণের অতিদারুণ বিপদ্ উপস্থিত হইয়াছে ॥৮—৯॥

ভীম আমার সমস্ত পুত্রকেই বিনাশ করিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, তেমন বীর আমি দেখি না, যিনি যুদ্ধে আমার পুত্রদিগকে রক্ষা করিতে পারেন ॥১০॥

হায় সঞ্জয়! নিশ্চয়ই আমার পুত্রগণের বিনাশ উপস্থিত হইয়াছে। অতএব সঞ্জয়! আমি জিজ্ঞাসা করি, তুমিও যথাযথভাবে বল—পাণ্ডবগণের

(১১) ধ্রুবং বিনাশঃ সমরে···যুক্তশ্চৈব বিশেষতঃ—পি বা। (১৩)···সৌবলেয়ো জয়দ্রথঃ···পি বা।

নিশ্চয়ো বাপি কস্তেষাং তদা হ্যালীন্মহাত্মনাম্।
বিমুখেষু মহাপ্রাজ্ঞ! মম পুত্রেষু সঞ্জয়! ॥১৪॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নবহিতঃ শ্রুত্বা চৈবাবধারয়।
নৈব মন্ত্রকৃতং কিঞ্চিন্নৈব মায়াং তথাবিধাম্ ॥১৫॥
ন বৈ বিভীষিকাং কাঞ্চিদ্রাজন্! কুর্বন্তি পাণ্ডবাঃ।
যুধ্যন্তে তে যথান্যায়ং শক্তিমন্তশ্চ সংযুগে ॥১৬॥ (যুগ্মকম্)
ধর্ম্মেণ সর্বকার্য্যাণি জীবিতাদীনি ভারত!।
আরভন্তে সদা পার্থাঃ প্রার্থয়ানা মহদ্‌যশঃ ॥১৭॥
ন তে যুদ্ধান্নিবর্ত্তন্তে ধর্ম্মোপেতা মহাবলাঃ।
শ্রিয়া পরময়া যুক্তা যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥১৮॥

নিশ্চয় ইতি। তেষাং ভীষ্মাদীনাম্ ॥১৪॥

শৃণ্বিতি। অবধারয় কর্ত্তব্যং নির্ণয়। ইদানীমপি সন্ধিং বিধেহীত্যাশয়ঃ। "কেনাবধ্যা মহাত্মানঃ" ইত্যাদিধৃতরাষ্ট্রোক্তেরুত্তরমাহ নৈবেত্যাদি। তথাবিধাং স্বপক্ষজয়জনিকাম্। বিভীষিকাং ভোজবিদ্যাম্। তে পাণ্ডবাঃ। সংযুগে সমরাঙ্গনে ॥১৫—১৬॥

ধর্ম্মেণেতি। জীবিতাদীনি জীবনধারণাদীনি। আরভন্তে কুর্ব্বন্তি ॥১৭॥

নেতি। তে পাণ্ডবাঃ। শ্রিয়া বীরশোভয়া। যতো যত্র, ততস্তত্র ॥১৮॥

জয়ের কারণ কি? এবং তাহাদের শক্তিই বা কতটুকু? দুর্য্যোধন, ভীষ্ম, দ্রোণ, কৃপ, শকুনি, জয়দ্রথ, মহাধনুর্দ্ধর অশ্বত্থামা এবং মহাবল বিকর্ণ ইঁহারা স্বপক্ষীয় যোদ্ধাদিগকে যুদ্ধে পরাঙ্মুখ দেখিয়া যাহা করিয়াছিলেন, তাহাও বল ॥১১—১৩॥

মহাপ্রাজ্ঞ সঞ্জয়! আমার পুত্রেরা যুদ্ধে পরাঙ্মুখ হইলে, তখন সেই মহাত্মারাই বা কি কর্ত্তব্য স্থির করিয়াছিলেন, (তাহাও বল)' ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি অবহিত হইয়া শ্রবণ করুন এবং শ্রবণ করিয়া এখনও কর্ত্তব্য স্থির করুন। রাজা! পাণ্ডবেরা মন্ত্রবলে কিছু করেন না, কিংবা সেইরূপ কোন মায়া বা ভোজবিদ্যাও প্রকাশ করেন না; কিন্তু তাঁহারা শক্তিশালী, তাই ন্যায় অনুসারেই সমরাঙ্গনে যুদ্ধ করেন ॥১৫—১৬॥

ভরতনন্দন! পাণ্ডবেরা বিশেষ যশোলাভের আশা করিয়া জীবনধারণ-প্রভৃতি সমস্ত কার্য্য সর্বদা ধর্ম্মানুসারেই করিয়া থাকেন ॥১৭॥

(১৮) তে ন যুদ্ধান্নিবর্ত্তন্তে···পি বা।

তেনাবধ্যা রণে পার্থা জয়যুক্তাশ্চ পার্থিব ! ।
তব পুত্রা দুরাত্মানঃ পাপেষ্বভিরতাঃ সদা ॥১৯॥
নিষ্ঠুরা হীনকর্ম্মাণস্তেন হীয়ন্তি সংযুগে।
সুবহূনি নৃশংসানি পুত্রৈস্তব জনেশ্বর ! ॥২০॥
নিকৃতানীহ পাণ্ডূনাং নীচৈরিব যথা নরৈঃ।
সর্ব্বঞ্চ তদনাদৃত্য পুত্রাণাং তব কিল্বিষম্ ॥২১॥ (বিশেষকম্)
সাপহ্নবাঃ সদৈবাসন্ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ ! ।
ন চৈনান্ বহু মন্যন্তে পুত্রাস্তব বিশাংপতে ! ॥২২॥
তস্য পাপস্য সততং ক্রিয়মাণস্য কর্ম্মণঃ।
সাম্প্রতং সুমহদ্‌ঘোরং ফলং প্রাপ্তং জনেশ্বর ! ॥২৩॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন ধর্ম্মেণৈব। হীনকর্ম্মাণো নিন্দিতকার্য্যকারিণঃ, হীয়ন্তি ক্ষীয়ন্তে। পরস্মৈপদমার্ষম্। নৃশংসানি বিষদানাদীনি নৃশংসকর্ম্মাণি। নিকৃতানি নিশ্চয়েন কৃতানি, পাণ্ডূনাং পাণ্ডবানাম্। পাণ্ডবাস্তু তব পুত্রাণাং তৎ সর্বং কিল্বিষমপরাধম্, অনাদৃত্য উপেক্ষ্য বর্ত্তন্ত ইতি শেষঃ। অতো ধর্ম্মাশ্রয়াদেব পাণ্ডবানাং জয় ইতি ভাবঃ ॥১৯—২১॥

সেতি। সাপহ্নবাঃ সগোপনাঃ ধার্ত্তরাষ্ট্রাণাং তত্তদপরাধগোপনকারিণঃ ॥২২॥

তস্যেতি। ক্রিয়মাণস্য ধার্ত্তরাষ্ট্রৈঃ, কর্ম্মণো বিষদানাদেঃ ॥২৩॥

পরম বীরশোভায় শোভিত, মহাবল ও ধার্ম্মিক পাণ্ডবেরা (আহূত হইয়া) যুদ্ধ হইতেও নিবৃত্তি পান না। তা'র পর যে পক্ষে ধর্ম্ম থাকে, সেই পক্ষেই জয় হয় ॥১৮॥

রাজা! সেই কারণেই পাণ্ডবেরা যুদ্ধে অবধ্য ও জয়যুক্ত হইতেছেন। আর আপনার পুত্রেরা দুষ্টচিত্ত, সর্বদা পাপে নিরত, নিষ্ঠুরপ্রকৃতি ও হীনকার্য্যকারী; সেই জন্যই তাহারা যুদ্ধে ক্ষয় পাইতেছে। নরনাথ! আপনার পুত্রেরা নীচ লোকের ন্যায় পাণ্ডবদের সম্বন্ধে বহুতর নৃশংসকার্য্য করিয়াছে; কিন্তু পাণ্ডবেরা আপনার পুত্রদের সে সমস্ত অপরাধই উপেক্ষা করিয়া চলিতেছেন ॥১৯—২১॥

পাণ্ডুজ্যেষ্ঠ নরনাথ! এবং পাণ্ডবেরা ধার্ত্তরাষ্ট্রগণের সেই সকল অত্যাচার সর্ব্বদাই গোপন রাখিয়া আসিতেছেন। তথাপি আপনার পুত্রেরা তাঁহাদের আদর করে না ॥২২॥

(২২) ধর্ম্মমূলাঃ সদৈবাসন্…নি। (২৩)…সম্প্রাপ্তং সুমহদ্‌ঘোরং ফলং কিম্পাক-সন্নিভম্—পি বা।

স ত্বং ভুঙ্‌ক্ষ্ব মহারাজ! সপুত্রঃ সসুহৃজ্জনঃ।
নাববুধ্যসি যদ্রাজন্! বার্য্যমাণঃ সুহৃজ্জনৈঃ ॥২৪॥
বিদুরেণাথ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা।
তথা ময়া চাপ্যসকৃদ্বার্য্যমাণো ন বুধ্যসে ॥২৫॥
বাক্যং হিতঞ্চ পথ্যঞ্চ মর্ত্যঃ পথ্যমিবৌষধম্।
পুত্রাণাং মতমাস্থায় জিতান্ পশ্যসি পাণ্ডবান্ ॥২৬॥ (যুগ্মকম্)
শৃণু ভূয়ো যথাতত্ত্বং যস্মাং ত্বং পরিপৃচ্ছসি।
কারণং ভরতশ্রেষ্ঠ! পাণ্ডবানাং জয়ং প্রতি ॥২৭॥
তত্তেঽহং কথয়িষ্যামি যথাশ্রুতমরিন্দম!।
দুর্য্যোধনেন সংপৃষ্ট এতমর্থং পিতামহঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। ভুঙ্‌ক্ষ্ব তৎফলমনুভব ॥২৪॥
বিদুরেণেতি। ময়া সঞ্জয়েন চাপি। পথ্যং সাধু, মর্ত্যা আসন্নমৃত্যুঃ ॥২৫—২৬॥
"তস্মান্মে কারণং ব্রূত!" ইত্যাদেরুত্তরমাহ শৃণ্বিতি। যথাতত্ত্বং যথার্থম্ ॥২৭॥
তদিতি। শ্রুতং ভীষ্মমুখাৎ। অর্থং বিষয়ম্, পিতামহো ভীষ্মঃ ॥২৮॥

নরনাথ! সর্ব্বদা কৃত সেই পাপকর্ম্মের অতিভয়ঙ্কর ফল এখন উপস্থিত হইয়াছে ॥২৩॥

মহারাজ! পুত্রগণ ও সুহৃদ্‌গণের সহিত আপনি এখন সেই ফল ভোগ করুন। রাজা! যে হেতু বন্ধুবর্গেরা বারণ করিলেও আপনি তখন বুঝেন নাই ॥২৪॥

মহাত্মা বিদুর, ভীষ্ম, দ্রোণ এবং আমিও বার বার আপনাকে নিষেধ করিয়াছিলাম; তথাপি মুমূর্ষু লোক যেমন ভাল পথ্য বা ঔষধ গ্রহণ করে না, আপনিও তেমন পুত্রগণের মত অবলম্বন করিয়া আমাদের হিতকর ও উত্তম বাক্যগুলি গ্রহণ করেন নাই, পাণ্ডবগণকে জয় করিয়াছেন বলিয়াই মনে করিয়াছেন ॥২৫—২৬॥

ভরতশ্রেষ্ঠ! পাণ্ডবগণের জয়লাভের কারণ কি বলিয়া আপনি আমাকে যে জিজ্ঞাসা করিয়াছেন, সে বিষয়ে পুনরায় যথার্থ কথা শ্রবণ করুন ॥২৭॥

অরিন্দম রাজা! আমি ভীষ্মের নিকট যাহা শুনিয়াছি, তাহা আপনাকে বলিব। দুর্য্যোধন এই বিষয়ই ভীষ্মের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥২৮॥

(২৪) স তদ্‌ভুঙ্‌ক্ষ্ব···পি বা। (২৫)··বার্য্যমাণো ময়া চাপি ন গৃহ্লাসি মহীপতে!—পি বা। (২৬)···মন্যসে পাণ্ডবান্ জিতান্—পি,···জিতান্ মন্যসি পাণ্ডবান্—রা নি।

দৃষ্ট্বা ভ্রাতৄন্ রণে সর্বান্ নির্জিতাংস্তু মহারথান্।
শোকসংমূঢ়হৃদয়ো নিশাকালে স্ম কৌরবঃ ॥২৯॥
পিতামহং মহাপ্রাজ্ঞং বিনয়েনোপগম্য হ।
যদব্রবীৎ সুতস্তেঽসৌ তন্মে শৃণু জনেশ্বর! ॥৩০॥ (যুগ্মকম্)

দুর্য্যোধন উবাচ।

দ্রোণশ্চ ত্বঞ্চ শল্যশ্চ কৃপো দ্রৌণিস্তথৈব চ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ ॥৩১॥
ভূরিশ্রবা বিকর্ণশ্চ ভগদত্তশ্চ বীর্য্যবান্।
মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ ॥৩২॥ (যুগ্মকম্)
ত্রয়াণামপি লোকানাং পর্য্যাপ্তা ইতি মে মতিঃ।
পাণ্ডবানাং সমস্তাশ্চ ন তিষ্ঠন্তি পরাক্রমে ॥৩৩॥
তত্র মে সংশয়ো জাতস্ত্বং মমাচক্ষ্ব পৃচ্ছতঃ।
যং সমাশ্রিত্য কৌন্তেয়া জয়ন্ত্যস্মান্ পদে পদে ॥৩৪॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শোকসংমূঢ়হৃদয়ো ভ্রাতৃষ্টকবিনাশাৎ। পিতামহং ভীষ্মম্ ॥২৯—৩০॥
দ্রোণ ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা। তনুত্যজো দেহত্যাগোদ্যতাঃ ॥৩১—৩২॥
ত্রয়াণামিতি। পর্য্যাপ্তা বিনাশে সমর্থাঃ। ন তিষ্ঠন্তি একৈকস্যাপি ॥৩৩॥

'নরনাথ! আপনার পুত্র কৌরবরাজ দুর্য্যোধন যুদ্ধে মহারথ সকল ভ্রাতাকেই পরাজিত দেখিয়া, শোকাকুলচিত্ত হইয়া রাত্রিতে বিনয় সহকারে মহাপ্রাজ্ঞ ভীষ্মের নিকট যাইয়া, যাহা বলিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট শ্রবণ করুন' ॥২৯—৩০॥

দুর্য্যোধন বলিলেন—'পিতামহ! আপনি, দ্রোণ, শল্য, কৃপ, অশ্বত্থামা, হৃদিকনন্দন কৃতবর্ম্মা, কাম্বোজরাজ সুদক্ষিণ, ভূরিশ্রবা, বিকর্ণ, এবং বলবান্ ভগদত্ত, আপনারা সকলেই মহারথ বলিয়া বিখ্যাত, সদ্বংশজাত এবং যুদ্ধে দেহত্যাগে উদ্যত ॥৩১—৩২॥

অতএব আপনারা ত্রিভুবন জয় করিতেও সমর্থ। সুতরাং আপনাদের এক এক জনের পরাক্রমের সম্মুখে পাণ্ডবেরা সকলে মিলিয়াও অবস্থান করিতে পারে না, ইহাই আমার ধারণা ॥৩৩॥

(২৯)…নির্জিতান্ সুমহারথান্…পি,…বিজিতান্ সুমহারথান্…বা। (৩০)…উপগম্য চ—পি। (৩১) ভবান্ দ্রোণশ্চ কর্ণশ্চ…নি। (৩৪)…তত্ত্বমাচক্ষ্ব…অস্মান্ ক্ষণে ক্ষণে—রা নি।

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্! বচো মহ্যং যথা বক্ষ্যামি কৌরব!।
বহুশশ্চ ময়োক্তোঽসি ন চ মে তত্ত্বয়া কৃতম্ ॥৩৫॥
ক্রিয়তাং পাণ্ডবৈঃ সার্দ্ধং শমো ভরতসত্তম!।
এতৎ ক্ষেমমহং মন্যে পৃথিব্যাস্তব বা বিভো! ॥৩৬॥
ভুঙ্‌ক্ষ্বেমাং পৃথিবীং রাজন্! ভ্রাতৃভিঃ সহিতঃ সুখী।
দুহৃদস্তাপয়ন্ সর্বান্ নন্দয়ংশ্চাপি বান্ধবান্ ॥৩৭॥
ন চ মে ক্রোশতস্তাত! শ্রুতবানপি বৈ পুরা।
তদিদং সমনুপ্রাপ্তং যৎ পাণ্ডূনবমন্যসে ॥৩৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। যমুপায়ম্, কৌন্তেয়াঃ পাণ্ডবাঃ, সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশাৎ ॥৩৪॥
শৃণ্বিতি। মহ্যং মম। তৎ তদুক্ত্যনুরূপং কার্য্যম্ ॥৩৫॥
কিমুক্তোঽস্মীত্যাহ ক্রিয়তামিতি। শমঃ সন্ধিনিবন্ধনা শান্তিঃ। ক্ষেমং মঙ্গলম্ ॥৩৬॥
ভুঙ্‌ক্ষ্বেতি। ভ্রাতৃভিঃ পাণ্ডবাদিভিঃ। দুহৃদঃ পাণ্ডবেতরান্ শত্রূন্ ॥৩৭॥
নেতি। ক্রোশত উচ্চৈরুচ্চারয়তোঽপি। সমনুপ্রাপ্তমুপস্থিতম্, পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৩৮॥

সেই বিষয়ে আমার সন্দেহ জন্মিয়াছে। পাণ্ডবেরা যে উপায় অবলম্বন করিয়া পদে পদে আমাদিগকে জয় করিতেছে, সেই বিষয়ই আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি তাহা আমার নিকট বলুন' ॥৩৪॥

ভীষ্ম বলিলেন—'কৌরবনন্দন রাজা! আমি যাহা বলিব, তাহা তুমি শ্রবণ কর। কিন্তু আমি এ বিষয় বহুবার তোমার নিকট বলিয়াছি, অথ চ তুমি তদনুরূপ কার্য্য কর নাই ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তুমি পাণ্ডবগণের সহিত সন্ধি কর। রাজা! এটাকে আমি সমগ্র পৃথিবীর পক্ষে এবং তোমার পক্ষে মঙ্গল বলিয়া মনে করি ॥৩৬॥

রাজা! তাহার পর তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া শত্রুগণের সন্তাপ এবং বন্ধুগণের আনন্দ জন্মাইতে থাকিয়া এই রাজত্ব ভোগ করিতে থাক' ॥৩৭॥

বৎস! আমি উচ্চস্বরে এই সকল কথা বলিয়াছি, কিন্তু পূর্ব্বে তাহা তুমি শোন নাই এবং পাণ্ডবগণকে যে অবজ্ঞা করিতে, এই তাহার ফল উপস্থিত হইয়াছে ॥৩৮॥

(৩৭)···দুহৃদস্তর্পয়ন্ সর্বান্ নন্দয়ংশ্চাপি পার্থিবান্—পি।

যশ্চ হেতুরবধ্যত্বে তেষামক্লিষ্টকর্ম্মণাম্।
তং শৃণুষ্ব মহাবাহো! মম কীর্ত্তয়তঃ প্রভো! ॥৩৯॥
নাস্তি লোকেষু তদ্ভূতং ভবিতা নো ভবিষ্যতি।
যো জয়েৎ পাণ্ডবান্ সর্বান্ পালিতান্ শার্ঙ্গধন্বনা ॥৪০॥
যচ্চ মে কথিতং তাত! মুনিভির্ভাবিতাত্মভিঃ।
পুরাণগীতং ধর্ম্মজ্ঞ! তচ্ছৃণুষ্ব যথাতথম্ ॥৪১॥
পুরা কিল সুরাঃ সর্বে ঋষয়শ্চ সমাগতাঃ।
পিতামহমুপাসেদুঃ পর্বতে গন্ধমাদনে ॥৪২॥
তেষাং মধ্যে সমাসীনঃ প্রজাপতিরপশ্যত।
বিমানং প্রজ্বলদ্ভাসা স্থিতং প্রবরমম্বরে ॥৪৩॥
ধ্যানেনাবেদ্য তদ্ব্রহ্মা কৃত্বা চ নিয়তোঽঞ্জলিম্।
নমশ্চকার হৃষ্টাত্মা পুরুষং পরমেশ্বরম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

য ইতি। তেষাং পাণ্ডবানাম্, অক্লিষ্টকর্ম্মণাম্ অনায়াসেন সর্বকার্য্যকারিণাম্ ॥৩৯॥

নেতি। তদ্ভূতং তাদৃশঃ প্রাণী, ভবিতা পূর্ব্বং নাভবৎ, তৃজন্তত্বয়া অভবদিত্যধ্যাহারেণাতীতপ্রতীতিঃ। যঃ প্রাণী। পালিতান্ সর্বদা রক্ষিতান্, শার্ঙ্গধন্বনা কৃষ্ণেন ॥৪০॥

যদিতি। ভাবিতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তৈঃ ॥৪১॥

পুরেতি। সমাগতাঃ সম্মিলিতাঃ। পিতামহং ব্রহ্মাণম্, উপাসেদুরুপগতা আসন্ ॥৪২॥

তেষামিতি। প্রজাপতির্ব্রহ্মা। প্রজ্বলৎ দীপ্যমানম্। প্রবরং শ্রেষ্ঠম্ ॥৪৩॥

মহাবাহু রাজা! তা'র পর অনায়াসে কার্য্যকারী পাণ্ডবগণের অবধ্যতার প্রতি যাহা কারণ, তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৯॥

ত্রিভুবনে এমন প্রাণী ছিল না, বর্ত্তমানে নাই এবং ভবিষ্যতেও হইবে না, যে প্রাণী কৃষ্ণকর্ত্তৃক রক্ষিত পাণ্ডবগণকে জয় করিতে পারে ॥৪০॥

বৎস! ধর্ম্মজ্ঞ! বিশুদ্ধচিত্ত মুনিরা আমার নিকট যাহা বলিয়াছেন এবং প্রাচীন ব্যক্তিরা যাহা বলিয়া গিয়াছেন, সেই যথার্থ বৃত্তান্ত তুমি শ্রবণ কর ॥৪১॥

পূর্ব্বকালে একদা দেবতারা ও ঋষিরা সকলে সম্মিলিত হইয়া গন্ধমাদন-পর্বতে ব্রহ্মার নিকটে উপবিষ্ট ছিলেন ॥৪২॥

তাঁহাদের মধ্যে উপবিষ্ট ব্রহ্মা দর্শন করিলেন—তেজে উজ্জ্বল ও উৎকৃষ্ট একখানা বিমান আকাশে অবস্থান করিতেছে ॥৪৩॥

(৩৯)…তং শৃণুষ্ব মহারাজ!…পি বা। (৪১) যত্তু মে…রা নি।

ঋষয়স্তথ দেবাশ্চ দৃষ্ট্বা ব্রহ্মাণমুত্থিতম্।
স্থিতাঃ প্রাঞ্জলয়ঃ সর্বে পশ্যন্তো মহদদ্ভুতম্ ॥৪৫॥
যথাবচ্চ তমভ্যর্চ্চ্য ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ।
জগাদ জগতঃ স্রষ্টা পরং পরমধর্ম্মবিৎ ॥৪৬॥
বিশ্বাবসুর্বিশ্বগো বিশ্বমূর্ত্তির্বিষ্বক্সেনো বিশ্বকর্ম্মা বশী চ।
বিশ্বেশ্বরো বাসুদেবোঽসি তস্মাদ্‌যোগাত্মানং দৈবতং ত্বামুপৈমি ॥৪৭॥

ভারতকৌমুদী

ধ্যানেনেতি। আবেদ্য সম্যগবগম্য। নিয়তঃ সংযতচিত্তঃ ॥৪৪॥

ঋষয় ইতি। উত্থিতং দণ্ডায়মানম্। স্থিতা দণ্ডায়মানা আসন্ ॥৪৫॥

যথাবদিতি। অভ্যর্চ্চ্য নমস্কৃত্য। ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্। পরং পরমপুরুষম্ ॥৪৬॥

বিশ্বেতি। হে ভগবন্! যস্মাত্ত্বম্, বিশ্বেষু সর্ব্বপদার্থেষু বসুস্তেজো যস্য সঃ, "তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ইতি শ্রুতেঃ। "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘঃ। বিশ্বং গচ্ছতীতি বিশ্বগঃ সর্ব্বব্যাপী, "ঈশা বাস্যমিদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ। বিশ্বং জগৎ মূর্ত্তির্যস্য সঃ, "সর্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। বিষক্ সমন্তাৎ সেনা সেনাবৎ অপ্রতিহতা শক্তির্যস্য সঃ, "তদ্‌নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ। বিশ্বং জগৎ কর্ম্ম যস্য সঃ, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুতেঃ। বশী সর্বদা সর্ব্বত্র চ স্বাধীনঃ, "একো বশী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ। বিশ্বেশ্বরো জগতাং নিয়ন্তা, "তস্যেশানঃ" ইতি শ্রুতেঃ। বাসুদেবো জগদুপকারায় বসুদেব-পুত্রশ্চাসি, তস্মাৎ, যোগো মায়াসম্বন্ধঃ আত্মনি যস্য তম্, "মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্" ইতি স্মৃতেঃ, দৈবতং জগতাং সৃষ্টিস্থিতিপ্রলয়াদিনা ক্রীড়নশীলং ত্বাম্, উপৈমি শরণং ব্রজামি ॥৪৭॥

তখন ব্রহ্মা ধ্যানে তাহার বিষয় জানিয়া, সংযত ও হৃষ্টচিত্ত হইয়া এবং অঞ্জলি বন্ধন করিয়া আদিপুরুষ পরমেশ্বরকে নমস্কার করিলেন ॥৪৪॥

তাহার পর দেবতারা ও ঋষিরা ব্রহ্মাকে দণ্ডায়মান দেখিয়া এবং আকাশে অত্যাশ্চর্য্য বস্তু দেখিতে থাকিয়া সকলেই কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন ॥৪৫॥

পরে বেদজ্ঞশ্রেষ্ঠ, জগতের সৃষ্টিকর্ত্তা ও পরমধর্ম্মবিৎ ব্রহ্মা যথানিয়মে সেই পরমদেবতাকে নমস্কার করিয়া বলিতে লাগিলেন—॥৪৬॥

'ভগবন্! যে হেতু আপনি বিশ্বাবসু, বিশ্বব্যাপী, বিশ্বমূর্ত্তি, বিষক্‌সেন, বিশ্বকর্ম্মা, স্বাধীন, বিশ্বেশ্বর, বাসুদেব, মায়াশালী এবং নানাবিধ-ক্রীড়া-যুক্ত, সেই হেতু আমি আপনার শরণাপন্ন হইতেছি ॥৪৭॥

(৪৬) ইতঃ পরম্ 'ব্রহ্মোবাচ' পি। (৪৭)···বিশ্বমূর্ত্তির্বিশেষঃ···বা রা,···বিশ্বমূর্ত্তির্হি বিশ্বে···নি।

জয় বিশ্বমহাদেব! জয় লোকহিতে রত!।
জয় যোগীশ্বর! বিভো! জয় যোগপরাবর! ॥৪৮॥
পদ্মনাভ! বিশালাক্ষ! জয় লোকেশ্বরেশ্বর!।
ভূতভব্যভবন্নাথ! জয় সৌম্যাত্মজাত্মজ! ॥৪৯॥
অসংখ্যেয়গুণাধার! জয় সর্বপরায়ণ!।
নারায়ণ! সুদুষ্পার! জয় শার্ঙ্গধনুর্দ্ধর! ॥৫০॥
জয় সর্বগুণোপেত! বিশ্বমূর্ত্তে! নিরাময়!।
বিশ্বেশ্বর! মহাবাহো! জয় লোকার্থতৎপর! ॥৫১॥
মহোরগ! বরাহাদ্য! হরিকেশ! বিভো! জয়।
হরিবাস! দিশামীশ! বিশ্ববাসামিতাব্যয়! ॥৫২॥

ভারতকৌমুদী

জয়েতি। বিশ্বেষাং জগতাং মহাংশ্চাসৌ দেবশ্চেতি বিশ্বমহাদেবস্তৎসম্বোধনম্। জয় ত্বং সর্বোৎকর্ষেণ বর্ত্তস্ব ইত্যর্থঃ। এবং সর্ব্বত্র। হে বিভো! বিশ্বব্যাপক!। যোগে চিত্তবৃত্তিনিরোধবিষয়ে পর উৎকৃষ্টঃ অবরো নিকৃষ্টশ্চ ব্রহ্মরূপতয়া সর্ব্বরূপত্বাৎ ॥৪৮॥

পদ্মেতি। পদ্মং নাভৌ যস্য সঃ, বিশালে অক্ষিণী যস্য সঃ, লোকেশ্বরাণামিন্দ্রাদীনামপি ঈশ্বরঃ। ভূতানামতীতানাং ভব্যানাং ভবিষ্যতাং ভবতাং বর্ত্তমানানাঞ্চ নাথো নিয়ন্তা। সৌম্যঃ সুন্দরঃ, আত্মজো সংপুত্রোঽত্রিস্তস্যাত্মজো দত্তাত্রেয়াখ্যঃ, তস্যাপি নারায়ণাবতারত্বয়া "ষষ্ঠমত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া" ইতি শ্রীমদ্ভাগবতোক্তত্বাৎ ॥৪৯॥

অসংখ্যেয়েতি। সর্ব্বেষামেব পরায়ণঃ পরমাশ্রয়ঃ। সুদুষ্পারঃ অতিদুর্গমঃ ॥৫০॥

জয়েতি। নিরাময়ো নির্বিকারঃ। লোকার্থতৎপরো ভক্তানামিষ্টসাধকঃ ॥৫১॥

ত্রিভুবনের মহাদেব! আপনার জয় হউক, লোকহিতনিরত! আপনার জয় হউক, যোগীশ্বর! বিশ্বব্যাপক! আপনার জয় হউক, যোগশ্রেষ্ঠ! যোগনিকৃষ্ট! আপনার জয় হউক ॥৪৮॥

পদ্মনাভ! বিশালনয়ন! দিক্‌পালেশ্বর! আপনার জয় হউক; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নাথ! সুন্দর! আমার পুত্রের পুত্র! (দত্তাত্রেয়!) আপনার জয় হউক ॥৪৯॥

অনন্তগুণের আধার! সকলের পরমাশ্রয়! আপনার জয় হউক, নারায়ণ! অতিদুর্গম! শার্ঙ্গধনুর্দ্ধর! আপনার জয় হউক ॥৫০॥

সর্ব্বগুণসম্পন্ন! বিশ্বমূর্ত্তি! নির্বিকার! আপনার জয় হউক, বিশ্বেশ্বর! মহাবাহু! ভক্তাভীষ্টসাধক! আপনার জয় হউক ॥৫১॥

(৪৯) পদ্মগর্ভ!···পি রা নি। (৫০) অসংখ্যেয়গুণাজ্যেয়!···পি। (৫২)···হরিরাত্মা। দিশামীশ!।···পি।

ব্যক্তাব্যক্তামিতস্থান ! নিয়তেন্দ্রিয় ! সৎক্রিয় ! ।
অসংখ্যেয়াত্মভাবজ্ঞ ! জয় গম্ভীর ! কামদ ! ॥৫৩॥
অনন্তবিদিত ! ব্রহ্মন্ ! নিত্য ! ভূতবিভাবন ! ।
কৃতকার্য্য ! কৃতপ্রজ্ঞ ! ধর্ম্মজ্ঞ ! বিজয়াবহ ! ॥৫৪॥
গুহ্যাত্মন্ ! সর্ব্বযোগাত্মন্ ! স্ফুটসম্ভূতসম্ভব ! ।
ভূতাত্মতত্ত্ব ! লোকেশ ! জয় ভূত ! বিভাবন ! ॥৫৫॥

ভারতকৌমুদী

মহেতি। মহোরগঃ অনন্তনাগঃ, আদ্যশ্চাসৌ বরাহশ্চেতি বরাহাদ্যঃ আদিবরাহঃ, অগ্নিষ্টোকাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। হরিকেশঃ কপিলকুন্তলঃ, "হরির্না কপিলে ত্রিষু" ইত্যমরঃ। হরিবাসঃ পীতবসনঃ, "স্বর্ণবর্ণো হরিঃ স্মৃতঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। দিশামীশঃ সর্ব্বদিক্‌পতিস্বরূপঃ। বিশ্ববাসো বিশ্বাধারঃ, অমিতোঽসীমঃ, অব্যয়ো বিনাশহীনঃ॥৫২॥

ব্যক্তেতি। ব্যক্তং মহত্তত্ত্বাদি অব্যক্তং প্রকৃতিস্তদুভয়রূপমমিতমসংখ্যাতং স্থানমাশ্রয়ো যস্য সঃ, পুরুষরূপত্বাৎ। নিয়তেন্দ্রিয়ো জিতেন্দ্রিয়ঃ, সতী শিষ্টানুগ্রহদুষ্টনিগ্রহাদিরূপা ক্রিয়া যস্য সঃ। অসংখ্যেয়ানামাত্মনাং চিত্তানাং ভাবানভিপ্রায়ান্ জানাতীতি সঃ। গম্ভীরঃ অগাধো দুর্জ্ঞেয় ইত্যর্থঃ, কামদো ভক্তাভীষ্টদাতা ॥৫৩॥

অনন্তেতি। অনন্তম্ অসীমং যথা স্যাত্তথা বিদিতো জ্ঞানিভির্জ্ঞাতঃ, ব্রহ্মন্ ! পরমাত্মন্ !, নিত্য ! ধ্বংসপ্রাগভাবরহিত ! ভূতানি উৎপত্তিযোগ্যান্ পদার্থান্ বিভাবয়তি বিশেষেণোৎপাদয়তীতি সঃ। কৃতকার্য্য ! নিত্যমুক্তত্বাৎ, কৃতপ্রজ্ঞ ! স্থিরজ্ঞানত্বাৎ, ধর্ম্মজ্ঞ ! সর্বজ্ঞত্বাৎ, বিজয়াবহ ! ভক্তানাং বৈশিষ্ট্যেন জয়জনক ! জয়েতি শেষঃ ॥৫৪॥

অনন্তনাগ ! আদিবরাহ ! পিঙ্গলকেশ ! বিশ্বব্যাপক ! আপনার জয় হউক, পীতাম্বর ! সর্বদিক্‌পাল ! বিশ্বাশ্রয় ! অসীম ! অবিনশ্বর ! আপনার জয় হউক ॥৫২॥

অনন্তপ্রকৃতি ও মহত্তত্ত্বস্থিত ! জিতেন্দ্রিয় ! সৎক্রিয় ! অনন্তচিত্তবৃত্তিজ্ঞ ! দুর্জ্ঞেয় ! অভীষ্টদ ! আপনার জয় হউক ॥৫৩॥

জ্ঞানীরা আপনাকে অনন্ত বলিয়া জানেন, আপনি পরব্রহ্ম, আপনার উৎপত্তি ও বিনাশ নাই, আপনি সমস্ত পদার্থ সৃষ্টি করেন, আপনি নিত্যমুক্ত বলিয়া সকল কার্য্যই আপনার করা হইয়াছে, আপনার জ্ঞান সর্ব্বদা রহিয়াছে বলিয়া আপনি কৃতপ্রজ্ঞ, আপনি সর্ব্বজ্ঞ বলিয়া ধর্ম্মজ্ঞ এবং আপনি ভক্তের বিজয়দাতা ; আপনার জয় হউক ॥৫৪॥

(৫৩) ব্যক্তাব্যক্তমিতস্থান !··পি। (৫৪) ··বিজয়াজয় !—পি বা। (৫৫)···ভূতাত্ম ! লোকতত্ত্বেশ !···গা নি।

আত্মযোনে! মহাভাগ! কল্পসংক্ষেপতৎপর!।
উদ্ভাবনমনোভাব! জয় ব্রহ্মজনপ্রিয়!॥৫৬॥
নিসর্গসর্গনিরত! কামেশ! পরমেশ্বর!।
অমৃতোদ্ভবসদ্ভাব! মুক্তাত্মন্! বিজয়প্রদ!॥৫৭॥
প্রজাপতিপতে! দেব! পদ্মনাভ! মহাবল!।
আত্মভূত! মহাভূত! সত্ত্বাত্মন্! জয় সর্ব্বদা॥৫৮॥

ভারতকৌমুদী

গুহেতি। হে গুহাত্মন্! অভক্তেষু গোপনীয়স্বভাব! সর্ব্বে সম্প্রজ্ঞাতাদয়ো যোগা আত্মনি যস্য সঃ, স্ফুটঃ স্পষ্টঃ সম্ভূতেষু প্রাণিষু সম্ভবো জীবরূপেণ স্থিতঃ, অতএব ভূতানাং প্রাণিনামাত্মভূত! জীবরূপ!, লোকেশ! জগন্নিয়ামক!, ভূত! সত্য!, বিভাব্যতে বিশেষেণ যোগিভির্ধ্যায়ত ইতি সঃ॥৫৫॥

আত্মেতি। আত্মৈব যোনিঃ কারণং যস্য সঃ হে তাদৃশ! স্বয়মুৎপন্নেত্যর্থঃ, মহান্ ভাগঃ যজ্ঞাংশো যস্য সঃ, কল্পস্য সংক্ষেপে সংক্ষয়ে তৎপর! রুদ্ররূপেণ ব্যাপৃত!। উদ্ভাবনানাম্ উত্তমভাবনাশীলানাং মহাযোগিনাং মনোভাবাঃ সর্বদা মনোবৃত্তয়ো যস্মিন্ সঃ, ব্রহ্মজনপ্রিয়! ব্রহ্মনিষ্ঠলোকপ্রিয়!॥৫৬॥

নিসর্গেতি। নিসর্গেণ স্বভাবেন সর্গনিরত! বিরিঞ্চিরূপেণ সৃষ্টিব্যাপৃত!, কামেশ! কামনিয়ন্তঃ!, অমৃতস্য উদ্ভবে সমুদ্রমথনাদুৎপত্তিকালে সন্ বিদ্যমানো ভাবঃ স্থিতির্যস্য সঃ, মুক্তাত্মন্! চিরজীবন্মুক্ত! হে ভক্তানাং বিজয়প্রদ! ইতি ভক্ত্যা পুনরুক্তিঃ॥৫৭॥

প্রজেতি। প্রজাপতীনামস্মদাদীনামপি পতিরীশ্বরঃ, হে দেব! সর্ব্বদা দ্যোতনশীল!।

আপনি অভক্তের নিকটে আত্মপ্রকাশ করেন না, সমস্ত যোগ আপনাতে আছে, আপনি প্রাণিদেহে স্পষ্টভাবে জীবরূপে থাকেন, আপনি প্রাণিগণের জীব, আপনি জগতের নিয়ন্তা, আপনি সত্যস্বরূপ এবং যোগীরা আপনারই ধ্যান করেন; আপনার জয় হউক॥৫৫॥

আপনি স্বয়ম্ভু, যজ্ঞের প্রধান ভাগ আপনার, আপনি রুদ্ররূপে জগৎ সংহার করেন, মহাযোগীরা আপনারই ধ্যান করেন এবং আপনি ব্রহ্মনিষ্ঠ লোকের প্রিয়; আপনার জয় হউক॥৫৬॥

আপনি স্বভাবতই সৃষ্টিকার্য্যে ব্যাপৃত থাকেন, আপনি লোকের মনোবৃত্তির পরিচালনা করেন, আপনি পরমেশ্বর, আপনি অমৃতোৎপত্তির সময়ে বিদ্যমান ছিলেন, আপনি চিরকাল জীবন্মুক্ত এবং আপনি ভক্তগণের বিজয়দাতা; আপনার জয় হউক॥৫৭॥

(৫৬)…ব্রহ্মজনপ্রিয়!—রা নি। (৫৮)…কর্ম্মাত্মন্! জয় সর্বতঃ—রা নি।

পাদৌ তব ধরা দেবী দিশো বাহূ দিবং শিরঃ।
মূর্ত্তিস্তেঽহং সুরাঃ কায়শ্চন্দ্রাদিত্যৌ চ চক্ষুষী ॥৫৯॥
বলং তপশ্চ সত্যঞ্চ কর্ম্ম ধর্ম্মার্থকং তব।
তেজোঽগ্নিঃ পবনঃ শ্বাস আপস্তে স্বেদসম্ভবাঃ ॥৬০॥
অশ্বিনৌ শ্রবণৌ নিত্যং দেবী জিহ্বা সরস্বতী।
বেদাঃ সংস্কারনিষ্ঠা হি ত্বয়ীদং জগদাশ্রিতম্ ॥৬১॥
ন সংখ্যানং পরীমাণং ন তেজো ন পরাক্রমম্।
ন বলং যোগযোগীশ! জানীমস্তে পরন্তপ! ॥৬২॥

ভারতকৌমুদী

আত্মভূত! পরমাত্মস্বরূপ! মহাভূত! সর্ব্বাতিশায়িপ্রাণিন্! সত্ত্বাত্মন্! সত্ত্বস্বরূপ! দেহধারণকালে আধিক্যেন সত্ত্বসম্পন্নেত্যর্থঃ ॥৫৮॥

বিরাড়্রূপেণ ভগবন্তং স্তৌতি পাদাবিতি। ধরা পৃথিবী দেবী, তব পাদৌ, অধোবর্ত্তিত্বাৎ; দিশস্তব বাহূ, মধ্যস্থিতত্বাৎ, দিবমাকাশম্, তব শিরঃ, উপরিবর্ত্তিত্বাৎ; অহং ব্রহ্মা, তে মূর্ত্তিঃ অখণ্ডদেহঃ, রজোময়ত্বেন সত্ত্বময়স্য তে সাম্যাৎ; সুরাঃ সর্ব এব দেবাঃ, তে কায়ঃ পৃথক্ পৃথগঙ্গপ্রত্যঙ্গরূপতয়া স্বাবয়বিরূপত্বাৎ; চন্দ্রাদিত্যৌ চ তে চক্ষুষী, তেজোময়ত্বাৎ ॥৫৯॥

বলমিতি। ধর্ম্মার্থকং ধর্ম্মস্থাপনার্থকম্। এতচ্চ বলাদিষু সর্ব্বত্র সম্বধ্যতে। তব তেজঃ অগ্নিঃ, তব শ্বাসঃ পবনো বায়ুঃ, আপো জলঞ্চ তে স্বেদসম্ভবা ঘর্ম্মোৎপন্নাঃ ॥৬০॥

অশ্বিনাবিতি। অশ্বিনাবশ্বিনীকুমারৌ, শ্রবণৌ তব কর্ণৌ, বিকারিশব্দগ্রহণাৎ; দেবী সরস্বতী তে জিহ্বা, বাগধিষ্ঠানাৎ; চত্বারো বেদাঃ, সংস্কারনিষ্ঠাস্তব ভাবনাখ্যসংস্কারস্থাঃ, তত এবাবির্ভাবাৎ; ইদং জগৎ ত্বয়ি আশ্রিতং স্থিতম্, সমুদ্রে বুদ্বুদবৎ ॥৬১॥

হে প্রজাপতিগণেরও পতি! হে দেব! হে পদ্মনাভ! হে মহাবল! হে পরমাত্মস্বরূপ! হে মহাপ্রাণী! হে সত্ত্বস্বরূপ! সর্ব্বদা আপনার জয় হউক ॥৫৮॥

দেব! পৃথিবী আপনার চরণযুগল, দিক্‌সকল আপনার বাহুদ্বয়, আকাশ আপনার মস্তক, আমি (ব্রহ্মা) আপনার মূর্ত্তি, দেবতারা আপনার অঙ্গপ্রত্যঙ্গ এবং চন্দ্র ও সূর্য্য আপনার নয়নযুগল ॥৫৯॥

বল, তপস্যা, সত্য ও কর্ম্ম এ সমস্তই আপনার ধর্ম্মস্থাপনের জন্য। আর আপনার তেজই অগ্নি, শ্বাসই বায়ু এবং ঘর্ম্মই জল ॥৬০॥

অশ্বিনীকুমারেরা আপনার কর্ণ, সরস্বতীদেবী আপনার জিহ্বা, চারিটা বেদই আপনার সংস্কারে রহিয়াছে এবং এই জগৎটা আপনাতে অবস্থান করিতেছে ॥৬১॥

(৬০)…সত্যঞ্চ ধর্ম্মকর্ম্মার্থজং তব…পি বা। (৬২) সংখ্যানং পরিমাণং তে…পি।

ত্বদ্ভক্তিনিরতা দেব! নিয়মৈস্ত্বাং সমাশ্রিতাঃ।
অর্চ্চয়ামঃ সদা বিষ্ণো! পরমেশং মহেশ্বরম্ ॥৬৩॥
ঋষয়ো দেবগন্ধর্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
পিশাচা মানুষাশ্চৈব মৃগপক্ষিসরীসৃপাঃ ॥৬৪॥
এবমাদি ময়া সৃষ্টং পৃথিব্যাং ত্বৎপ্রসাদজম্।
পদ্মনাভ! বিশালাক্ষ! কৃষ্ণ! দুঃখপ্রণাশন! ॥৬৫॥ (যুগ্মকম্)
ত্বং গতিঃ সর্বভূতানাং ত্বং নেতা ত্বং জগদ্গুরুঃ।
ত্বৎপ্রসাদেন দেবেশ! সুখিনো বিবুধাঃ সদা ॥৬৬॥
পৃথিবী নির্ভয়া দেব! ত্বৎপ্রসাদাৎ সদাভবৎ।
তস্মাদ্ভব বিশালাক্ষ! যদুবংশবিবর্দ্ধনঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

নেতি। তব সংখ্যানং সংখ্যাং ন জানীমঃ, পুরুষরূপত্বেনাতিবহুত্বাৎ "পুরুষবহুত্বং সিদ্ধম্" ইতি সাংখ্যসিদ্ধান্তাৎ। তব পরীমাণমিয়ত্তাং ন জানীমঃ, অসীমত্বাৎ। যোগশ্চ যোগিনশ্চ তেষামীশো যোগপ্রবর্ত্তকো যোগিশ্রেষ্ঠশ্চ তৎসম্বোধনম্ ॥৬২॥

ত্বদিতি। নিয়মৈঃ উপবাসব্রতাদিভিঃ। পরমেশং নিরতিশয়ৈশ্বর্য্যম্ ॥৬৩॥

ঋষয় ইতি। পন্নগা নাগাঃ, সরীসৃপাঃ সর্পাঃ। জাতিভেদাদপুনরুক্তিঃ। এবমাদি ত্বৎপ্রসাদাদেব জায়তে ময়া তু কেবলমাবির্ভাবিতম্, দণ্ডেন মৃজ্জাতঘটবদিতি ভাবঃ ॥৬৪—৬৫॥

ত্বমিতি। নেতা পরিচালকঃ। বিবুধা দেবাঃ ॥৬৬॥

শক্রতাপন! যোগপ্রবর্ত্তক! যোগীশ্বর! আমরা আপনার সংখ্যা, পরিমাণ, তেজ, পরাক্রম ও বলের স্বরূপ জানি না ॥৬২॥

তথাপি দেব! নারায়ণ! আমরা আপনার ভক্তিতে ব্যাপৃত থাকিয়া এবং নানাবিধ নিয়মে আপনাকে আশ্রয় করিয়া সর্ব্বদাই আপনার পূজা করি ॥৬৩॥

পদ্মনাভ! বিশালনয়ন! দুঃখনাশক! কৃষ্ণ! দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, নাগ, পিশাচ, মানুষ, পশু, পক্ষী ও সর্প ইত্যাদি সমস্ত পদার্থ আপনার অনুগ্রহেই আমি সৃষ্টি করিয়াছি ॥৬৪—৬৫॥

দেবেশ্বর! আপনিই সমস্ত ভূতের গতি ও পরিচালক এবং আপনিই জগতের গুরু, আর আপনার অনুগ্রহেই দেবতারা সর্বদা সুখে থাকেন ॥৬৬॥

দেব! আপনার অনুগ্রহেই পূর্বকল্পে পৃথিবী সর্বদা নির্ভয়ে ছিলেন। সুতরাং বিশালনয়ন! এখনও আপনি যদুবংশবিবর্দ্ধক হউন ॥৬৭॥

(৬৩)…নিয়মৈস্ত্বাং সমাহিতাঃ…পি। (৬৪)…কৃষ্ণ! দুঃস্বপ্ননাশন!—পি বা। (৬৫)…ত্বং জগন্মুখম্…পি বা।

ধর্ম্মসংস্থাপনার্থায় দৈত্যানাঞ্চ বধায় চ।
জগতো ধারণার্থায় বিজ্ঞাপ্যং কুরু মে বিভো! ॥৬৮॥
যত্তৎ পরমকং গুহ্যং ত্বৎপ্রসাদাদিদং বিভো!।
বাসুদেব! তদেতত্তে ময়োদ্‌গীতং যথাতথম্ ॥৬৯॥
সৃষ্ট্বা সঙ্কর্ষণং দেবং স্বয়মাত্ম নমাত্মনা।
কৃষ্ণ! ত্বমাত্মনাস্রাক্ষীঃ প্রদ্যুম্নঞ্চাত্মসম্ভবম্ ॥৭০॥
প্রদ্যুম্নাচ্চানিরুদ্ধং ত্বং যং বিদুর্বিষ্ণুমব্যয়ম্।
অনিরুদ্ধোঽসৃজন্মাং বৈ ব্রহ্মাণং লোকধারিণম্ ॥৭১॥
বাসুদেবময়ঃ সোঽহং ত্বয়ৈবাস্মি বিনির্ম্মিতঃ।
বিভজ্য ভাগমাত্মানং ব্রজ মানুষতাং বিভো! ॥৭২॥

ভারতকৌমুদী

পৃথিবীতি। অভবদিতি পূর্ব্বকল্পোক্তিঃ। ইদানীমপি যদুবংশে জায়স্বেত্যর্থঃ ॥৬৭॥
কুত ইত্যাহ ধর্ম্মেতি। ধারণার্থায় রক্ষণায় ॥৬৮॥
যদিতি। তৎপ্রসিদ্ধম্, গুহ্যং গোপনীয়ম্। এতৎ স্তোত্রম্ ॥৬৯॥
পূর্ব্বকল্পবৃত্তান্তমাহ সৃষ্ট্বেতি। আত্মানং স্বস্বরূপম্। আত্মসম্ভবং পুত্রম্ ॥৭০॥
প্রদ্যুম্নাদিতি। অনিরুদ্ধমস্রাক্ষীরিত্যনুবৃত্তিঃ। লোকধারিণং জগৎস্রষ্টারম্ ॥৭১॥

প্রভু! ধর্ম্মসংস্থাপন, দৈত্যবিনাশ ও জগতের রক্ষার জন্য আপনি আমার বিজ্ঞাপিত বিষয় সম্পাদন করুন ॥৬৮॥

জগদ্ব্যাপক! বাসুদেব! সেই যাহা অত্যন্ত গোপনীয় ছিল, এই সেই স্তব আপনারই অনুগ্রহে আমি এই যথার্থভাবে প্রকাশ করিলাম ॥৬৯॥

কৃষ্ণ! আপনি পূর্ব্বকল্পে নিজেই নিজেকে সঙ্কর্ষণরূপে সৃষ্টি করিয়া, আবার নিজেই নিজের পুত্ররূপে প্রদ্যুম্নকে সৃষ্টি করিয়াছিলেন ॥৭০॥

জ্ঞানীরা যাঁহাকে অবিনশ্বর বিষ্ণু বলিয়া জানেন, সেই অনিরুদ্ধকে আপনি প্রদ্যুম্ন হইতে সৃষ্টি করিয়াছিলেন এবং অনিরুদ্ধ আমাকে লোকস্রষ্টা ব্রহ্মা করিয়া সৃষ্টি করিয়াছেন ॥৭১॥

অতএব আমি সেই বাসুদেবময়; আপনিই আমাকে এইরূপে নির্ম্মাণ করিয়াছেন। সুতরাং প্রভু! আপনি আপনাকে বিভক্ত করিয়া মনুষ্য হউন ॥৭২॥

(৭০) প্রদ্যুম্নাদনিরুদ্ধং ত্বম্…রা নি। (৭১) প্রথমপাদদ্বয়াৎ পরম্ 'তস্মাদ্‌যাচামি লোকেশ! চতুরাত্মানমাত্মনা' ইতি পাদদ্বয়মধিকং নি,…বিসৃজ্য ভাগশো জ্ঞানং ব্রজ…বা. …বিভজ্য ভাগশোঽত্মানং ব্রজ…রা নি।

তত্রাসুরবধং কৃত্বা সর্ব্বলোকসুখায় বৈ।
ধর্ম্মং স্থাপ্য যশঃ প্রাপ্য যোগং প্রাপ্স্যসি তত্ত্বতঃ ॥৭৩॥
ত্বাং হি ব্রহ্মর্ষয়ো লোকে দেবাশ্চামিতবিক্রম!।
তৈস্তৈঃ স্বৈঃ কর্ম্মভির্ভক্তা গায়ন্তি পরমাত্মকম্ ॥৭৪॥
স্থিতাশ্চ সর্ব্বে ত্বয়ি ভূতসংঘাঃ কৃত্বাশ্রয়ং ত্বাং বরদং সুবাহো!।
অনাদিমধ্যান্তমপারযোগং লোকস্য সেতুং প্রবদন্তি বিপ্রাঃ ॥৭৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে বিশ্বোপাখ্যানে নারায়ণস্তবে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বাস্বিতি। বিভজ্য বিধায়, ভাগং বিভক্তম্, ব্রজ প্রাপ্নুহি ।৭২॥

তত্রেতি। স্থাপ্য স্থাপয়িত্বা। যোগং বাস্তবনারায়ণশরীরে সম্মেলনম্ ॥৭৩॥

ত্বামিতি। কর্ম্মভির্হিরণ্যাক্ষবধাদিকর্ম্মোল্লেখৈঃ। পরমাত্মকং পরব্রহ্মরূপম্ ।৭৪॥

স্থিতা ইতি। হে সুবাহো! সর্বে ভূতসংঘাঃ, বরদং ত্বামাশ্রয়মবলম্বনং কৃত্বা, ত্বয়ি স্থিতাঃ, "তস্মিন্ লোকাঃ শ্রিতাঃ সর্বে" ইতি শ্রুতেঃ। তথা বিপ্রা জ্ঞানিনঃ, ন বিদ্যন্তে আদিমধ্যান্তা যস্য তম্, আদ্যন্তাভাবাদেব মধ্যাভাব ইতি ভাবঃ, ন বিদ্যতে পারযোগঃ শেষসীমাসম্বন্ধো যস্য তং তাদৃশঞ্চ ত্বাম্, লোকস্য লোকান্তরে যাতায়াতকারিণো জনস্য, সেতুং সংক্রমং প্রবদন্তি। লোকাস্ত্বামাশ্রিত্যৈব যাতায়াতং কুর্বন্তীত্যাশয়ঃ ।৭৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ভয়মিতি ॥১—২১॥ সাপহ্নবাঃ অপরিখ্যাতকিল্বিষাঃ ॥২২—২৫॥ মন্যসি মন্যসে ॥২৬—৩৪॥ মহ্যং মম ।৩৫—৭৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ।৬৪॥

সেই জন্মে সমগ্র মর্ত্ত্যলোকের সুখের জন্য অসুরসংহার, ধর্ম্মস্থাপন ও যশোলাভ করিয়া পুনরায় আসিয়া যথার্থরূপে আপন শরীরে মিলিত হইবেন ॥৭৩॥

হে অমিতবিক্রম! আপনার ভক্ত ব্রহ্মর্ষিগণ ও দেবগণ আপনার সেই সেই কর্ম্মের উল্লেখ করিয়া পরমাত্মরূপী আপনার গান করিয়া থাকেন ॥৭৪॥

হে সুবাহু! আপনি বরদাতা; তাই সমস্ত ভূতসমূহ আপনাকে অবলম্বন করিয়া আপনাতেই অবস্থান করে; আর জ্ঞানীরা আদি, মধ্য ও অন্তবিহীন এবং শেষসীমাশূন্য আপনাকে লোকের সেতু বলিয়া থাকেন ॥৭৫॥

(৭৩)…ধর্ম্মং প্রাপ্য…রা নি। (৭৪)…তৈস্তৈঃ স্বৈর্নামভির্যুক্তাঃ…বা,…তৈস্তৈর্হি মানিভির্যুক্তাঃ…রা নি। * '…পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

ততঃ স ভগবান্ দেবো লোকানামীশ্বরেশ্বরঃ।
ব্রহ্মাণং প্রত্যুবাচেদং স্নিগ্ধগম্ভীরয়া গিরা ॥১॥
বিদিতং তাত! যোগাস্মে সর্বমেতত্তবেপ্সিতম্।
তথা তদ্ভবিতেত্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত ॥২॥
ততো দেবর্ষিগন্ধর্বা বিস্ময়ং পরমং গতাঃ।
কৌতূহলপরাঃ সর্বে পিতামহমথাব্রুবন্ ॥৩॥
কো ন্বয়ং যো ভগবতা প্রণম্য বিনয়াদ্বিভো!।
বাগ্‌ভিঃ স্তুতো বরিষ্ঠাভিঃ শ্রোতুমিচ্ছাম তং বয়ম্ ॥৪॥
এবমুক্তস্তু ভগবান্ প্রত্যুবাচ পিতামহঃ।
দেবব্রহ্মর্ষিগন্ধর্বান্ সর্বান্ মধুরয়া গিরা ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভগবান্ সর্ব্বাতিশায়িমাহাত্ম্যঃ, লোকানামীশ্বরা দেবাস্তেষামপীশ্বরঃ ॥১॥
বিদিতমিতি। হে তাত! বৎস! যোগাৎ ধ্যানাৎ ॥২॥
তত ইতি। পরমং বিস্ময়ং গতা অদৃষ্টপূর্ব্বদর্শনাৎ। পিতামহং ব্রহ্মাণম্ ॥৩॥
ক ইতি। নুশব্দঃ প্রশ্নে, ভগবতা মাহাত্ম্যবতা ভবতাপি। বরিষ্ঠাভিঃ শ্রেষ্ঠাভিঃ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর জগতের ঈশ্বরগণেরও ঈশ্বর এবং সর্ব্বাতিশায়িমাহাত্ম্যশালী সেই দেবতা স্নিগ্ধ-গম্ভীর বাক্যে ব্রহ্মাকে এইরূপ প্রত্যুত্তর করিলেন—॥১॥

'বৎস! তোমার এই সমস্ত অভীষ্ট বিষয়ই আমি ধ্যানে জানিতে পারিয়াছি। তাহা সেইরূপই হইবে' এই কথা বলিয়া তিনি সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥২॥

তৎপরে দেবতা, ঋষি ও গন্ধর্ব্বেরা সকলে অত্যন্ত বিস্ময়াপন্ন ও কৌতুকান্বিত হইয়া ব্রহ্মাকে বলিলেন—॥৩॥

'প্রভু! ইনি কে? আপনিও প্রণাম করিয়া বিনয় সহকারে শ্রেষ্ঠ বাক্যদ্বারা যাঁহার স্তব করিলেন। আমরা উঁহার বিষয় শুনিতে ইচ্ছা করি' ॥৪॥

(৪)···ভবয়ম্—পি। (৫)···দেবদেবর্ষিগন্ধর্বান্···পি।

যত্তৎ পরং ভবিষ্যঞ্চ ভবিতব্যঞ্চ যৎ পরম্।
ভূতাত্মা চ প্রভুশ্চৈব ব্রহ্ম যচ্চ পরং পদম্ ॥৬॥
তেনাস্মি কৃতসংবাদঃ প্রসন্নেন সুরর্ষভাঃ!।
জগতোঽনুগ্রহার্থায় যাচিতো মে জগৎপতিঃ ॥৭॥ (যুগ্মকম্)
মানুষং লোকমাতিষ্ঠ বাসুদেব ইতি শ্রুতঃ।
অসুরাণাং বধার্থায় সম্ভবস্ব মহীতলে ॥৮॥
সংগ্রামে নিহতা যে তে দৈত্যদানবরাক্ষসাঃ।
ত ইমে নৃষু সংভূতা ঘোররূপা মহাবলাঃ ॥৯॥
তেষাং বধার্থং ভগবান্ নরেণ সহিতো বশী।
মানুষীং তনুমাস্থায় চরিষ্যতি মহীতলে ॥১০॥

ভারতকৌমুদী

এবমিতি। অত্র গিরো মধুরত্বং সুরর্ষভা ইতি সম্বোধনেন সমাদরসূচনাৎ ॥৫॥

যদিতি। তৎ প্রসিদ্ধম্, পরং সর্ব্বশ্রেষ্ঠম্, ভবিষ্যৎ ভাবি ভাবিকালেঽপি স্থাস্নতীত্যর্থঃ, ভবিতব্যং ভবৎ বর্ত্তমানম্, ভূতাত্মা অতীতস্বরূপঃ। পদং বস্তু। মে ময়া ॥৬—৭॥

অথ কিং যাচিত ইত্যাহ মানুষমিতি। আতিষ্ঠ আশ্রয়। কুত ইত্যাহ অসুরাণামিতি ॥৮॥

নন্থ মানুষে লোকে অসুরাঃ কুত ইত্যাহ সংগ্রাম ইতি। নৃষু মানুষেষু ॥৯॥

সম্ভাবয়তি তেষামিতি। নরেণ তদাখ্যেন ঋষিণা, বশী স্বাধীনঃ ॥১০॥

তাঁহারা এইরূপ বলিলে, ভগবান্ ব্রহ্মা মধুর বাক্যে সমস্ত দেবতা, ব্রহ্মর্ষি ও গন্ধর্ব্বকে প্রত্যুত্তর করিলেন—॥৫॥

'দেবশ্রেষ্ঠগণ! সেই যিনি পরম বস্তু এবং যে পরম বস্তু অতীতকালে ছিলেন, বর্ত্তমানে আছেন, ভবিষ্যতেও থাকিবেন, আর যে পরম বস্তু ত্রিভুবনের প্রভু ও 'ব্রহ্ম-'নামে অভিহিত, তিনি প্রসন্ন হইয়া আমার সহিত আলাপ করিলেন। আমিও জগতের প্রতি অনুগ্রহ করিবার জন্য সেই জগৎপতির নিকট প্রার্থনা করিলাম ॥৬—৭॥

আপনি মনুষ্যলোকে গমন করুন এবং সেখানে গমন করিয়া অসুরবধের জন্য জন্ম গ্রহণ করুন, আর 'বাসুদেব-'নামে প্রসিদ্ধ হউন ॥৮॥

সেই যে ভয়ঙ্করমূর্ত্তি ও মহাবল দৈত্য, দানব ও রাক্ষসেরা দেবাসুরযুদ্ধে নিহত হইয়াছিল, তাহারাই যাইয়া এই মনুষ্যমধ্যে জন্মিয়াছে ॥৯॥

দেবগণ! জগদীশ্বর সেই ভগবান্ নর-ঋষির সহিত মিলিত হইয়া মানুষদেহ ধারণ করিয়া সেই অসুরগণের বধের জন্য ভূতলে বিচরণ করিলেন ॥১০॥

(১০)· ·মানুষীং যোনিমাস্থায়···বা রা নি।

নরনারায়ণৌ যৌ তৌ পুরাণাবৃষিসত্তমৌ।
সম্ভূতাবমিতদ্যুতী ॥১১॥
অজেয়ৌ সমরে যত্তৌ সম্ভূতৈরমরৈরপি।
মূঢ়াস্ত্বেতে ন জানন্তি নরনারায়ণাবৃষী ॥১২॥
তস্যাহমগ্রজঃ পুত্রঃ সর্বস্য জগতঃ প্রভুঃ।
বাসুদেবোঽর্চ্চনীয়ো বঃ সর্বলোকমহেশ্বরঃ ॥১৩॥
তথা মনুষ্যোঽয়মিতি কদাচিৎ সুরসত্তমাঃ!।
নাবজ্ঞেয়ো মহাবীর্য্যঃ শঙ্খচক্রগদাধরঃ ॥১৪॥
এতৎ পরমকং গুহ্যমেতৎ পরমকং পদম্।
এতৎ পরমকং ব্রহ্ম এতৎ পরমকং যশঃ ॥১৫॥
এতদক্ষরমব্যক্তমেতদ্বৈ শাশ্বতং মহঃ।
যত্তৎ পুরুষসংজ্ঞং বৈ গীয়তে জ্ঞায়তে ন চ ॥১৬॥

ভারতকৌমুদী

নরেতি। তৌ প্রসিদ্ধৌ। সম্ভূতৌ উৎপন্নৌ ভবিষ্যত ইতি শেষঃ ॥১১॥
অজেয়াবিতি। যত্তৌ যত্নবন্তৌ। ন জানন্তি ন জ্ঞাস্যন্তি ॥১২॥
তস্যেতি। অগ্রজো জ্যেষ্ঠঃ পুত্রঃ, নাভিপদ্মে জাত ইত্যাশয়ঃ ॥১৩॥
উপদিশতি দেবাদীন্ তথেতি। যেনাসৌ শঙ্খচক্রগদাধরো বিষ্ণুরেব ॥১৪॥
এতদিতি। গুহ্যং গোপনীয়ম্, ইষ্টদেবত্বাৎ। পদং বস্তু। যশঃ যশো নাম ॥১৫॥

'নর ও নারায়ণ-'নামে সেই যে দুই জন প্রাচীন মহাতেজা ঋষিশ্রেষ্ঠ আছেন, তাঁহারাই মিলিত হইয়া যাইয়া মনুষ্যলোকে উৎপন্ন হইবেন ॥১১॥

তাঁহারা যুদ্ধে যত্নবান্ হইলে, দেবতারা সম্মিলিত হইয়াও তাঁহাদিগকে জয় করিতে পারিবেন না। কিন্তু মূঢ় লোকেরা তাঁহাদিগকে নর ও নারায়ণ ঋষি বলিয়া জানিতে পারিবে না ॥১২॥

সমগ্র জগতের প্রভু আমিও সেই নারায়ণেরই জ্যেষ্ঠপুত্র। অতএব দেবগণ! জগতের মহেশ্বর সেই বাসুদেব তোমাদের পূজনীয়ই হইবেন ॥১৩॥

সুতরাং দেবশ্রেষ্ঠগণ! 'ইনি মানুষ' এইরূপ মনে করিয়া কখনও তোমরা, মহাশক্তিশালী ও শঙ্খ-চক্র-গদাধারী সেই নারায়ণকে অবজ্ঞা করিও না ॥১৪॥

ইনি পরমগোপনীয়, ইনি পরমবস্তু, ইনি পরম ব্রহ্ম এবং ইনি পরম যশ ॥১৫॥

(১২) অজেয়ৌ হি রণে যত্তৌ সমেতৈঃ···পি, অজেয়ৌ হি রণে যত্তৌ সমেতৌ···বা। (১৩) যস্যাহম্···জগতঃ পতিঃ···পি বা। (১৫)···এতচ্ছাশ্বতমেব চ···পি,···এতত্তচ্ছাশ্বতং মহঃ··বা।

এতৎ পরমকং তেজ এতৎ পরমকং সুখম্।
এতৎ পরমকং সত্যং কীর্ত্তিতং বিশ্বকর্ম্মণা ॥১৭॥
তস্মাৎ সেন্দ্রৈঃ সুরৈঃ সর্বৈর্লোকৈশ্চামিতবিক্রমঃ।
নাবজ্ঞেয়ো বাসুদেবো মানুষোঽয়মিতি প্রভুঃ ॥১৮॥
যশ্চ মানুষমাত্রোঽয়মিতি ব্রূয়াৎ স মন্দধীঃ।
হৃষীকেশমবিজ্ঞানাত্তমাহুঃ পুরুষাধমম্ ॥১৯॥
যো যোগিনং মহাত্মানং প্রবিষ্টং মানুষীং তনুম্।
অবমন্যেদ্বাসুদেবং তমাহুস্তামসং জনাঃ ॥২০॥
দেবং চরাচরাত্মানং শ্রীবৎসাঙ্কং সুবর্চসম্।
পদ্মনাভং ন জানাতি তমাহুস্তামসং বুধাঃ ॥২১॥

ভারতকৌমুদী

এতদিতি। অক্ষরং নিত্যম্, অব্যক্তম্ অবাঙ্মনসগোচরত্বাৎ। মহন্তেজঃ ॥১৬॥
এতদিতি। বিশ্বং কর্ম্ম যস্মাদিতি বিশ্বকর্ম্মা বেদস্তেন ॥১৭॥
তস্মাদিতি। প্রভুঃ সর্ব্বেশ্বরঃ। অতএব চ নাবজ্ঞেয় ইতি ভাবঃ ॥১৮॥
য ইতি। মন্দধীর্মূঢ়বুদ্ধিঃ। হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা তম্ ॥১৯॥
য ইতি। তামসং তমোগুণবহুলতয়া মোহাপন্নম্ ॥২০॥
দেবমিতি। শ্রীবৎসো রোমাবর্ত্ত এব অঙ্কো বক্ষসি চিহ্নং যস্য তম্ ॥২১॥

ইনি নিত্য, ইনি অব্যক্ত, ইনি চিরস্থায়ী তেজ এবং ঋষিরা যাঁহাকে পুরুষ বলেন, ইনি সেই পদার্থ। কিন্তু ইঁহাকে জানা যায় না ॥১৬॥

ইনি পরম তেজ, ইনি পরম সুখ এবং ইনি পরম সত্য ইহা বেদ বলিয়াছেন ॥১৭॥

অতএব অমিতবিক্রমশালী ও জগদীশ্বর এই বাসুদেবকে মানুষ মনে করিয়া ইন্দ্রপ্রভৃতি দেবতারা কিংবা অন্যান্য লোকেরা যেন ইঁহাকে অবজ্ঞা করে না ॥১৮॥

যে লোক অজ্ঞানবশতঃ এই হৃষীকেশকে কেবল মানুষ বলিবে, সে লোক মূঢ়বুদ্ধি এবং তাহাকে সকলে পুরুষাধম বলিবে ॥১৯॥

মনুষ্যদেহধারী, মহাযোগী ও মহাত্মা বাসুদেবকে যে লোক অবজ্ঞা করিবে, লোকে তাহাকে তমসাচ্ছন্ন বলিবে ॥২০॥

(১৮) তস্মাৎ সুরাসুরৈঃ সর্ব্বৈঃ সেন্দ্রৈশ্চামিতবিক্রমৈঃ···পি, তস্মাৎ সুরাসুরৈঃ সর্ব্বৈঃ সেন্দ্রৈশ্চামিতবিক্রমঃ·· বা। (১৯)···হৃষীকেশমবজ্ঞানাৎ···রা নি। (২০) যোগিনং তং মহাত্মানম্···রা নি। (২১)···তমাহুস্তামসং জনাঃ—পি বা।

কিরীটকৌস্তুভধরং মিত্রাণামভয়ঙ্করম্।
অবজানন্ মহাত্মানং ঘোরে তমসি মজ্জতি ॥২২॥
এবং বিদিত্বা তত্ত্বার্থং লোকানামীশ্বরেশ্বরঃ।
বাসুদেবো নমস্কার্য্যঃ সর্বলোকৈঃ সুরোত্তমাঃ! ॥২৩॥

ভীষ্ম উবাচ। *

এবমুক্ত্বা স ভগবান্ দেবান্ সর্ষিগণান্ পুরা।
বিসৃজ্য সর্বভূতানি জগাম ভবনং স্বকম্ ॥২৪॥
ততো দেবাঃ সগন্ধর্বা মুনয়োঽপ্সরসোঽপি চ।
কথাং তাং ব্রহ্মণা গীতাং শ্রুত্বা প্রীতা দিবং যযুঃ ॥২৫॥
এতচ্ছ্রুতং ময়া তাত! ঋষীণাং ভাবিতাত্মনাম্।
বাসুদেবং কথয়তাং সমবায়ে পুরাতনম্ ॥২৬॥

ভারতকৌমুদী

কিরীটেতি। ঘোরে তমসি গাঢ়াজ্ঞানান্ধকারে, মজ্জতি চিরমেবেতি ভাবঃ ॥২২॥
এবমিতি। তত্ত্বার্থং যথার্থবিষয়ম্। নমস্কার্য্যঃ সর্বমঙ্গললাভায় ॥২৩॥
এবমিতি। ঋষিগণেন সহেতি সর্ষিগণাস্তান্। সর্বভূতানি তত্রাগতানি ॥২৪॥
তত ইতি। গীতামুক্তাম্। প্রীতাঃ সন্তুষ্টাঃ সন্তঃ, দিবং স্বর্গম্ ॥২৫॥

সমগ্র-স্থাবর-জঙ্গমরূপী, শ্রীবৎসচিহ্নে চিহ্নিত ও মনোহরকান্তি নারায়ণ-দেবকে যে জানিতে পারিবে না, জ্ঞানীরা তাহাকে তামসিক বলিবেন ॥২১॥

কিরীট ও কৌস্তুভমণিধারী এবং বন্ধুবর্গের ভয়হারী মহাত্মা বাসুদেবকে অবজ্ঞা করিয়া মানুষ চিরকালই ভয়ঙ্কর অজ্ঞানান্ধকারে মগ্ন থাকে ॥২২॥

দেবশ্রেষ্ঠগণ! এইরূপ তত্ত্ববিষয় জানিয়া দিক্‌পালগণেরও অধীশ্বর বাসু-দেবকে নমস্কার করা সকল লোকেরই উচিত' ॥২৩॥

ভীষ্ম বলিলেন—'পূর্বকালে ভগবান্ ব্রহ্মা দেবগণ ও ঋষিগণের নিকট এইরূপ বলিয়া তত্রত্য সকলকে পরিত্যাগ করিয়া আপন ভবনে চলিয়া গেলেন ॥২৪॥

তাহার পর দেবতারা, গন্ধর্ব্বেরা, মুনিরা এবং অপ্সরারাও ব্রহ্মার সেই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া স্বর্গে গমন করিলেন ॥২৫॥

বৎস! বিশুদ্ধচিত্ত ঋষিরা কোন সভায় আদিপুরুষ বাসুদেবের এইরূপ কথা বলিতেছিলেন, তখন আমি এই উপাখ্যান শুনিয়াছিলাম ॥২৬॥

(২২)···কৌস্তুভধরং শঙ্খচক্রগদাধরম্···পি। * এষ পাঠঃ পি নাস্তি। (২৪)···ঋষি-দেবগণান্ পুরা···পি,···সদেবর্ষিগণান্ পুরা···বা। (২৬) এবং শ্রুতম্···পি বা।

জামদগ্ন্যস্য রামস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
ব্যাসনারদয়োশ্চাপি শ্রুতং শ্রুতবিশারদ! ॥২৭॥
এতমর্থঞ্চ বিজ্ঞায় শ্রুত্বা চ প্রভুমব্যয়ম্।
বাসুদেবং মহাত্মানং লোকানামীশ্বরেশ্বরম্ ॥২৮॥
যস্য চৈবাত্মজো ব্রহ্মা সর্বস্য জগতঃ পিতা।
কথং ন বাসুদেবোঽয়মর্চ্চ্যশ্চেজ্যশ্চ মানবৈঃ ॥২৯॥ (যুগ্মকম্)
বারিতোঽসি ময়া তাত! মুনিভির্বেদপারগৈঃ।
মা গচ্ছ সংযুগং তেন বাসুদেবেন ধন্বিনা ॥৩০॥
মা পাণ্ডবৈঃ সার্দ্ধমিতি তত্ত্বং মোহান্ন বুধ্যসে।
মন্যে ত্বাং রাক্ষসং ক্রূরং তথা চাসি তমোবৃতঃ ॥৩১॥

ভারতকৌমুদী

এতদিতি। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তানাম্। সমবায়ে সভায়াম্ ॥২৬॥
জামেতি। সর্ব্বত্র সকাশাদিতি শেষঃ। হে শ্রুতবিশারদ! শাস্ত্রবিচক্ষণ! ॥২৭॥
এতমিতি। অর্থং বৃত্তান্তম্। ইজ্যো যজনীয়ঃ ॥২৮—২৯॥
বারিত ইতি। উদ্‌যোগপর্বণ্যেব বৃত্তান্ত উক্তঃ। সংযুগং যুদ্ধম্ ॥৩০॥
মেতি। মা পাণ্ডবৈঃ সার্দ্ধমপি সংযুগং গচ্ছেত্যনুবৃত্তিঃ। তমোবৃতো মোহাশ্রিতঃ ॥৩১॥

আর, শাস্ত্রবিশারদ! জমদগ্নিনন্দন রাম, জ্ঞানী মার্কণ্ডেয়, ব্যাস এবং নারদের নিকটেও এই উপাখ্যান আমি শুনিয়াছি ॥২৭॥

সমগ্র জগতের সৃষ্টিকর্ত্তা স্বয়ং ব্রহ্মা যাঁহার পুত্র এবং যিনি দেবগণেরও অধীশ্বর, অবিনশ্বর ও ত্রিভুবনের প্রভু, সেই মহাত্মা বাসুদেবের বিষয় শুনিয়া এবং এইরূপে তাঁহাকে জানিয়া মানুষ কেন তাঁহার পূজা বা তাঁহার উদ্দেশে যজ্ঞ করিবে না? ॥২৮—২৯॥

বৎস! আমি ও বেদপারদর্শী মুনিরা পূর্ব্বেই তোমাকে বারণ করিয়াছিলাম যে, তুমি সেই ধনুর্দ্ধর বাসুদেবের সহিত যুদ্ধে যাইও না ॥৩০॥

এবং পাণ্ডবগণের সহিতও যুদ্ধে গমন করিও না। কিন্তু তুমি মোহবশতঃ তাহা বুঝিতে পার নাই। সুতরাং তোমাকে আমি ক্রূরস্বভাব রাক্ষস বলিয়াই মনে করি। বিশেষতঃ, তুমি সেইরূপই মোহগ্রস্ত থাক ॥৩১॥

(২৭)··· নারদয়োশ্চাপি সকাশাচ্ছ্রুতমুত্তমম্!—বা নি। (২৯) যস্য স্যাদাত্মজঃ···অর্চ্যঃ শ্রেষ্ঠশ্চ মানবৈঃ—পি বা। (৩০)···পুরা তাত! মুনিভির্ভাবিতাত্মভিঃ···পি বা। (৩১) পাণ্ডবৈঃ সার্দ্ধমিতি যৎ··পি বা।

যস্মাদ্দ্বিষসি গোবিন্দং পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্।
নরনারায়ণৌ দেবৌ কোঽন্যো দ্বিষ্যাদ্ধি মানবঃ ॥৩২॥
তস্মাদ্ব্রবীমি তে রাজন্! এষ বৈ শাশ্বতোঽব্যয়ঃ।
সর্বলোকময়ো নিত্যঃ শাস্তা ধাত্রীধরো ধ্রুবঃ ॥৩৩॥
যো ধারয়তি লোকাংস্ত্রীংশ্চরাচরগুরুঃ প্রভুঃ।
যোদ্ধা জয়শ্চ জেতা চ সর্বপ্রকৃতিরীশ্বরঃ ॥৩৪॥
রাজন্! সত্ত্বময়ো হ্যেষ তমোরাগবিবর্জিতঃ।
যতঃ কৃষ্ণস্ততো ধর্ম্মো যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥৩৫॥
তস্য মাহাত্ম্যযোগেন যোগেনাত্মময়েন চ।
ধৃতাঃ পাণ্ডুসুতা রাজন্! জয়শ্চৈষাং ভবিষ্যতি ॥৩৬॥

ভারতকৌমুদী

যস্মাদিতি। দ্বিষসীতি বিকরণলোপাভাব আর্ষঃ। অন্যস্ত্বভিন্নঃ ॥৩২॥

তস্মাদিতি। শাশ্বতশ্চিরন্তনঃ, অব্যয়ঃ অবিকারী। ধাত্রীধরঃ পৃথিবীধর্ত্তা, ধ্রুবোঽচলঃ ॥৩৩॥

য ইতি। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুত্যর্থানুসারী দ্বিতীয়ার্দ্ধভাবঃ ॥৩৪॥

রাজন্নিতি। তমস্তমোগুণঃ রজ্যতে অনেনেতি রাগো রজোগুণশ্চ তাভ্যাং বিবর্জিতঃ ॥৩৫॥

তস্যেতি। মাহাত্ম্যং নিরতিশয়মৈশ্বর্য্যমেব যোগ উপায়স্তেন, আত্মময়েন আত্মীয়তা-রূপেণ যোগেন সম্বন্ধেন চ, ধৃতা রক্ষিতাঃ। এষাং জয়শ্চ ভবিষ্যতি, তদনুগ্রহাৎ ।৩৬॥

আর যে হেতু তুমি, কৃষ্ণ ও পাণ্ডুনন্দন অর্জ্জুনের প্রতি বিদ্বেষ কর। দেখ, তুমি ভিন্ন অন্য কোন্ লোক নর-নারায়ণদেবের প্রতি বিদ্বেষ করে? ॥৩২॥

অতএব রাজা! তোমার নিকট যথার্থ বলিতেছি—ইনি চিরন্তন, বিকার-বিহীন, সর্ব্বময়, নিত্য, শাসনকর্ত্তা, পৃথিবীর আধার এবং অচল ॥৩৩॥

যিনি ত্রিভুবন ধারণ করিতেছেন, চরাচরের গুরু, মহাপ্রভাবশালী, যোদ্ধা, জয়, জেতা, সকলের সৃষ্টিকর্ত্তা এবং সকলেরই অধীশ্বর ॥৩৪॥

রাজা! ইনি শুদ্ধসত্ত্বময়, ইঁহাতে তমোগুণ বা রজোগুণ নাই। সুতরাং কৃষ্ণ যে দিকে থাকেন, ধর্ম্ম সেই দিকে থাকে এবং ধর্ম্ম যে দিকে, থাকে জয়ও সেই দিকেই হয় ॥৩৫॥

রাজা! তাঁহারই মাহাত্ম্যে এবং তাঁহারই আত্মীয়তায় পাণ্ডবেরা রক্ষিত হইতেছে। সুতরাং জয়ও তাহাদেরই হইবে ॥৩৬॥

(৩৩)···ধাতা ধরো ধ্রুবঃ—নি। (৩৪) লোকান্ ধারয়তে যস্ত্রীন্···পি বা। (৩৫) সর্বময়ো হ্যেষ···রা নি।

শ্রেয়োযুক্তাং সদা বুদ্ধিং পাণ্ডবানাং দধাতি যঃ।
বলঞ্চৈব রণে নিত্যং ভয়েভ্যশ্চৈব রক্ষতি ॥৩৭॥
স এষ শাশ্বতো দেবঃ সর্ব্বভূতময়ঃ শিবঃ।
বাসুদেব ইতি জ্ঞেয়ো যস্যাং পৃচ্ছসি ভারত! ॥৩৮॥
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্বৈশ্যৈঃ শূদ্রৈশ্চ কৃতলক্ষণৈঃ।
সেব্যতেঽভ্যর্চ্যতে চৈব নিত্যযুক্তৈঃ স্বকর্ম্মভিঃ ॥৩৯॥
দ্বাপরস্য যুগস্যান্তে আদৌ কলিযুগস্য চ।
সাত্বতং বিধিমাস্থায় গীতঃ সঙ্কর্ষণেন যঃ ॥৪০॥
এষ ধর্ম্মস্তত্ত্ববিদঃ সর্বেশঃ সর্বকামদঃ।
এষ কর্ত্তা চ কার্য্যঞ্চ পূর্বদেবঃ স্বয়ং প্রভুঃ।
ভূতভব্যভবিষ্যঞ্চ পূর্ব্বমেতদকল্পয়ৎ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রেয় ইতি। শ্রেয়োযুক্তাং মঙ্গলানুসারিণীম্। দধাতি বিদধাতি ॥৩৭॥

স ইতি। শাশ্বতো নিত্যঃ, দেবঃ চিদ্রূপেণ দ্যোতনশীলঃ, সর্ব্বভূতময়ঃ "ব্রহ্মৈবেদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ, শিবো ভক্তানাং মঙ্গলময়ঃ ॥৩৮॥

ব্রাহ্মণৈরিতি। কৃতানি লক্ষণানি পরস্পরভেদকচিহ্নানি ঊর্দ্ধপুণ্ড্রধারণাদীনি যৈস্তৈঃ। সেব্যতে ধ্যানাদিভিঃ, অভ্যর্চ্যতে পুষ্পাদিভিঃ, নিত্যযুক্তৈঃ সর্ব্বদা তৎপরৈঃ, স্বকর্ম্মভির্যাজনাদ্যৈঃ ॥৩৯॥

দ্বাপরস্যেতি। সাত্বতং সাত্বতবংশসম্বন্ধিনম্, বিধিং জন্মব্যাপারম্, সঙ্কর্ষণেন রামেণ। এতেন কুরুক্ষেত্রযুদ্ধং দ্বাপরযুগান্তে বভূবেতি সমুন্নেয়ম্। তত্ত্ববিদো ধর্ম্মতত্ত্বজ্ঞস্য। কর্ত্তা চ কার্য্যঞ্চ, "সর্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, পূর্ব্বদেব আদিদেবঃ। পূর্ব্বং সৃষ্ট্যাদৌ, এতৎ সর্বম্, অকল্পয়ৎ স্রষ্টব্যত্বেন নিরধারয়ৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০—৪১॥

যিনি সর্ব্বদা পাণ্ডবদের মঙ্গলানুসারিণী বুদ্ধি ও যুদ্ধে শক্তি বিধান করিতেছেন এবং পাণ্ডবগণকে ভয় হইতে সর্ব্বদা রক্ষা করিতেছেন ॥৩৭॥

ভরতনন্দন! তুমি যাঁহার বিষয় জিজ্ঞাসা করিয়াছ, তাঁহাকে তুমি নিত্য, চিৎস্বরূপ, সর্বভূতময় এবং মঙ্গলময় বাসুদেব বলিয়া জানিও ॥৩৮॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ ভিন্ন ভিন্ন চিহ্ন ধারণ করিয়া এবং সর্বদা তৎপর হইয়া আপন আপন কর্ম্মদ্বারা তাঁহার সেবা ও পূজা করিয়া থাকেন ॥৩৯॥

(৩৮)···সর্ব্বগুহ্যময়ঃ শিবঃ···রা নি।

উভে সন্ধ্যে দিশঃ খঞ্চ নিয়মঞ্চ জনার্দ্দনঃ।
ঋষীংশ্চৈব চ গোবিন্দস্তপশ্চৈবাপ্যকল্পয়ৎ ॥৪২॥
স এব সর্বং সুরমর্ত্যলোকং সমুদ্রকক্ষ্যান্তরিতাং পুরীঞ্চ।
যুগে যুগে মানুষঞ্চৈব বাসং পুনঃ পুনঃ সৃজতে বিশ্বকর্ম্মা ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে বিশ্বোপাখ্যানে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

উভে ইতি। খমাকাশম্, নিয়মং দিনরাত্র্যাদিনিরূপণম্। ঋষীন্ মরীচ্যাদীন্। অকল্পয়ৎ অসৃজৎ, "ঋতঞ্চ সত্যঞ্চাভিধ্যাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত" ইত্যাদিশ্রুতেঃ ॥৪২॥

স ইতি। বিশ্বং কর্ম্ম যস্য স বিশ্বকর্ম্মা জগৎস্রষ্টা স নারায়ণ এব, সর্বং সুরমর্ত্যলোকং সর্ব্বগ্রহণাৎ পাতালঞ্চ, সমুদ্র এব কক্ষ্যা কাঞ্চী তয়া অন্তরিতাং বেষ্টিতাম্, পুরীং দ্বারকাঞ্চ, "কক্ষ্যা বৃহতিকায়াং স্যাৎ কাঞ্চ্যাং মধ্যেভবন্ধনে। হর্ম্ম্যাদীনাং প্রকোষ্ঠে চ" ইতি মেদিনী, যুগে যুগে পুনঃ পুনঃ, মানুষস্যায়মিতি মানুষস্তং বাসঞ্চ আত্মনো বামনরামাদিমানুষাবতারঞ্চ, সৃজতে সৃজতি ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬৮॥ কৃতলক্ষণৈঃ স্বস্বগুণপ্রখ্যাতৈঃ ॥৩৯॥ সাত্বতাঃ পঞ্চরাত্রাগমবিধিনা পূজকাস্তদীয়ং সাত্বতম্ ॥৪০—৪২॥ কক্ষ্যা কাঞ্চী, পুরীং দ্বারকাম্ ॥৪৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৫॥

বলরাম দ্বাপরযুগের অন্তে ও কলিযুগের প্রথমে যদুবংশে জন্ম গ্রহণ করিয়া যাঁহার বিষয় বলিয়াছেন, সেই ইনি ধর্ম্মতত্ত্ববিদ্‌গণের ধর্ম্ম, জগদীশ্বর, সর্বাভীষ্টদাতা, কর্ত্তা, কার্য্য, আদিদেব, আত্মা ও সর্ব্বাধিক প্রভাবশালী। ইনি সৃষ্টির প্রথমেই ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের কল্পনা করিয়া রাখিয়াছিলেন ॥৪০—৪১॥

তাহার পর জনার্দ্দন গোবিন্দ—দুইটী সন্ধ্যা, সকল দিক্, আকাশ, দিন ও রাত্রিপ্রভৃতির নিয়ম, মরীচিপ্রভৃতি ঋষি এবং তপস্যা সৃষ্টি করিয়াছিলেন ॥৪২॥

আর, সেই জগৎস্রষ্টা নারায়ণই স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, সমুদ্রবেষ্টিত দ্বারকানগরী এবং যুগে যুগে বার বার নিজের মানুষাবতার সৃষ্টি করিয়া থাকেন' ॥৪৩॥

(৪২—৪২) শ্লোকৌ বা ব রা নি ন বিদ্যেতে। (৪৩) স এব সর্বম্···সৃজতে বাসুদেবঃ—রা নি। * 'ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

দুর্য্যোধন উবাচ।

বাসুদেবো মহদ্ভূতং সর্ব্বলোকেষু কথ্যতে।
তস্যাগমং প্রতিষ্ঠাঞ্চ জ্ঞাতুমিচ্ছে পিতামহ! ॥১॥

ভীষ্ম উবাচ।

বাসুদেবো মহদ্ভূতং সর্বদৈবতদৈবতম্।
ন পরং পুণ্ডরীকাক্ষাদদৃশ্যতে ভরতর্ষভ! ॥২॥
মার্কণ্ডেয়শ্চ গোবিন্দে কথয়ত্যদ্ভুতং মহৎ।
সর্বভূতানি ভূতাত্মা মহাত্মা পুরুষোত্তমঃ ॥৩॥
আপো বায়ুশ্চ তেজশ্চ ত্রয়মেতদকল্পয়ৎ।
স সৃষ্ট্বা পৃথিবীং দেবীং সর্বলোকেশ্বরঃ প্রভুঃ ॥৪॥

ভারতকৌমুদী

বাস্বিতি। মহদ্ভূতং সর্ব্বশ্রেষ্ঠঃ প্রাণী। আগমমুৎপত্তিম্, প্রতিষ্ঠাং প্রভাবঞ্চ ॥১॥

বাস্বিতি। সর্ব্বেষাং দৈবতানামপি দৈবতং দেবঃ। পরং শ্রেষ্ঠং বস্তু ॥২॥

মার্কেতি। সর্ব্বভূতানি, "ব্রহ্মৈবেদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ; ভূতানাং প্রাণিনামাত্মা জীবঃ, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুতেঃ; মহান্ ব্যাপী চাসৌ আত্মা চেতি মহাত্মা, "ঈশা বাস্যমিদং সর্বম্" ইতি শ্রুতেঃ, অতএব পুরুষেষু ব্যষ্টিরূপেষু উত্তমঃ ॥৩॥

দুর্য্যোধন বলিলেন—'পিতামহ! বাসুদেবকে সমগ্র জগতে সর্ব্বশ্রেষ্ঠ প্রাণী বলিয়া থাকে। সুতরাং আমি তাঁহার উৎপত্তি ও প্রভাব জানিতে ইচ্ছা করি' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! বাসুদেব সর্ব্বশ্রেষ্ঠ প্রাণী এবং সমস্ত দেবতারও দেবতা, আর তাঁহা হইতে শ্রেষ্ঠ বস্তু জগতে দেখা যায় না' ॥২॥

মহর্ষি মার্কণ্ডেয় সেই বাসুদেবসম্বন্ধে অত্যাশ্চর্য্য কথা বলিয়া থাকেন—তিনি জগতের সমস্ত প্রাণী ও তাহাদের জীবাত্মা, আবার, তিনিই পরমাত্মা ও পুরুষোত্তম ॥৩॥

সেই সর্ব্বলোকেশ্বর প্রভু প্রথমে পৃথিবী সৃষ্টি করিয়া, পরে জল, বায়ু ও তেজ এই তিনটা সৃষ্টি করিয়াছিলেন ॥৪॥

(১)···মহাভূতঃ···পি বা। (২)···মহাভূতঃ···পি বা। (৩)···সর্বভূতাদি ভূতাত্মা···নি, ···ভূতাত্মা সর্বাত্মা পুরুষোঽব্যয়ঃ—পি।

অপ্সু বৈ শয়নং চক্রে মহাত্মা পুরুষোত্তমঃ।
সর্ব্বদেবময়ো দেবঃ শয়ানঃ শয়নে সুখম্ ॥৫॥
মুখতঃ সোঽগ্নিমসৃজৎ প্রাণাদ্বায়ুমথাপি চ।
সরস্বতীঞ্চ বেদাংশ্চ মনসঃ সসৃজেঽচ্যুতঃ ॥৬॥
এষ লোকান্ সসর্জ্জাদৌ দেবাংশ্চর্ষিগণৈঃ সহ।
নিধানঞ্চৈব মৃত্যুঞ্চ প্রজানাং প্রভবোঽব্যয়ঃ ॥৭॥
এষ ধর্ম্মশ্চ ধর্ম্মজ্ঞো বরদঃ সর্ব্বকামদঃ।
এষ কর্ত্তা চ কার্য্যঞ্চ পূর্ব্বদেবঃ স্বয়ং প্রভুঃ ॥৮॥
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ সর্বমেতদকল্পয়ৎ।
উভে সন্ধ্যে দিশঃ খঞ্চ নিয়মঞ্চ জনার্দ্দনঃ ॥৯॥

ভারতকৌমুদী

আপ ইতি। আপো জলম্, "ঋতঞ্চ সত্যঞ্চাভিধ্যাৎ" ইত্যাদিশ্রুতেঃ। অত্র শাস্ত্রান্তর-বিরোধঃ কল্পভেদে সৃষ্টিক্রমভেদাঙ্গীকারাৎ সমাধেয়ঃ ॥৪॥

অপ্সিতি। অপ্সু সমুদ্রজলে, শয়নং নিদ্রাম্। শয়ানঃ পাতিতদেহঃ, শয়নে শয্যায়াম্ ॥৫॥

মুখত ইতি। সরস্বতীং বেদেতরাম্, বেদাংশ্চ সসৃজে আবির্ভাবয়ামাস তেষাং নিত্যত্বাৎ ॥৬॥

এষ ইতি। নিধানং স্থিতিম্। প্রজানাং জনানাম্, প্রভবত্যস্মাদিতি প্রভবঃ ॥৭॥

এষ ইতি। প্রকরণভেদাৎ পূর্বাভ্যাং সহানয়োরপৌনরুক্ত্যম্ ॥৮॥

ভূতমিতি। ভব্যং ভবৎ বর্ত্তমানমিত্যর্থঃ ॥৯॥

পরে সেই মহাত্মা, পুরুষোত্তম ও সর্ব্বদেবময় বাসুদেব সমুদ্রজলশয্যায় শয়ন করিয়া সুখে নিদ্রা গিয়াছিলেন ॥৫॥

ক্রমে তিনি মুখ হইতে অগ্নি, প্রাণ হইতে বায়ু এবং মন হইতে বাণী ও চারি বেদ সৃষ্টি করিয়াছিলেন ॥৬॥

জগতের সৃষ্টিকর্ত্তা ও অবিনশ্বর এই নারায়ণ প্রথমে ত্রিভুবন ও ঋষিগণের সহিত দেবগণকে সৃষ্টি করিয়াছিলেন; পরে প্রাণিগণের স্থিতি ও মৃত্যু সৃষ্টি করেন ॥৭॥

ইনি ধর্ম্ম, ধর্ম্মজ্ঞ, বরদাতা ও সর্বপ্রকার অভীষ্টদাতা এবং ইনি কর্ত্তা, কার্য্য, আদিদেব, স্বাধীন ও জগদীশ্বর ॥৮॥

দুইটী সন্ধ্যা, সকল দিক্, আকাশ, দিন ও রাত্রিপ্রভৃতির নিয়ম, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই সমস্তই এই নারায়ণ সৃষ্টি করিয়াছেন ॥৯॥

(৫)…সর্ব্বতেজোময়ো দেবো যোগাৎ সুষ্বাপ যত্র হ—পি বা। (৭)…দেবাংশ্চ ঋষিভিঃ সহ!…রা,…নিধনঞ্চৈব মৃত্যুঞ্চ…রা,…অমৃতঞ্চৈব মৃত্যুঞ্চ…নি। (৮) অস্মিন্নধ্যায়ে পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

ঋষীংশ্চৈব হি গোবিন্দস্তপশ্চৈবাভ্যকল্পয়ৎ।
স্রষ্টারং জগতশ্চাপি মহাত্মা প্রভুরব্যয়ঃ ॥১০॥
অগ্রজং সর্বভূতানাং সঙ্কর্ষণমকল্পয়ৎ।
শেষঞ্চাকল্পয়দ্দেবমনন্তমিতি যং বিদুঃ ॥১১॥
যো ধারয়তি ভূতানি ধরাঞ্চেমাং সপর্বতাম্।
ধ্যানযোগেন বিপ্রাশ্চ তং বিদন্তি মহৌজসম্ ॥১২॥
কর্ণস্রোতোভবঞ্চাপি মধুং নাম মহাসুরম্।
তমুগ্রমুগ্রকর্ম্মাণমুগ্রাং বুদ্ধিং সমাস্থিতম্ ॥১৩॥
হরন্তং ব্রহ্মণো বেদান্ জঘান ব্রহ্মণঃ পিতা।
ব্রহ্মণোঽপচিতিং কুর্বন্ মহাত্মা পুরুষোত্তমঃ ॥১৪॥ (যুগ্মকম্)
তস্য তাত! বধাদেব দেবদানবমানবাঃ।
মধুসূদনমিত্যাহুর্ঋষয়শ্চ জনার্দ্দনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

ঋষীনিতি। স্রষ্টারং ব্রহ্মাণম্। অব্যয়ঃ অবিনশ্বরঃ ॥১০॥

অথ স্রষ্টারং কদাকল্পয়দিত্যাহ অগ্রজমিতি। সঙ্কর্ষণং ব্রহ্মাণমেব ॥১১॥

য ইতি। ভূতানি প্রাণিনঃ। মহৌজসং চিদাত্মানম্ ॥১২॥

কর্ণেতি। ভগবত এব কর্ণাৎ স্রবতি নিঃসরতীতি কর্ণস্রোতঃ কর্ণমলং তস্মাদ্ভবতীতি কর্ণস্রোতোভবম্। উগ্রং ভয়ঙ্করমূর্ত্তিম্। সমাস্থিতং সমাশ্রিতম্। ব্রহ্মণঃ সকাশাৎ। অপচিতিং সম্মানম্, "পূজা নমস্যাপচিতিঃ সপর্য্যার্চ্চার্হণাঃ সমাঃ" ইত্যমরঃ ॥১৩—১৪॥

মহাত্মা, জগদীশ্বর ও অবিনশ্বর এই নারায়ণ তপস্যা, ঋষিগণকে এবং জগতের সৃষ্টিকর্ত্তাকেও সৃষ্টি করিয়াছেন ॥১০॥

ইনি সমস্ত-প্রাণি-সৃষ্টির প্রথমে সৃষ্টিকর্ত্তা ব্রহ্মাকে সৃষ্টি করিয়াছিলেন এবং শেষনাগকেও ইনিই সৃষ্টি করিয়াছিলেন; লোক যাঁহাকে অনন্তদেব বলিয়া জানে ॥১১॥

যিনি প্রাণিগণকে এবং পর্বতসমূহের সহিত এই পৃথিবীটাকে ধারণ করিয়া রহিয়াছেন, ব্রাহ্মণেরা ধ্যানযোগে তাঁহাকে চিৎস্বরূপ বলিয়া জানেন ॥১২॥

এই নারায়ণেরই কর্ণমল হইতে উৎপন্ন, ভয়ঙ্করমূর্ত্তি, ভয়ঙ্করকার্য্যকারী ও ভয়ঙ্করবুদ্ধি 'মধু-'নামক মহাসুর যখন ব্রহ্মার নিকট হইতে বেদ হরণ করিবার উপক্রম করিয়াছিল, তখন ব্রহ্মার পিতা ও মহাত্মা এই নারায়ণই ব্রহ্মার সম্মান রাখিবার জন্য তাহাকে বধ করিয়াছিলেন ॥১৩—১৪॥

(১৪) পূর্বার্দ্ধং পি বা ব রা নাস্তি।

বরাহশ্চৈব সিংহশ্চ ত্রিবিক্রমগতিঃ প্রভুঃ।
এষ মাতা পিতা চৈব সর্বেষাং প্রাণিনাং হরিঃ ॥১৬॥
পরং হি পুণ্ডরীকাক্ষান্ন ভূতং ন ভবিষ্যতি।
মুখতঃ সোঽসৃজদ্বিপ্রান্ বাহুভ্যাং ক্ষত্রিয়াংস্তথা ॥১৭॥
বৈশ্যাংশ্চাপ্যূরুতো রাজন্! শূদ্রান্ পদ্ভ্যাং তথৈব চ।
তর্পণা নিয়তো দেবো নিধানং সর্বদেহিনাম্ ॥১৮॥ (যুগ্মকম্)
ব্রহ্মভূতমমাবাস্যাং পৌর্ণমাস্যাং তথৈব চ।
যোগভূতং পরিচরন্ কেশবং মহদাপ্নুয়াৎ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। মধুং সূদয়তি হন্তীতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ ॥১৫॥

বরাহ ইতি। সিংহো নৃসিংহঃ, ত্রিবিক্রমগতির্বামনঃ ॥১৬॥

পরমিতি। পরমুৎকৃষ্টং বস্তু। ন ভূতং ন ভবিষ্যতীতি সন্দংশপাতান্ন ভক্ত্যর্থিনা "ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। উরূ যদস্য তদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত" ইতি শ্রুতেঃ। তপসা অসৃজদিতি সম্বন্ধঃ, নিয়তঃ সকলমঙ্গলবিধানে ব্যাপৃতঃ, নিধানমাশ্রয়ঃ, "তস্মিন্নেতাঃ শ্রিতাঃ সর্বে তদু নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ ॥১৭—১৮॥

ব্রহ্মেতি। মানুষঃ, অমাবাস্যাং প্রাপ্য, তথৈব পৌর্ণমাস্যাঞ্চ, ব্রহ্মভূতং পরমাত্মস্বরূপম্, যোগভূতং সকলপুরুষার্থলাভোপায়স্বরূপঞ্চ, কেশবম্, পরিচরন্ তৎপূজনার্থং অভিগ্রহাদি-শুশ্রূষাং কুর্বন্, মহৎ ফলম্, আপ্নুয়াৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

বাসুদেব ইতি ॥১—৬॥ নিধনং মরণম্, মৃত্যুং মরণপ্রয়োজনম্, প্রভব উৎপত্তিহেতুঃ, অপ্যয়ঃ প্রলয়হেতুঃ ॥৭—১২॥ কর্ণাং শ্রবতীতি কর্ণমলম্ ॥১৩॥ ব্রহ্মণঃ সকাশাদপচিত্তিঃ সৎকারং কর্তুং প্রাপ্তুম্, যান্তমিতি পাঠে ব্রহ্মণঃ অপচিতিং ক্ষয়ং কর্তুমিতি শেষঃ। যান্তঃ ধাবন্তম্ ॥১৪—২৪॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬॥

বৎস! নারায়ণ সেই মধুকে বধ করিয়াছিলেন বলিয়াই দেবগণ, ঋষিগণ, দানবগণ ও মানবগণ তাঁহাকে 'মধুসূদন' বলেন ॥১৫॥

জগতের অধীশ্বর এবং সমস্ত প্রাণীর পিতা ও মাতা স্বরূপ এই নারায়ণই বরাহ, নৃসিংহ ও বামন হইয়াছিলেন ॥১৬॥

রাজা! নারায়ণ হইতে শ্রেষ্ঠ বস্তু হয় নাই, বর্ত্তমানে নাই, ভবিষ্যতেও হইবে না। জগতের মঙ্গলবিধানে ব্যাপৃত এই নারায়ণই তপস্যা করিয়া মুখ হইতে ব্রাহ্মণ, বাহুযুগল হইতে ক্ষত্রিয়, উরুযুগল হইতে বৈশ্য এবং চরণযুগল হইতে শূদ্রজাতিকে সৃষ্টি করিয়াছিলেন এবং ইনিই সমস্ত প্রাণীর আধার ॥১৭—১৮॥

কৈশবঃ পরমং তেজঃ সর্বভূতজগৎপতিঃ।
এবমাহুর্হৃষীকেশং মুনয়ো বৈ নরাধিপ! ॥২০॥
এবমেতং বিজানীয়াদাচার্য্যং পিতরং গুরুম্।
কৃষ্ণো যস্য প্রসীদেত লোকাস্তেনাক্ষয়া জিতাঃ ॥২১॥
যশ্চৈবৈনং ভয়স্থানে কেশবং শরণং ব্রজেৎ।
সদা নরঃ পঠংশ্চেদং স্বস্তিমান্ স সুখী ভবেৎ ॥২২॥
যে চ কৃষ্ণং প্রপদ্যন্তে ন তে মুহ্যন্তি মানবাঃ।
ভয়ে মহতি মগ্নাংশ্চ পাতি নিত্যং জনার্দ্দনঃ ॥২৩॥
এবং যুধিষ্ঠিরো জ্ঞাত্বা যাথাতথ্যেন ভারত!।
সর্বাত্মনা মহাত্মানং কেশবং জগদীশ্বরম্।
প্রপন্নঃ শরণং রাজন্! যোগানামীশ্বরং প্রভুম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে বিশ্বোপাখ্যানে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কেশব ইতি। তেজো ব্রহ্ম, অতএব সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাং জগতাঞ্চ পতিঃ ॥২০॥
এবমিতি। এবংশব্দঃ সমুচ্চয়ে। লোকাঃ স্বর্গাঃ ॥২১॥
য ইতি। ইতি তন্মাহাত্ম্যম্, স্বস্তিমান্ শুভবান্ ॥২২॥
য ইতি। প্রপদ্যন্তে শরণং ব্রজন্তি। পাতি রক্ষতি ॥২৩॥

মানুষ অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে সকল পুরুষার্থলাভের উপায়স্বরূপ এবং পরমাত্মস্বরূপ এই নারায়ণের সেবা করিয়া গুরুতর ফল লাভ করে ॥১৯॥

নরনাথ! মুনিরা এইরূপ বলিয়া থাকেন যে, নারায়ণই পর ব্রহ্ম এবং তিনিই সমস্ত প্রাণীর ও সমগ্র জগতের অধীশ্বর ॥২০॥

আর, মানুষ নারায়ণকে আচার্য্য, পিতা ও গুরু বলিয়া জানিবে। দেখ, নারায়ণ যাহার প্রতি প্রসন্ন হন, সে লোক অক্ষয় স্বর্গ লাভ করে ॥২১॥

ভয় উপস্থিত হইলে যে লোক নারায়ণের শরণাপন্ন হয় কিংবা সর্ব্বদা এই মাহাত্ম্য পাঠ করে, সে লোক কুশলী ও সুখী হয় ॥২২॥

এবং যাহারা নারায়ণের শরণাপন্ন হয়, তাহারা কখনও মোহে পতিত হয় না, আর তাহারা মহাভয়ে মগ্ন হইলেও, নারায়ণই তাহাদিগকে সর্বদা রক্ষা করেন ॥২৩॥

* '...সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

স্তবং বৈ ব্রহ্মসংযুক্তং শৃণু কৃষ্ণস্য ভারত।।
ব্রহ্মর্ষিভিশ্চ দেবৈশ্চ যঃ পুরা কথিতো ভুবি ॥১॥
সাধ্যানামপি দেবানাং দেবদেবেশ্বরঃ প্রভুঃ।
লোকভাবনভাবজ্ঞ ইতি ত্বাং নারদোঽব্রবীৎ ॥২॥
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ মার্কণ্ডেয়োঽভ্যুবাচ হ।
যজ্ঞং ত্বাঞ্চৈব যজ্ঞানাং তপশ্চ তপসামপি ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। ঈশ্বরং নিয়ন্তারম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

স্তবমিতি। ব্রহ্মসংযুক্তং তত্ত্বার্থসম্পন্নম্, "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ ॥১॥
সাধ্যানামিতি। ভাব্যতে অনেনেতি ভাবনং চিত্তং তস্য ভাবং জানাতীতি সঃ ॥২॥
ভূতমিতি। যজ্ঞানাং যাজ্ঞিকানাম্, তপসাং তপস্বিনাম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

শৃণ্বিতি। ইদমিতি সামান্যে নপুংসকম্ ॥১—২০॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৭॥

ভরতনন্দন রাজা! যুধিষ্ঠির যথার্থভাবে এইরূপ জানিয়া সর্বপ্রযত্নে মহাত্মা, জগদীশ্বর, যোগনিয়ন্তা ও মহাপ্রভাবশালী নারায়ণের শরণাপন্ন হইয়াছেন' ॥২৪॥

:::

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! পূর্বকালে দেবতারা ও ব্রহ্মর্ষিরা যে স্তবটী পৃথিবীতে বলিয়াছিলেন, তুমি কৃষ্ণের সেই তত্ত্বার্থসংযুক্ত স্তবটী শ্রবণ কর ॥১॥

নারায়ণ! আপনি দেবগণ এবং সাধ্যগণেরও প্রভু, দেবদেব ব্রহ্মা এবং শিবেরও অধীশ্বর, আর আপনি লোকের মনের ভাব জানেন; ইহা নারদ বলিয়াছেন ॥২॥

(১) 'শৃণু চেদং মহারাজ! ব্রহ্মভূতং স্তবং মম' ইতি পূর্বার্দ্ধপাঠঃ পি বা ব রা। (২)··· যজ্ঞং ত্বাঞ্চৈব দেবানাম্···বা।

দেবানামপি দেবঞ্চ ত্বামাহ ভগবান্ ভৃগুঃ।
পুরাণঞ্চৈব পরমং বিষ্ণো রূপং তবেতি চ ॥৪॥
বাসুদেবো বসূনাং ত্বং শক্রং স্থাপয়িতা তথা।
দেবদেবোঽসি দেবানামিতি দ্বৈপায়নোঽব্রবীৎ ॥৫॥
পূর্বং প্রজানিসর্গে চ দক্ষমাহুঃ প্রজাপতিম্।
স্রষ্টারং সর্বভূতানামঙ্গিরাস্ত্বাং তথাব্রবীৎ ॥৬॥
অব্যক্তং তে শরীরস্থং ব্যক্তং তে মনসি স্থিতম্।
দেবাস্ত্বৎসম্ভবাশ্চৈব দেবলস্ত্বসিতোঽব্রবীৎ ॥৭॥
শিরসা তে দিবং ব্যাপ্তং বাহুভ্যাং পৃথিবী তথা।
জঠরং তে ত্রয়ো লোকাঃ পুরুষোঽসি সনাতনঃ ॥৮॥

ভারতকৌমুদী

দেবানামিতি। বিষ্ণোর্বিশ্বব্যাপকস্য তব রূপম্, পুরাণমাদিমং পরমঞ্চ ॥৪॥
বাস্বিতি। স্থাপয়িতা দেবরাজ্যে। তৃন্প্রত্যয়ান্ততয়া কর্ম্মণি ন ষষ্ঠী ॥৫॥
পূর্ব্বমিতি। প্রজানিসর্গে লোকসৃষ্টৌ, আহুঃ ঋষয় এব ॥৬॥
অব্যক্তমিতি। অব্যক্তং প্রধানম্, ব্যক্তং মহত্তত্ত্বাদি স্থিতং জগদাধারত্বাৎ ॥৭॥
শিরসেতি। দিবং স্বর্গঃ। বিরাড়্রূপত্বে পূর্ব্বার্দ্ধম্, অনন্তরূপত্বে তৃতীয়পাদঃ ॥৮॥

মার্কণ্ডেয় বলিয়াছেন—আপনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এবং আপনি যাজ্ঞিকগণের যজ্ঞ ও তপস্বিগণের তপস্যা ॥৩॥

ভগবান্ ভৃগু বলেন—আপনি দেবগণেরও দেবতা এবং বিষ্ণুরূপী আপনার রূপটী আদিম ও সুন্দর ॥৪॥

দ্বৈপায়ন বলিয়াছেন—আপনি বসুগণের বাসুদেব, ইন্দ্রকে স্বর্গরাজ্যে স্থাপন করেন এবং দেবগণের দেবদেব ॥৫॥

অনেক ঋষি বলেন—প্রথম প্রজাসৃষ্টিবিষয়ে আপনি দক্ষপ্রজাপতি; আর অঙ্গিরা বলেন—আপনি সর্বভূতের সৃষ্টিকর্ত্তা ॥৬॥

অসিতদেবল বলিয়াছেন—প্রকৃতি আপনার শরীরে রহিয়াছেন, মহত্তত্ত্বপ্রভৃতি আপনার মনে রহিয়াছে এবং দেবতারা আপনা হইতে উৎপন্ন হইয়াছেন ॥৭॥

নারায়ণ! বিরাট্‌রূপে আপনার মস্তক স্বর্গলোককে এবং বাহুযুগল পৃথিবীকে ব্যাপ্ত করিয়া রহিয়াছে, আর অনন্তরূপে আপনার উদরই ত্রিভুবন। সুতরাং আপনি সনাতন পুরুষই বটেন ॥৮॥

(৭)…বেদবাক্যং ভবাংশ্চেতি দেবলঃ…পি। (৮)…দিবং প্রাপ্তম্…পৃথিবী ধৃতা…পি।

এবং ত্বামভিজানন্তি তপসা ভাবিতা নরাঃ।
আত্মদর্শনতৃপ্তানামৃষীণাঞ্চাসি সত্তমঃ ॥৯॥
রাজর্ষীণামুদারাণামাহবেষ্বনিবর্ত্তিনাম্।
সর্ব্বধর্ম্মপ্রধানানাং ত্বং গতির্মধুসূদন! ॥১০॥
ইতি নিত্যং যোগবিদ্ভির্ভগবান্ পুরুষোত্তমঃ।
সনৎকুমারপ্রমুখৈঃ স্তূয়তেঽভ্যর্চ্যতে হরিঃ ॥১১॥
এষ তে বিস্তরস্তাত! সংক্ষেপশ্চ প্রকীর্ত্তিতঃ।
কেশবস্য যথাতত্ত্বং সুপ্রীতো ভজ কেশবম্ ॥১২॥

সঞ্জয় উবাচ।

পুণ্যং শ্রুত্বৈতদাখ্যানং মহারাজ! সুতস্তব।
কেশবং বহু মেনে স পাণ্ডবাংশ্চ মহারথান্ ॥১৩॥

ভারতকৌমুদী

এবমিতি। ভাবিতা জ্ঞানিত্বং নীতাঃ। ঋষীণাং সত্তমশ্চাসি নারায়ণরূপে ॥৯॥
রাজর্ষীণামিতি। উদারাণাং তত্ত্বজ্ঞতয়া মহতাম্, আহবেষু যুদ্ধেষু ॥১০॥
ইতীতি। ইতি ইত্থম্। নিত্যং স্তূয়তে অভ্যর্চ্যতে চেতি সম্বন্ধঃ ॥১১॥
এষ ইতি। বিস্তরো মাহাত্ম্যে, সংক্ষেপশ্চ স্তবে ॥১২॥
পুণ্যমিতি। বহু মেনে আদ্রিয়তে স্ম পরমপুরুষত্বাৎ পাণ্ডবাংশ্চ তদ্ভক্তত্বাৎ ॥১৩॥

তপস্যার গুণে তত্ত্বজ্ঞানপ্রাপ্ত লোকেরা আপনাকে এইরূপই জানেন; আর আপনি আত্মদর্শনসন্তুষ্ট ঋষিদের মধ্যে প্রধান ॥৯॥

এবং মধুসূদন! উদারচরিত্র, যুদ্ধে অনিবর্ত্তী ও সর্ব্বধর্ম্মজ্ঞপ্রধান রাজর্ষিদের একমাত্র আপনিই গতি ॥১০॥

সনৎকুমারপ্রভৃতি যোগীরা এইভাবে সর্ব্বদা ভগবান্ পুরুষোত্তম নারায়ণের স্তব ও পূজা করিয়া থাকেন ॥১১॥

বৎস! নারায়ণের তত্ত্ব অনুসারে এই তোমার নিকট বিস্তৃতভাবে তাঁহার মাহাত্ম্য এবং সংক্ষিপ্তভাবে তাঁহার স্তব বলিলাম। এখন তুমি বিশেষ প্রীতিযুক্ত হইয়া নারায়ণের সেবা কর' ॥১২॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পুত্র (দুর্য্যোধন) এই পবিত্র উপাখ্যান শুনিয়া কৃষ্ণকে এবং মহারথ পাণ্ডবগণকে মনে মনে বিশেষ আদর করিলেন ॥১৩॥

(১২)· সংক্ষেপাচ্চাপি কীর্ত্তিতঃ···সুপ্রীতো ভব কেশবে—পি বা।

তমব্রবীন্মহারাজ! ভীষ্মঃ শান্তনবঃ পুনঃ।
মাহাত্ম্যং তে শ্রুতং রাজন্! কেশবস্য মহাত্মনঃ ॥১৪॥
নরস্য চ যথাতত্ত্বং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
যদর্থং নৃষু সম্ভূতৌ নরনারায়ণাবুভৌ ॥১৫॥
অবধ্যৌ চ যথা বীরৌ সংযুগেষ্বপরাজিতৌ।
যথা চ পাণ্ডবা রাজন্! ন বধ্যা যুধি কস্যচিৎ ॥১৬॥ (যুগ্মকম্)
প্রীতিমান্ হি দৃঢ়ং কৃষ্ণঃ পাণ্ডবেষু যশস্বিষু।
তস্মাদ্ব্রবীমি রাজেন্দ্র! শমো ভবতু পাণ্ডবৈঃ ॥১৭॥
পৃথিবীং ভুঙ্ক্ষ্ব সহিতো ভ্রাতৃভির্বলিভির্বশী।
নরনারায়ণৌ দেবাববজ্ঞায় নশিষ্যসি ॥১৮॥

ভারতকৌমুদী

তমিতি। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্। তে ত্বয়া শ্রুতমিতি কাকুঃ ॥১৪॥
নরস্যেতি। যথাতত্ত্বং নরস্য নরর্ষেরবতাররূপস্যার্জ্জুনস্য মাহাত্ম্যং তে শ্রুতমিত্যনুবৃত্তিঃ। সংযুগেষু যুদ্ধেষু, এতৎ সর্ব্বঞ্চ ত্বয়া শ্রুতমিতি শেষঃ ॥১৫—১৬॥
প্রীতিমানিতি। পাণ্ডবৈঃ সহ শমস্তব সন্ধিনিবন্ধনা শান্তিঃ ॥১৭॥
পৃথিবীমিতি। বশী স্বাধীনঃ। নশিষ্যসি নাশং প্রাপ্স্যসি ॥১৮॥

মহারাজ! তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় দুর্য্যোধনকে বলিলেন—'রাজা! তুমি মহাত্মা কৃষ্ণের মাহাত্ম্য শুনিলে ত? ॥১৪॥

এবং রাজা! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, সেই নরাবতার অর্জ্জুনেরও যথাযথ মাহাত্ম্য শ্রবণ করিলে ত? আর নর ও নারায়ণ ঋষি যে জন্য মনুষ্যমধ্যে জন্ম গ্রহণ করিয়াছেন, যাহাতে সেই মহাবীরেরা দুই জন যুদ্ধে অপরাজিত ও অবধ্য এবং যাহাতে পাণ্ডবেরাও যুদ্ধে কাহারও বধ্য নহে, সে সমস্ত বিষয় তুমি শুনিলে ত? ॥১৫—১৬॥

সেই কৃষ্ণ, যশস্বী পাণ্ডবগণের উপরে অত্যন্ত সন্তুষ্ট আছেন। অতএব রাজশ্রেষ্ঠ! আমি (আবারও) বলি—পাণ্ডবগণের সহিত তোমার সন্ধি হউক ॥১৭॥

তুমি বলবান্ ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া পৃথিবী ভোগ কর; আর নর-নারায়ণ দেব দুই জনকে অবজ্ঞা করিলে নষ্ট হইবে' ॥১৮॥

(১৫)…যন্মাং ত্বং পৃচ্ছসে নৃপ!…নরনারায়ণাবৃষী—রা নি। তাং রাত্রিং স নরর্ষভঃ—পি বা।

এবমুক্ত্বা তব পিতা তূষ্ণীমাসীদ্বিশাংপতে ! ।
ব্যসর্জ্জয়চ্চ রাজানং শয়নঞ্চ বিবেশ হ ॥১৯॥
রাজা চ শিবিরং প্রায়াৎ প্রণিপত্য মহাত্মনে ।
শিশ্যে চ শয়নে শুভ্রে রাত্রিং তাং ভরতর্ষভ ! ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে বিশ্বোপাখ্যানে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ।

—:*:—

সঞ্জয় উবাচ ।

ব্যুষিতায়াঞ্চ শর্ব্বর্য্যামুদিতে চ দিবাকরে ।
উভে সেনে মহারাজ ! যুদ্ধায়ৈব সমীয়তুঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি । তব পিতা জ্যেষ্ঠতাতো ভীষ্মঃ, তূষ্ণীং নীরবঃ । শয়নং শয়নগৃহম্ ॥১৯॥
রাজেতি । রাজা দুর্য্যোধনশ্চ । মহাত্মনে কৃষ্ণায় । শয়নে শয্যায়াম্ ॥২০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:-*-:—

ব্যুষিতায়ামিতি । ব্যুষিতায়াং প্রভাতায়াম্ । যুদ্ধায়ৈব সমীয়তুঃ জগ্মতুঃ, ন পুনর্ভীষ্মোপদেশেনাপি দুর্য্যোধনঃ সন্ধিসম্পাদনায় যততে স্ম জয়দুরাশানোদিতত্বাদিতি ভাবঃ ॥১॥

নরনাথ ! আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম এইরূপ বলিয়া নীরব হইলেন, দুর্য্যোধনকে বিদায় দিলেন এবং শয়নগৃহে যাইয়া প্রবেশ করিলেন ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ ! ক্রমে রাজা দুর্য্যোধনও মহাত্মা কৃষ্ণের উদ্দেশে প্রণিপাত করিয়া আপন শিবিরে গমন করিলেন এবং শুভ্রবর্ণ শয্যায় শয়ন করিয়া সেই রাত্রি অতিবাহিত করিলেন' ॥২০॥

—:*:—

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! রাত্রি প্রভাত হইলে এবং সূর্য্য উদয় পাইলে, উভয় পক্ষের সেনা যুদ্ধের জন্যই গমন করিতে লাগিল ॥১॥

*'অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি ।

অভ্যধাবংশ্চ সংক্রুদ্ধাঃ পরস্পরজিগীষবঃ।
তে সর্বে সহিতা যুদ্ধে সমালোক্য পরস্পরম্ ॥২॥
পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ রাজন্! দুর্মন্ত্রিতে তব।
ব্যূহৌ চ ব্যূহ্য সংরব্ধাঃ সম্প্রহৃষ্টাঃ প্রহারিণঃ ॥৩॥ (যুগ্মকম্)
অরক্ষন্মকরব্যূহং ভীষ্মো রাজন্! সমন্ততঃ।
তথৈব পাণ্ডবা রাজন্নরক্ষন্ ব্যূহমাত্মনঃ ॥৪॥
অজাতশত্রুঃ শত্রূণাং মনাংসি সমকম্পয়ৎ।
শ্যেনবদ্ব্যূহ্য তং ব্যূহং ধৌম্যস্য বচনাৎ স্বয়ম্ ॥৫॥
স হি তস্য সুবিজ্ঞাতঃ অগ্নিচিত্যেষু ভারত!।
মকরস্তু মহাব্যূহস্তব পুত্রস্য ধীমতঃ ॥৬॥
স্বয়ং সর্বেণ সৈন্যেন দ্রোণেনানুমতস্তদা।
যথাব্যূহং শান্তনবঃ সোঽস্যবর্ত্তত তৎপুনঃ ॥৭॥

ভারতকৌমুদী

অভীতি। সহিতা মিলিতাঃ। ব্যূহ্য রচয়িত্বা। প্রহারিণো যোদ্ধারঃ ॥২—৩॥
অরক্ষন্নিতি। আত্মনঃ পক্ষস্য, ব্যূহং শ্যেননামানম্ ॥৪॥
অজাতেতি। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ। ধৌম্যস্য তদাখ্যস্য পুরোহিতস্য ॥৫॥
অথ তেন কথং ব্যূহো বিদিত ইত্যাহ স ইতি। অগ্নিচিত্যেষু যাগেষু যাজ্ঞিকৈর্ভ্যঃ ॥৬॥

রাজা! পাণ্ডব ও ধার্ত্তরাষ্ট্র এই উভয়পক্ষীয় সেই যোদ্ধারা সকলে সমরাঙ্গনে মিলিত হইয়া, পরস্পর দর্শন করিয়া, পরস্পরজিগীষু, উৎসাহী, আনন্দিত ও ক্রুদ্ধ হইয়া, দুই প্রকার দুইটা ব্যূহ রচনা করিয়া, আপনার কুমন্ত্রণাবশতই পরস্পর অভিমুখে ধাবিত হইল ॥২—৩॥

রাজা! ভীষ্ম সকল দিকেই স্বকীয় মকরব্যূহ রক্ষা করিতে লাগিলেন, পাণ্ডবেরাও সেইরূপই আপন পক্ষের শ্যেনব্যূহ রক্ষা করিতে থাকিলেন ॥৪॥

যুধিষ্ঠির নিজে ধৌম্যের বচন অনুসারে শ্যেনব্যূহ রচনা করিয়া শত্রুগণের হৃদয় কম্পিত করিয়া তুলিলেন ॥৫॥

ভরতনন্দন! ধৌম্যপুরোহিত যজ্ঞ করিবার সময়ে যাজ্ঞিকদের নিকট সেই ব্যূহের বিষয় জানিয়াছিলেন; আর আপনার পুত্র ধীমান্ দুর্য্যোধনের পক্ষে মকরনামে মহাব্যূহ রচিত হইল ॥৬॥

(২) অভ্যধাবন্ত···রা নি। (৩) ব্যূহ্য সংরব্ধাঃ সম্প্রহৃষ্টাঃ পরস্পরম্—পি বা। (৫) (৬) (৭) শ্লোকাঃ পি বা ব রা ন সন্তি।

ল নির্যযৌ মহারাজ ! পিতা দেবব্রতস্তব।
মহতা রথবংশেন সংবৃতো রথিনাং বরঃ ॥৮॥
ইতরে চান্বয়ুঃ সর্বে যথাস্থানমবস্থিতাঃ।
রথিনঃ পত্তয়শ্চৈব দন্তিনঃ সাদিনস্তথা ॥৯॥
তান্ দৃষ্ট্বা প্রোদ্যতান্ সংখ্যে পাণ্ডবাশ্চ যশস্বিনঃ।
শ্যেনব্যূহেন সংব্যূহ্য সমনহ্যন্ত সংযুগে ॥১০॥
অশোভত মুখে তস্য ভীমসেনো মহাবলঃ।
নেত্রে শিখণ্ডী দুর্দ্ধর্ষো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥১১॥
শীর্ষে তস্যাভবদ্বীরঃ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
বিধুন্বন্ গাণ্ডিবং পার্থো গ্রীবায়ামভবত্তদা ॥১২॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। সর্বেণ সৈন্যেন সহ। অন্বর্ত্তত অন্বগচ্ছৎ, তৎ ব্যূহসৈন্যম্ ॥৭॥
স ইতি। দেবো দেবারাধনমেব ব্রতং যস্য স ভীষ্মঃ। রথানাং বংশেন সমূহেন ॥৮॥
ইতর ইতি। অন্বয়ুর্ভীষ্মমন্বগচ্ছন্। পত্তয়ঃ পদাতয়ঃ, সাদিনঃ অশ্বারোহিণঃ ॥৯॥
তানিতি। সংখ্যে যুদ্ধে। সংব্যূহ্য সৈন্যান্, সমনহ্যন্ত সজ্জিতা অভবন্ ॥১০॥
অশোভতেতি। নেত্রে নেত্রযুগলস্থানে, অশোভেতাম্ ॥১১॥
শীর্ষ ইতি। বিধুন্বন্ সঞ্চালয়ন্, পার্থোঽর্জ্জুনঃ, গাণ্ডিবসাহচর্য্যাৎ ॥১২॥

তখন দ্রোণের অনুমতিক্রমে স্বয়ং ভীষ্ম স্বকীয় সমস্ত সৈন্যের সহিত সেই ব্যূহ অনুসারে তাহার অনুবর্ত্তন করিতে লাগিলেন ॥৭॥

মহারাজ ! আপনার জ্যেষ্ঠতাত রথিশ্রেষ্ঠ ভীষ্ম বিশাল রথসমূহে পরিবেষ্টিত হইয়া নির্গত হইলেন ॥৮॥

অন্য সকল রথী, পদাতি, হস্ত্যারোহী এবং অশ্বারোহীরাও ব্যূহের যথাস্থানে থাকিয়া ভীষ্মের অনুগমন করিতে লাগিল ॥৯॥

যশস্বী পাণ্ডবেরাও তাঁহাদিগকে যুদ্ধে উদ্যত দেখিয়া আপন সৈন্যগণকে শ্যেনব্যূহরূপে সন্নিবেশিত করিয়া যুদ্ধসজ্জায় সজ্জিত হইলেন ॥১০॥

মহাবল ভীমসেন সেই শ্যেনব্যূহের মুখস্থানে শোভা পাইতে লাগিলেন এবং দুর্দ্ধর্ষ শিখণ্ডী ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন তাহার নেত্রস্থানে রহিলেন ॥১১॥

বীর ও সত্যবিক্রম সাত্যকি তাহার মস্তকদেশে থাকিলেন এবং অর্জ্জুন গাণ্ডীবধনু লইয়া গ্রীবাস্থানে রহিলেন ॥১২॥

(১০) তান্ দৃষ্টাভ্যুদ্যতান্·· রা নি।

অক্ষৌহিণ্যা সমং তত্র বামপক্ষোঽভবত্তদা।
মহাত্মা দ্রুপদঃ শ্রীমান্ সহ পুত্রেণ সংযুগে ॥১৩॥
দক্ষিণশ্চাভবৎ পক্ষঃ কৈকেয়োঽক্ষৌহিণীপতিঃ।
পৃষ্ঠতো দ্রৌপদেয়াশ্চ সৌভদ্রশ্চাপি বীর্য্যবান্ ॥১৪॥
পৃষ্ঠে সমভবচ্ছ্রীমান্ স্বয়ং রাজা যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৃভ্যাং সহিতো বীরো যমাভ্যাং চারুবিক্রমঃ ॥১৫॥
প্রবিশ্য তু রণে ভীমো মকরং মুখতস্তদা।
ভীষ্মমাসাদ্য সংগ্রামে ছাদয়ামাস সায়কৈঃ ॥১৬॥
ততো ভীষ্মো মহাস্ত্রাণি পাতয়ামাস বীর্য্যবান্।
মোহয়ন্ পাণ্ডুপুত্রাণাং ব্যূঢ়ং সৈন্যং মহাহবে ॥১৭॥
সংমুহ্যতি তদা সৈন্যে ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
ভীষ্মং শরসহস্রেণ বিব্যাধ রণমূর্দ্ধনি ॥১৮॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণ্যেতি। সমং সহ। পুত্রেণ শিখণ্ডিধৃষ্টদ্যুম্নেতরেণ ॥১৩॥
দক্ষিণ ইতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পঞ্চ পুত্রাঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ ॥১৪॥
পৃষ্ঠ ইতি। পৃষ্ঠে দ্রৌপদেয়াদীনামপি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥১৫॥
প্রবিশ্যেতি। মকরং নাম কৌরবব্যূহম্, মুখতঃ স্বসৈন্যসম্মুখাৎ ॥১৬॥
তত ইতি। পাতয়ামাস পাণ্ডবসৈন্যোপরি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ নিবেশিতম্ ॥১৭॥

মহাত্মা ও বীরশ্রীসম্পন্ন দ্রুপদরাজা এক অক্ষৌহিণী সৈন্য এবং নিজের অন্যান্য পুত্রের সহিত মিলিত হইয়া সেই শ্যেনব্যূহের বামপক্ষ হইলেন ॥১৩॥

অক্ষৌহিণীপতি কেকয়রাজ তাহার দক্ষিণ পক্ষ হইলেন, আর দ্রৌপদীর পঞ্চ পুত্র এবং বলবান্ অভিমন্যু তাহার পৃষ্ঠদেশে থাকিলেন ॥১৪॥

বীরশ্রীসমন্বিত, সুন্দরবিক্রমশালী ও বীর স্বয়ং রাজা যুধিষ্ঠির, ভ্রাতা নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া তাঁহাদের পিছনে রহিলেন ॥১৫॥

তখন ভীমসেন আপন সৈন্যের সম্মুখ হইতে যাইয়া, বিপক্ষের মকরব্যূহে প্রবেশ করিয়া, ভীষ্মের সম্মুখে উপস্থিত হইয়া বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥১৬॥

তাহার পর বলবান্ ভীষ্ম সজ্জিত পাণ্ডবসৈন্যগণকে মোহিত করিতে থাকিয়া তাহাদের উপরে মহাস্ত্র সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১৭॥

(১৭)…পাতয়ামাস ভারত।…রা নি,…ব্যূহং সৈন্যম্…পি বা।

প্রতিসংবার্য্য চাস্ত্রাণি ভীষ্মমুক্তানি সংযুগে।
স্বেনানীকেন হৃষ্টেন যুদ্ধায় সমুপস্থিতঃ ॥১৯॥
ততো দুর্য্যোধনো রাজা ভারদ্বাজমভাষত।
পূর্ব্বং দৃষ্ট্বা বধং ঘোরং বলস্য বলিনাং বরঃ ॥২০॥
ভ্রাতৃণাঞ্চ বধং যুদ্ধে স্মরমাণো মহারথঃ।
আচার্য্য! সততং হি ত্বং হিতকামো মমানঘ! ॥২১॥ (যুগ্মকম্)
বয়ং হি ত্বাং সমাশ্রিত্য ভীষ্মঞ্চৈব পিতামহম্।
দেবানপি রণে জেতুং প্রার্থয়ামো ন সংশয়ঃ ॥২২॥
কিমু পাণ্ডুসুতান্ যুদ্ধে হীনবীর্য্যপরাক্রমান্।
স তথা কুরু ভদ্রং তে যথা বধ্যন্তি পাণ্ডবাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

সমিতি। সংমুহ্যতি ভীষ্মবিক্রমদর্শনাম্মুগ্ধে সতি, সৈন্যে স্বকীয়ে ॥১৮॥

প্রতীতি। স্বেন স্বকীয়েন অনীকেন সহ। সমুপস্থিতো ধনঞ্জয় এব ॥১৯॥

তত ইতি। ভারদ্বাজং দ্রোণম্। পূর্ব্বং পূর্ব্বদিনে, বলস্য নিজসৈন্যস্য। ভ্রাতৃণাং সেনাপতিসুষেণাদীনামষ্টানাম্, বধং ভীষ্মকর্ত্তৃকম্, স্মরমাণঃ স্মরন্ ॥২০—২১॥

বরমিতি। প্রার্থয়ামঃ অভিলষাম ইত্যর্থঃ ॥২২॥

কিমু ইতি। তত্র পাণ্ডুসুতান্ জেতুং যৎ প্রার্থয়ামঃ, তত্র কিমু বক্তব্যমিত্যর্থঃ। বধ্যন্তি বধ্যন্তে। তে তব ভদ্রং মঙ্গলম্, অস্ত্বিতি শেষঃ ॥২৩॥

তখন আপন সৈন্য মুগ্ধ হইয়া পড়িলে, অর্জ্জুন সত্বর হইয়া বহুসংখ্যক বাণদ্বারা যুদ্ধে ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥১৮॥

এবং তিনি যুদ্ধে ভীষ্মনিক্ষিপ্ত অস্ত্র সকল নিবারণ করিয়া আপন সৈন্যের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার জন্য ভীষ্মের নিকটে উপস্থিত হইলেন ॥১৯॥

তদনন্তর বলিশ্রেষ্ঠ ও মহারথ রাজা দুর্য্যোধন পূর্ব্বদিনের ভয়ঙ্কর স্বসৈন্যবিনাশ এবং ভ্রাতৃগণের বধ স্মরণ করিয়া দ্রোণকে বলিলেন—'নিষ্পাপ আচার্য্য! আপনি সর্ব্বদাই আমার হিতকামী ॥২০—২১॥

অতএব আপনাকে এবং পিতামহ ভীষ্মকে অবলম্বন করিয়া আমরা যুদ্ধে দেবগণকেও জয় করিতে চাই, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২২॥

(১৯) সম্প্রসন্ধায় চাস্ত্রাণি ভীষ্মমুক্তানি চাহবে…পি, যুধি সন্ধায় চাস্ত্রাণি…যুদ্ধায় সমবস্থিতঃ—বা।

এবমুক্তস্ততো দ্রোণস্তব পুত্রেণ মারিষ!।
তত্র সংপ্রেক্ষ্য রাজানং সংক্রুদ্ধ ইব নিশ্বসন্ ॥২৪॥
বালিশস্ত্বং ন জানীষে পাণ্ডবানাং পরাক্রমম্।
ন শক্যা হি যথা জেতুং পাণ্ডবা হি মহাবলাঃ ॥২৫॥
যথাবলং যথাবীর্য্যং কর্ম্ম কুর্য্যামহং হি তে।
ইত্যুক্ত্বা তে সুতং রাজন্নভ্যপদ্যত বাহিনীম্।
অভিনৎ পাণ্ডবানীকং প্রেক্ষমাণস্য সাত্যকেঃ ॥২৬॥ (বিশেষকম্)
সাত্যকিশ্চ ততো দ্রোণং বারয়ামাস ভারত!।
তয়োঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ॥২৭॥
শৈনেয়স্তু রণে ক্রুদ্ধো ভারদ্বাজঃ প্রতাপবান্।
অবিধ্যন্নিশিতৈর্বাণৈর্জক্রদেশে হসন্নিব ॥২৮॥

ভারতকৌমুদী

এবমিতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। বালিশো মূর্খঃ। বলং দৈহিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ মানসিকী শক্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪—২৬॥

সাত্যকিরিতি। বারয়ামাস অন্তরক্ষেপেণাগমনে প্রতিববন্ধ ॥২৭॥

শৈনেয়মিতি। শৈনেয়ং সাত্যকিম্। জক্রদেশে স্কন্ধসন্ধৌ ॥২৮॥

তাহাতে হীনবীর্য্য ও হীনপরাক্রম পাণ্ডবগণকে যে যুদ্ধে জয় করিতে চাহিব, সে বিষয়ে আর বক্তব্য আছে কি। সুতরাং আপনি তেমন কার্য্য করুন, যাহাতে পাণ্ডবগণকে বধ করা যায়। আপনার মঙ্গল হউক' ॥২৩॥

মাননীয় রাজা! আপনার পুত্র এই কথা বলিলে, তখন দ্রোণ তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া, ক্রুদ্ধ হইয়াই যেন নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া বলিলেন—'তুমি মূর্খ, তাই পাণ্ডবগণের পরাক্রম জান না। দেখ, মহাবল পাণ্ডবগণকে জয় করা অসম্ভব; তথাপি বল ও বীর্য্য অনুসারে আমি তোমার কার্য্য করিব'। আপনার পুত্রকে এই কথা বলিয়া দ্রোণ পাণ্ডবসৈন্যের দিকে গমন করিলেন এবং সাত্যকির সমক্ষেই পাণ্ডবসৈন্য বিদারণ করিতে আরম্ভ করিলেন ॥২৪—২৬॥

ভরতনন্দন! তাহার পর সাত্যকিও দ্রোণকে বারণ করিতে থাকিলেন। তখন তাঁহাদের ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিল ॥২৭॥

(২৪)···তব পুত্রেণ সংযুগে···পি বা, অস্ত দ্বিতীয়ার্দ্ধাবধিঃ 'অভ্যপদ্যত বাহিনীম্' ইত্যন্তো গ্রন্থঃ পি বা ব রা নাস্তি। (২৭)···ঘোররূপং ভয়ানকম্—পি বা। (২৮) অবিধ্যদ্দশভির্বাণৈর্জক্রদেশে স্ময়ন্নিব—পি বা।

ভীমসেনস্ততঃ ক্রুদ্ধো ভারদ্বাজমবিধ্যত।
সংরক্ষন্ সাত্যকিং রাজন্! দ্রোণাচ্ছস্ত্রভৃতাং বরাৎ ॥২৯॥
ততো দ্রোণশ্চ ভীষ্মশ্চ তথা শল্যশ্চ মারিষ!।
ভীমসেনং রণে ক্রুদ্ধাশ্ছাদয়াঞ্চক্রিরে শরৈঃ ॥৩০॥
তত্রাভিমন্যুঃ সংক্রুদ্ধো দ্রৌপদেয়াশ্চ মারিষ!।
বিব্যধুর্নিশিতৈর্বাণৈঃ সর্বাংস্তানুদ্যতায়ুধান্ ॥৩১॥
দ্রোণভীষ্মৌ তু সংক্রুদ্ধাবাপতন্তৌ মহাবলৌ।
প্রত্যুদ্যযৌ শিখণ্ডী চ মহেষ্বাসো মহাহবে ॥৩২॥
প্রগৃহ্য বলবদ্বীরো ধনুর্জলদনিস্বনম্।
অভ্যবর্ষচ্ছরৈস্তূর্ণং ছাদয়ানো দিবাকরম্ ॥৩৩॥
শিখণ্ডিনং সমাসাদ্য ভরতানাং পিতামহঃ।
অবর্জয়ত সংগ্রামং স্ত্রীত্বং তস্যানুসংস্মরন্ ॥৩৪॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভারদ্বাজং দ্রোণম্, অবিধ্যত বাণৈরবিধ্যৎ ॥২৯॥
তত ইতি। হে মারিষ! আর্য্য! বর্ণজ্যেষ্ঠত্বাদ্রাজত্বাচ্চ মাননীয়েত্যর্থঃ ॥৩০॥
তত্রেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। নিশিতৈঃ সুতীক্ষ্ণীকৃতৈঃ ॥৩১॥
দ্রোণেতি। আপতন্তৌ আগচ্ছন্তৌ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৩২॥
প্রেতি। বলবৎ দৃঢ়ম্, জলদনিস্বনং মেঘতুল্যগম্ভীরধ্বনি ॥৩৩॥

প্রতাপশালী দ্রোণ ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন বহুতর নিশিত বাণদ্বারা সাত্যকির স্কন্ধদেশ বিদ্ধ করিলেন ॥২৮॥

রাজা! তাহার পর ভীমসেন ক্রুদ্ধ হইয়া অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ হইতে সাত্যকিকে রক্ষা করিবার জন্য দ্রোণকে বাণদ্বারা বিদ্ধ করিলেন ॥২৯॥

মাননীয় মহারাজ! তদনন্তর দ্রোণ, ভীষ্ম ও শল্য ইঁহারা ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা সমরাঙ্গনে ভীমসেনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩০॥

মাননীয় রাজা! তখন অভিমন্যু ও দ্রৌপদীর পুত্রেরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সুতীক্ষ্ণ বাণদ্বারা উদ্যতাস্ত্র দ্রোণপ্রভৃতি সকলকে বিদ্ধ করিলেন ॥৩১॥

এই সময়ে মহাবল দ্রোণ ও ভীষ্ম বিশেষ ক্রুদ্ধ হইয়া আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর শিখণ্ডী সেই মহাযুদ্ধে তাঁহাদের প্রত্যুদ্গমন করিলেন ॥৩২॥

এবং বীর শিখণ্ডী, মেঘের ন্যায় গম্ভীরনাদী ও দৃঢ় ধনু ধারণ করিয়া সত্বর সূর্য্যকে আবৃত করতঃ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩১) ততোঽভিমন্যুঃ…পি বা। (৩২)…শিখণ্ডী তু…রা নি।

ততো দ্রোণো মহারাজ! অভ্যদ্রবত তং রণে।
রক্ষমাণস্তদা ভীষ্মং তব পুত্রেণ চোদিতঃ ॥৩৫॥
শিখণ্ডী তু সমাসাদ্য দ্রোণং শস্ত্রভৃতাং বরম্।
অবর্জয়ত সম্ভ্রান্তো যুগান্তাগ্নিমিবোল্বণম্ ॥৩৬॥
ততো বলেন মহতা পুত্রস্তব বিশাংপতে!।
জুগোপ ভীষ্মমাসাদ্য প্রার্থয়ানো মহদ্‌যশঃ ॥৩৭॥
তথৈব পাণ্ডবা রাজন্! পুরস্কৃত্য ধনঞ্জয়ম্।
ভীষ্মমেবাভ্যবর্ত্তন্ত জয়ে কৃত্বা দৃঢ়াং মতিম্ ॥৩৮॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং দেবানাং দানবৈরিব।
জয়মাকাঙ্ক্ষতাং সংখ্যে যশশ্চ মহদদ্ভুতম্ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধারম্ভে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শিখণ্ডিনমিতি। ভরতানাং যুধিষ্ঠিরাদীনাম্। স্ত্রীত্বং ভূতপূর্বম্ ॥৩৪॥
তত ইতি। পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতো যুদ্ধায় প্রণোদিতঃ ॥৩৫॥
শিখণ্ডীতি। সমাসাদ্য প্রাপ্য। অবর্জয়ত তমেব। উল্বণং প্রচণ্ডম্ ॥৩৬॥
তত ইতি। জুগোপ ররক্ষ, প্রার্থয়ানো ভীষ্মরক্ষণাদেব প্রার্থয়মানঃ ॥৩৭॥
তথেতি। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্ ॥৩৮॥

তখন ভীষ্ম শিখণ্ডীকে দেখিয়া তাঁহার ভূতপূর্ব স্ত্রীত্ব স্মরণ করিয়া যুদ্ধ পরিত্যাগ করিলেন ॥৩৪॥

মহারাজ! তাহার পর আপনার পুত্রের প্রেরণায় দ্রোণ ভীষ্মকে রক্ষা করিবার জন্য সমরাঙ্গনে শিখণ্ডীর প্রতি ধাবিত হইলেন ॥৩৫॥

কিন্তু শিখণ্ডী, অস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণকে দেখিয়া অত্যন্তভীত হইয়া প্রলয়কালীন অগ্নির ন্যায় উল্বণ দ্রোণকে পরিত্যাগ করিয়া গেলেন ॥৩৬॥

নরনাথ! তাহার পর আপনার পুত্র (দুর্য্যোধন) বিশাল সৈন্যের সহিত ভীষ্মের নিকট যাইয়া মহাযশ লাভ করিবার আশায় ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥৩৭॥

রাজা! এদিকে পাণ্ডবেরাও অর্জ্জুনকে অগ্রবর্ত্তী করিয়া জয়লাভে দৃঢ় সঙ্কল্প রাখিয়া ভীষ্মের দিকেই ধাবিত হইলেন ॥৩৮॥

(৩৯)…যশশ্চ সুমহাদ্ভুতম্—বা নি। * '…একোনসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি

উনসপ্ততিতমোঽধ্যায়ঃ

সঞ্জয় উবাচ।

অকরোত্তুমুলং যুদ্ধং ভীষ্মঃ শান্তনবস্তদা।
ভীমসেনভয়াদিচ্ছন্ পুত্রাংস্তারয়িতুং তব ॥১॥
পূর্ব্বাহ্ণে তন্মহারৌদ্রং রাজ্ঞাং যুদ্ধমবর্ত্তত।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ মুখ্যশূরবিনাশনম্ ॥২॥
তস্মিন্নাকুলসংগ্রামে বর্ত্তমানে মহাভয়ে।
অভবত্তুমুলঃ শব্দঃ সংস্পৃশন্ গগনং মহৎ ॥৩॥
নদদ্ভিশ্চ মহানাগৈর্হেষমাণৈশ্চ বাজিভিঃ।
ভেরীশঙ্খনিনাদৈশ্চ তুমুলং সমপদ্যত ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। আকাঙ্ক্ষতাং কৌরবাণাং পাণ্ডবানাঞ্চ, সংখ্যে যুদ্ধে ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অকরোদিতি। পূর্ব্বদিন ইব ভীমো যথা ধার্ত্তরাষ্ট্রান্ ন হন্যাত্তদর্থমিত্যর্থঃ ॥১॥

পূর্ব্বাহ্ণ ইতি। মুখ্যাঃ প্রধানাঃ শূরা বিনাশ্যন্তেঽস্মিন্নিতি মুখ্যশূরবিনাশনম্ ॥২॥

তস্মিন্নিতি। আকুলসংগ্রামে সঙ্কুলযুদ্ধে। শব্দো বীরাণাং কোলাহলঃ ॥৩॥

নদদ্ভিরিতি। মহানাগৈর্মহাহস্তিভিঃ, হেষমাণৈর্গর্জদ্ভিঃ। তুমুলং যুদ্ধম্ ॥৪॥

তখন যুদ্ধে জয় এবং গুরুতর ও অদ্ভুত যশের অভিলাষী কৌরব ও পাণ্ডবগণের সেই যুদ্ধ পূর্ব্বকালের দেব-দানবযুদ্ধের ন্যায় ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৩৯॥

———•::•———

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন শান্তনুনন্দন ভীষ্ম আপনার পুত্রগণকে ভীমের ভয় হইতে উদ্ধার করিবার ইচ্ছায় তুমুল যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

কৌরবগণ, পাণ্ডবগণ এবং অন্যান্য রাজগণের সেই মহাভয়ঙ্কর যুদ্ধ পূর্ব্বাহ্ণে হইতে লাগিল; তাহাতে প্রধান প্রধান বীর বিনষ্ট হইলেন ॥২॥

সেই মহাভয়ঙ্কর সঙ্কুল যুদ্ধ চলিতে লাগিলে, বিশাল-গগনস্পর্শকারী তুমুল শব্দ হইতে লাগিল ॥৩॥

যুযুৎসবস্তে বিক্রান্তা বিজয়ায় মহাবলাঃ।
অন্যোন্যমভিগর্জন্তো গোষ্ঠেষ্বিব মহর্ষভাঃ ॥৫॥
শিরসাং পাত্যমানানাং সমরে নিশিতৈঃ শরৈঃ।
অশ্মবৃষ্টিরিবাকাশে বভূব ভরতর্ষভ! ॥৬॥
কুণ্ডলোষ্ণীষধারীণি জাতরূপোজ্জ্বলানি চ।
পতিতানি স্ম দৃশ্যন্তে শিরাংসি ভরতর্ষভ! ॥৭॥
বিশিখোন্মথিতৈর্গাত্রৈর্বাহুভিশ্চ সকার্ম্মুকৈঃ।
সহস্তাভরণৈশ্চান্যৈরবচ্ছাদিতা মহী ॥৮॥
কবচোপহিতৈর্গাত্রৈর্হস্তৈশ্চ সমলঙ্কৃতৈঃ।
মুখৈশ্চ চন্দ্রসঙ্কাশৈ রক্তান্তনয়নৈঃ শুভৈঃ ॥৯॥
গজবাজিমনুষ্যাণাং সর্বগাত্রৈশ্চ ভূপতে!।
আসীৎ সর্বা সমাস্তীর্ণা মুহূর্ত্তেন বসুন্ধরা ॥১০॥

ভারতকৌমুদী

যুযুৎসব ইতি। অভিগর্জন্ত আসন্নিতি শেষঃ। মহর্ষভা বিশালবৃষাঃ ॥৫॥
শিরসামিতি। অশ্মবৃষ্টিঃ পাষাণবৃষ্টিরিব বৃষ্টিরিত্যর্থঃ ॥৬॥
কুণ্ডলেতি। জাতরূপৈঃ স্বর্ণমুকুটৈরুজ্জ্বলানি। পতিতানি ভূমৌ ॥৭॥
বিশিখেতি। বিশিখোন্মথিতৈর্বাণবিক্ষতৈঃ। অন্যৈর্বাহুভিশ্চ, মহী সমরভূমিঃ ॥৮॥

মহাহস্তিগণের গর্জনে, অশ্বগণের হেষারবে এবং শঙ্খ ও ভেরীর নিনাদে যুদ্ধটা তুমুল হইয়া উঠিল ॥৪॥

মহাবল ও বিক্রমশালী যোদ্ধারা জয়লাভের জন্য যুদ্ধার্থী হইয়া গোষ্ঠে বিশাল বৃষগণের ন্যায় পরস্পর গর্জন করিতে লাগিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! আকাশে প্রস্তরবৃষ্টিপতনের যেমন শব্দ হয়, সেইরূপ তীক্ষ্ণ-বাণছিন্ন মস্তকগুলির পতনের শব্দ হইতে থাকিল ॥৬॥

রাজা! কুণ্ডল ও উষ্ণীষধারী এবং স্বর্ণমুকুটশোভিত মস্তকসমূহ ভূতলে পতিত দেখা যাইতে লাগিল ॥৭॥

বাণবিক্ষত দেহ, কার্ম্মুকযুক্ত বাহু এবং হস্তালঙ্কারে অলঙ্কৃত অন্য বাহুসমূহ-দ্বারা সমরভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥৮॥

আর রাজা! মুহূর্ত্তকালমধ্যে বর্ম্মাবৃত শরীর, অলঙ্কৃত হস্ত, রক্তনয়নযুক্ত সুলক্ষণসম্পন্ন ও চন্দ্রতুল্য মুখ এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেহদ্বারা সমগ্র

(৫)···গোষ্ঠেষু বৃষভা ইব—পি বা।

রজোমেঘৈশ্চ তুমুলৈঃ শস্ত্রবিদ্যুৎপ্রকাশিভিঃ।
আয়ুধানাঞ্চ নির্ঘোষঃ স্তনয়িত্নুসমোঽভবৎ ॥১১॥ (বিশেষকম্)
স সম্প্রহারস্তুমুলঃ কটুকঃ শোণিতোদকঃ।
প্রাবর্ত্তত কুরূণাঞ্চ পাণ্ডবানাঞ্চ ভারত! ॥১২॥
তস্মিন্ মহাভয়ে ঘোরে তুমুলে লোমহর্ষণে।
বব্রুষুঃ শরবর্ষাণি ক্ষত্রিয়া যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৩॥
আক্রোশন্ কুঞ্জরাস্তত্র শরবর্ষপ্রতাপিতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ সংযুগে ভরতর্ষভ! ॥১৪॥
সংরব্ধানাঞ্চ বীরাণাং ধীরাণামমিতৌজসাম্।
ধনুর্জ্যাতলশব্দেন ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১৫॥

ভারতকৌমুদী

কবচেতি। কবচোপহিতৈর্বর্ম্মাবৃতৈঃ। চন্দ্রসঙ্কাশৈশ্চন্দ্রতুল্যৈঃ, রক্তৌ অন্তৌ যয়োস্তে তাদৃশে নয়নে যেষাং তৈঃ, শুভৈঃ সুলক্ষণৈঃ। সর্ব্বা বসুন্ধরা সমরভূমিঃ। রজাংসি ধূলয়ো মেঘা ইব তৈঃ। স্তনয়িত্নুসমো মেঘগর্জ্জনতুল্যঃ ॥৯—১১॥

স ইতি। সম্প্রহারঃ সমরঃ, কটুকঃ প্রখরো দুর্দ্দর্শ ইতি যাবৎ ॥১২॥

তস্মিন্নিতি। ঘোরে মহতি, "ঘোরং লোকে বিততমযশঃ" ইত্যাদ্যুত্তররামচরিতবৎ ॥১৩॥

আক্রোশন্নিতি। আক্রোশন্ আর্ত্তনাদমকুর্ব্বন্, কুঞ্জরা হস্তিনঃ। সংযুগে যুদ্ধে ॥১৪॥

সমিতি। সংরব্ধানাং ক্রুদ্ধানাম্, তথাত্বেঽপি ধীরাণাং ধৈর্য্যশালিনাম্ ॥১৫॥

সমরভূমি আবৃত হইয়া গেল। ক্রমে মেঘের ন্যায় নিবিড় এবং বিদ্যুতের তুল্য অস্ত্রদ্বারা প্রকাশিত ধূলিদ্বারাও সমরাঙ্গন ব্যাপ্ত হইল; আর মেঘগর্জনের ন্যায় অস্ত্রের শব্দও হইতে লাগিল ॥৯—১১॥

ভরতনন্দন! ক্রমে কৌরব ও পাণ্ডবগণের সেই তুমুল ও দুর্দ্ধর্ষ যুদ্ধে রক্তের স্রোত বহিতে লাগিল ॥১২॥

তুমুল, লোমহর্ষণ ও অতিভয়ঙ্কর সেই মহাযুদ্ধে যুদ্ধদুর্দ্ধর্ষ ক্ষত্রিয়েরা অনবরত শরবর্ষণ করিতে থাকিলেন ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের ও বিপক্ষের হস্তীগুলি সেই যুদ্ধে বাণবর্ষণে পীড়িত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥১৪॥

ক্রুদ্ধ অথ চ ধৈর্য্যশীল অমিততেজা বীরগণের ধনুষ্টঙ্কারে অন্য কোন শব্দই শুনা যাইতে লাগিল না ॥১৫॥

(১৪) শরবর্ষপ্রপীড়িতাঃ…পি বা। (১৫) সংরব্ধানাং নূবীরাণাং শূরাণামতিতেজসাম্—পি।

উত্থিতেষু কবন্ধেষু সর্বতঃ শোণিতোদকে।
অপরে পর্য্যধাবন্ত নৃপা রিপুবধোদ্যতাঃ ॥১৬॥
শরশক্তিগদাভিশ্চ খড়্গৈশ্চামিততেজসঃ।
নিজঘ্নুঃ সমরেঽন্যোন্যং শূরাঃ পরিঘবাহবঃ ॥১৭॥
বভ্রমুঃ কুঞ্জরাশ্চাত্র শরৈর্বিদ্ধা নিরঙ্কুশাঃ।
অশ্বাশ্চ পর্য্যধাবন্ত হতারোহা দিশো দশ ॥১৮॥
উৎপত্য নিপতন্ত্যন্যে শরঘাতপ্রপীড়িতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ যোধা ভরতসত্তম ! ॥১৯॥
বাহূনামুত্তমাঙ্গানাং কার্ম্মুকাণাঞ্চ ভারত ! ।
গদানাং পরিঘাণাঞ্চ হস্তানাঞ্চোরুভিঃ সহ ॥২০॥
পাদানাং ভূষণানাঞ্চ কেয়ূরাণাঞ্চ সর্বশঃ।
রাশয়শ্চাত্র দৃশ্যন্তে ভীষ্মভীমসমাগমে ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উত্থিতেষ্বিতি। কবন্ধেষু শিরোহীনদেহেষু। তেষেব রিপুভ্রমাৎ পর্য্যধাবন্নিত্যাশয়ঃ ॥১৬॥
শরেতি। পরিঘা মুদ্গরবিশেষা ইব দীর্ঘা দৃঢ়াশ্চ বাহবো যেষাং তে ॥১৭॥
বভ্রমুরিতি। হতা আরোহা আরোহিণো যেষাং তে। ইত্যভয়ত্রাপ্যধীয়তে ॥১৮॥
উৎপত্যেতি। শস্ত্রাঘাতেন পতনানন্তরমুত্থায়েত্যর্থঃ। যোধা যোদ্ধারঃ ॥১৯॥
বাহূনামিতি। উত্তমাঙ্গানাং মস্তকানাম্। ভীষ্মভীময়োঃ সমাগমে যুদ্ধমেলনে ॥২০—২১॥

সকল দিকে রক্তপ্রবাহের মধ্যে কবন্ধ সকল উত্থিত হইলে অপর রাজারা সেই গুলিকেই শত্রু মনে করিয়া তাহাদের বধে উদ্যত হইয়া ধাবিত হইতে লাগিলেন ॥১৬॥

অমিততেজা ও পরিঘের ন্যায় বাহুযুক্ত বীরেরা বাণ, শক্তি, গদা ও তরবারি-দ্বারা যুদ্ধে পরস্পর নিহত করিতে থাকিলেন ॥১৭॥

আরোহীরা নিহত হইলে অঙ্কুশবিহীন হস্তীগুলি বাণবিদ্ধ হইয়া সমরাঙ্গনের দশ দিকে ভ্রমণ করিতে লাগিল এবং অশ্বগুলিও ধাবিত হইতে থাকিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের ও বিপক্ষের অপর যোদ্ধারা উত্থিত হইয়া আবার শরাঘাতে পতিত হইতে লাগিল ॥১৯॥

ভরতনন্দন! সেই ভীষ্ম ও ভীমের যুদ্ধের সময়ে সমরাঙ্গনের সকল স্থানেই

(১৬)…সমরে পর্য্যধাবন্ত…রা নি। (১৯)…যোধানাং ভরতর্ষভ!—পি,…পর্য্যধাবম্…সমন্ততঃ—বা। (২১)…কেয়ূরাণাঞ্চ সংঘশঃ। রাশয়স্তত্র…রা নি।

অশ্বানাং কুঞ্জরাণাঞ্চ রথানাঞ্চানিবর্ত্তিনাম্।
সংঘাতাঃ স্ম প্রদৃশ্যন্তে তত্র তত্র বিশাংপতে! ॥২২॥
গদাভিরসিভিঃ প্রাসৈর্বাণৈশ্চ নতপর্ব্বভিঃ।
জঘ্নুঃ পরস্পরং তত্র ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ ॥২৩॥
অপরে বাহুভির্বীরা নিযুদ্ধকুশলা যুধি।
বহুধা সমসজ্জন্ত আয়সৈঃ পরিঘৈরিব ॥২৪॥
মুষ্টিভির্জানুভিশ্চৈব তলৈশ্চৈব বিশাংপতে!।
অন্যোন্যং জঘ্নিরে বীরাস্তাবকাঃ পাণ্ডবৈঃ সহ ॥২৫॥
পতিতৈঃ পাত্যমানৈশ্চ বিচেষ্টদ্ভিশ্চ ভূতলে।
ঘোরমায়োধনং জজ্ঞে তত্র তত্র নরেশ্বর! ॥২৬॥

ভারতকৌমুদী

অশ্বানামিতি। অনিবর্ত্তিনাং সমরাঙ্গনাদনপসারিণাম্। সংঘাতাঃ সমূহাঃ ॥২২॥
গদাভিরিতি। কালেন দৈবেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥২৩॥
অপর ইতি। নিযুদ্ধকুশলা বাহুযুদ্ধনিপুণাঃ। আয়সৈর্লৌহময়ৈঃ ॥২৪॥
মুষ্টিভিরিতি। তলৈঃ করতলৈশ্চপেটৈরিত্যর্থঃ। পাণ্ডবৈস্তৎপক্ষীয়বীরৈঃ ॥২৫॥
পতিতৈরিতি। বিচেষ্টদ্ভিঃ স্পন্দমানৈঃ। আয়োধনং যুদ্ধম্ ॥২৬॥

রাশি রাশি বাহু, মস্তক, ধনু, গদা, পরিঘ, হস্ত, উরু, চরণ, কেয়ূর ও অন্যান্য অলঙ্কার দেখা যাইতে থাকিল ॥২০—২১॥

এবং নরনাথ! সমরভূমির নানাস্থানে অনিবর্ত্তী হস্তী, অশ্ব ও রথসমূহ দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২২॥

তখন ক্ষত্রিয়েরা দৈবপ্রেরিত হইয়া গদা, তরবারি, প্রাস ও নতপর্ব্ব বাণদ্বারা পরস্পর বধ করিতে থাকিলেন ॥২৩॥

বাহুযুদ্ধনিপুণ অপর বীরেরা লৌহপরিঘতুল্য বাহুদ্বারা বহুপ্রকারে যুদ্ধে ব্যাপৃত হইলেন ॥২৪॥

নরনাথ! আপনার পক্ষের মল্লযোদ্ধারা পাণ্ডবপক্ষের মল্লযোদ্ধাদের সহিত মিলিত হইয়া মুষ্টি, জানু ও করতলদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥২৫॥

রাজা! স্বয়ং ভূতলপতিত, পরকর্ত্তৃক ভূতলে পাতিত এবং অন্য বিবিধপ্রকারে চেষ্টিত মল্লযোদ্ধাদের ভিন্ন ভিন্ন স্থানে ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

(২৩)…ক্ষত্রিয়াঃ কাল আগতে—রা নি। (২৬)…তত্র তত্র জনেশ্বর!—পি বা।

বিরথা রথিনশ্চাত্র নিস্ত্রিংশবরধারিণঃ।
অন্যোন্যমভ্যধাবন্ত পরস্পরবধৈষিণঃ ॥২৭॥
ততো দুর্য্যোধনো রাজা কালিঙ্গৈর্বহুভির্বৃতঃ।
পুরস্কৃত্য রণে ভীষ্মং পাণ্ডবানভ্যবর্ত্তত ॥২৮॥
তথৈব পাণ্ডবাঃ সর্বে পরিবার্য্য বৃকোদরম্।
ভীষ্মমভ্যদ্রবন্ ক্রুদ্ধাস্ততো যুদ্ধমবর্ত্তত ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীষ্মেণ সংসক্তান্ ভ্রাতৄন্যাংশ্চ পার্থিবান্।
সমভ্যধাবদ্গাঙ্গেয়মুদ্যতাস্ত্রো ধনঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

বিরথা ইতি। নিস্ত্রিংশবরধারিণ উত্তমাসিধারিণঃ ॥২৭॥
তত ইতি। কালিঙ্গৈঃ কলিঙ্গদেশীয়সৈন্যৈঃ। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য ॥২৮॥
তথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

দৃষ্টেতি। সংসক্তান্ যুদ্ধে মিলিতান্। গাঙ্গেয়ং তং ভীষ্মম্ ॥১॥

রথীরা রথবিহীন ও পরস্পর বধৈষী হইয়া বিশাল তরবারি ধারণ করিয়া পরস্পরের অভিমুখে ধাবিত হইতে লাগিলেন ॥২৭॥

তাহার পর রাজা দুর্য্যোধন বহুতর কলিঙ্গসৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

সেইরূপ পাণ্ডবেরা সকলেও ক্রুদ্ধ হইয়া ভীষ্মকে পরিবেষ্টন করিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন। তাহার পর তাঁহাদের যুদ্ধারম্ভ হইল' ॥২৯॥

(২৮)…কলিঙ্গৈর্বহুভির্বৃতঃ…রা নি। (২৯)…ক্রুদ্ধা রণে রভসবাহনাঃ…পি বা।

* '…সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

পাঞ্চজন্যস্য নির্ঘোষং ধনুষো গাণ্ডিবস্য চ।
ধ্বজঞ্চ দৃষ্ট্বা পার্থস্য সর্বান্ নো ভয়মাবিশৎ ॥২॥
সিংহলাঙ্গূলমাকাশে জ্বলন্তমিব পর্বতম্।
অসজ্জমানং বৃক্ষেষু ধূমকেতুমিবোত্থিতম্ ॥৩॥
বহুবর্ণং বিচিত্রঞ্চ দিব্যং বানরলক্ষণম্।
অপশ্যাম মহারাজ! ধ্বজং গাণ্ডীবধন্বনঃ ॥৪॥ (যুগ্মকম্)
বিদ্যুতং মেঘমধ্যস্থাং ভ্রাজমানামিবাম্বরে।
দদৃশুর্গাণ্ডিবং যোধা রুক্মপৃষ্ঠং মহামৃধে ॥৫॥
আশুশ্রুম ভৃশঞ্চাস্য শক্রস্যেবাভিগর্জতঃ।
সুঘোরং তলয়োঃ শব্দং নিঘ্নতস্তব বাহিনীম্ ॥৬॥

ভারতকৌমুদী

পাঞ্চেতি। নির্ঘোষং শ্রুত্বেতি শেষঃ। নঃ অস্মান্, ভয়ং কর্ত্তৃ ॥২॥
সিংহেতি। সিংহলাঙ্গূলং সিংহতুল্যলাঙ্গূলযুক্তম্। বানরলক্ষণং কপিচিহ্নম্ ॥৩—৪॥
বিদ্যুতমিতি। যোধা যোদ্ধারঃ, রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, মহামৃধে মহাযুদ্ধে ॥৫॥
আশুশ্রুমেতি। শক্রস্য শক্রচালিতমেঘস্য। তলয়োর্হস্তাবাপয়োঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন ভ্রাতাদিগকে এবং অন্যান্য রাজগণকে ভীষ্মের সহিত মিলিত দেখিয়া অস্ত্র উত্তোলন করিয়া ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥১॥

তখন কৃষ্ণের পাঞ্চজন্যশঙ্খের ও অর্জ্জুনের গাণ্ডীবধনুর শব্দ শুনিয়া এবং অর্জ্জুনের ধ্বজ দেখিয়া আমাদের সকলেরই ভয় উপস্থিত হইল ॥২॥

মহারাজ! সিংহের লাঙ্গূলের ন্যায় লাঙ্গূলযুক্ত, প্রজ্বলিত পর্ব্বতের ন্যায় উচ্চ, বৃক্ষে অসংলগ্ন, ধূমকেতুর ন্যায় উত্থিত, বহুবর্ণ, বিচিত্র, অলৌকিক ও বানরচিহ্নসমন্বিত অর্জ্জুনের ধ্বজটাকে আমরা আকাশে দেখিতে লাগিলাম ॥৩—৪॥

আর আকাশে শোভমানা মেঘমধ্যবর্ত্তিনী বিদ্যুতের ন্যায় অর্জ্জুনের স্বর্ণখচিত গাণ্ডীবধনুখানাকে দুই পক্ষের যোদ্ধারাই দেখিতে লাগিল ॥৫॥

এবং অর্জ্জুন যখন আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলেন, তখন মেঘগর্জ্জনের ন্যায় সেই গাণ্ডীবধনুর শব্দ এবং ভয়ঙ্কর তলশব্দ আমরা শুনিতে থাকিলাম ॥৬॥

(৪) বহুবর্ণঞ্চ চিত্রঞ্চ···পি বা।

চণ্ডবাতো যথা মেঘঃ সবিদ্যুৎ স্তনয়িত্নুমান্।
দিশঃ সংপ্লাবয়ামাস শরবর্ষৈঃ সমন্ততঃ ॥৭॥
সমভ্যধাবদ্‌গাঙ্গেয়ং ভৈরবাস্ত্রো ধনঞ্জয়ঃ।
দিশং প্রাচীং প্রতীচীঞ্চ ন জানীমোঽস্ত্রমোহিতাঃ ॥৮॥
কান্দিগ্‌ভূতাঃ শ্রান্তপত্রা হতাশ্বা হতচেতসঃ।
অন্যোন্যমভিসংশ্লিষ্য যোধাস্তে ভরতর্ষভ! ॥৯॥
ভীষ্মমেবাভ্যলীয়ন্ত সহ সর্বৈস্তবাত্মজৈঃ।
তেষামার্ত্তায়নমভূদ্ভীষ্মঃ শান্তনবো রণে ॥১০॥ (যুগ্মকম্)
সমুৎপতন্তি বিত্রস্তা রথেভ্যো রথিনস্তথা।
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমেশ্চাপি পদাতয়ঃ ॥১১॥

ভারতকৌমুদী

চণ্ডেতি। চণ্ডো বাতো যস্মিন্ সঃ। স্তনয়িত্নুমান্ গর্জনবান্ ॥৭॥
সমিতি। গাঙ্গেয়ং ভীষ্মম্, ভৈরবাণি ভীষণানি অস্ত্রাণি যস্য সঃ ॥৮॥
কান্দিগিতি। কাং দিশং গচ্ছাম ইতি বিভ্রান্তাঃ কান্দিগ্‌ভূতাঃ, শ্রান্তপত্রাঃ পরিশ্রান্তবাহনাঃ। অভ্যলীয়ন্ত পশ্চাদগচ্ছন্। আর্ত্তায়নম্ আর্ত্তাবস্থায়াং শরণম্ ॥৯—১০॥
সমিতি। সমুৎপতন্তি কিংবৃত্তমিতি দর্শনার্থং সমুত্তিষ্ঠন্তি স্ম, পদাতয়স্ত্বগ্রপাদাভ্যাম্ ॥১১॥

প্রচণ্ডবায়ুচালিত, বিদ্যুদ্‌যুক্ত ও গর্জনকারী মেঘ যেমন জলদ্বারা সকল দিক্ প্লাবিত করে, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণদ্বারা সকল দিক্ প্লাবিত করিলেন ॥৭॥

ক্রমে ভীষণাস্ত্রধারী অর্জুন ভীষ্মের দিকে ধাবিত হইলেন। তখন আমরা অর্জুনের অস্ত্রে মোহিত হইয়া কোন্‌টা পূর্বদিক্ কোন্‌টা বা পশ্চিমদিক্ তাহা বুঝিতে পারিলাম না ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! সেই সময়ে আপনার অনেক যোদ্ধা দিগ্‌ভ্রান্ত, অনেকের বাহন পরিশ্রান্ত, অনেকের অশ্ব নিহত এবং অনেকে হতচৈতন্য হইল। তাই তাহারা পরস্পর মিলিত হইয়া আপনার সকল পুত্রের সহিত যাইয়া ভীষ্মের পিছনে লুকাইল। তখন শান্তনুনন্দন ভীষ্মই যুদ্ধে তাহাদের রক্ষক হইলেন ॥৯—১০॥

(কি হইয়াছে তাহা দেখিবার জন্য) ভীত রথীরা রথ হইতে, অশ্বারোহীরা অশ্বপৃষ্ঠ হইতে এবং পদাতিরা ভূতল হইতে উঠিয়া দাঁড়াইতে লাগিল ॥১১॥

(৭)···দিশঃ সংপ্লাবয়ন্ সর্বাঃ···রা নি। (৮) অভ্যধাবত গাঙ্গেয়ম্···পি বা। (১০) ভীষ্মমেবাভিলীয়ন্তে···বা।

শ্রুত্বা গাণ্ডীবনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
সর্বসৈন্যানি ভীতানি ব্যবালীয়ন্ত ভারত! ॥১২॥
অথ কাম্বোজজৈরশ্বৈর্মহদ্ভিঃ শীঘ্রগামিভিঃ।
গোপানাং বহুসাহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ ॥১৩॥
মদ্রসৌবীরগান্ধারৈস্ত্রৈগর্ত্তৈশ্চ বিশাংপতে!।
সর্বকালিঙ্গমুখ্যৈশ্চ কলিঙ্গাধিপতির্বৃতঃ ॥১৪॥
নানানরগণৌঘৈশ্চ দুঃশাসনপুরঃসরঃ।
জয়দ্রথশ্চ নৃপতিঃ সহিতঃ সর্বরাজভিঃ ॥১৫॥
হয়ারোহবরাশ্চৈব তব পুত্রেণ চোদিতাঃ।
চতুর্দ্দশ সহস্রাণি সৌবলং পর্য্যবারয়ন্ ॥১৬॥
ততস্তে সহিতাঃ সর্বে বিভক্তরথবাহনাঃ।
অর্জ্জুনং সমরে জগ্মুস্তাবকা ভরতর্ষভ! ॥১৭॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। বিস্ফূর্জিতং পতনশব্দম্। ব্যবালীয়ন্ত ভূমৌ লীনা অভবন্ ॥১২॥
অথেতি। কাম্বোজজৈঃ কাম্বোজদেশজাতৈঃ। গোপায়নৈস্তদাখ্যৈঃ, বৃতস্তত্রাজঃ ॥১৩॥
মদ্রেতি। কলিঙ্গাধিপতির্মৃতকলিঙ্গরাজপুত্রঃ ॥১৪॥
নানেতি। দুঃশাসনঃ পুরঃসরো যস্য স তাদৃশোঽভবদিতি শেষঃ ॥১৫॥
হয়েতি। হয়ারোহবরা অশ্বারোহিশ্রেষ্ঠাঃ। চকারাৎ কাম্বোজরাজাদয়শ্চ ॥১৬॥
তত ইতি। বিভক্তানি রথবাহনানি যৈস্তে। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ ॥১৭॥

ভরতনন্দন! সমস্ত কৌরবসৈন্যই বজ্রনির্ঘোষের ন্যায় গাণ্ডীবনির্ঘোষ শুনিয়া ভীত হইয়া লুক্কায়িত হইতে লাগিল ॥১২॥

তাহার পর কাম্বোজরাজ—কাম্বোজদেশীয় বিশালাকৃতি ও দ্রুতগামী অশ্বে সমারূঢ় গোপায়ননামক বহুসহস্র গোপসৈন্যে পরিবেষ্টিত হইলেন ॥১৩॥

নরনাথ! কলিঙ্গরাজ—মদ্র, সৌবীর, গান্ধার, ত্রিগর্ত্ত ও কলিঙ্গদেশীয় প্রধান সৈন্যগণে পরিবৃত হইলেন ॥১৪॥

আর রাজা জয়দ্রথ নানাবিধ পদাতিসৈন্য ও সমস্ত রাজগণের সহিত মিলিত হইলেন এবং দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিলেন ॥১৫॥

ইঁহাদিগকে এবং প্রধান অশ্বারোহিগণকে দুর্য্যোধন প্রেরণ করিলেন। তখন এই চৌদ্দ হাজার যোদ্ধা যাইয়া শকুনিকে পরিবেষ্টন করিল ॥১৬॥

(১৩)···বালৈর্গোপায়নৈর্বৃতঃ—রা নি।

পাণ্ডবাঃ সহিতাঃ সর্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
তাবকান্ সমরে জঘ্নুর্ধর্ম্মপুত্রেণ চোদিতাঃ ॥১৮॥
রথিভির্বারণৈরশ্বৈঃ পাদাতৈশ্চ সমীরিতম্।
ঘোরমায়োধনে জজ্ঞে মহাভ্রসদৃশং রজঃ ॥১৯॥
তোমরপ্রাসনারাচগজাশ্বরথযোধিনাম্।
বলেন মহতা ভীষ্মঃ সমসজ্জৎ কিরীটিনা ॥২০॥
আবন্ত্যঃ কাশিরাজেন ভীমসেনেন সৈন্ধবঃ।
অজাতশত্রুর্মদ্রাণামৃষভেণ যশস্বিনা ॥২১॥
সহপুত্রঃ সহামাত্যঃ শল্যেন সমসজ্জত।
বিকর্ণঃ সহদেবেন চিত্রসেনঃ শিখণ্ডিনা ॥২২॥ (যুগ্মকম্)
মৎস্যা দুর্য্যোধনং জগ্মুঃ শকুনিঞ্চ বিশাংপতে!।
দ্রুপদশ্চেকিতানশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥২৩॥

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। ধর্ম্মপুত্রেণ যুধিষ্ঠিরেণ, চোদিতাঃ প্রণোদিতাঃ ॥১৮॥
রথিভিরিতি। সমীরিতমুত্তোলিতম্। আয়োধনে রণাঙ্গনে, মহাভ্রং মহামেঘঃ ॥১৯॥
তোমরেতি। বলেন সৈন্যেন সহ। সমসজ্জৎ মিলিতোঽভবৎ ॥২০॥
আবন্ত্য ইতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, ঋষভেণ শ্রেষ্ঠেন। সমসজ্জত যুদ্ধে সম্মিলিতোঽভবৎ ॥২১—২২॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর আপনার পক্ষের সেই যোদ্ধারা সকলে মিলিত হইয়া রথ ও বাহনগুলিকে বিভক্ত করিয়া যুদ্ধে অর্জুনকে আঘাত করিতে লাগিল ॥১৭॥

আবার যুধিষ্ঠিরের আদেশক্রমে পাণ্ডবেরা সকলেও মিলিত হইয়া ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধে আপনার যোদ্ধৃগণকে প্রহার করিতে থাকিলেন ॥১৮॥

এই সময়ে রথী, পদাতি, হস্তী ও অশ্বের চরণসংঘর্ষে সমরাঙ্গনে মহামেঘতুল্য ভয়ঙ্কর ধূলিজাল উত্থিত হইল ॥১৯॥

ক্রমে তোমর, প্রাস, নারাচ, হস্তী, অশ্ব ও রথযোধীদিগের বিশাল সৈন্যের সহিত যাইয়া ভীষ্ম অর্জুনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২০॥

পরে অবন্তিরাজ কাশীরাজের সহিত, জয়দ্রথ ভীমের সহিত, পুত্র ও অমাত্যবর্গযুক্ত যুধিষ্ঠির যশস্বী মদ্ররাজ শল্যের সহিত, বিকর্ণ সহদেবের সহিত এবং চিত্রসেন শিখণ্ডীর সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥২১—২২॥

(১৯)…ঘোরমায়োধনং চক্রে…রা নি।

দ্রোণেন সমসজ্জন্ত সপুত্রেণ মহাত্মনা।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ধৃষ্টদ্যুম্নমভিদ্রুতৌ ॥২৪॥ (যুগ্মকম্)
এবং প্রব্রাজিতাশ্বানি ভ্রান্তনাগরথানি চ।
সৈন্যানি সমসজ্জন্ত প্রযুদ্ধানি সমন্ততঃ ॥২৫॥
নিরভ্রে বিদ্যুতস্তীব্রা দিশশ্চ রজসা বৃতাঃ।
প্রাদুরাসন্ মহোল্কাশ্চ সনির্ঘাতা বিশাংপতে! ॥২৬॥
প্রাদুর্ভূতো মহাবাতঃ পাংশুবর্ষং পপাত চ।
নভস্যন্তর্দধে সূর্য্যঃ সৈন্যেন রজসা বৃতঃ ॥২৭॥
প্রমোহঃ সর্বভূতানামতীব সমপদ্যত।
রজসা চাভিভূতানামস্ত্রজালৈশ্চ তুদ্যতাম্ ॥২৮॥

ভারতকৌমুদী

মৎস্যা ইতি। মৎস্যা মৎস্যদেশীয়াঃ। সপুত্রেণ অশ্বত্থামসহিতেন ॥২৩—২৪॥

এবমিতি। প্রব্রাজিতাঃ সঞ্চালিতা অশ্বা যৈস্তানি, ভ্রান্তা ইতস্ততশ্চলিতা নাগা হস্তিনো রথাশ্চ যেষাং তানি, প্রকৃষ্টং যুদ্ধং যেষাং তানি চ সৈন্যানি, সমন্ততো যুদ্ধে সমসজ্জন্ত ॥২৫॥

নিরভ্র ইতি। নিরভ্রে নির্মেঘে আকাশে। বাতাহতবাতপাতো নির্ঘাতঃ ॥২৬॥

প্রাদুরিতি। পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ। নভসি গগনে। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন ॥২৭॥

প্রমোহ ইতি। তুদ্যতাং তুদ্যমানানাং ব্যথ্যমানানাম্ ॥২৮॥

মৎস্যদেশীয় যোদ্ধারা দুর্য্যোধন ও শকুনির দিকে গমন করিল এবং দ্রুপদ, চেকিতান ও মহারথ সাত্যকি ইঁহারা মহাত্মা দ্রোণ ও অশ্বত্থামার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। আর কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥২৩—২৪॥

এইভাবে মহাযোদ্ধা সৈন্যেরা অশ্বগুলিকে চালাইয়া দিয়া এবং হস্তী ও রথগুলিকে প্রেরণ করিয়া সকল দিকেই যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৫॥

নরনাথ! এই সময়ে মেঘবিহীন আকাশে তীব্র বিদ্যুৎ প্রকাশ পাইতে লাগিল, সকল দিক্ ধূলিতে আবৃত হইল এবং নির্ঘাতের সহিত বিশাল উল্কা সকল পড়িতে থাকিল ॥২৬॥

মহাবায়ু আবির্ভূত হইল, ধূলিবৃষ্টি পড়িতে লাগিল এবং সূর্য্য সৈন্যোত্তোলিত ধূলিজালে আবৃত হইয়া আকাশে অন্তর্হিত হইলেন ॥২৭॥

(২৫) এবং প্রব্রাজিতাশ্বানি···সমসজ্জন্ত বৃন্দানি তত্র তত্র সমন্ততঃ—পি,···সমসজ্জন্ত যুদ্ধানি তত্র তত্র সমন্ততঃ—বা, এবং প্রব্রজিতাশ্বানি···রা নি।

বীরবাহুবিসৃষ্টানাং সর্বাবরণভেদিনাম্।
সংঘাতঃ শরজালানাং তুমুলঃ সমপদ্যত ॥২৯॥
প্রকাশং চক্রুরাকাশমুদ্যতানি ভুজোত্তমৈঃ।
নক্ষত্রবিমলাভানি শস্ত্রানি ভরতর্ষভ! ॥৩০॥
আর্ষভাণি বিচিত্রাণি রুক্মজালাবৃতানি চ।
সংপেতুর্দিক্ষু সর্বাসু চর্ম্মাণি ভরতর্ষভ! ॥৩১॥
সূর্য্যবর্ণৈশ্চ নিস্ত্রিংশৈঃ পাত্যমানানি সর্বশঃ।
দিক্ষু সর্বাস্বদৃশ্যন্ত শরীরাণি শিরাংসি চ ॥৩২॥
ভগ্নচক্রাক্ষনীড়াশ্চ নিপাতিতমহাধ্বজাঃ।
হতাশ্বাঃ পৃথিবীং জগ্মুস্তত্র তত্র মহারথাঃ ॥৩৩॥
পরিপেতুর্হয়াশ্চাত্র কেচিচ্ছস্ত্রকৃতব্রণাঃ।
রথান্ বিপরিকর্ষন্তো হতেষু রথযোধিষু ॥৩৪॥

ভারতকৌমুদী

বীরেতি। বীরবাহুভির্বিসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। সংঘাতঃ সমূহঃ ॥২৯॥
প্রকাশমিতি। নক্ষত্রাণামিব বিমলা আভা যেষাং তানি ॥৩০॥
আর্ষভাণীতি। ঋষভাণাং বৃষাণামিমানীতি আর্ষভাণি। রুক্মজালং স্বর্ণসমূহঃ ॥৩১॥
সূর্য্যেতি। নিস্ত্রিংশৈরসিভিঃ, পাত্যমানানি ছিন্ত্বা ছিন্ত্বেতি শেষঃ ॥৩২॥
ভগ্নেতি। অক্ষনীড়ৌ রথাবয়ববিশেষৌ। পৃথিবীং ভূতলম্, মহারথা যোদ্ধারঃ ॥৩৩॥

এবং ধূলিজালে সমাক্রান্ত ও অস্ত্রসমূহে নিপীড়িত তত্রত্য সকল প্রাণীরই গুরুতর মোহ উপস্থিত হইল ॥২৮॥

বীরবাহুনিক্ষিপ্ত সর্ব্বাবরণভেদী বাণসমূহ তুমুলভাবে পড়িতে লাগিল ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! নক্ষত্রের ন্যায় নির্ম্মল দীপ্তিযুক্ত ও বীরবাহুকর্ত্তৃক উত্তোলিত অস্ত্র সকল আকাশটাকে আলোকিত করিতে থাকিল ॥৩০॥

ভরতবংশশ্রেষ্ঠ! স্বর্ণতারাসমন্বিত বৃষচর্ম্মনির্ম্মিত বিচিত্র চর্ম্ম-(ঢাল) সমূহ সকল দিকে পতিত হইতে থাকিল ॥৩১॥

সমরাঙ্গনের সকল দিকেই সূর্য্যের ন্যায় উজ্জ্বল তরবারিদ্বারা যোদ্ধাদের শরীর ও মস্তক সকল নিপাতিত করিতে দেখা গেল ॥৩২॥

রথগুলির চক্র, অক্ষ ও নীড় ভগ্ন হইলে, বিশাল ধ্বজ পড়িয়া গেলে এবং অশ্বগুলি নিহত হইলে, অগত্যা মহারথীরা সেই সেই স্থানে ভূতলেই অবস্থান করিতে লাগিলেন ॥৩৩॥

(২৯)…সংঘাতঃ…অতীব সমপদ্যত—পি বা।

শরাহতা ভিন্নদেহা বদ্ধযোক্ত্রা হয়োত্তমাঃ।
যুগানি পর্য্যকর্ষন্ত তত্র তত্র হি ভারত! ॥৩৫॥
অদৃশ্যন্ত সসূতাশ্চ সাশ্বাঃ সরথযোধিনঃ।
একেন বলিনা রাজন্! বারণেন হতা রণে ॥৩৬॥
গন্ধহস্তিমদস্রাবমাঘ্রায় বহবো রণে।
সন্নিপাতে বলৌঘানাং গজৈর্মমৃদিরে গজাঃ ॥৩৭॥
সতোমরৈর্মহামাত্রৈর্নিপতদ্ভির্গতাসুভিঃ।
বভূবায়োধনং ছন্নং নারাচাভিহতৈর্গজৈঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

পরীতি। হয়া অশ্বাঃ, শস্ত্রকৃতব্রণাঃ শস্ত্রাঘাতেনাতীবক্ষতাঃ ॥৩৪॥
শরেতি। বদ্ধানি যোক্ত্রাণি মুখরজ্জবো যেষু তে। যুগানি রথদারুবিশেষান্ ॥৩৫॥
অদৃশ্যন্তেতি। রথা ইতি শেষঃ। বারণেন হস্তিনা ॥৩৬॥
গন্ধেতি। সন্নিপাতে সংঘর্ষে। মমৃদিরে মর্দ্দিতাঃ ॥৩৭॥
ছিন্নেতি। শান্তনবেন শিখণ্ডিনো ধনুশ্ছেদনং সঙ্কুলযুদ্ধে ব্যক্তিভ্রমাৎ। অন্যথা তেন সহ তস্য যুদ্ধাকরণপ্রতিজ্ঞাভঙ্গঃ স্যাৎ। ভীষ্মং প্রতি জাতকোপঃ, শিখণ্ডিনঞ্চ প্রতি ক্রুদ্ধস্তৎ-প্রতিজ্ঞাভঙ্গদর্শনাদিতি পুনরুক্ত্যভাবঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ ॥১৯॥
উক্ত্বেতি। পিতুরগ্রপদস্য। মহাব্রতং চিরব্রহ্মচর্য্যব্রতম্ ॥২০॥

ক্রোধবিষোদ্গারী ও মহাশক্তিশালী দুর্য্যোধন অগ্নির ন্যায় উজ্জ্বল বাণ-সমূহ দ্বারা যুদ্ধে যুধিষ্ঠির, ভীমসেন, অর্জুন, নকুল, সহদেব ও কৃষ্ণকে আঘাত করিলেন ॥১৭॥

এবং রাজা! পূর্বকালে অত্যন্তক্রুদ্ধ দৈত্যগণ সম্মিলিত হইয়া যেমন দেব-গণকে বিদ্ধ করিত, সেইরূপ অত্যন্তক্রুদ্ধ কৃপ, শল্য, শল ও চিত্রসেন বাণদ্বারা যুদ্ধে পাণ্ডবগণকে বিদ্ধ করিলেন ॥১৮॥

এই সময়ে ভীষ্ম শিখণ্ডীর ধনু ছেদন করিয়া ফেলিলেন; তাহাতে ভীষ্মের প্রতি এবং শিখণ্ডীর প্রতিও যুধিষ্ঠিরের ক্রোধ জন্মিল; তাই তিনি শিখণ্ডীর দিকে দৃষ্টিপাত করিয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১৯॥

'শিখণ্ডী! আপনি আপনার পিতার সম্মুখে আমাকে এইরূপ বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি সূর্য্যের ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা সেই মহা-ব্রত ভীষ্মকে বধ করিব, ইহা আমি সত্য বলিতেছি ॥২০॥

(১৭)···পার্থানথো যুধি সঞ্জাতকোপঃ···পি,···কৃষ্ণঞ্চ পার্থং যুধি জাতকোপঃ···বা।
(২১)· ত্বয়া ন চৈনাম্···রক্ষস্ব ধর্ম্মঞ্চ যশঃ কুলঞ্চ—পি বা।

প্রেক্ষস্ব ভীষ্মং যুধি ভীমবেগং সর্বাংস্তপন্তং মম সৈন্যসংঘান্।
শরৌঘজালৈরতিতিগ্মবেগৈঃ কালং যথা কালকৃতং ক্ষণেন ॥২২॥
নিকৃত্তচাপঃ সমরেঽনপেক্ষঃ পরাজিতঃ শান্তনবেন চাজৌ।
বিহায় বন্ধূনথ সোদরাংশ্চ ক্ব যাস্যসে নানুরূপং তবেদম্ ॥২৩॥
দৃষ্ট্বা হি ভীষ্মং তমনন্তবীর্য্যং ভগ্নঞ্চ সৈন্যং দ্রবমাণমেবম্।
ভীতোঽসি নূনং দ্রুপদস্য পুত্র! তথাহি তে মুখবর্ণোঽপ্রহৃষ্টঃ ॥২৪॥
অজ্ঞায়মানে চ ধনঞ্জয়ে তু মহাহবে সম্প্রসক্তে নৃবীরে।
কথং হি ভীষ্মাৎ প্রথিতঃ পৃথিব্যাং ভয়ং ত্বমদ্য প্রকরোষি বীর! ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। দেবব্রতং ভীষ্মম্। স্বধর্ম্মং স্ববীরনিয়মম্, স্বকুলং তদ্গৌরবম্ ॥২১॥
প্রেক্ষস্বেতি। কালং যমম্, কালকৃতং সময়েনোপস্থাপিতম্ ॥২২॥
পলায়নপ্রবৃত্তিং সম্ভাব্যাহ নিকৃত্তেতি। নিকৃত্তচাপশ্ছিন্নধনুঃ, অনপেক্ষ উদাসীনঃ ॥২৩॥
দৃষ্ট্বেতি। ভগ্নং সংঘচ্যুতম্, দ্রবমাণং পলায়মানম্। অপ্রহৃষ্টো মলিনঃ ॥২৪॥
অজ্ঞায়েতি। অজ্ঞায়মানে দূরবর্ত্তিতয়া ত্বয়া অলক্ষ্যমাণে। সম্প্রসক্তে প্রবৃত্তে ॥২৫॥

অতএব আপনি যে হেতু যুদ্ধে ভীষ্মকে বধ করিতেছেন না, সেই হেতু সে প্রতিজ্ঞাও রক্ষা করিতেছেন না। সুতরাং বীর! আপনি মিথ্যাপ্রতিজ্ঞ হইবেন না; বীরের ধর্ম্ম, বংশের গৌরব ও যশ রক্ষা করুন ॥২১॥

আপনি দেখুন—যথাকালে উপস্থিত যমের ন্যায় ভয়ঙ্করবেগশালী ভীষ্ম ক্ষণকালমধ্যে যুদ্ধে মহাবেগযুক্ত বাণসমূহদ্বারা আমার সমস্ত সৈন্যকে সন্তপ্ত করিতেছেন ॥২২॥

ভীষ্ম যুদ্ধে আপনাকে পরাজয় করিয়াছেন এবং আপনার ধনু ছেদন করিয়াছেন; তাহাতে আপনি যুদ্ধে উদাসীন হইয়া পড়িয়াছেন। এখন বন্ধুগণ ও সহোদরগণকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবেন? তাহা আপনার অনুরূপ হইবে না ॥২৩॥

দ্রুপদনন্দন! এদিকে অসীমশক্তিশালী ভীষ্ম রহিয়াছেন, ওদিকে আমার সৈন্যেরা সংঘচ্যুত হইয়া এইভাবে পলায়ন করিতেছে; ইহা দেখিয়া নিশ্চয়ই আপনি ভীত হইয়া পড়িয়াছেন; যে হেতু আপনার মুখের বর্ণ মলিন হইয়া গিয়াছে ॥২৪॥

(২২)…অতিতিগ্মতেজাঃ কালো যথা কালকৃতম্…পি,…অতিতিগ্মতেজনৈঃ কালো যথা কালকৃতঃ…বা। (২৩)…শান্তনবেন রাজ্ঞা…পি বা। (২৪)…দ্রবমাণমেতৎ…পি বা। (২৫) আজ্ঞায়মানেন ধনঞ্জয়েন মহাহবে পক্ষ যুক্তং নৃবীরম্…পি বা।

স ধর্ম্মরাজস্য বচো নিশম্য রূক্ষাক্ষরং বিপ্রলাপানুবদ্ধম্।
প্রত্যাদেশং মন্যমানো মহাত্মা প্রতত্বরে ভীষ্মবধায় রাজন্! ॥২৬॥
তমাপতন্তং মহতা জবেন শিখণ্ডিনং ভীষ্মমভিদ্রবন্তম্।
নিবারয়ামাস হি শল্য এনমস্ত্রেণ ঘোরেণ সুদুর্জয়েন ॥২৭॥
স চাপি দৃষ্ট্বা সমুদীর্য্যমাণমস্ত্রং যুগান্তাগ্নিসমপ্রকাশম্।
ন সংমুমোহ দ্রুপদস্য পুত্রো রাজন্! মহেন্দ্রপ্রতিমপ্রভাবঃ।
তস্থৌ চ তত্রৈব মহাধনুষ্মান্ শরৈস্তদস্ত্রং প্রতিবাধমানঃ ॥২৮॥
অথাদদে বারুণমস্ত্রমস্ত্রং শিখণ্ড্যথোগ্রং প্রতিঘাতমস্য।
তদস্ত্রমস্ত্রেণ বিদার্য্যমাণং খস্থাঃ সুরা দদৃশুঃ পার্থিবাশ্চ ॥২৯॥

ভারতকৌমুদী

ইত্থং যুধিষ্ঠিরবাক্যমনূদ্য সঞ্জয় এব পুনরাহ স ইতি। স শিখণ্ডী। রূক্ষাক্ষরং নিষ্ঠুরবর্ণম্, বিপ্রলাপানুবদ্ধম্ উল্লুণ্ঠনযুক্তম্। প্রত্যাদেশং কাপুরুষতয়া প্রত্যাখ্যানম্ ।২৬॥

তমিতি। জবেন বেগেন। অভিদ্রবন্তম্ অভিধাবন্তম্। অস্ত্রেণাগ্নেয়েন ।২৭॥

স ইতি। স শিখণ্ডী। প্রতিবাধমানো নিবারয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ।২৮॥

ভারতভাবদীপঃ

স ইতি ।১—২৪॥ অজ্ঞায়মানে পশ্চাদ্ভূস্থিতে ।২৫॥ প্রত্যাদেশং ভর্ৎসনম্ ।২৬—৩৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

মনুষ্যবীর অর্জুন মহাযুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, ইহা আপনি জানিতে পারেন নাই (বোধ হয়। সে যাহা হউক,) বীর। আপনি পৃথিবীতে বীর বলিয়া প্রসিদ্ধ হইয়াও আজ ভীষ্ম হইতে ভয় করিতেছেন কেন?' ॥২৫॥

রাজা। মহাত্মা শিখণ্ডী রূক্ষবর্ণ ও উল্লুণ্ঠন (বিদ্রূপ-) যুক্ত যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া তাহাকেই প্রত্যাখ্যান (স্বপক্ষ হইতে দূরীকরণ) মনে করিয়া ভীষ্মবধের জন্য অত্যন্ত ত্বরান্বিত হইলেন ॥২৬॥

শিখণ্ডী মহাবেগে আসিতে লাগিলে এবং ভীষ্মের প্রতিই ধাবিত হইলে, মদ্ররাজ শল্য ভয়ঙ্কর ও অতিদুর্জয় আগ্নেয় অস্ত্রদ্বারা তাঁহাকে নিবারণ করিলেন ॥২৭॥

রাজা। প্রলয়কালের অগ্নির ন্যায় জাজ্বল্যমান সেই আগ্নেয় অস্ত্র উঠিয়াছে দেখিয়া মহাধনুর্দ্ধর ও ইন্দ্রের তুল্য প্রভাবশালী দ্রুপদনন্দন শিখণ্ডী মুগ্ধ ত হইলেনই না, বরং বাণদ্বারা সেই অস্ত্রের বাধা জন্মাইতে থাকিয়া সেই স্থানেই অবস্থান করিতে লাগিলেন ॥২৮॥

(২৭)…আবারয়ামাস…শস্ত্রেণ ঘোরেণ…পি বা। (২৮)…ন সংপ্রমুহ্য…পি বা। (২৯) …স্থস্থাঃ সুরাঃ…বা রা নি।

ভীষ্মস্তু রাজন্! সমরে মহাত্মা ধনুশ্চ চিত্রং ধ্বজমেব চাপি।
ছিত্ত্বানদৎ পাণ্ডুসুতস্য বীরো যুধিষ্ঠিরস্যাজমীঢ়স্য রাজ্ঞঃ ॥৩০॥
ততঃ সমুৎসৃজ্য ধনুঃ সবাণং যুধিষ্ঠিরং বীক্ষ্য ভয়াভিভূতম্।
গদাং প্রগৃহ্যাভিপপাত সংখ্যে জয়দ্রথং ভীমসেনঃ পদাতিঃ ॥৩১॥
তমাপতন্তং মহতা জবেন জয়দ্রথঃ সগদং ভীমসেনম্।
বিব্যাধ ঘোরৈর্যমদণ্ডকল্পৈঃ শিতৈঃ শরৈর্বৈ নবভিঃ সমন্তাৎ ॥৩২॥
অচিন্তয়িত্বা স শরাংস্তরস্বী বৃকোদরঃ ক্রোধপরীতচেতাঃ।
জঘান বাহান্ সমরে সমস্তান্ বানায়ুজান্ সিন্ধুরাজস্য সংখ্যে ॥৩৩॥
ততোঽভিবীক্ষ্যাপ্রতিমপ্রভাবস্তবাত্মজস্ত্বরমাণো রথেন।
অভ্যাযযৌ ভীমসেনং নিহন্তুং সমুদ্যতাস্ত্রঃ সুররাজকল্পঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য আগ্নেয়াস্ত্রস্য। বিদার্য্যমাণং বিনাশ্যমানম্, খস্থা আকাশস্থাঃ ॥২৯॥
ভীষ্ম ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ। আজমীঢ়স্য অজমীঢ়বংশীয়স্য ॥৩০॥
তত ইতি। অভিপপাত অভিদধাব, সংখ্যে সমরাঙ্গনে। পদাতিঃ পাদচারী সন্ ॥৩১॥
তমিতি। জবেন বেগেন, গদয়া সহেতি সগদন্তম্। সমন্তাৎ সর্ব্বেষ্বঙ্গেষু ॥৩২॥
অচিন্তেতি। তরস্বী বলবান্। বাহান্ অশ্বান্, বানায়ুজান্ বনায়ুদেশজাতান্ ॥৩৩॥
তত ইতি। তবাত্মজশ্চিত্রসেনঃ পরত্রোক্তেঃ। সমুদ্যতমুত্তোলিতমস্ত্রং যেন সঃ ॥৩৪॥

তাহার পর শিখণ্ডী সেই আগ্নেয় অস্ত্রের উপযুক্ত প্রতিঘাতক ভয়ঙ্কর অন্য বারুণাস্ত্র গ্রহণ করিয়া নিক্ষেপ করিলেন। তখন সেই বারুণাস্ত্র সেই আগ্নেয়াস্ত্রকে প্রতিহত করিতে থাকিল; ইহা আকাশস্থিত দেবতারা এবং ভূতলস্থিত রাজারা দেখিতে লাগিলেন ॥২৯॥

এদিকে মহাত্মা ও মহাবীর ভীষ্ম যুদ্ধে অজমীঢ়বংশীয় পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠিরের ধনু ও বিচিত্র ধ্বজ ছেদন করিয়া সিংহনাদ করিলেন ॥৩০॥

তাহার পর ভীমসেন যুধিষ্ঠিরকে ভয়াভিভূত দেখিয়া ধনু ও বাণ পরিত্যাগ করিয়া গদা ধারণপূর্ব্বক সমরাঙ্গনে জয়দ্রথের দিকে ধাবিত হইলেন ॥৩১॥

ভীমসেন গদা ধারণ করিয়া মহাবেগে আসিতে লাগিলে, জয়দ্রথ যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর ও সুতীক্ষ্ণ নয়টা বাণদ্বারা তাঁহার সমস্ত অঙ্গ বিদ্ধ করিলেন ॥৩২॥

তখন বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই বাণগুলিকে চিন্তা না করিয়া সমরাঙ্গনে যুদ্ধে জয়দ্রথের বনায়ুদেশীয় সমস্ত অশ্বগুলিকে বধ করিলেন ॥৩৩॥

(৩২)…সহসা জবেন…শিতৈঃ শরৈঃ পঞ্চশতৈঃ সমন্তাৎ—রা নি।

ভীমোঽপ্যথৈনং সহসা বিনদ্য প্রত্যুদ্‌যযৌ গদয়া তর্জমানঃ।
সমুদ্যতাং তাং যমদণ্ডকল্পাং দৃষ্ট্বা গদাং তে কুরবঃ সমন্তাৎ ॥৩৫॥
বিহায় সর্বে তব পুত্রমুগ্রং পাতং গদায়াঃ পরিহর্ত্তুকামাঃ।
অপক্রান্তাস্তুমুলে সম্প্রমর্দ্দে সুদারুণে ভারত! মোহনীয়ে ॥৩৬॥
(যুগ্মকম্)

অমূঢ়চেতাস্ত্বথ চিত্রসেনো মহাগদামাপতন্তীং নিরীক্ষ্য।
রথং সমুৎসৃজ্য পদাতিরাজৌ প্রগৃহ্য খড়্গং বিপুলঞ্চ চর্ম্ম।
অবপ্লুতঃ সিংহ ইবাচলাগ্রাজ্জগামান্যং ভূমিপ! ভূমিদেশম্ ॥৩৭॥
গদাপি সা প্রাপ্য রথং সুচিত্রং সাশ্বং সসূতং বিনিহত্য সংখ্যে।
জগাম ভূমিং জ্বলিতা মহোল্কা ভ্রষ্টাম্বরাদ্‌গামিব সংপতন্তী ॥৩৮॥

ভারতকৌমুদী

ভীম ইতি। বিনদ্য সিংহনাদং কৃত্বা। সংপ্রমর্দ্দে যুদ্ধসংঘর্ষে ॥৩৫—৩৬॥

অমূঢ়েতি। অমূঢ়চেতাঃ কর্ত্তব্যস্থিরচিত্তঃ। অচলস্য পর্বতস্যাগ্রাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

গদেতি। সসূতং সসারথিম্। অম্বরাদাকাশাৎ, গাং ভূমিম্, সংপতন্তী স্পৃশন্তী ॥৩৮॥

তাহা দেখিয়া আপনার পুত্র অতুলনীয়প্রভাবশালী চিত্রসেন দেবরাজের ন্যায় রথারোহণ করিয়া ত্বরান্বিত হইয়া অস্ত্র উত্তোলনপূর্ব্বক ভীমসেনকে বধ করিবার জন্য উপস্থিত হইলেন ॥৩৪॥

ভরতনন্দন! তখন ভীমসেনও সিংহনাদ করিয়া গদাদ্বারা ভয়প্রদর্শন করিতে থাকিয়া তৎক্ষণাৎ চিত্রসেনের প্রত্যুদ্‌গমন করিলেন। এই সময়ে কৌরবেরা সকলে যমদণ্ডের তুল্য সেই উত্তোলিত গদা দেখিয়া তাহার ভয়ঙ্কর আঘাত এড়াইবার ইচ্ছা করিয়া চিত্রসেনকে পরিত্যাগপূর্ব্বক তুমুল, অতিদারুণ ও মোহজনক সেই যুদ্ধসংঘর্ষে পলায়ন করিলেন ॥৩৫—৩৬॥

রাজা! সেই বিশাল গদাটা আসিতেছে দেখিয়া, চিত্রসেন স্থিরচিত্ত থাকিয়া, রথ পরিত্যাগ করিয়া, বিশাল তরবারি ও চর্ম্ম লইয়া, পর্ব্বতাগ্র হইতে সিংহের ন্যায় লাফাইয়া পড়িয়া পাদচারে অন্য স্থানে গমন করিলেন ॥৩৭॥

সেই গদাটাও যাইয়া অশ্ব ও সারথির সহিত সেই বিচিত্র রথখানাকে বিধ্বস্ত করিয়া আকাশভ্রষ্ট উজ্জ্বল মহোল্কার ন্যায় ভূতলে পতিত হইল ॥৩৮॥

(৩৫)···গদয়া তর্জয়ানঃ···রা নি। (৩৬)···উগ্রাং ভৈমীং গদাং তে···পি বা। (৩৭)· জগাম তং ভূমিপ!···পি বা। (৩৮)···গামিব সঞ্চরন্তী—পি বা।

আশ্চর্য্যরূপং সুমহত্ত্বদীয়া দৃষ্ট্বৈব তস্তারত! সম্প্রহৃষ্টাঃ।
সর্বে বিনেদুঃ সহিতাঃ সমন্তাৎ পুপূজিরে তব পুত্রস্য শৌর্য্যম্ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে চিত্রসেনরথভঙ্গে
ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

বিরথং তং সমাসাদ্য চিত্রসেনং যশস্বিনম্।
রথমারোপয়ামাস বিকর্ণস্তনয়স্তব ॥১॥
তস্মিংস্তথা বর্ত্তমানে তুমুলে সঙ্কুলে ভৃশম্।
ভীষ্মঃ শান্তনবস্তূর্ণং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥২॥

ভারতকৌমুদী

আশ্চর্য্যেতি। ত্বদীয়া যোদ্ধারঃ। তৎ কর্ম্ম। পুপূজিরে প্রশশংসুঃ ।৩৯।
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

বিরথমিতি। সমাসাদ্য প্রাপ্য। যশস্বিনং ক্ষিপ্রকারিত্বেনাত্মরক্ষণাৎ ॥১॥
তস্মিন্নিতি। তস্মিন্ যুদ্ধে। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥২॥

ভরতনন্দন! তখন আপনার পক্ষের যোদ্ধারা সকলে চিত্রসেনের সেই গুরুতর আশ্চর্য্য কর্ম্ম দেখিয়া আনন্দিত হইয়া সকল দিক্ হইতে একদা কোলাহল করিয়া উঠিলেন এবং আপনার সেই পুত্রের বীরত্বের প্রশংসা করিতে লাগিলেন' ॥৩৯॥

—০::০—

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন আপনার পুত্র বিকর্ণ যাইয়া রথবিহীন ও যশস্বী চিত্রসেনকে আপনার রথে তুলিয়া লইলেন ॥১॥

(৩৯) আশ্চর্য্যভূতম্…রা নি। * '…পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)… চিত্রসেনং মনস্বিনম্…পি বা।

ততঃ সনরনাগাশ্বাঃ সমকম্পন্ত সৃঞ্জয়াঃ।
মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং মেনিরে চ যুধিষ্ঠিরম্ ॥৩॥
যুধিষ্ঠিরোঽপি কৌরব্যো যমাভ্যাং সহিতঃ প্রভুঃ।
মহেষ্বাসং নরব্যাঘ্রং ভীষ্মং শান্তনবং যযৌ ॥৪॥
ততঃ শরসহস্রাণি প্রমুঞ্চন্ পাণ্ডবো যুধি।
ভীষ্মং সংছাদয়ামাস যথা মেঘো দিবাকরম্ ॥৫॥
তেন সম্যক্ প্রণীতানি শরজালানি ভাগশঃ।
প্রতিজগ্রাহ গাঙ্গেয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥৬॥
তথৈব শরজালানি ভীষ্মেণাস্তানি মারিষ!।
আকাশে সমদৃশ্যন্ত খগমানাং ব্রজা ইব ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। নরাঃ পদাতয়ঃ, নাগা হস্তিনঃ। আস্যং মুখম্ ॥৩॥
যুধীতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৪॥
তত ইতি। সহস্রপদং বহুত্বপরম্। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৫॥
তেনেতি। তেন যুধিষ্ঠিরেণ, প্রণীতানি রচিতানি, ভাগশো ভাগে ভাগে ॥৬॥
তথেতি। অস্তানি ক্ষিপ্তানি। খগমানাং পক্ষিণাম্, ব্রজাঃ সমূহাঃ ॥৭॥

সেই তুমুল ও সঙ্কুল যুদ্ধ সেইরূপ গুরুতর ভাবে চলিতে লাগিলে, শান্তনু-নন্দন ভীষ্ম সত্বর যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥২॥

তখন গজারোহী, অশ্বারোহী ও পদাতিদিগের সহিত সৃঞ্জয়েরা যুধিষ্ঠিরকে যমের মুখপ্রবিষ্ট বলিয়া মনে করিতে লাগিল ॥৩॥

এই সময়ে কৌরবনন্দন রাজা যুধিষ্ঠিরও নকুল এবং সহদেবের সহিত মিলিত হইয়া মহাধনুর্দ্ধর ও নরশ্রেষ্ঠ শান্তনুনন্দন ভীষ্মের দিকে গমন করিলেন ॥৪॥

তাহার পর মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ যুধিষ্ঠির যুদ্ধে বহুতর বাণ নিক্ষেপ করিয়া ভীষ্মকে আবৃত করিলেন ॥৫॥

যুধিষ্ঠির ভাগে ভাগে সম্যক্‌রূপে বহুসংখ্যক শরজাল নির্ম্মাণ করিলে, ভীষ্ম সেই শত শত ও সহস্র সহস্র শরজাল গ্রহণ করিলেন ॥৬॥

মাননীয় রাজা! ভীষ্মও সেইরূপই শরজাল নিক্ষেপ করিলেন; তখন আকাশে পক্ষিগণের ন্যায় সেগুলিকে দেখা যাইতে লাগিল ॥৭॥

(৩) ততঃ সরথনাগাশ্বাঃ···রা নি। (৪)···সহিতঃ প্রভো!···পি বা। শরজালানি সর্ব্বশঃ···পি,···শরজালানি মারিষ!···রা নি।

নিমেষার্দ্ধেন কৌন্তেয়ং ভীষ্মঃ শান্তনবো যুধি।
অদৃশ্যং সমরে চক্রে শরজালেন ভারত! ॥৮॥
ততো যুধিষ্ঠিরো রাজা কৌরব্যস্য মহাত্মনঃ।
নারাচং প্রেষয়ামাস ক্রুদ্ধ আশীবিষোপমম্ ॥৯॥
অসংপ্রাপ্তস্য তং তত্র ক্ষুরপ্রেণ মহারথঃ।
চিচ্ছেদ সমরে রাজন্! ভীষ্মস্তস্য ধনুশ্চ্যুতম্ ॥১০॥
তস্য চ্ছিত্ত্বা রণে ভীষ্মো নারাচং কালসন্নিভম্।
নিজঘ্নে কৌরবেন্দ্রস্য হয়ান্ কাঞ্চনভূষণান্ ॥১১॥
হতাশ্বস্তু রথং ত্যক্ত্বা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
আরুরোহ রথং তূর্ণং নকুলস্য মহাত্মনঃ ॥১২॥
যমাবপি হি সংক্রুদ্ধঃ সমাসাদ্য রণে তদা।
শরৈঃ সংছাদয়ামাস ভীষ্মঃ পরপুরঞ্জয়ঃ ॥১৩॥

ভারতকৌমুদী

নিমেষেতি। কৌন্তেয়ং যুধিষ্ঠিরং প্রকরণাৎ যময়োস্তু মাদ্রেয়ত্বাৎ ॥৮॥
তত ইতি। কৌরব্যস্য ভীষ্মস্য। আশীবিষোপমং সর্পতুল্যং দীর্ঘম্ ॥৯॥
অসমিতি। অসংপ্রাপ্তং স্বসন্নিধাবনাগতম্, ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥১০॥
তমিতি। কালসন্নিভং যমতুল্যম্। কৌরবেন্দ্রস্য যুধিষ্ঠিরস্য, হয়ান্ রথাশ্বান্ ॥১১॥
হতেতি। হতা অশ্বা যস্য তম্ ॥১২॥

এবং ভরতনন্দন! শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে নিমেষার্দ্ধমধ্যে শরজালদ্বারা যুধিষ্ঠিরকে সমরাঙ্গনে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৮॥

তাহার পর রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া মহাত্মা ভীষ্মের দিকে একটা সর্পতুল্য দীর্ঘ নারাচ নিক্ষেপ করিলেন ॥৯॥

রাজা! সেই নারাচটা উপস্থিত না হইতেই মহারথ ভীষ্ম একটা ক্ষুরপ্রদ্বারা যুধিষ্ঠিরের ধনু হইতে নির্গত সেই নারাচটাকে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

ভীষ্ম যমের তুল্য সেই নারাচটাকে ছেদন করিয়া যুধিষ্ঠিরের স্বর্ণভূষিত রথাশ্বগুলিকে বধ করিলেন ॥১১॥

তখন ধর্ম্মপুত্র যুধিষ্ঠির নিজের হতাশ্ব রথ ত্যাগ করিয়া সত্বর যাইয়া মহাত্মা নকুলের রথে আরোহণ করিলেন ॥১২॥

(৮) নিমেষার্দ্ধাচ্চ…পি বা। (১০) অসংপ্রাপ্তং ততস্তস্য…রা নি। (১১)…কালসন্নিভম্…রা নি। (১৩) যমাবপি হি সংক্রুদ্ধৌ…রা নি।

তৌ তু দৃষ্ট্বা মহারাজ! ভীষ্মবাণপ্রপীড়িতৌ।
জগাম পরমাং চিন্তাং ভীষ্মস্য বধকাঙ্ক্ষয়া ॥১৪॥
ততো যুধিষ্ঠিরো বশ্যান্ রাজ্ঞস্তান্ সমচোদয়ৎ।
ভীষ্মং শান্তনবং সর্বে নিহতেতি সুহৃদ্‌গণান্ ॥১৫॥
ততস্তে পার্থিবাঃ সর্বে শ্রুত্বা পার্থস্য ভাষিতম্।
মহতা রথবংশেন পরিবব্রুঃ পিতামহম্ ॥১৬॥
স সমন্তাৎ পরিবৃতঃ পিতা দেবব্রতস্ততঃ।
চিক্রীড় ধনুষা রাজন্! পাতয়ানো মহারথান্ ॥১৭॥
তং চরন্তং রণে পার্থা দদৃশুঃ কৌরবং যুধি।
মৃগমধ্যে প্রবিশ্যেব যথা সিংহং মহাবনে ॥১৮॥

ভারতকৌমুদী

যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ। পরেষাং শত্রূণাং পুরাণি জিতবানিতি সঃ ॥১৩॥
তাবিতি। জগাম প্রাপ যুধিষ্ঠির ইতি শেষঃ ॥১৪॥
তত ইতি। সমচোদয়ৎ প্রৈরয়ৎ। নিহত বিনাশয়ত যূয়ম্ ॥১৫॥
তত ইতি। পার্থস্য যুধিষ্ঠিরস্য। রথানাং বংশেন সমূহেন, পিতামহং ভীষ্মম্ ॥১৬॥
স ইতি। সমন্তাৎ সর্বতঃ। পাতয়ানঃ পাতয়মানঃ, মকারাগমাভাব আর্ষঃ ॥১৭॥
তমিতি। প্রবিশ্য স্থিতমিতি শেষঃ। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥১৮॥

সেই সময়ে শত্রুনগরবিজয়ী অতিক্রুদ্ধ ভীষ্ম যুদ্ধে নকুল এবং সহদেবকেও পাইয়া বাণদ্বারা তাঁহাদিগকেও আবৃত করিলেন ॥১৩॥

মহারাজ! তখন যুধিষ্ঠির নকুল ও সহদেবকে ভীষ্মের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় গুরুতর চিন্তান্বিত হইলেন ॥১৪॥

তাহার পর যুধিষ্ঠির নিজের অধীন ও বন্ধু রাজগণকে এই কথা বলিয়া প্রেরণ করিলেন যে, 'আপনারা সকলে শান্তনুনন্দন ভীষ্মকে বধ করুন' ॥১৫॥

তৎপরে পাণ্ডবপক্ষীয় রাজারা সকলে যুধিষ্ঠিরের আদেশ শুনিয়া বিশাল রথসমূহে ভীষ্মকে পরিবেষ্টন করিলেন ॥১৬॥

রাজা! তদনন্তর আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সকল দিকে বেষ্টিত হইয়া কার্ম্মুকনিক্ষিপ্ত বাণদ্বারা বিপক্ষীয় মহারথগণকে নিপাত করিতে থাকিয়া যেন খেলা করিতে লাগিলেন ॥১৭॥

(১৪)···জগামাথ পরাং চিন্তাম্···রা নি। (১৫)···শান্তনবং সংখ্যে···পি বা। (১৮)··· যথা সিংহশিশুং বনে—রা নি।

তর্জয়ানং রণে শূরাংস্ত্রাসয়ানঞ্চ সায়কৈঃ।
দৃষ্ট্বা ত্রেসুর্মহারাজ! সিংহং মৃগগণা ইব ॥১৯॥
রণে ভরতসিংহস্য দদৃশুঃ ক্ষত্রিয়া গতিম্।
অগ্নের্বায়ুসহায়স্য যথা কক্ষং দিধক্ষতঃ ॥২০॥
শিরাংসি রথিনাং ভীষ্মঃ পাতয়ামাস সংযুগে।
তালেভ্য ইব পক্কানি ফলানি কুশলো নরঃ ॥২১॥
পতদ্ভিশ্চ মহারাজ! শিরোভির্ধরণীতলে।
বভূব তুমুলঃ শব্দঃ পততামশ্মনামিব ॥২২॥
তস্মিন্ সুতুমুলে যুদ্ধে বর্ত্তমানে ভয়ানকে।
সর্বেষামেব সৈন্যানামাসীদ্ব্যতিকরো মহান্ ॥২৩॥

ভারতকৌমুদী

তর্জেতি। তর্জয়ানং ভৎর্সয়ন্তম্। ত্রেসুর্ভীতা বভূবুঃ ॥১৯॥
রণ ইতি। ভরতসিংহস্য ভীষ্মস্য। কক্ষং তৃণরাশিম্, দিধক্ষতো দগ্ধুমিচ্ছতঃ ॥২০॥
শিরাংসীতি। তালেভ্যো বৃক্ষেভ্যঃ। কুশলঃ ফলপাতননিপুণঃ ॥২১॥
পতদ্ভিরিতি। তুমুলো মহান্। অশ্মনাং পাষাণানাম্ ॥২২॥
তস্মিন্নিতি। সর্বেষামুভয়পক্ষীয়াণাম্। ব্যতিকরঃ সংঘর্ষঃ ॥২৩॥

তখন পাণ্ডবেরা দেখিলেন—মহাবনে মৃগমধ্যে প্রবিষ্ট সিংহের ন্যায় ভীষ্ম সমরাঙ্গনে বিপক্ষমধ্যে প্রবিষ্ট হইয়া বিচরণ করিতেছেন ॥১৮॥

মহারাজ! সিংহ দেখিয়া হরিণগণ যেমন ভীত হয়, সেইরূপ যুদ্ধে বিপক্ষগণের তর্জ্জনকারী ও বাণদ্বারা ভয়োৎপাদনকারী ভীষ্মকে দেখিয়া সকলে ভীত হইল ॥১৯॥

তৃণরাশিদহনপ্রবৃত্ত বায়ুসহায় অগ্নির ন্যায় যুদ্ধে ভরতসিংহ ভীষ্মের গতি ক্ষত্রিয়েরা দেখিতে লাগিলেন ॥২০॥

নিপুণ মানুষ যেমন তালবৃক্ষ হইতে তাহার পক্ক ফল নিপাতিত করে, সেইরূপ ভীষ্ম যুদ্ধে বিপক্ষ রথিগণের মস্তক নিপাতিত করিতে থাকিলেন ॥২১॥

মহারাজ! তখন প্রস্তর সকল পতিত হইতে থাকিলে যেমন তুমুল শব্দ হয়, সেইরূপ ভূতলে মস্তক সকল পতিত হইতে থাকায় তুমুল শব্দ হইতে লাগিল ॥২২॥

(১৯)…রণে বীরান্…রা নি। (২০) রণে ভারতসিংহস্য…রা নি। (২১) তালেভ্যঃ পরিপক্কানি…রা নি।

ভিন্নেষু তেষু ব্যূহেষু ক্ষত্রিয়া ইতরেতরম্।
একমেকং সমাহূয় যুদ্ধায়ৈবোপতস্থিরে ॥২৪॥
শিখণ্ডী তু সমাসাদ্য ভরতানাং পিতামহম্।
অভিদুদ্রাব বেগেন তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২৫॥
অনাদৃত্য ততো ভীষ্মস্তং শিখণ্ডিনমাহবে।
প্রযযৌ সৃঞ্জয়ান্ ক্রুদ্ধঃ স্ত্রীত্বং তস্য বিচিন্তয়ন্ ॥২৬॥
সৃঞ্জয়াস্তু ততো দৃষ্ট্বা রাজন্! ভীষ্মং মহারথম্।
সিংহনাদান্ বহুবিধাংশ্চক্রুঃ শঙ্খবিমিশ্রিতান্ ॥২৭॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্।
পশ্চিমাং দিশমাস্থায় স্থিতে সবিতরি প্রভো! ॥২৮॥

ভারতকৌমুদী

ভিন্নেষ্বিতি। ভিন্নেষু সংঘর্ষাদ্বিশ্লিষ্টেষু। ইতরেতরং পরস্পরম্ ॥২৪॥
শিখণ্ডীতি। ভরতানাং তদানীন্তনানাং যুধিষ্ঠিরাদীনাম্, পিতামহং ভীষ্মম্ ॥২৫॥
অনাদৃত্যেতি। আহবে যুদ্ধে। স্ত্রীত্বং ভূতপূর্বম্ ॥২৬॥
সৃঞ্জয়া ইতি। শঙ্খবিমিশ্রিতান্ শঙ্খধ্বনিযুক্তান্ ॥২৭॥
তত ইতি। ব্যতিষক্তাঃ পরস্পরং মিলিতা রথা দ্বিপা হস্তিনশ্চ যত্র তৎ ॥২৮॥

অতিতুমুল ও ভয়ঙ্কর সেই যুদ্ধ চলিতে লাগিলে, উভয় পক্ষের সমস্ত সৈন্যেরই গুরুতর সংঘর্ষ হইতে থাকিল ॥২৩॥

সেই সমস্ত ব্যূহ বিশ্লিষ্ট হইয়া উঠিলে, ক্ষত্রিয়েরা পরস্পর এক এক জনকে আহ্বান করিয়া যুদ্ধের জন্যই অগ্রসর হইলেন ॥২৪॥

এই সময়ে শিখণ্ডী ভীষ্মকে দেখিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২৫॥

কিন্তু ভীষ্ম শিখণ্ডীর ভূতপূর্ব্ব স্ত্রীত্ব স্মরণপূর্বক তাঁহাকে অগ্রাহ্য করিয়া ক্রুদ্ধ অবস্থায় যুদ্ধে সৃঞ্জয়দিগের প্রতি গমন করিলেন ॥২৬॥

রাজা! তখন সৃঞ্জয়েরা মহারথ ভীষ্মকে দেখিয়া শঙ্খধ্বনির সহিত নানা-বিধ সিংহনাদ করিতে লাগিল ॥২৭॥

নরনাথ! ক্রমে সূর্য্য পশ্চিম দিক্ অবলম্বন করিয়া অবস্থান করিলে, যুদ্ধ প্রবৃত্ত হইল; তখন উভয় পক্ষেরই রথ ও হস্তী সকল পরস্পর মিলিত হইতে থাকিল ॥২৮॥

(২৪)···অবতস্থিরে—রা নি। (২৭)···দৃষ্ট্বা দৃষ্টং ভীষ্মং মহারণে···রা নি। (২৮)··· অপরাং দিশমাস্থায়···পি বা।

ধৃষ্টদ্যুম্নোঽথ পাঞ্চাল্যঃ সাত্যকিশ্চ মহারথঃ।
পীড়য়ন্তৌ ভৃশং সৈন্যং শক্তিতোমরবৃষ্টিভিঃ ॥২৯॥
শস্ত্রৈশ্চ বহুভী রাজন্! জঘ্নতুস্তাবকান্ রণে।
তে হন্যমানাঃ সমরে তাবকা ভরতর্ষভ! ॥৩০॥
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা ন ত্যজন্তি স্ম সংযুগম্।
যথোৎসাহঞ্চ সমরে জঘ্নুর্লোকমহারথাঃ ॥৩১॥ (বিশেষকম্)
তত্রাক্রন্দো মহানাসীত্তাবকানাং মহাত্মনাম্।
বধ্যতাং সমরে রাজন্! পার্ষতেন মহাত্মনা ॥৩২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তাবকানাং মহারথৌ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ পার্ষতং প্রত্যুপস্থিতৌ ॥৩৩॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রঃ। তাবকান্ ত্বৎপক্ষীয়ান্। আর্য্যাং সাধ্বীম্। পলায়নে নিকর্ষপ্রতীত্যা অনার্য্যতাপ্রতীতিরিতি ভাবঃ। নিজঘ্নুর্বিপক্ষানিতি শেষঃ ॥২৯—৩১॥

তত্রেতি। আক্রন্দ আরাবঃ কোলাহল ইতি যাবৎ, "আরাবে রুদিতে ত্রাতর্য্যাক্রন্দো দারুণে রণে" ইত্যমরঃ। বধ্যতাং বধ্যমানানাম্। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন ॥৩২॥

তমিতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥৩৩॥

রাজা! তাহার পর পাঞ্চালরাজনন্দন ধৃষ্টদ্যুম্ন ও মহারথ সাত্যকি শক্তি ও তোমরবর্ষণ করিয়া এবং অন্য বহুবিধ অস্ত্রদ্বারা যুদ্ধে বিপক্ষসৈন্যগণকে অত্যন্ত পীড়ন করতঃ আপনার পক্ষীয় যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলেন। ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের সেই যোদ্ধারা যুদ্ধে নিহত হইতে থাকিয়াও যুদ্ধবিষয়ে সজ্জনোচিত বুদ্ধি করিয়াই যুদ্ধ ত্যাগ করিলেন না; কিন্তু তাঁহাদের মধ্যের মহারথেরা উৎসাহ অনুসারে যুদ্ধে বিপক্ষদিগকে সংহারই করিতে থাকিলেন ॥২৯—৩১॥

রাজা! তখন মহাবল ধৃষ্টদ্যুম্ন বধ করিতে লাগিলে, আপনার পক্ষীয় যোদ্ধাদের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৩২॥

এই সময়ে অবন্তিদেশীয় মহারথ বিন্দ ও অনুবিন্দ আপনার সৈন্যগণের সেই ভয়ঙ্কর কোলাহল শুনিয়া ধৃষ্টদ্যুম্নের সম্মুখে উপস্থিত হইলেন ॥৩৩॥

(৩০) শস্ত্রৈর্বহুবিধৈ রাজন্নাজঘ্নুস্তাবকান্ রণে···পি বা। (৩১)···যথোৎসাহং তু সমরে নিজঘ্নুস্তাবকা রণে—রা নি।

তৌ তস্য তুরগান্ হত্বা ত্বরমাণৌ মহারথৌ।
ছাদয়ামাসতুরুভৌ শরবর্ষেণ পার্থিবম্ ॥৩৪॥
অবপ্লুত্যাথ পাঞ্চাল্যো রথাত্তূর্ণং মহাবলঃ।
আরুরোহ রথং তূর্ণং সাত্যকেস্তু মহাত্মনঃ ॥৩৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা মহত্যা সেনয়া বৃতঃ।
আবন্ত্যৌ সমরে ক্রুদ্ধাবভ্যধাবৎ পরন্তপঃ ॥৩৬॥
তথৈব তব পুত্রোঽপি সর্বোদ্‌যোগেন মারিষ!।
বিন্দানুবিন্দৌ সমরে পরিবার্য্যাবতস্থিবান্ ॥৩৭॥
অর্জ্জুনশ্চাপি সংক্রুদ্ধঃ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ।
অযোধয়ত সংগ্রামে বজ্রপাণিরিবাসুরান্ ॥৩৮॥
দ্রোণস্তু সমরে ক্রুদ্ধঃ পুত্রস্য প্রিয়কৃত্তব।
ব্যধমৎ সর্বপাঞ্চালাংস্তূলরাশিমিবানলঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তাবিতি। তৌ বিন্দানুবিন্দৌ, তস্য পার্থিবস্য ॥৩৪॥
অবেতি। তূর্ণমবপ্লুত্য তূর্ণমারুরোহেতি পুনরুক্ত্যভাবঃ ॥৩৫॥
তত ইতি। আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ। অভ্যধাবৎ ধৃষ্টদ্যুম্ন সাহায্যার্থমিত্যাশয়ঃ ॥৩৬॥
তথেতি। তব পুত্রো দুর্য্যোধনঃ, তথা পরত্রাভিধানাৎ। পরিবার্য্য হননায় পরিবেষ্ট্য ॥৩৭॥
অর্জ্জুন ইতি। বজ্রপাণিরিন্দ্রঃ। এতেন বিপক্ষবিধ্বংসঃ সূচিতঃ ॥৩৮॥
দ্রোণ ইতি। তব পুত্রস্য দুর্য্যোধনস্য। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৯॥

এবং মহারথ বিন্দ ও অনুবিন্দ সত্বর ধৃষ্টদ্যুম্নের রথের অশ্বগুলিকে বধ করিয়া বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥৩৪॥

তাহার পর মহাবল ধৃষ্টদ্যুম্ন আপন রথ হইতে সত্বর লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া মহাত্মা সাত্যকির রথে আরোহণ করিলেন ॥৩৫॥

তদনন্তর পরন্তপ রাজা যুধিষ্ঠির বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ধৃষ্টদ্যুম্নের সাহায্য করিবার জন্য ক্রুদ্ধ বিন্দ ও অনুবিন্দের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

মাননীয় রাজা! সেইরূপই আপনার পুত্র দুর্য্যোধনও সর্ব্বপ্রযত্নে সমরাঙ্গনে বিন্দ ও অনুবিন্দকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৭॥

ইন্দ্র যেমন অসুরগণের সহিত যুদ্ধ করিতেন, সেইরূপ ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুনও ক্রুদ্ধ হইয়া সমরাঙ্গনে ক্ষত্রিয়গণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৮॥

(৩৬)…পরন্তপৌ—রা নি। (৩৮)…ক্ষত্রিয়র্ষভ!…পি বা।

দুর্য্যোধনপুরোগাস্ত্ব পুত্রাস্তব বিশাংপতে!।
পরিবার্য্য রণে ভীষ্মং যুযুধুঃ পাণ্ডবৈঃ সহ ॥৪০॥
ততো দুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে।
অব্রবীত্তাবকান্ সর্বাংস্ত্বরধ্বমিতি ভারত! ॥৪১॥
যুধ্যতাস্তু তথা তেষাং কুর্বতাং কর্ম্ম দুষ্করম্।
অস্তং গিরিমথারূঢ়ে ন প্রকাশতি ভাস্করে ॥৪২॥
প্রাবর্ত্তত নদী ঘোরা শোণিতৌঘতরঙ্গিণী।
গোমায়ুগণসঙ্কীর্ণা ক্ষণেন ক্ষণদামুখে ॥৪৩॥
শিবাভিরশিবাভিশ্চ রুবতীভিঃ সমন্ততঃ।
ঘোরমায়োধনং জজ্ঞে ভূতসংঘসমাকুলম্ ॥৪৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। পুরোগা অগ্রগামিনঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪০॥

তত ইতি। লোহিতায়তি অস্তোন্মুখতয়া রক্তবর্ণে সতি। ত্বরধ্বং শত্রুসংহারায় ॥৪১॥

যুধ্যতামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। ন প্রকাশতি অপ্রকাশমানে। গোমায়ূনাং শৃগালানাং গণেন সঙ্কীর্ণা ব্যাপ্তা, ক্ষণদামুখে রজনীমুখে। অশিবাভিঃ অমঙ্গলসূচিকাভিঃ। এতেন পর্য্যায়ত্বেঽপি গোমায়ূনাং শিবত্বং ধ্বনিতম্। আয়োধনং যুদ্ধম্ ॥৪২—৪৪॥

রাজা! অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ আপনার পুত্রের প্রিয়-কার্য্যকারী দ্রোণ যুদ্ধে সমস্ত পাঞ্চালসৈন্যকে দগ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

নরনাথ! দুর্য্যোধনের অগ্রগামী আপনার পুত্রেরা সমরাঙ্গনে ভীষ্মকে পরিবেষ্টন করিয়া পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪০॥

ভরতনন্দন! তাহার পর সূর্য্য রক্তবর্ণ হইয়া উঠিলে, রাজা দুর্য্যোধন আপনার সমস্ত যোদ্ধাকে বলিলেন—'আপনারা শত্রুসংহারে সত্বর হউন' ॥৪১॥

তাহার পর সৈন্যগণের ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল। সুতরাং সূর্য্য অস্তাচল-গত হইয়া অপ্রকাশিত হইলে, সেই প্রদোষসময়ে দুষ্কর-কার্য্যকারী সেই যুধ্যমান সৈন্যগণের মধ্যে ভয়ঙ্কর একটা নদী প্রবাহিত হইল; তাহাতে রক্তের তরঙ্গ চলিতে লাগিল এবং সাধারণ শৃগালগণ, অমঙ্গলসূচক শব্দায়মান অন্য শৃগালগণ ও অন্যান্য প্রাণিগণ সকল দিকে ক্ষণকালমধ্যে সেই নদীটাকে ব্যাপ্ত করিল ॥৪২—৪৪॥

(৪২)…অপ্রকাশতি ভাস্করে…রা নি। (৪৪)…অশিবাভিশ্চ রুবদ্ভির্ভৈরবং রবম্‌… ভূতসংঘৈঃ সমাকুলম্—রা নি।

রাক্ষসাশ্চ পিশাচাশ্চ তথান্যে পিশিতাশিনঃ।
সমন্ততো ব্যদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥৪৫॥
অর্জ্জুনোঽথ সুশর্ম্মাদীন্ রাজ্ঞঃ সহপদানুগান্।
বিভিদ্য পৃতনামধ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৬॥
যুধিষ্ঠিরোঽপি কৌরব্যো ভ্রাতৃভ্যাং সহিতস্তথা।
যযৌ স্বশিবিরং রাজা নিশায়াং সেনয়া বৃতঃ ॥৪৭॥
ভীমসেনোঽপি রাজেন্দ্র! দুর্য্যোধনমুখান্ রথান্।
অবজিত্য ততঃ সংখ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৮॥
দুর্য্যোধনোঽপি নৃপতিঃ পরিবার্য্য মহারণে।
ভীষ্মং শান্তনবং তূর্ণং প্রয়াতঃ শিবিরং প্রতি ॥৪৯॥
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ শল্যঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
পরিবার্য্য চমূং সর্বাং প্রযযুঃ শিবিরং প্রতি ॥৫০॥

ভারতকৌমুদী

রাক্ষসা ইতি। অন্যে কুক্কুরাদয়ঃ, পিশিতাশিনো মাংসভোজিনঃ ॥৪৫॥
অর্জ্জুন ইতি। পদানুগৈরনুচরৈঃ সহেতি সহপদানুগাংস্তান্। বিভিদ্য বিজিত্য ॥৪৬॥
যুধীতি। ভ্রাতৃভ্যাং নকুলসহদেবাভ্যাং তথৈব পূর্ব্বমুক্তত্বাৎ পারিশেষ্যাচ্চ ॥৪৭॥
ভীমেতি। দুর্য্যোধনমুখান্ দুর্য্যোধনাদীন্, রথান্ রথিনঃ ॥৪৮॥
দুর্য্যোধন ইতি। পরিবার্য্য রক্ষার্থং পরিবেষ্ট্য ॥৪৯॥
দ্রোণ ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সাত্বতস্তদ্বংশীয়ঃ ॥৫০॥

এবং সকল দিকে শত শত ও সহস্র সহস্র রাক্ষস, পিশাচ ও অন্যান্য মাংসভোজী জন্তুগণকে দেখা যাইতে লাগিল ॥৪৫॥

তাহার পর অর্জ্জুন বিপক্ষসৈন্যমধ্যে অনুচরবর্গের সহিত সুশর্ম্মাদি রাজগণকে জয় করিয়া আপন শিবিরের দিকে গমন করিলেন ॥৪৬॥

কৌরবনন্দন রাজা যুধিষ্ঠিরও নকুল এবং সহদেবের সহিত সৈন্যে পরিবেষ্টিত হইয়া রাত্রিতে নিজ শিবিরে প্রস্থান করিলেন ॥৪৭॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর ভীমসেনও দুর্য্যোধনপ্রভৃতি রথীদিগকে জয় করিয়া স্বকীয় শিবিরের দিকে গমন করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা দুর্য্যোধনও মহাযুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে পরিবেষ্টন করিয়া থাকিয়া তখন সত্বর শিবিরে প্রস্থান করিলেন ॥৪৯॥

(৪৬)···রাজ্ঞস্তান্ সপদানুগান্। বিজিত্য···রা নি। (৪৭)···সহিতস্তদা···স্বশিবিরং রাজন্!···পি বা। (৫০)···চমূং সর্ব্বে ··পি বা।

তথৈব সাত্যকী রাজন্! ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
পরিবার্য্য রণে যোধান্ যযতুঃ শিবিরং প্রতি ॥৫১॥
এবমেতে মহারাজ! তাবকাঃ পাণ্ডবৈঃ সহ।
পর্য্যবর্ত্তন্ত সহিতা নিশাকালে পরন্তপাঃ ॥৫২॥
ততঃ স্বশিবিরং গত্বা পাণ্ডবাঃ কুরবস্তথা।
ন্যবসন্ত মহারাজ! পূজয়ন্তঃ পরস্পরম্ ॥৫৩॥
রক্ষাং কৃত্বা ততঃ শূরা ন্যস্য গুল্মান্ যথাবিধি।
অপনীয় চ শল্যানি স্নাত্বা চ বিবিধৈর্জলৈঃ ॥৫৪॥
কৃতস্বস্ত্যয়নাঃ সর্ব্বে স্তূয়মানাশ্চ বন্দিভিঃ।
গীতবাদিত্রশব্দেন চিক্রীড়ুস্তে যশস্বিনঃ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। যোধান্ পাণ্ডবপক্ষীয়ান্ ॥৫১॥

এবমিতি। পর্য্যবর্ত্তন্ত সমরাঙ্গনাৎ প্রতিনিবৃত্তাঃ ॥৫২॥

তত ইতি। পূজয়ন্তঃ সমরনৈপুণ্যাদ্যুল্লেখেন প্রশংসন্তঃ ।৫৩॥

রক্ষামিতি। ততঃ সর্বে যশস্বিনস্তে শূরা উভয়পক্ষীয়া এব বীরাঃ, যথাবিধি রক্ষিস্থাপনাদিনা শিবিরাণাং রক্ষাং কৃত্বা, গুল্মান্ সৈন্যসন্নিবেশান্, ন্যস্য বিশ্রামায় বিধায়, শল্যানি শরাগ্রাদীনি, অপনীয় দেহাদ্দূরীকৃত্য, বিবিধৈর্গন্ধদ্রব্যাদিযুক্তৈর্জলৈঃ স্নাত্বা চ, কৃতস্বস্ত্যয়না বিহিতসন্ধ্যাবন্দনাদিমঙ্গলব্যাপারাঃ, বন্দিভির্বৈতালীকৈঃ স্তূয়মানাশ্চ সন্তঃ, গীতবাদিত্রশব্দেন চিক্রীড়ুঃ আননন্দুঃ ॥৫৪—৫৫॥

দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, শল্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা সমস্ত সৈন্যকে পরিবেষ্টন করিয়া শিবিরের দিকে চলিলেন ॥৫০॥

রাজা! সেইরূপই সাত্যকি ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে সৈন্যদিগকে পরিবেষ্টনপূর্ব্বক থাকিয়া তৎকালে শিবিরে যাইতে লাগিলেন ॥৫১॥

মহারাজ! এইভাবে সেই শত্রুসন্তাপক কৌরবযোদ্ধারা পাণ্ডবযোদ্ধাদের সহিত রাত্রিকালে একসময়েই সমরাঙ্গন হইতে প্রতিনিবৃত্ত হইলেন ॥৫২॥

মহারাজ! তাহার পর পাণ্ডবগণ ও কৌরবগণ আপন আপন শিবিরে যাইয়া পরস্পর প্রশংসা করিতে থাকিয়া (কিয়ৎকাল) বাস করিলেন ॥৫৩॥

তদনন্তর সেই যশস্বী বীরেরা সকলে যথাবিধানে শিবিররক্ষা, সৈন্যসংস্থাপন, দেহ হইতে শল্য-(বাণের অগ্রপ্রভৃতি-) নিঃসারণ এবং নানাবিধ জলে স্নান

(৫২)…পরন্তপ!—রা নি। (৫৩)…কুরুভিঃ সহ। ন্যবিশন্ত…পি। (৫৪) রক্ষাং কৃত্বাত্মনঃ…শল্যাংস্তে…বিধিবজ্জলৈঃ—পি বা।

মুহূর্ত্তাদিব তৎ সর্বমভবৎ স্বর্গসন্নিভম্।
ন হি যুদ্ধকথাং কাঞ্চিত্তত্রাকুর্বন্ মহারথাঃ ॥৫৬॥
তে প্রসুপ্তে বলে তত্র পরিশ্রান্তজনে নৃপ!।
হস্ত্যশ্ববহুলে রাত্রৌ প্রেক্ষণীয়ে বভূবতুঃ ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধসমাপ্তির্নাম ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুরশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

পরিণাম্য নিশাং তাং তু সুখসুপ্তা জনেশ্বরাঃ।
কুরবঃ পাণ্ডবাশ্চৈব পুনর্যুদ্ধায় নির্যযুঃ ॥১॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তাদিতি। সর্বং শিবিরং স্বর্গসন্নিভমভবৎ, আমোদময়ত্বাৎ ॥৫৬॥

তে ইতি। বলে উভে সেনে। প্রেক্ষণীয়ে সুদৃশ্যে নিদ্রয়া নিস্পন্দত্বাৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

পরীতি। পরিণাম্য পরিণতাং কৃত্বা অতিবাহেত্যর্থঃ। জনেশ্বরা রাজানঃ ॥১॥

করিয়া সন্ধ্যাবন্দনাদিসমাধানপূর্ব্বক বন্দিগণের স্তুতিবাদ শুনিতে থাকিয়া গান ও বাদ্যের শব্দে আমোদ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

সুতরাং মুহূর্ত্তকালমধ্যে সেই সমস্ত শিবিরই যেন স্বর্গতুল্য হইয়া গেল। কারণ, তৎকালে মহারথেরা যুদ্ধের কোন আলোচনাই করিতে লাগিলেন না ॥৫৬॥

রাজা! ক্রমে রাত্রিতে হস্ত্যশ্ববহুল সেই পরিশ্রান্ত উভয়পক্ষীয় সৈন্যেরাই নিদ্রিত হইয়া পড়িল; তখন তাহাদিগকে সুন্দর দেখা যাইতে লাগিল' ॥৫৭॥

—:::—

(৫৬)…স্বর্গসন্নিভম্…তত্র চক্রুঃ…পি বা। (৫৭)…হস্ত্যশ্বতুমুলে রাজন্!…পি। *…ষড়শীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ততঃ শব্দো মহানাসীৎ সেনয়োরুভয়োর্নৃপ!।
নির্গচ্ছমানয়োঃ সংখ্যে যথা সাগরয়োরিব ॥২॥
ততো দুর্য্যোধনো রাজা চিত্রসেনো বিবিংশতিঃ।
ভীষ্মশ্চ রথিনাং শ্রেষ্ঠো ভারদ্বাজশ্চ বৈ দ্বিজঃ ॥৩॥
একীভূতাঃ সুসংযত্তাঃ কৌরবাণাং মহারথাঃ।
ব্যূহায় বিদধূ রাজন্! পাণ্ডবান্ প্রতি দংশিতাঃ ॥৪॥ (যুগ্মকম্)
কূর্ম্মব্যূহং ততঃ কৃত্বা পিতা তব বিশাংপতে!।
সাগরপ্রতিমং ঘোরং বাহনোর্ম্মিতরঙ্গিণম্ ॥৫॥
অগ্রতঃ সর্বসৈন্যানাং ভীষ্মঃ শান্তনবো যযৌ।
মালবৈর্দাক্ষিণাত্যৈশ্চ আবন্ত্যৈশ্চ সমন্বিতঃ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। নির্গচ্ছমানয়োঃ শিবিরেভ্যো নির্গচ্ছতোঃ। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২॥

তত ইতি। ভারদ্বাজো দ্রোণঃ। সুসংযত্তা জয়ায়াতীব যত্নবন্তঃ। ব্যূহায় কূর্ম্মব্যূহ-নির্ম্মাণায়, বিদধুশ্চেষ্টাং চক্রুঃ। দংশিতাঃ কৃতযুদ্ধসজ্জাঃ ॥৩—৪॥

কূর্ম্মেতি। বাহনানাং ঘোটকাদীনাম্ ঊর্ম্ময়ো বেগা বেগেনোৎপ্লবনান্যেব তরঙ্গা অস্য সন্তীতি তম্, "ঊর্ম্মিঃ স্ত্রীপুংসয়োর্বীচ্যাং প্রকাশে বেগভঙ্গয়োঃ। বস্ত্রসঙ্কোচরেখায়াং বেদনা-পীড়য়োরপি" ইতি মেদিনী। আবন্ত্যৈরবন্তিদেশীয়ৈর্যোধৈঃ ॥৫—৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সুখনিদ্রিত কৌরব, পাণ্ডব ও অন্যান্য রাজারা সেই রাত্রি অতিবাহিত করিয়া পুনরায় যুদ্ধ করিবার জন্য আপন আপন শিবির হইতে নির্গত হইলেন ॥১॥

রাজা! ক্রমে নির্গত হইবার সময় হইতেই দুইটা সমুদ্রের ন্যায় উভয় সৈন্যের বিশাল কোলাহল হইতে লাগিল ॥২॥

রাজা! তাহার পর রাজা দুর্য্যোধন, চিত্রসেন, বিবিংশতি, রথিশ্রেষ্ঠ ভীষ্ম এবং ব্রাহ্মণ দ্রোণাচার্য্য এই সকল যুদ্ধসজ্জায় সজ্জিত কৌরবপক্ষীয় মহারথ একীভূত ও বিশেষ যত্নবান্ হইয়া পাণ্ডবপক্ষের বিরুদ্ধে ব্যূহরচনা করিবার চেষ্টা করিলেন ॥৩—৪॥

নরনাথ! তদনন্তর আপনার জ্যেষ্ঠতাত শান্তনুনন্দন ভীষ্ম—অশ্বপ্রভৃতি বাহনগণের বেগে উৎপ্লবনরূপ-তরঙ্গযুক্ত-সমুদ্রতুল্য কূর্ম্মব্যূহ নির্ম্মাণ করিয়া

(২)…সেনয়োরুভয়োরপি—পি বা,…নির্গচ্ছতোস্তদা সংখ্যে—পি, নির্গচ্ছমানয়োঃ সংখ্যে সাগরপ্রতিমো মহান্—বা রা। (৪)…কৌরবাণাং মহাচমূম্…রা নি,…ব্যূহায় নিদধুঃ …বা। (৫) ভীষ্মঃ কৃত্বা মহাব্যূহম্…পি বা রা।

ততোঽনন্তরমেবাসীদ্ভারদ্বাজঃ প্রতাপবান্।
পুলিন্দৈঃ পারদৈশ্চৈব তথা ক্ষুদ্রকমালবৈঃ ॥৭॥
দ্রোণাদনন্তরং যত্তো ভগদত্তঃ প্রতাপবান্।
মগধৈশ্চ কলিঙ্গৈশ্চ পিশাচৈশ্চ বিশাংপতে! ॥৮॥
প্রাগ্‌জ্যোতিষাদনু নৃপঃ কৌশল্যোঽথ বৃহদ্বলঃ।
মেকলৈঃ কুরুবিন্দৈশ্চ ত্রৈপুরৈশ্চ সমন্বিতঃ ॥৯॥
বৃহদ্বলাদনু নৃপস্ত্রিগর্ত্তঃ প্রস্থলাধিপঃ।
কাম্বোজৈর্বহুভিঃ সার্দ্ধং যবনৈশ্চ সহস্রশঃ ॥১০॥
দ্রৌণিস্তু রভসঃ শূরস্ত্রৈগর্ত্তাদনু ভারত!।
প্রযযৌ সিংহনাদেন নাদয়ানো ধরাতলম্ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। অনন্তরং পশ্চাৎ, ভারদ্বাজো দ্রোণঃ। পুলিন্দাদিভিঃ সমন্বিত ইত্যনুবৃত্তিঃ ॥৭॥
দ্রোণাদিতি। যত্তো যুদ্ধে যত্নবান্। পিশাচৈঃ পিশাচদেশীয়ৈর্যোদ্ধৃভিঃ ॥৮॥
প্রাগিতি। প্রাগ্‌জ্যোতিষাৎ তদধিপতের্ভগদত্তাৎ, অনু পশ্চাৎ, কৌশল্যঃ কোশলরাজঃ ॥৯॥
বৃহদ্বলাদিতি। ত্রিগর্ত্তস্ত্রিগর্ত্তদেশরাজঃ সুশর্ম্মা ॥১০॥
দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা, রভসো যুদ্ধোৎসাহী। নাদয়ানো নাদয়মানঃ ॥১১॥

মালব, দাক্ষিণাত্য ও অবন্তিদেশীয় যোদ্ধৃগণে পরিবেষ্টিত হইয়া সমস্ত সৈন্যের অগ্রে অগ্রে গমন করিতে লাগিলেন ॥৫—৬॥

পুলিন্দ, পারদ, ক্ষুদ্রক ও অন্য মালবদেশীয় সৈন্যগণের সহিত প্রতাপশালী দ্রোণ ভীষ্মের পিছনে চলিলেন ॥৭॥

নরনাথ! যুদ্ধে যত্নশীল ও প্রতাপশালী ভগদত্ত—মগধ, কলিঙ্গ ও পিশাচ-দেশীয় যোদ্ধাদের সহিত মিলিত হইয়া দ্রোণের পরে গমন করিলেন ॥৮॥

ভগদত্তের পশ্চাতে কোশলদেশাধিপতি রাজা বৃহদ্বল—মেকল, কুরুবিন্দ ও ত্রিপুরদেশীয় সৈন্যগণের সহিত যাইতে লাগিলেন ॥৯॥

প্রস্থলনগরের অধিপতি ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা—বহুতর কাম্বোজসৈন্য ও সহস্র সহস্র যবনসৈন্যের সহিত মিলিত হইয়া বৃহদ্বলের পশ্চাতে চলিলেন ॥১০॥

ভরতনন্দন! যুদ্ধোৎসাহী ও বীর অশ্বত্থামা সিংহনাদে ধরাতল নিনাদিত করিতে থাকিয়া সুশর্ম্মার পিছনে যাইতে থাকিলেন ॥১১॥

(৯)··· মেকলৈস্ত্রৈপুরৈশ্চৈব পুণ্ড্রকৈশ্চ···পি,·· মেকলৈস্ত্রৈপুরৈশ্চৈব চিবুকৈশ্চ···বা।

তথা সর্বেণ সৈন্যেন রাজা দুর্য্যোধনস্তদা।
দ্রৌণেরনন্তরং প্রায়াৎ সোদর্য্যৈঃ পরিবারিতঃ ॥১২॥
দুর্য্যোধনাদনু ততঃ কৃপঃ শারদ্বতো যযৌ।
এবমেব মহাব্যূহঃ প্রযযৌ সাগরোপমঃ ॥১৩॥
রেজুস্তত্র পতাকাশ্চ শ্বেতচ্ছত্রাণি ভারত!।
অঙ্গদান্যত্র চিত্রাণি মহার্হাণি ধনূংষি চ ॥১৪॥
তং তু দৃষ্ট্বা মহাব্যূহং তাবকানাং মহারথঃ।
যুধিষ্ঠিরোঽব্রবীত্তূর্ণং পার্ষতং পৃতনাপতিম্ ॥১৫॥
পশ্য ব্যূহং মহেষ্বাস! নির্ম্মিতং সাগরোপমম্।
প্রতিব্যূহং ত্বমপি মে কুরু পার্ষত! সত্বরম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তথেতি। সর্ব্বেণ উক্তাবশিষ্টেন। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥১২॥
দুর্য্যোধনাদিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১৩॥
রেজুরিতি। অঙ্গদানি কেযূরাণি, মহার্হাণি মহামূল্যানি ॥১৪॥
তমিতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্, পৃতনাপতিং সেনাপতিম্ ॥১৫॥
পশ্যেতি। হে মহেষ্বাস! মহাধনুর্দ্ধর! ॥১৬॥

রাজা দুর্য্যোধন অবশিষ্ট সমস্ত সৈন্যের সহিত মিলিত ও সহোদরগণে পরিবেষ্টিত হইয়া অশ্বত্থামার পিছনে চলিলেন ॥১২॥

এবং দুর্য্যোধনের পশ্চাতে শরদ্বানের পুত্র কৃপাচার্য্য যাইতে লাগিলেন। এই ভাবেই সেই সমুদ্রতুল্য মহাব্যূহ চলিল ॥১৩॥

ভরতনন্দন! তখন সেই ব্যূহে পতাকা, শ্বেতবর্ণ ছত্র, বিচিত্র ও মহামূল্য কেযূর এবং ধনু সকল শোভা পাইতে লাগিল ॥১৪॥

ক্রমে আপনার পক্ষের যোদ্ধাদের সেই মহাব্যূহ দেখিয়া মহারথ যুধিষ্ঠির সত্বর সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—॥১৫॥

'মহাধনুর্দ্ধর পৃষতনন্দন! আপনি বিপক্ষনির্ম্মিত সমুদ্রতুল্য ব্যূহ দর্শন করুন। সুতরাং আপনিও সত্বর আমার পক্ষে উহার প্রতিব্যূহ নির্ম্মাণ করুন' ॥১৬॥

(১৪)…শ্বেতচ্ছত্রাণি বা বিভো!…পি বা। (১৬)…মহেষ্বাসম্…প্রতিব্যূহং ত্বমপ্যত্র-পি, প্রতিব্যূহং রণে শূর! কুরু ক্ষিপ্রং মহারথ!—রা নি।

ততস্তু পার্ষতঃ শূরো ব্যূহং চক্রে সুদারুণম্।
শৃঙ্গাটকং মহারাজ! পরব্যূহবিনাশনম্ ॥১৭॥
শৃঙ্গাভ্যাং ভীমসেনশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
রথৈরনেকসাহস্রৈস্তথা হয়পদাতিভিঃ ॥১৮॥
নাভাবভূন্নরশ্রেষ্ঠঃ শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
মধ্যে যুধিষ্ঠিরো রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥১৯॥
অথেতরে মহেষ্বাসাঃ সহসৈন্যা নরাধিপাঃ।
ব্যূহং তং পূরয়ামাসুর্ব্যূহশাস্ত্রবিশারদাঃ ॥২০॥
অভিমন্যুস্ততঃ পশ্চাদ্বিরাটশ্চ মহারথঃ।
দ্রৌপদেয়াশ্চ সংহৃষ্টা রাক্ষসশ্চ ঘটোৎকচঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। শৃঙ্গাটকং তদাখ্যং চতুষ্পথাকারম্, "শৃঙ্গাটকচতুষ্পথে" ইত্যমরঃ ॥১৭॥
শৃঙ্গাভ্যামিতি। শৃঙ্গাভ্যাং পার্শ্বদ্বয়গতশৃঙ্গয়োঃ ॥১৮॥
নাভাবিতি। নাভৌ নাভিবন্মধ্যদেশে, শ্বেতাশ্বঃ অর্জ্জুনঃ ॥১৯॥
অথেতি। সৈন্যৈঃ সহেতি সহসৈন্যাঃ। বৈকল্পিকত্বাৎ সহশব্দস্য সাদেশাভাবঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

পরীতি। পরিণাম্য গময়িত্বা ॥১—১৬॥ শৃঙ্গাটকং চতুষ্পথাকারম্ ॥১৭॥ শৃঙ্গাভ্যাং শৃঙ্গয়োঃ ॥১৮—৪৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৪॥

মহারাজ! তাহার পর মহাবীর ধৃষ্টদ্যুম্ন 'শৃঙ্গাটক-'নামক বিপক্ষব্যূহ-বিনাশক অতিদারুণ ব্যূহ রচনা করিলেন ॥১৭॥

বহুসহস্র রথী, অশ্বারোহী ও পদাতিগণের সহিত মহারথ ভীমসেন ও সাত্যকি সেই ব্যূহের দুই শৃঙ্গে রহিলেন ॥১৮॥

নরশ্রেষ্ঠ ও কৃষ্ণসারথি অর্জ্জুন তাহার নাভিদেশে থাকিলেন, আর রাজা যুধিষ্ঠির, নকুল ও সহদেব মধ্যস্থানে অবস্থান করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর ব্যূহশাস্ত্রবিশারদ ও মহাধনুর্দ্ধর অন্যান্য রাজারা সৈন্যগণের সহিত মিলিত হইয়া সেই ব্যূহটাকে পরিপূর্ণ করিলেন ॥২০॥

তাহার পিছনে অভিমন্যু, তৎপশ্চাতে মহারথ বিরাট, তৎপরে হৃষ্টচিত্ত দ্রৌপদীর পুত্রগণ এবং তদনন্তর রাক্ষস ঘটোৎকচ পূরণ করিলেন ॥২১॥

(১৯) নাভ্যামভূৎ···পি বা। (২১) অয়ং শ্লোকঃ নি নাস্তি।

এবমেতং মহাব্যূহং ব্যূহ্য ভারত! পাণ্ডবাঃ।
অতিষ্ঠন্ সমরে শূরা যুদ্ধকামা জয়ৈষিণঃ ॥২২॥
ভেরীশব্দাশ্চ তুমুলা বিমিশ্রাঃ শঙ্খনিস্বনৈঃ।
ক্ষেড়িতাস্ফোটিতাক্রুষ্টৈঃ সুভীমাঃ সর্বতোঽভবন্ ॥২৩॥
ততঃ শূরাঃ সমাসাদ্য সমরে তে পরস্পরম্।
নেত্রৈরনিমিষৈ রাজন্নবৈক্ষন্ত পরস্পরম্ ॥২৪॥
নামভিস্তে মনুষ্যেন্দ্র! পূর্বং যোধাঃ পরস্পরম্।
যুদ্ধায় সমবর্ত্তন্ত সমাহূয়েতরেতরম্ ॥২৫॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্ ॥২৬॥
নারাচা নিশিতাঃ সংখ্যে সংপতন্তি স্ম ভারত!।
ব্যাত্তাননা ভয়করা উরগা ইব সর্বশঃ ॥২৭॥

ভারতকৌমুদী

অভীতি। অত্র পুরয়ামাসুরিতি বচনবিপরিণামেন যথাসম্ভবমনুবৃত্তিঃ ॥২১॥
এবমিতি। ব্যূহ্য সন্নিবেশ্য ॥২২॥
ভেরীতি। ক্ষেড়িতং সিংহনাদঃ আস্ফোটিতং বাহুশব্দঃ আক্রুষ্টমাহ্বানং তৈশ্চ ॥২৩॥
তত ইতি। পরস্পরং সমাসাদ্য পরস্পরমবৈক্ষন্তেত্যপৌনরুক্ত্যম্ ॥২৪॥
নামভিরিতি। নামভির্নামোল্লেখৈঃ পরস্পরং সমাহূয়েতি সম্বন্ধঃ ॥২৫॥
তত ইতি। ঘোররূপং বিশালমিত্যর্থঃ। পূর্ব্বমপ্যেতদ্বহুশ এবোক্তম্ ॥২৬॥
নারাচা ইতি। সংখ্যে সমরাঙ্গনে। ব্যাত্তাননাঃ প্রকটিতমুখাঃ ॥২৭॥

ভরতনন্দন! যুদ্ধার্থী ও জয়াভিলাষী বীর পাণ্ডবেরা এইভাবে সেই মহাব্যূহ রচনা করিয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥২২॥

ক্রমে শঙ্খধ্বনি, সিংহনাদ এবং বাহ্বাস্ফোটন ও আহ্বানের শব্দমিশ্রিত তুমুল ও অতিভয়ঙ্কর ভেরীর শব্দ সকল দিকে হইতে লাগিল ॥২৩॥

রাজা! তাহার পর সেই বীরগণ সমরাঙ্গনে পরস্পরকে পাইয়া নির্নিমেষ নয়নে পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥২৪॥

মনুষ্যশ্রেষ্ঠ! সেই যোদ্ধারা প্রথমে পরস্পর নামোল্লেখপূর্ব্বক পরস্পরকে আহ্বান করিয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন ॥২৫॥

তাহার পর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের বীরেরা পরস্পর আঘাত করিতে আরম্ভ করিলেন। তখন ভয়ঙ্কর মহাযুদ্ধ চলিতে লাগিল ॥২৬॥

(২২)…যোদ্ধুকামাঃ…রা নি। (২৬)…ঘোররূপং ভয়াবহম্…রা নি।

গদাশ্চ বিমলৈঃ পট্টৈঃ পিনদ্ধাঃ স্বর্ণভূষিতাঃ।
পতন্ত্যস্তত্র দৃশ্যন্তে গিরিশৃঙ্গোপমাঃ শুভাঃ ॥২৮॥
নিস্ত্রিংশাশ্চ ব্যদৃশ্যন্ত বিমলাম্বরসন্নিভাঃ।
আর্ষভাণি চ চর্ম্মাণি শতচন্দ্রাণি ভারত! ॥২৯॥
অশোভন্ত রণে রাজন্! পাত্যমানানি সর্বশঃ।
তেঽন্যোন্যং সমরে সেনে যুধ্যমানে নরাধিপ! ॥৩০॥
অশোভেতাং যথা দেবদৈত্যসেনে সমুদ্যতে।
অভ্যদ্রবন্ত সমরে তেঽন্যোন্যং বৈ সমন্ততঃ ॥৩১॥ (বিশেষকম্)
রথাস্তু রথিভিস্তূর্ণং প্রেষিতাঃ পরমাহবে।
যুগৈর্যুগানি সংশ্লিষ্য যুযুধুঃ পার্থিবর্ষভাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

গদা ইতি। পট্টৈর্লৌহময়ৈঃ, পিনদ্ধা আবৃতাঃ। শুভাঃ সুদৃশ্যাঃ ।২৮।

নিস্ত্রিংশা ইতি। নিস্ত্রিংশা অসয়ঃ, বিমলাম্বরসন্নিভা নির্ম্মলাকাশস্বচ্ছাঃ। ঋষভাণাং বৃষাণামিমানীতি আর্ষভাণি, শতং চন্দ্রাশ্চন্দ্রাকারাণি রজতখণ্ডানি যেষু তানি। তেঽন্যোন্যমিতি প্রকৃতিসম্ভবে সন্ধিরার্ষঃ। সমুদ্যতে যুদ্ধায়। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ত ॥২৯—৩১॥

রথা ইতি। পরমাহবে মহাযুদ্ধে। সংশ্লিষ্য সংযোজ্য ॥৩২॥

ভরতনন্দন! ক্রমে সমরাঙ্গনে বিবৃতবদন ভয়ঙ্কর সর্পসমূহের ন্যায় সকল দিকে সুতীক্ষ্ণ নারাচ সকল পতিত হইতে থাকিল ॥২৭॥

নির্ম্মল লৌহপট্টে আবৃত, স্বর্ণভূষিত, পর্ব্বতশৃঙ্গতুল্য ও সুদৃশ্য গদা সকল সেই সমরাঙ্গনে পতিত হইতে দেখা গেল ॥২৮॥

ভরতনন্দন! নির্ম্মল আকাশের ন্যায় স্বচ্ছ বহুতর তরবারিও দেখা যাইতে লাগিল এবং বহুতর চন্দ্রচিহ্নে চিহ্নিত বৃষচর্ম্মনির্ম্মিত ঢাল সকল সমরাঙ্গনের সর্ব্বত্র নিপাতিত হইয়া শোভা পাইতে লাগিল। নরনাথ রাজা! পূর্বকালে যুদ্ধোদ্যত দেবসেনা ও দৈত্যসেনা যেমন শোভা পাইত, সেইরূপ পাণ্ডবসেনা ও কৌরবসেনা পরস্পর যুদ্ধ করিতে থাকিয়া শোভা পাইতে থাকিল। ক্রমে সেই উভয়পক্ষীয় যোদ্ধারা সকল দিক্ হইতে সমরাঙ্গনে পরস্পরাভিমুখে ধাবিত হইতে লাগিলেন ॥২৯—৩১॥

(২৮)…পট্টৈর্হেমবদ্ভির্বিভূষিতাঃ…পি। (২৯) নিস্ত্রিংশাশ্চ ব্যরাজন্ত…পি বা। (৩০) …গতমানানি সর্ব্বশঃ…পি বা। (৩১)…তে চান্যোন্যং সমন্ততঃ—পি,…তে অন্যোন্যং সমন্ততঃ—বা।

দন্তিনাং যুধ্যমানানাং সংঘর্ষাৎ পাবকোঽভবৎ।
দন্তেষু ভরতশ্রেষ্ঠ! সধূমঃ সর্বতো দিশম্ ॥৩৩॥
প্রাসৈরভিহতাঃ কেচিদ্‌গজযোধাঃ সমন্ততঃ।
পতমানাঃ স্ম দৃশ্যন্তে গিরিশৃঙ্গান্নগা ইব ॥৩৪॥
পাদাতাশ্চাপ্যদৃশ্যন্ত নিঘ্নন্তোঽথ পরস্পরম্।
চিত্ররূপধরাঃ শূরা নখরপ্রাসযোধিনঃ ॥৩৫॥
অন্যোন্যং তে সমাসাদ্য কুরুপাণ্ডবসৈনিকাঃ।
অস্ত্রৈর্নানাবিধৈর্ঘোরৈঃ রণে নিন্যুর্যমক্ষয়ম্ ॥৩৬॥
ততঃ শান্তনবো ভীষ্মো রথঘোষেণ নাদয়ন্।
অভ্যাগমদ্রণে পাণ্ডূন্ ধনুঃশব্দেন মোহয়ন্ ॥৩৭॥

ভারতকৌমুদী

দন্তিনামিতি। সংঘর্ষাৎ দন্তেষু সধূমঃ পাবকো বহ্নিরভবৎ উদগচ্ছৎ ॥৩৩॥
প্রাসৈরিতি। গজযোধা গজারোহিণো যোদ্ধারঃ। নগা বৃক্ষাঃ ॥৩৪॥
পাদাতা ইতি। পাদাতাঃ পদাতিসমূহাঃ। নখরৈঃ প্রাসৈশ্চ যুধ্যন্ত ইতি তে ॥৩৫॥
অন্যোন্যমিতি। যমক্ষয়ং যমালয়ম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৩৬॥
তত ইতি। পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৩৭॥

রথারোহীরা সেই মহাযুদ্ধে আপন আপন রথ দ্রুত চালাইতে থাকিলেন; তাহার পর রাজশ্রেষ্ঠেরা রথের যুগকাষ্ঠের সহিত যুগকাষ্ঠ সংযুক্ত করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৩২॥

ভরতশ্রেষ্ঠ! সকল দিকেই হস্তিগণ যুদ্ধ করিতে লাগিল; তখন সেগুলির দন্তে দন্তে সংঘর্ষ হওয়ায় ধূমের সহিত অগ্নি নির্গত হইতে থাকিল ॥৩৩॥

কতকগুলি গজারোহী যোদ্ধা সকল দিক্ হইতে প্রাসদ্বারা আহত হইয়া পর্ব্বতশৃঙ্গ হইতে বৃক্ষের ন্যায় পতিত হইল দেখা গেল ॥৩৪॥

আরও দেখা গেল—বিচিত্ররূপধারী, বীর ও নখপ্রাসযোধী পদাতিগণ পরস্পর আঘাত করিতেছে ॥৩৫॥

সেই কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যেরা পরস্পর সন্নিহিত হইয়া নানাবিধ ভয়ঙ্কর অস্ত্রদ্বারা পরস্পর যমালয়ে প্রেরণ করিতে লাগিল ॥৩৬॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম রথশব্দে সমরাঙ্গন শব্দিত করিয়া এবং ধনুর শব্দে পাণ্ডবগণকে মোহিত করিতে থাকিয়া যুদ্ধে উপস্থিত হইলেন ॥৩৭॥

(৩৩)…সর্ব্বতো দিশঃ—পি বা। (৩৫)…নিঘ্নন্তো বৈ…পি বা।

পাণ্ডবানাং রথাশ্চাপি নদন্তো ভৈরবং রবম্।
অভ্যদ্রবন্ত সংযত্তা ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥৩৮॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তব তেষাঞ্চ ভারত!।
নরাশ্বরথনাগানাং ব্যতিষক্তং পরস্পরম্ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টমদিবসযুদ্ধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

ভীষ্মস্তু সমরে ক্রুদ্ধং প্রতপন্তং সমন্ততঃ।
ন শেকুঃ পাণ্ডবা দ্রষ্টুং তপন্তমিব ভাস্করম্ ॥১॥

ভারতকৌমুদী

পাণ্ডবানামিতি। নদন্তঃ কুর্ব্বন্তঃ। সংযত্তা জয়ায় যত্নবন্তঃ।৩৮॥

তত ইতি। ব্যতিষক্তং ব্যতিষক্তিপূর্ব্বকং মেলনপূর্ব্বকমিত্যর্থঃ।৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুরশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

ভীষ্মমিতি। প্রতপন্তং পাণ্ডবসৈন্যানিতি শেষঃ, সমন্ততঃ সর্বাসু দিক্ষু ॥১॥

তখন ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় রথীরাও জয়ের জন্য যত্নবান্ হইয়া ভয়ঙ্কর সিংহনাদ করিতে থাকিয়া ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

ভরতনন্দন! তদনন্তর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের পরস্পর সম্মেলনপূর্ব্বক যুদ্ধ চলিতে লাগিল' ॥৩৯॥

—•::•—

সঞ্জয় বলিলেন—'ক্রমে ভীষ্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধে সকল দিকে পাণ্ডবসৈন্যগণকে সন্তপ্ত করিয়া তুলিলেন। তখন সন্তাপকারী সূর্য্যের ন্যায় তাঁহার দিকে পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা দৃষ্টিপাত করিতেও পারিলেন না ॥১॥

* '...সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ততঃ সর্বাণি সৈন্যানি ধর্ম্মপুত্রস্য শাসনাৎ।
অভ্যধাবন্ত গাঙ্গেয়ং মর্দ্দয়ন্তং শিতৈঃ শরৈঃ ॥২॥
স তু ভীষ্মো রণশ্লাঘী সোমকান্ সহসৃঞ্জয়ান্।
পাঞ্চালাংশ্চ মহেষ্বাসান্ পাতয়ামাস সায়কৈঃ ॥৩॥
তে বধ্যমানা ভীষ্মেণ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ।
ভীষ্মমেবাভ্যয়ুস্তূর্ণং ত্যক্ত্বা মৃত্যুকৃতং ভয়ম্ ॥৪॥
স তেষাং রথিনাং বীরো ভীষ্মঃ শান্তনবো যুধি।
চিচ্ছেদ সহসা রাজন্! বাহূনথ শিরাংসি চ ॥৫॥
বিরথান্ রথিনশ্চক্রে পিতা দেবব্রতস্তব।
পতিতান্যুত্তমাঙ্গানি হয়েভ্যো হয়সাদিনাম্ ॥৬॥
নির্মনুষ্যাংশ্চ মাতঙ্গান্ শয়ানান্ পর্বতোপমান্।
অপশ্যাম মহারাজ! ভীষ্মাস্ত্রেণ প্রমাথিতান্ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। শাসনাদাদেশাৎ। গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥২॥
স ইতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥৩॥
ত ইতি। ভীষ্মমভ্যয়ুরেব অভ্যধাবন্নেব, ন পুনঃ পলায়ন্তেত্যাশয়ঃ ॥৪॥
স ইতি। বাহুপদমঙ্গান্তরাণামপ্যুপলক্ষণম্ ॥৫॥
বিরথানিতি। উত্তমাঙ্গানি ভীষ্মচ্ছিন্নানি শিরাংসি, হয়েভ্যঃ অশ্বেভ্যঃ ॥৬॥
নির্মনুষ্যানিতি। মাতঙ্গান্ গজান্। প্রমাথিতান্ প্রহারেণ পীড়িতান্ ॥৭॥

এই সময়ে ভীষ্ম সুতীক্ষ্ণ বাণদ্বারা পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতেছিলেন; তখন যুধিষ্ঠিরের আদেশে সমস্ত পাণ্ডবসৈন্য ভীষ্মের দিকে ধাবিত হইল ॥২॥

কিন্তু সমরশ্লাঘী ভীষ্ম বাণদ্বারা মহাধনুর্দ্ধর সোমক, সৃঞ্জয় ও পাঞ্চালসৈন্যদিগকে নিপাত করিতে লাগিলেন ॥৩॥

পাণ্ডবসৈন্যের সহিত সেই পাঞ্চালসৈন্যেরা ভীষ্মকর্ত্তৃক বধ্যমান হইয়াও মৃত্যুভয় ত্যাগ করিয়া ভীষ্মের দিকে ধাবিতই হইল ॥৪॥

রাজা! তখন মহাবীর শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে সেই রথিগণের বাহু ও মস্তক অতর্কিতে ছেদন করিতে লাগিলেন ॥৫॥

আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম রথীদিগকে রথবিহীন করিলেন এবং অশ্বারোহিগণের মস্তক ছেদন করায় সেগুলি অশ্ব হইতে পতিত হইতে থাকিল ॥৬॥

(২)…অভ্যদ্রবন্ত গাঙ্গেয়ম্…রা নি। (৭)…মাতঙ্গান্ নির্বৃক্ষানিব পর্বতান্…পি বা,… ভীষ্মাস্ত্রেণ নিপাতিতান্—পি, ভীষ্মাস্ত্রেণ প্রমোহিতান্—বা রা।

ন তত্রাসীৎ পুমান্ কশ্চিৎ পাণ্ডবানাং বিশাংপতে ! ।
অন্যত্র রথিনাং শ্রেষ্ঠাদ্ভীমসেনান্মহাবলাৎ ॥৮॥
স হি ভীষ্মং সমাসাদ্য চ্ছাদয়ামাস সায়কৈঃ ।
ততো নিষ্টানকো ঘোরো ভীষ্মভীমসমাগমে ॥৯॥
বভূব সর্বসৈন্যানাং ঘোররূপো ভয়ানকঃ ।
তথৈব পাণ্ডবা হৃষ্টাঃ সিংহনাদমথানদন্ ॥১০॥ (যুগ্মকম্)
ততো দুর্যোধনো রাজা সোদর্য্যৈঃ পরিবারিতঃ ।
ভীষ্মং জুগোপ সমরে বর্ত্তমানে জনক্ষয়ে ॥১১॥
ভীমস্তু সারথিং হত্বা ভীষ্মস্য রথিনাং বরঃ ।
প্রদ্রুতাশ্বে রথে তস্মিন্ দ্রবমাণে সমন্ততঃ ॥১২॥
সুনাভস্য ক্ষুরপ্রেণ শিরশ্চিচ্ছেদ ভারত ! ।
পূর্ণায়তবিসৃষ্টেন স হতো ন্যপতদ্ভুবি ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। আসীৎ স্থাতুমশক্নোৎ। অন্যত্রেতি প্রথমান্তো নিপাত আর্ষেষু ॥৮॥
স ইতি। নিষ্টানকঃ কোলাহলঃ। অনদন্ অকুর্বন্ ॥৯—১০॥
তত ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। জুগোপ ররক্ষ ॥১১॥
ভীম ইতি। প্রদ্রুতা দ্রুতং চলিতা অশ্বা যস্য তস্মিন্, দ্রবমাণে দ্রবতি ধাবতি সতি। পূর্ণমায়তমাকৃষ্টং যদ্ধনুস্তেন বিসৃষ্টেন নিক্ষিপ্তেন ॥১২—১৩॥

মহারাজ ! ক্রমে আমরা দেখিলাম—আরোহিশূন্য পর্বতপ্রমাণ হস্তী সকল ভীষ্মের অস্ত্রে নিহত হইয়া ভূতলে শয়ন করিতেছে ॥৭॥

নরনাথ ! তখন পাণ্ডবপক্ষের একমাত্র রথিশ্রেষ্ঠ ও মহাবল ভীমসেন ব্যতীত অন্য কোন লোকই ভীষ্মের সম্মুখে থাকিতে সমর্থ হইল না ॥৮॥

ভীমসেন ভীষ্মকে পাইয়া বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন। তাহার পর সেই ভীষ্ম ও ভীমের সম্মেলনে উভয়পক্ষের সমস্ত সৈন্যের মধ্যেই বিশাল ও ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল এবং পাণ্ডবেরাও হৃষ্ট হইয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥৯—১০॥

ক্রমশঃ যুদ্ধে লোকক্ষয় হইতে থাকিলে রাজা দুর্যোধন সহোদরগণে পরিবেষ্টিত হইয়া ভীষ্মকে রক্ষা করিতে থাকিলেন ॥১১॥

(৯)…সমাসাদ্য বারয়ামাস সংযুগে…পি বা। (১১)…বর্ত্তমানে মহাক্ষয়ে—পি বা। (১২)…প্রবমানে সমন্ততঃ—পি বা। (১৩) সুনাভস্য শরেণাশু…ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন স হতঃ …রা পি।

হতে তস্মিন্ মহারাজ! তব পুত্রে মহারথে।
নামৃষ্যন্ত রণে শূরাঃ সোদর্য্যাঃ সপ্ত সংযুগে ॥১৪॥
আদিত্যকেতুর্বহ্বাশী কুণ্ডধারো মহোদরঃ।
অপরাজিতঃ পণ্ডিতকো বিশালাক্ষশ্চ দুর্জ্জয়ঃ ॥১৫॥ (যুগ্মকম্)
পাণ্ডবং চিত্রসন্নাহা বিচিত্রকবচধ্বজাঃ।
অভ্যদ্রবন্ত সংগ্রামে যোদ্ধুকামারিমর্দ্দনাঃ ॥১৬॥
মহোদরস্তু সমরে ভীমং বিব্যাধ পত্রিভিঃ।
নবভির্বজ্রসঙ্কাশৈর্নমুচিং বৃত্রহা যথা ॥১৭॥
আদিত্যকেতুঃ সপ্তত্যা বহ্বাশী চাপি পঞ্চভিঃ।
নবত্যা কুণ্ডধারশ্চ বিশালাক্ষস্তু সপ্তভিঃ ॥১৮॥ (যুগ্মকম্)
অপরাজিতো মহারাজ! পরাজিষ্ণুর্মহারথম্।
শরৈর্বহুভিরানর্চ্ছ ভীমসেনং মহাবলম্ ॥১৯॥

ভারতকৌমুদী

হত ইতি। নামৃষ্যন্ত নাসহন্ত। পঞ্চদশশ্লোকতৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥১৪—১৫॥
পাণ্ডবমিতি। পাণ্ডবং ভীমসেনং প্রকরণাৎ, চিত্রসন্নাহা বিচিত্রপরিচ্ছদাঃ ॥১৬॥
মহোদর ইতি। পত্রিভির্বাণৈঃ। বৃত্রহা ইন্দ্রঃ। সপ্তত্যা পত্রিভিঃ। এবমন্যত্র ॥১৭—১৮॥

ভরতনন্দন! ইহার মধ্যে রথিশ্রেষ্ঠ ভীম ভীষ্মের সারথিকে বধ করিলেন; তখন সেই রথের ঘোড়াগুলি সকল দিকে ছুটিতে থাকায় রথখানাও সকল দিকে ছুটিতে থাকিল; সেই অবসরে ভীমসেন স্বকীয় ধনুখানাকে পূর্ণ আকর্ষণপূর্ব্বক একটা ক্ষুরপ্র নিক্ষেপ করিয়া সুনাভের মস্তকচ্ছেদন করিলেন; তখন তিনি ভূতলে পতিত হইলেন ॥১২—১৩॥

মহারাজ! আপনার পুত্র সেই মহারথ সুনাভ নিহত হইলে আদিত্যকেতু, বহ্বাশী, কুণ্ডধার, মহোদর, অপরাজিত, পণ্ডিতক ও দুর্জ্জয় বিশালাক্ষ এই সাত জন বীর সহোদর সেই সুনাভের বধ সহ্য করিতে পারিলেন না ॥১৪—১৫॥

বিচিত্র পরিচ্ছদ, বর্ম্ম ও ধ্বজশালী, যুদ্ধাভিলাষী এবং শত্রুমর্দ্দন সেই বীরেরা সমরাঙ্গনে ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

ক্রমে ইন্দ্র যেমন নমুচিদানবকে বিদ্ধ করিয়াছিলেন, সেইরূপ মহোদর নয়টা, আদিত্যকেতু সত্তরটা, বহ্বাশী পাঁচটা, কুণ্ডধার নব্বইটা এবং বিশালাক্ষ সাতটা বজ্রতুল্য বাণদ্বারা যুদ্ধে ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥১৭—১৮॥

(১৪)…সোদরাঃ সপ্ত…রা নি। (১৬) পাণ্ডবং চিত্রসন্নাহং বিচিত্রকবচায়ুধাঃ। অভ্যবর্ত্তন্ত…পি বা। (১৮)…বিশালাক্ষশ্চ পঞ্চভিঃ…রা নি। (১৯)…মহারথঃ…পি বা।

রণে পণ্ডিতকশ্চৈনং ত্রিভির্বাণৈঃ সমার্পয়ৎ।
স তং ন মমৃষে ভীমঃ শক্রভির্বধমাহবে ॥২০॥
ধনুঃ প্রপীড্য বামেন করেণামিত্রকর্ষণঃ।
শিরশ্চিচ্ছেদ সমরে শরেণানতপর্বণা ॥২১॥
অপরাজিতস্য সুনসং তব পুত্রস্য সংযুগে।
পরাজিতস্য ভীমেন কৃত্তং গামপতচ্ছিরঃ ॥২২॥ (যুগ্মকম্)
অথাপরেণ ভল্লেন কুণ্ডধারং মহারথম্।
প্রাহিণোন্মৃত্যুলোকায় সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥২৩॥
ততঃ পুনরমেয়াত্মা প্রসন্ধায় শিলীমুখম্।
প্রেষয়ামাস সমরে পণ্ডিতং প্রতি ভারত! ॥২৪॥

ভারতকৌমুদী

অপেতি। অত্রাপি প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। আনর্চ্ছৎ অপীড়য়ৎ ॥১৯॥

রণ ইতি। এনং ভীমম্। সমার্পয়ৎ অতাড়য়ৎ। মমৃষে সেহে, বধমাঘাতম্ ॥২০॥

ধনুরিতি। অমিত্রকর্ষণো ভীমঃ। শোভনা নাসা যত্র তৎ। কৃত্তং ছিন্নম্, গাং ভূমিম্ ॥২১—২২॥

অথেতি। প্রাহিণোৎ ভীমসেন এব প্রৈরয়ৎ ॥২৩॥

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ, শিলীমুখং বাণম্ ॥২৪॥

মহারাজ! তাহার পর শক্রবিজয়ী অপরাজিত বহুতর বাণদ্বারা মহারথ ও মহাবল ভীমসেনকে তাড়ন করিলেন ॥১৯॥

পরে পণ্ডিতকও তিনটা বাণদ্বারা উঁহাকে পীড়ন করিলেন। তখন ভীমসেন যুদ্ধে শক্রগণকর্ত্তৃক সেই সকল আঘাত সহ্য করিলেন না ॥২০॥

শক্রহন্তা ভীমসেন বাম হস্তদ্বারা ধনুখানাকে দৃঢ়ভাবে ধারণ করিয়া একটা অবনতপর্ব বাণদ্বারা যুদ্ধে অপরাজিতের মস্তকচ্ছেদন করিলেন। তখন যুদ্ধে পরাজিত আপনার পুত্র অপরাজিতের সুন্দর নাসিকাযুক্ত ভীমসেনচ্ছিন্ন মস্তকটী ভূতলে পতিত হইল ॥২১—২২॥

তদনন্তর ভীমসেন অন্য একটা ভল্লদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে মহারথ কুণ্ডধারকে যমলোকে প্রেরণ করিলেন ॥২৩॥

ভরতনন্দন! তাহার পর আবার অজ্ঞেয়শক্তি ভীমসেন একটা বাণ সন্ধান করিয়া পণ্ডিতের প্রতি নিক্ষেপ করিলেন ॥২৪॥

(২০)…সমর্পয়ৎ…বা। (২২)…ভীমেন নিপপাত শিরো মহীম্—পি বা। (২৩)…সর্বসৈন্যস্য পশ্যতঃ—বা নি।

স শরঃ পণ্ডিতং হত্বা বিবেশ ধরণীতলম্।
যথা নরং নিহত্যাশু ভুজগঃ কালচোদিতঃ ॥২৫॥
বিশালাক্ষশিরশ্ছিত্ত্বা পাতয়ামাস ভূতলে।
ত্রিভিঃ শরৈরদীনাত্মা স্মরন্ ক্লেশং পুরাতনম্ ॥২৬॥
মহোদরং মহেষ্বাসং নারাচেন স্তনান্তরে।
বিব্যাধ সমরে রাজন্! স হতো ন্যপতদ্ভুবি ॥২৭॥
আদিত্যকেতোঃ কেতুঞ্চ ছিত্ত্বা বাণেন সংযুগে।
ভল্লেন তীক্ষ্ণেন শিরশ্চিচ্ছেদ ভারত! ॥২৮॥
বহ্বাশিনং ততো ভীমঃ শরেণানতপর্বণা।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো যমস্য সদনং প্রতি ॥২৯॥
প্রদুদ্রুবুস্ততস্তেঽন্যে পুত্রাস্তব বিশাংপতে!।
মন্যমানা হি তৎ সত্যং সভায়াং তস্য ভাষিতম্ ॥৩০॥

ভারতকৌমুদী

সূ ইতি। পণ্ডিতং তদাখ্যং ধার্ত্তরাষ্ট্রম্। কালচোদিতো যমপ্রেরিতঃ ।২৫।
বিশালেতি। অদীনাত্মা ভ্রাতৃস্নেহসম্ভবেঽপ্যকাতরচিত্তঃ। তত্র হেতুমাহ স্মরন্নিতি ।২৬।
মহোদরমিতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। স্তনয়োরন্তরে মধ্যদেশে বক্ষসি ।২৭।
আদিত্যেতি। কেতুং রথধ্বজম্। সংযুগে যুদ্ধে ।২৮।
বহ্বাশিনমিতি। এষাদিপর্বোক্তনামবৈষম্যং নামান্তরসত্তাঙ্গীকারাৎ সমাধেয়ম্ ।২৯।
প্রেতি। সভায়াং দ্যূতপরিষদি, তস্য ভীমস্য ভাষিতং "ধার্ত্তরাষ্ট্রান্ হনিষ্যামি" ইত্যুক্তিম্ ।৩০।

তখন কালপ্রেরিত সর্প যেমন মানুষকে দংশনপূর্বক বিনষ্ট করিয়া সত্বর ভূগর্ভে প্রবেশ করে, সেইরূপ সেই বাণটা যাইয়া পণ্ডিতকে বধ করিয়া ভূগর্ভে প্রবেশ করিল ॥২৫॥

পরে অকাতরচিত্ত ভীমসেন পূর্ব্বের ক্লেশ স্মরণ করিয়া তিনটা বাণদ্বারা বিশালাক্ষের মস্তক ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥২৬॥

রাজা! তদনন্তর ভীমসেন একটা নারাচদ্বারা মহাধনুর্দ্ধর মহোদরের বক্ষস্থল বিদ্ধ করিলেন; তখন তিনি নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৭॥

ভরতনন্দন! তৎপরে ভীম একটা বাণদ্বারা আদিত্যকেতুর ধ্বজ ছেদন করিয়া অত্যন্ততীক্ষ্ণ একটা ভল্লদ্বারা তাঁহার মস্তকচ্ছেদন করিলেন ॥২৮॥

তাহার পর অত্যন্তক্রুদ্ধ ভীমসেন অবনতপর্ব্ব একটা বাণদ্বারা বহ্বাশীকে যমভবনে প্রেরণ করিলেন ॥২৯॥

ততো দুর্য্যোধনো রাজা ভ্রাতৃব্যসনকর্শিতঃ।
অব্রবীত্তাবকান্ যোধান্ ভীমোঽয়ং বধ্যতামিতি ॥৩১॥
এবমেতে মহেষ্বাসাঃ পুত্রাস্তব বিশাংপতে!।
ভ্রাতৄন্ সংদৃশ্য নিহতান্ প্রাস্মরংস্তে হি তদ্বচঃ ॥৩২॥
যদুক্তবান্ মহাপ্রাজ্ঞঃ ক্ষত্তা হিতমনাময়ম্।
তদিদং সমনুপ্রাপ্তং বচনং সত্যবাদিনঃ ॥৩৩॥
লোভমোহসমাবিষ্টঃ পুত্রপ্রীত্যা জনাধিপ!।
ন বুধ্যসে পুরা যত্তৎ পথ্যমুক্তং হিতং বচঃ ॥৩৪॥
তবৈব চ বধার্থায় পুত্রাণাং পাণ্ডবো বলী।
নূনং জাতো মহাবাহুর্যথা হন্তি স্ম কৌরবান্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভ্রাতৄণাং ব্যসনেন বিনাশবিপদা কর্শিত আর্ত্তীকৃতঃ ॥৩১॥
এবমিতি। পুত্রা অবশিষ্টাঃ। তৎ দ্যূতসভায়াং ভীমেনোক্তং বচঃ ॥৩২॥
যদিতি। ক্ষত্তা বিদুরঃ, অনাময়মনুপদ্রবকরম্। বচনং বচনানুরূপো ব্যাপারঃ ॥৩৩॥
লোভেতি। পথ্যং নীতিপথে সাধু, উক্তং বিদুরেণ ॥৩৪॥
তবেতি। তব পুত্রাণাং বধার্থায়ৈবেতি সম্বন্ধঃ, পাণ্ডবো ভীমঃ। কৌরবান্ ত্বৎ-পুত্রান্ ॥৩৫॥

নরনাথ! তখন আপনার অন্য পুত্রেরা দ্যূতসভায় ভীমের সেই উক্তি-গুলিকে সত্য মনে করিয়া সেস্থান হইতে পলায়ন করিলেন ॥৩০॥

তাহার পর রাজা দুর্য্যোধন ভ্রাতৃগণের বিনাশে শোকার্ত্ত হইয়া আপনার যোদ্ধাদিগকে বলিলেন—'এই ভীমটাকে বধ কর' ॥৩১॥

নরনাথ! আপনার অবশিষ্ট মহাধনুর্দ্ধর পুত্রেরা ভ্রাতৃগণকে নিহত দেখিয়া এইভাবে ভীমের সেই বাক্য স্মরণ করিতে লাগিলেন ॥৩২॥

মহাপ্রাজ্ঞ বিদুর হিতজনক ও উপদ্রবনাশক যে কথা বলিয়াছিলেন, সেই সত্যবাদীর এই সেই বচনানুরূপ ঘটনা উপস্থিত হইয়াছে ॥৩৩॥

নরনাথ! যে হেতু আপনি পুত্রপ্রীতিনিবন্ধন লোভ ও মোহযুক্ত হইয়া বিদুরোক্ত সেই নীতিসঙ্গত ও হিতজনক বাক্য বুঝেন নাই ॥৩৪॥

হায়! বলবান্ ও মহাবাহু ভীমসেন নিশ্চয়ই আপনার পুত্রগণের বধের জন্যই জন্মিয়াছিলেন; যে হেতু তিনি আপনার পুত্রগণকেই বধ করিতেছেন ॥৩৫॥

(৩৩)…বচনং দিব্যদর্শিনঃ—রা নি। (৩৪)…তথ্যমুক্তং বচো মহৎ—রা নি। (৩৫) তথৈব চ…রা নি।

ততো দুর্য্যোধনো রাজা ভীষ্মমাসাদ্য সংযুগে।
শোকেন মহতাবিষ্টো বিললাপাতিদুঃখিতঃ ॥৩৬॥
নিহতা ভ্রাতরঃ শূরা ভীমসেনেন মে যুধি।
যতমানাস্তথান্যেঽপি হন্যন্তে সর্বসৈনিকাঃ ॥৩৭॥
ভবাংশ্চ মধ্যস্থতয়া নিত্যমস্মানুপেক্ষতে।
সোঽহং কুপথমারূঢ়ঃ পশ্য দৈবমিদং মম ॥৩৮॥
এতচ্ছ্রুত্বা বচঃ ক্রূরং পিতা দেবব্রতস্তব।
দুর্য্যোধনমিদং বাক্যমব্রবীৎ সাশ্রুলোচনঃ ॥৩৯॥
উক্তমেতন্ময়া পূর্বং দ্রোণেন বিদুরেণ চ।
গান্ধার্য্যা চ যশস্বিন্যা তত্ত্বং তাত! ন বুদ্ধবান্ ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। সংযুগে সমরাঙ্গন এব ॥৩৬॥

নিহতা ইতি। যতমানা জীবনরক্ষণায়েতি শেষঃ ॥৩৭॥

ভবানিতি। মধ্যস্থতয়া উভয়পক্ষ এব সমানসম্বন্ধান্মধ্যবর্ত্তিতয়া। কুপথং ত্বয়ি সেনাপতিত্বার্পণরূপম্। ইদং ত্বয়ি সেনাপতিত্বার্পণমপি, দৈবং দৈবপ্রযোজিতমেব ॥৩৮॥

এতদিতি। ক্রূরম্ আত্মনঃ শঠতাসূচকতয়া নিষ্ঠুরম্ ॥৩৯॥

উক্তমিতি। এতৎ স্বপক্ষবিনাশনম্। ত্বং তন্ন বুদ্ধবান্, বলগর্বাৎ ॥৪০॥

তাহার পর রাজা দুর্য্যোধন মহাশোকযুক্ত ও অত্যন্তদুঃখিত হইয়া সমরাঙ্গনে ভীষ্মের নিকটে যাইয়া বিলাপ করিতে লাগিলেন—॥৩৬॥

'হায়! ভীম যুদ্ধে আমার বীর ভ্রাতৃগণকে বধ করিয়াছে এবং জীবনরক্ষার জন্য যত্নবান্ অন্য সকল সৈন্যকেও বধ করিতেছে ॥৩৭॥

অথ চ আপনি (ভীষ্ম) মধ্যস্থভাবে সর্বদাই আমাদিগকে উপেক্ষা করিতেছেন। সুতরাং আমি কুপথেই আরোহণ করিয়াছি, আমার এই দৈবটা দেখুন' ॥৩৮॥

এই নিষ্ঠুর কথা শুনিয়া আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সাশ্রুনয়ন হইয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৩৯॥

'বৎস! আমি, দ্রোণ, বিদুর ও যশস্বিনী গান্ধারী—আমরা পূর্ব্বেই তোমাকে এ বিষয় বলিয়াছিলাম; কিন্তু তুমি তখন তাহা বুঝিতে পার নাই ॥৪০॥

(৩৬)…দুঃখেন মহতাবিষ্টঃ…রা নি। (৩৮)…সোঽহং কাপথমারূঢ়ঃ…পি বা।

পরে মহারথ দ্রোণ বাণবর্ষণদ্বারা সেই বাণগুলিকে ছেদন করিলেন এবং ধৃষ্টদ্যুম্নের দিকে পাঁচটা বাণ ক্ষেপ করিলেন ॥৪৭॥

মহারাজ! তাহার পর বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া দ্রোণের প্রতি একটা যমদণ্ডের তুল্য গদা নিক্ষেপ করিলেন ॥৪৮॥

স্বর্ণপট্টভূষিত সেই গদাটা আসিতে লাগিলে, দ্রোণ তৎক্ষণাৎ পঞ্চাশটা বাণদ্বারা সেটাকে বারণ করিলেন ॥৪৯॥

রাজা! সেই গদাটা দ্রোণের কার্ম্মুকনির্গত বাণে বহুভাবে ছিন্ন, খণ্ডখণ্ডীকৃত ও বিনষ্ট হইয়া ভূতলে পতিত হইল ॥৫০॥

তখন গদাটাকে প্রতিহত দেখিয়া শত্রুতাপন ধৃষ্টদ্যুম্ন দ্রোণের প্রতি একটা লৌহময়ী শক্তি নিক্ষেপ করিলেন ॥৫১॥

(৪৭) তান্ শরান্ শরঘাতেন···বা রা নি।

এবমেতন্মহাযুদ্ধং দ্রোণপার্থতয়োরভূৎ।
ভীষ্মং প্রতি মহারাজ! ঘোররূপং ভয়ানকম্ ॥৫৩॥
অর্জ্জুনঃ প্রাপ্য গাঙ্গেয়ং পীড়য়ন্ নিশিতৈঃ শরৈঃ।
অভ্যদ্রবত সংযত্তো বনে মত্তমিব দ্বিপম্ ॥৫৪॥
প্রত্যুদ্‌যযৌ চ তং রাজা ভগদত্তঃ প্রতাপবান্।
ত্রিধা ভিন্নেন নাগেন মদান্ধেন মহাবলঃ ॥৫৫॥
তমাপতন্তং সহসা মহেন্দ্রগজসন্নিভম্।
পরং যত্নং সমাস্থায় বীভৎসুঃ প্রত্যপদ্যত ॥৫৬॥
ততো গজগতো রাজা ভগদত্তঃ প্রতাপবান্।
অর্জ্জুনং শরবর্ষেণ বারয়ামাস সংযুগে ॥৫৭॥

ভারতকৌমুদী

এবমিতি। ভীষ্মং প্রতি ভীষ্মবিষয়ে ভীষ্মস্য রক্ষণায় বধায় চেত্যর্থঃ ॥৫৩॥
অর্জ্জুন ইতি। গাঙ্গেয়ং ভীষ্মম্। অভ্যদ্রবত অভ্যধাবৎ, সংযত্তো মহাযত্নশীলঃ ॥৫৪॥
প্রতীতি। ত্রিধা ভিন্নেন মুখনাসিকাদ্বয়য়োর্মদস্রাবিণা, নাগেন হস্তিনা ॥৫৫॥
তমিতি। সমাস্থায় আশ্রিত্য, বীভৎসুরর্জ্জুনঃ, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ ॥৫৬॥
তত ইতি। গজগতো নিজমহাহস্ত্যারূঢ়ঃ ॥৫৭॥

ভরতনন্দন! তৎক্ষণাৎ দ্রোণ নয়টা বাণদ্বারা যুদ্ধে সেই শক্তিটাকে ছেদন করিলেন এবং মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্নকেও পীড়ন করিলেন ॥৫২॥

মহারাজ! এইভাবে ভীষ্মের জন্য দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অতিভয়ঙ্কর মহাযুদ্ধ হইতে লাগিল ॥৫৩॥

ক্রমে অর্জ্জুন ভীষ্মকে দেখিয়া যত্নবান্ হইয়া তীক্ষ্ণ বাণদ্বারা পীড়ন করিতে থাকিয়া—বনে মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৫৪॥

তখন প্রতাপশালী ও মহাবল ভগদত্তরাজা তিন স্থান হইতে মদস্রাবী ও মদান্ধ হস্তীতে আরোহণ করিয়া অর্জ্জুনের প্রত্যুদ্‌গমন করিলেন ॥৫৫॥

ইন্দ্রহস্তীর তুল্য সেই হস্তীটা বেগে আসিতে লাগিলে, অর্জুন বিশেষ যত্ন অবলম্বন করিয়া সেটাকে গ্রহণ করিলেন ॥৫৬॥

তাহার পর প্রতাপশালী গজারূঢ় রাজা ভগদত্ত বাণবর্ষণদ্বারা যুদ্ধে অর্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৫৭॥

(৫৩)···এবমেতন্মহদ্‌যুদ্ধম্···পি।

অর্জ্জুনস্তু ততো নাগমায়ান্তং রজতোপমৈঃ।
বিমলৈরায়সৈস্তীক্ষ্ণৈরবিধ্যত মহারণে ॥৫৮॥
শিখণ্ডিনঞ্চ কৌন্তেয়ো যাহি যাহীত্যচোদয়ৎ।
ভীষ্মং প্রতি মহারাজ! জহ্যেনমিতি চাব্রবীৎ ॥৫৯॥
প্রাগ্‌জ্যোতিষস্ততো হিত্বা পাণ্ডবং পাণ্ডুপূর্ব্বজ!।
প্রযযৌ ত্বরিতো রাজন্! দ্রুপদস্য রথং প্রতি ॥৬০॥
ততোঽর্জ্জুনো মহারাজ! ভীষ্মমভ্যদ্রবদ্দ্রুতম্।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ততো যুদ্ধমবর্ত্তত ॥৬১॥
ততস্তে তাবকাঃ শূরাঃ পাণ্ডবং রভসং যুধি।
সমভ্যধাবন্ ক্রোশন্তস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬২॥
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তে জনাধিপ!।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। নাগং ভগদত্তহস্তিনম্। আয়সৈর্লৌহময়ৈঃ শরৈঃ ॥৫৮॥
শিখণ্ডিনমিতি। কৌন্তেয়ঃ অর্জ্জুনঃ। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৫৯॥
প্রাগিতি। হিত্বা দ্রুপদস্য সাটোপাগমনাৎ ত্যক্ত্বা, পাণ্ডবমর্জ্জুনম্ ॥৬০॥
তত ইতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥৬১॥
তত ইতি। পাণ্ডবমর্জ্জুনম্, রভসং বেগবন্তম্। ক্রোশন্তো মারয়েত্যুচ্চৈর্বদন্তঃ ॥৬২॥

তৎপরে ভগদত্তের সেই হাতীটা আসিতে লাগিলে, অর্জুন রৌপ্যের ন্যায় নির্ম্মল ও তীক্ষ্ণ লৌহময় বাণসমূহদ্বারা সেটাকে তাড়ন করিতে থাকিলেন ॥৫৮॥

মহারাজ! ক্রমে অর্জুন শিখণ্ডীকে 'ভীষ্মের দিকে যান যান' এইরূপে প্রেরণ করিতে লাগিলেন এবং 'ইঁহাকে বধ করুন' এই কথা বলিলেন ॥৫৯॥

পাণ্ডুপূর্ব্বজ রাজা! তদনন্তর ভগদত্ত অর্জুনকে পরিত্যাগ করিয়া ত্বরান্বিত হইয়া দ্রুপদরাজার রথের দিকে গমন করিলেন ॥৬০॥

মহারাজ! তাহার পর অর্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের দিকে সত্বর যাইতে লাগিলেন; তৎপরে যুদ্ধ লাগিয়া গেল ॥৬১॥

তদনন্তর আপনার পক্ষের সেই বীরেরা মার মার-শব্দে বেগবান্ অর্জুনের দিকে ধাবিত হইলেন। সেটা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥৬২॥

নরনাথ! তখন বর্ষাকালে বায়ু যেমন আকাশে মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ অর্জুন আপনার পুত্রগণের নানাবিধ সৈন্যগণকে অপসারিত করিলেন ॥৬৩॥

শিখণ্ডী তু সমাসাদ্য ভরতানাং পিতামহম্।
ইষুভিস্তূর্ণমব্যগ্রো বহুভিঃ স সমাচিনোৎ ॥৬৪॥
রথাগ্র্যগারশ্চাপার্চ্চিরসিশক্তিগদেন্ধনঃ।
শরসংঘমহাজ্বালঃ ক্ষত্রিয়ান্ সমরেঽদহৎ ॥৬৫॥
যথাগ্নিঃ সুমহানিদ্ধঃ কক্ষে চরতি সানিলঃ।
তথা জজ্বাল ভীষ্মোঽপি দিব্যান্যস্ত্রাণ্যুদীরয়ন্ ॥৬৬॥
সোমকাংশ্চ রণে ভীষ্মো জঘ্নে পার্থপদানুগান্।
ন্যবারয়ত তৎ সৈন্যং পাণ্ডবস্য মহারথঃ ॥৬৭॥
সুবর্ণপুঙ্খৈরিষুভিঃ শিতৈঃ সন্নতপর্ব্বভিঃ।
নাদয়ন্ স দিশো ভীষ্মঃ প্রদিশশ্চ মহাহবে ॥৬৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নানেতি। ব্যধমৎ অপাসারয়ৎ, কালে বর্ষাসু, দিবি গগনে, অভ্রাণি মেঘান্ ।৬৩।

শিখণ্ডীতি। অব্যগ্রঃ অর্জ্জুনেন রক্ষণাদনাকুলঃ। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ।৬৪।

রথেতি। রথ এব অগ্র্যগারঃ অগ্নিগৃহং যস্য সঃ, চাপো ধনুরেব অর্চ্চিঃ শিখা যস্য সঃ, পরেষাম্ অসিশক্তিগদা এব ইন্ধনানি কাষ্ঠানি যস্য সঃ, স্বকীয়ঃ শরসংঘ এব মহাজ্বালা যস্য স তাদৃশশ্চার্জ্জুনঃ, সমরে, তৃণরূপান্ ক্ষত্রিয়ানদহদিত্যেকদেশবিবর্ত্তিরূপকমলঙ্কারঃ ।৬৫।

যথেতি। ইদ্ধঃ প্রজ্বলিতঃ, কক্ষে তৃণরাশৌ, সানিলঃ বায়ুসহিতঃ ।৬৬।

সোমকানিতি। পার্থপদানুগান্ অর্জ্জুনানুচরান্। প্রদিশো বিদিশঃ ।৬৭—৬৮।

ক্রমে শিখণ্ডী ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া ধীর-স্থির থাকিয়া বহুতর বাণদ্বারা সত্বর ভীষ্মকে আবৃত করিলেন ॥৬৪॥

রথ যাঁহার অগ্নিগৃহ, ধনু যাঁহার শিখা, বিপক্ষের তরবারি, শক্তি ও গদা যাঁহার কাষ্ঠ এবং নিজের শরসমূহ যাঁহার মহাপ্রজ্বলন, সেই অর্জুনরূপ অগ্নি যুদ্ধে ক্ষত্রিয়রূপ তৃণসমূহ দগ্ধ করিতে লাগিলেন ॥৬৫॥

আবার প্রদীপ্ত বিশাল অগ্নি যেমন বায়ুর সহিত মিলিত হইয়া তৃণসমূহমধ্যে জ্বলিতে থাকে, সেইরূপ ভীষ্মও দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করতঃ জ্বলিতে থাকিলেন ॥৬৬॥

ক্রমে মহারথ ভীষ্ম মহাযুদ্ধে দিক্ ও বিদিক্ নিনাদিত করিতে থাকিয়া স্বর্ণপুঙ্খ, তীক্ষ্ণ ও নতপর্ব্ব বাণসমূহদ্বারা অর্জুনের অনুচর সোমকদিগকে বধ করিতে লাগিলেন এবং অর্জুনের সেই সৈন্যদিগকে নিবারণ করিলেন ॥৬৭—৬৮॥

(৬৮)···প্রদিশশ্চ মহাবলঃ—পি।

পাতয়ন্ রথিনো রাজন্! হয়াংশ্চ সহ সাদিভিঃ।
মুণ্ডতালবনানীব চকার স রথব্রজান্ ॥৬৯॥
নির্মনুষ্যান্ রথান্ রাজন্! গজানশ্বাংশ্চ সংযুগে।
চকার সমরে ভীষ্মঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ ॥৭০॥
তস্য জ্যাতলনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
নিশম্য সর্বতো রাজন্! সমকম্পন্ত সৈনিকাঃ ॥৭১॥
অমোঘা ন্যপতন্ বাণাঃ পিতুস্তে মনুজেশ্বর!।
নাসজ্জন্ত শরীরেষু ভীষ্মচাপচ্যুতাঃ শরাঃ ॥৭২॥
নির্মনুষ্যান্ রথান্ রাজন্! সুযুক্তান্ জবনৈর্হয়ৈঃ।
বাতায়মানানদ্রাক্ষং ত্রিয়মাণান্ বিশাংপতে! ॥৭৩॥
চেদিকাশিকরূষাণাং সহস্রাণি চতুর্দ্দশ।
মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

পাতয়ন্নিতি। মুণ্ডানি তালানি ফলানীব তেষাং বনানি। রথানাং ব্রজান্ সমূহান্ ॥৬৯॥
নিরিতি। নির্মনুষ্যান্ রথিসারথ্যাদিসর্ব্বমনুষ্যহননেনেত্যাশয়ঃ ॥৭০॥
তস্যেতি। জ্যাতলস্যোর্দ্ধগুণহস্তাবাপয়োর্নির্ঘোষম্, বিস্ফূর্জিতং বিশালধ্বনিম্ ॥৭১॥
অমোঘা ইতি। অমোঘা অব্যর্থাঃ। নাসজ্জন্ত লগিত্বা নাতিষ্ঠন্ত ॥৭২॥
নিরিতি। জবনৈর্বেগবদ্ভিঃ। বাতায়মানান্ বাতবদ্দ্রুতং গচ্ছতঃ ॥৭৩॥

রাজা! তিনি রথীদিগকে ও আরোহীদের সহিত অশ্বগুলিকে নিপাত করিতে থাকিয়া তালবন হইতে তালফলের ন্যায় রথ হইতে রথীদের মস্তক সকল নিপাতিত করিতে থাকিলেন ॥৬৯॥

রাজা! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ভীষ্ম যুদ্ধে ক্রমে হস্তী, অশ্ব ও রথগুলিকে একেবারে মনুষ্যবিহীন করিতে লাগিলেন ॥৭০॥

রাজা! সকল দিকের সৈন্যেরাই বজ্রপাতধ্বনির ন্যায় ভীষ্মের ধনুর গুণ ও হস্তাবাপের ধ্বনি শুনিয়া কম্পিত হইতে লাগিল ॥৭১॥

নরনাথ! আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মের বাণ সকল অব্যর্থভাবে বিপক্ষসৈন্যের উপরে পতিত হইতে থাকিল এবং ভীষ্মের কার্ম্মুকনির্গত বাণগুলি কাহারও শরীরে লাগিয়া থাকিল না, (কিন্তু তাহা ভেদ করিয়া যাইতে লাগিল) ॥৭২॥

নরনাথ রাজা! বেগশালি-ঘোটকচালিত মনুষ্যবিহীন রথগুলিকে বায়ুর ন্যায় দ্রুত গমন করিতে দেখিলাম ॥৭৩॥

(৬৯)…হয়াংশ্চ হয়সাদিভিঃ…পি। (৭৩)…ত্রিয়মাণান্ বিশাংপতে!—নি।

অপরাবর্ত্তিনঃ শূরাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
সংগ্রামে ভীষ্মমাসাদ্য সবাজিরথকুঞ্জরাঃ ॥৭৫॥
জগ্মুস্তে পরলোকায় ব্যাদিতাস্যমিবান্তকম্।
ন তত্রাসীদ্রণে রাজন্! সোমকানাং মহারথঃ ॥৭৬॥
যঃ সংপ্রাপ্য রণে ভীষ্মং জীবিতে স্ম মনো দধে।
তাংশ্চ সর্বান্ রণে যোধান্ প্রেতরাজপুরং প্রতি ॥৭৭॥
নীতানমন্যন্ত জনা দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্।
ন কশ্চিদেনং সমরে প্রত্যুদ্যাতি মহারথঃ ॥৭৮॥
ঋতে পাণ্ডুসুতং বীরং শ্বেতাশ্বং কৃষ্ণসারথিম্।
শিখণ্ডিনঞ্চ সমরে পাঞ্চাল্যমমিতৌজসম্ ॥৭৯॥ (কুলকম্)
শিখণ্ডী তু রণে ভীষ্মমাসাদ্য পুরুষর্ষভম্।
দশভির্নিশিতৈর্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৮০॥

ভারতকৌমুদী

চেদীতি। কুলপুত্রাঃ সদ্বংশজাতাঃ, তনুত্যজো দেহত্যাগোদ্যতাঃ। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণশোভিতকেতবঃ। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্। জীবিতে নিজজীবনে, স্পৃহঃ পাদপূরণে। প্রেতরাজপুরং যমালয়ম্। প্রত্যুদ্যাতি প্রতিগন্তুং শক্নোতি স্ম। ঋতে বিনা। শ্বেতাশ্বমর্জ্জুনম্ ॥৭৪—৭৯॥

সদ্বংশজাত, দেহত্যাগে উদ্যত, অপ্রত্যাবর্ত্তী, বীর, স্বর্ণশোভিতধ্বজ এবং মহারথ বলিয়া বিখ্যাত চেদি, কাশী ও করূষদেশীয় চতুর্দ্দশসহস্র যোদ্ধা হস্তী, অশ্ব ও রথের সহিত সমরাঙ্গনে বিবৃতবদন-যমতুল্য ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া পরলোকে গমন করিলেন। আর রাজা! সেই যুদ্ধে সোমকদিগের মধ্যে এমন কোন মহারথ ছিলেন না, যিনি যুদ্ধে ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া জীবনের আশা করিতে পারিতেছিলেন। ক্রমে তত্রত্য লোকেরা ভীষ্মের পরাক্রম দেখিয়া এইরূপ মনে করিতে লাগিল যে, ভীষ্ম সেই সমস্ত যোদ্ধাকেই যমালয়ে প্রেরণ করিলেন। এবং কৃষ্ণসারথি পাণ্ডুনন্দন বীর অর্জ্জুন ও অমিততেজা পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী ব্যতীত অন্য কোন মহারথই যুদ্ধে ভীষ্মের সম্মুখে গমন করিতে সমর্থ হইলেন না ॥৭৪—৭৯॥

(৭৮)…ভীষ্মস্য চেষ্টিতম্…পি। (৭৯) ইতঃ পরম্'…সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা, '…ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা নি। (৮০)…দশভির্নিশিতৈর্ভল্লৈঃ…বা রা নি।

শিখণ্ডিনন্তু গাঙ্গেয়ঃ ক্রোধদীপ্তেন চক্ষুষা।
সংপ্রৈক্ষত কটাক্ষেণ নির্দহন্নিব ভারত ! ॥৮১॥
স্ত্রীত্বং তস্য স্মরন্ রাজন্ ! সর্বলোকস্য পশ্যতঃ।
নাজঘান রণে ভীষ্মঃ স চ তন্নাববুদ্ধবান্ ॥৮২॥
অর্জ্জুনস্তু মহারাজ ! শিখণ্ডিনমভাষত।
অভিত্বরস্বাস্য বধে শিখণ্ডিন্ ! রথসত্তম ! ॥৮৩॥
কিং তে বিবক্ষয়া বীর ! জহি ভীষ্মং মহারথম্।
ন হ্যন্যমনুপশ্যামি কঞ্চিদ্‌যোধিষ্ঠিরে বলে ॥৮৪॥
যঃ শক্তঃ সমরে ভীষ্মং প্রতিযোদ্ধুমিহাহবে।
ঋতে ত্বাং পুরুষব্যাঘ্র ! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৮৫॥

ভারতকৌমুদী

শিখণ্ডীতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ।৮০॥
শিখণ্ডিনমিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। সংপ্রৈক্ষত অপশ্যৎ ॥৮১॥
স্ত্রীত্বমিতি। স্ত্রীত্বং ভূতপূর্ব্বম্। স শিখণ্ডী, তৎ স্ত্রীত্বেন বর্জনম্ ॥৮২॥
অর্জ্জুন ইতি। অভিত্বরস্ব সর্ব্বতো ভাবেন ত্বরাং কুরু ॥৮৩॥
কিমিতি। বিবক্ষয়া বিষয়বিশেষকথনেচ্ছয়া। অন্যং ত্বাং বিনা, কঞ্চিদ্ভীষ্মহন্তারম্ ॥৮৪॥

শিখণ্ডী যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে পাইয়া দশটা সুতীক্ষ্ণ বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৮০॥

ভরতনন্দন ! তখন ভীষ্ম ক্রোধজ্বলিত নেত্রে কটাক্ষদ্বারা দগ্ধ করতই যেন শিখণ্ডীর প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৮১॥

কিন্তু রাজা ! ভীষ্ম শিখণ্ডীর ভূতপূর্ব স্ত্রীত্ব স্মরণ করিয়া সমস্ত লোকের সমক্ষে তাঁহাকে আঘাত করিলেন না। কিন্তু শিখণ্ডী তাহা বুঝিতে পারিলেন না ॥৮২॥

মহারাজ ! তাহার পর অর্জুন শিখণ্ডীকে বলিলেন—'রথিশ্রেষ্ঠ শিখণ্ডী ! আপনি সর্বতোভাবে ভীষ্মবধে ত্বরা করুন ॥৮৩॥

বীর ! আপনার কোন বিষয় বলিবার প্রয়োজন নাই, আপনি মহারথ ভীষ্মকে বধ করুন। কারণ, ধর্ম্মরাজের সৈন্যমধ্যে আপনি ভিন্ন অন্য কাহাকেও আমি ভীষ্মহন্তা বলিয়া দেখিতেছি না ॥৮৪॥

(৮৩)…অভিত্বরস্ব ত্বরিতং জহি চৈনং পিতামহম্—পি বা রা। (৮৫)…ভীষ্মং যোধয়েত পিতামহম্…নি।

এবমুক্তস্তু পার্থেন শিখণ্ডী ভরতর্ষভ !।
শরৈর্নানাবিধৈস্তূর্ণং পিতামহমবাকিরৎ ॥৮৬॥
অচিন্তয়িত্বা তান্ বাণান্ পিতা দেবব্রতস্তব।
অর্জ্জুনং সমরে ক্রুদ্ধং বারয়ামাস সায়কৈঃ ॥৮৭॥
তথৈব চ চমূং সর্বাং পাণ্ডবানাং মহারথঃ।
সংপ্রৈষীৎ স শরৈস্তীক্ষ্ণৈঃ পরলোকায় মারিষ ! ॥৮৮॥
তথৈব পাণ্ডবা রাজন্ ! সৈন্যেন মহতা বৃতাঃ।
ভীষ্মং সংছাদয়ামাসুর্মেঘা ইব দিবাকরম্ ॥৮৯॥
স সমন্তাৎ পরিবৃতো ভারতো ভরতর্ষভ !।
নির্দ্দাহ রণে শূরান্ বনে বহ্নিরিব জ্বলন্ ॥৯০॥

ভারতকৌমুদী

য ইতি। আহূয়তে অস্মিন্নিত্যাহব আহ্বানযুক্তঃ সমরস্তস্মিন্নিত্যপুনরুক্তিঃ ।৮৫।
এবমিতি। পার্থেনার্জ্জুনেন। অবাকিরৎ আহতবান্ ।৮৬।
অচিন্তয়িত্বেতি। অচিন্তয়িত্বা শিখণ্ডিনো দুর্ব্বলতয়া অদৃঢ়াঘাতাদিত্যাশয়ঃ ॥৮৭।
তথেতি। সর্ব্বাং চমূং সর্ববিধচমূস্থিতান্ কিয়তঃ কিয়তঃ সৈন্যান্ ।৮৮।
তথেতি। সংছাদয়ামাসুঃ শরৈরিতি শেষঃ ।৮৯।
স ইতি। সমন্তাৎ সর্বাসু দিক্ষু, ভারতো ভীষ্মঃ ।৯০।

পুরুষশ্রেষ্ঠ ! আপনি ভিন্ন যিনি সমরাঙ্গনে ভীষ্মের সহিত যুদ্ধ করিতে সমর্থ হন। ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি' ॥৮৫॥

ভরতশ্রেষ্ঠ ! অর্জ্জুন এইরূপ বলিলে, শিখণ্ডী সত্বর নানাবিধ বাণদ্বারা ভীষ্মকে আঘাত করিতে লাগিলেন ॥৮৬॥

কিন্তু আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সেই বাণগুলিকে অগ্রাহ্য করিয়া বাণদ্বারা যুদ্ধে ক্রুদ্ধ অর্জ্জুনকে বারণ করিতে থাকিলেন ॥৮৭॥

মাননীয় রাজা ! সেইরূপই মহারথ ভীষ্ম তীক্ষ্ণ বাণসমূহদ্বারা সর্ববিধ পাণ্ডবসেনার কিছু কিছু সৈন্যকে পরলোকে প্রেরণ করিলেন ॥৮৮॥

রাজা ! সেইরূপ পাণ্ডবেরাও বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া—মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, তেমন বাণদ্বারা ভীষ্মকে আবৃত করিয়া ফেলিলেন ॥৮৯॥

ভরতশ্রেষ্ঠ ! তখন ভীষ্ম সকল দিকে বেষ্টিত হইয়াও বনে বহ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া যুদ্ধে বীরগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥৯০॥

(৮৬)…পিতামহমুপাদ্রবৎ—নি। (৮৮)…অপ্রৈষীৎ…বা রা নি। (৯০)…ভীষ্মো হি ভরতর্ষভ !…নি।

তত্রাদ্ভুতমপশ্যাম তব পুত্রস্য পৌরুষম্ ।
অযোধয়চ্চ যৎ পার্থং জুগোপ চ পিতামহম্ ॥৯১॥
কর্ম্মণা তেন সমরে তব পুত্রস্য ধন্বিনঃ ।
দুঃশাসনস্য তুতুষুঃ সর্বে লোকা মহাত্মনঃ ॥৯২॥
যদেকঃ সমরে পার্থান্ সানুগান্ সমযোধয়ৎ ।
ন চৈনং পাণ্ডবা যুদ্ধে বারয়ামাসুরুল্বণম্ ॥৯৩॥
দুঃশাসনেন সমরে রথিনো বিরথীকৃতাঃ ।
সাদিনশ্চ মহেষ্বাসা হস্তিনশ্চ মহাবলাঃ ॥৯৪॥
বিনির্ভিন্নাঃ শরৈস্তীক্ষ্ণৈর্নিপেতুর্বসুধাতলে ।
শরাতুরাস্তথৈবান্যে দন্তিনো বিদ্রুতা দিশঃ ॥৯৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। পুত্রস্য দুঃশাসনস্য পরত্র তথোক্তেঃ। পার্থমর্জুনম্, জুগোপ ররক্ষ ॥৯১॥
কর্ম্মণেতি। ধন্বিনঃ প্রশস্তধনুর্দ্ধরস্য। দুঃশাসনস্যোপরি ।৯২।
যদিতি। সানুগান্ অনুচরসহিতান্। উল্বণম্ উন্মত্তম্ ।৯৩।
দুঃশাসনেনেতি। সাদিনঃ অশ্বারোহিণঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ।৯৪।
বিনির্ভিন্নেতি। শরাতুরা দন্তিনঃ। বিদ্রুতাঃ পলায়িতাঃ ॥৯৫।

রাজা! তখন আমরা আপনার পুত্র দুঃশাসনের অদ্ভুত পুরুষকার দেখিলাম, যে হেতু তিনি অর্জুনের সহিত যুদ্ধও করিতে লাগিলেন এবং ভীষ্মকে রক্ষাও করিতে থাকিলেন ॥৯১॥

যুদ্ধে সেই কার্য্যদ্বারা আপনার পুত্র মহাধনুর্দ্ধর ও মহাত্মা দুঃশাসনের উপরে সমস্ত লোকই সন্তুষ্ট হইল ॥৯২॥

যে হেতু তিনি একাকী অনুচরবর্গের সহিত পাণ্ডবগণের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু পাণ্ডবেরা যুদ্ধে উন্মত্তপ্রায় দুঃশাসনকে বারণ করিতে পারিলেন না ॥৯৩॥

দুঃশাসন যুদ্ধে রথীদিগকে বিরথ করিলেন এবং অশ্বারোহী, মহাধনুর্দ্ধর পদাতি ও মহাবল হস্তীগুলিকে বিমুখ করিলেন ॥৯৪॥

দুঃশাসনের তীক্ষ্ণ বাণে বিদীর্ণ হইয়া অনেক হস্তী ভূতলে পতিত হইতে লাগিল এবং অন্য হস্তীগুলি তাঁহার বাণে পীড়িত হইয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥৯৫॥

(৯৩)…সার্জুনান্ সমযোধয়ৎ…পি।

যথাগ্নিরিন্ধনং প্রাপ্য জ্বলেদ্দীপ্তার্চ্চিরুল্বণম্।
তথা জজ্বাল পুত্রস্তে পাণ্ডুসেনাং বিনির্দ্দহন্ ॥৯৬॥
তং ভারতমহামাত্রং পাণ্ডবানাং মহারথঃ।
জেতুং নোৎসহতে কশ্চিন্নাভ্যুদ্‌যাতুং কথঞ্চন।
ঋতে মহেন্দ্রতনয়াচ্ছ্বেতাশ্বাৎ কৃষ্ণসারথেঃ ॥৯৭॥
স হি তং সমরে রাজন্! নির্জ্জিত্য বিজয়োঽর্জ্জুনঃ।
ভীষ্মমেবাভিদুদ্রাব সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৯৮॥
বিজিতস্তব পুত্রোঽপি ভীষ্মবাহুব্যপাশ্রয়ঃ।
পুনঃ পুনঃ সমাশ্বস্য প্রাযুধ্যত মদোৎকটঃ।
অর্জ্জুনস্তু রণে রাজন্! যোধয়ন্ স ব্যরাজত ॥৯৯॥

ভারতকৌমুদী

যথেতি। ইন্ধনং কাষ্ঠম্। উল্বণং সাতিশয়ং যথা স্যাত্তথা ।৯৬॥

তমিতি। ভারতেষু ভরতবংশীয়যোদ্ধৃষু মহামাত্রং প্রধানম্, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসমৃদ্ধয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। নোৎসহতে ন শক্নোতি স্ম। শ্বেতাশ্বাদর্জ্জুনাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৭॥

স ইতি। হি যস্মাৎ। বিজয়ঃ সর্বদা বিজয়শীলঃ। অভিদুদ্রাব অভিদধাব ।৯৮॥

বিজিত ইতি। ভীষ্মস্য বাহূ এব ব্যপাশ্রয়ৌ অবলম্বনে যস্য সঃ। মদোৎকটো যুদ্ধমদমত্তঃ। ব্যরাজত বীরশ্রিয়া অশোভত। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ।৯৯॥

রাজা! অগ্নি যেমন কাষ্ঠ প্রাপ্ত হইয়া উজ্জ্বল শিখা ধারণ করিয়া অত্যন্ত জ্বলিতে থাকে, আপনার পুত্রও তেমন পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে থাকিয়া জ্বলিতে থাকিলেন ॥৯৬॥

একমাত্র ইন্দ্রপুত্র ও কৃষ্ণসারথি অর্জ্জুন ভিন্ন অন্য পাণ্ডবপক্ষীয় কোন মহারথই ভরতবংশমধ্যে প্রধান যোদ্ধা দুঃশাসনকে জয় করিতে পারিলেন না, কিংবা কোন প্রকারে তাঁহার সম্মুখে যাইতে সমর্থ হইলেন না ॥৯৭॥

রাজা! সর্বত্র বিজয়শীল অর্জ্জুন যুদ্ধে দুঃশাসনকে জয় করিয়া সমস্ত সৈন্যের সমক্ষে ভীষ্মের দিকেই ধাবিত হইলেন ॥৯৮॥

রাজা! আপনার পুত্র দুঃশাসনও বিজিত হইয়া ভীষ্মের বাহু অবলম্বন করিয়া বার বার আশ্বস্ত হইয়া মদমত্ত অবস্থায় যুদ্ধ করিতে লাগিলেন। আবার অর্জ্জুনও যুদ্ধ করিতে থাকিয়া বীরশোভায় শোভা পাইতে থাকিলেন ॥৯৯॥

(৯৯)···যোধয়ন্ সংব্যরাজত—রা নি।

শিখণ্ডী তু রণে রাজন্! বিব্যাধৈব পিতামহম্।
শরৈরশনিসঙ্কাশৈস্তথা সর্পবিষোপমৈঃ ॥১০০॥
ন চ তে স্ম রুজাং চক্রুঃ পিতুস্তব জনেশ্বর!।
স্ময়মানস্তু গাঙ্গেয়স্তান্ বাণান্ জগৃহে তদা ॥১০১॥
উষ্ণার্ত্তো হি নরো যদ্বজ্জলধারাঃ প্রতীচ্ছতি।
তথা জগ্রাহ গাঙ্গেয়ঃ শরধারাঃ শিখণ্ডিনঃ ॥১০২॥
তং ক্ষত্রিয়া মহারাজ! দদৃশুর্ঘোরমাহবে।
ভীষ্মং দহন্তং সৈন্যানি পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১০৩॥
ততোঽব্রবীত্তব সুতঃ সর্বসৈন্যানি মারিষ!।
অভিদ্রবত সংগ্রামে ফাল্গুনং সর্বতো রণে ॥১০৪॥
ভীষ্মো বঃ সমরে সর্বান্ পালয়িষ্যতি ধর্ম্মবিৎ।
তদ্ভয়ং সুমহত্ত্যক্ত্বা পাণ্ডবান্ প্রতিযুধ্যত ॥১০৫॥

ভারতকৌমুদী

শিখণ্ডীতি। অশনিসঙ্কাশৈর্ব্বজ্রতুল্যৈঃ, সর্পবিষোপমৈঃ সর্পবিষাক্তশরসদৃশৈঃ ॥১০০॥
নেতি। রুজাং পীড়াং ন চক্রুঃ পূর্ববদদৃঢ়াঘাতাৎ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥১০১॥
উষ্ণেতি। প্রতীচ্ছতি গৃহ্লাতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ ॥১০২॥
তমিতি। ক্ষত্রিয়া উভয়পক্ষীয়া যোদ্ধৃভূতাঃ। আহবে যুদ্ধে ॥১০৩॥
তত ইতি। সুতো দুঃশাসনঃ প্রকরণাৎ। অভিদ্রবত অভিধাবত, ফাল্গুনমর্জ্জুনম্ ॥১০৪॥

রাজা! ওদিকে শিখণ্ডীও বজ্রতুল্য এবং সর্পবিষাক্ত-শরসদৃশ শরসমূহদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিতেই লাগিলেন ॥১০০॥

কিন্তু নরনাথ! শিখণ্ডীর সে বাণগুলি ভীষ্মের কোন পীড়াই জন্মাইতে লাগিল না। সুতরাং তিনি তখন মৃদু হাস্য করিতে থাকিয়া সেগুলি গ্রহণ করিতে লাগিলেন ॥১০১॥

গ্রীষ্মপীড়িত মানুষ যেমন জলধারা গ্রহণ করে, ভীষ্মও তেমনই শিখণ্ডীর সেই শরধারা গ্রহণ করিতে থাকিলেন ॥১০২॥

মহারাজ! তৎকালে উভয়পক্ষের ক্ষত্রিয়েরা দেখিতে লাগিলেন—ভয়ঙ্কর-মূর্ত্তি ভীষ্ম মহাত্মা পাণ্ডবগণের সৈন্য দগ্ধ করিতেছেন ॥১০৩॥

মাননীয় রাজা! তাহার পর আপনার পুত্র দুঃশাসন তাঁহার সমস্ত সৈন্যকে বলিলেন—'সৈন্যগণ! তোমরা সকল দিক্ হইতে অর্জ্জুনের দিকে ধাবিত হও ॥১০৪॥

(১০০)···অশনিসংস্পর্শৈঃ···বা রা নি। (১০১) ন চ স্ম তে রুজং চক্রুঃ···বা রা নি।

এষ তালেন মহতা ভীষ্মস্তিষ্ঠতি পালয়ন্।
সর্বেষাং ধার্ত্তরাষ্ট্রাণাং সমরে শর্ম্ম বর্ম্ম চ ॥১০৬॥
দেবা অপি সমুদ্‌যুক্তা নালং ভীষ্মং সমাসিতুম্।
কিমু পার্থা মহাত্মানং মর্ত্ত্যভূতা মহাবলাঃ ॥১০৭॥
তস্মাদ্‌দ্রবত হে যোধাঃ ফাল্গুনং প্রাপ্য সংযুগে।
অহমদ্য রণে যত্তো যোধয়িষ্যামি পাণ্ডবম্।
সহিতঃ সর্বতো যত্তৈর্ভবদ্ভির্বসুধাধিপৈঃ ॥১০৮॥
তচ্ছ্রুত্বা তু বচো রাজন্! তব পুত্রস্য ধন্বিনঃ।
অর্জ্জুনং প্রতি সংযত্তা বলবন্তো মহাবলাঃ ॥১০৯॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। বো যুষ্মান্। ধর্ম্মবিত্ত্বাদেব স্বপক্ষপালনমিতি ভাবঃ ॥১০৫॥
এষ ইতি। তালেন তালধ্বজেন বিশিষ্টঃ। শর্ম্ম সুখম্ ॥১০৬॥
দেবা ইতি। অলং সমর্থাঃ, ভীষ্মং প্রতি, সমাসিতুমবস্থাতুম্ ॥১০৭॥
তস্মাদিতি। দ্রবত ধাবত। যত্তো যত্নবান্। যত্তৈর্যত্নবদ্ভিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৮॥
তদিতি। সংযত্তা যোদ্ধুং যত্নবন্তো বভূবুঃ। দেহমনোবলভেদাদ্দ্বিবিধোক্তিঃ ॥১০৯॥

ধর্ম্মজ্ঞ ভীষ্ম যুদ্ধে তোমাদের সকলকেই রক্ষা করিবেন। সুতরাং তোমরা গুরুতর ভয় ত্যাগ করিয়া পাণ্ডবগণের সহিত যুদ্ধ কর ॥১০৫॥

বিশালতালধ্বজযুক্ত এই ভীষ্ম যুদ্ধে সমস্ত ধৃতরাষ্ট্রপক্ষের মঙ্গল ও বর্ম্ম রক্ষা করতঃ অবস্থান করিতেছেন ॥১০৬॥

যুদ্ধোদ্‌যোগী মহাবল দেবতারাও মহাত্মা ভীষ্মের সম্মুখে থাকিতে সমর্থ হন না, তাহাতে মানুষ পাণ্ডবগণের কথা আর কি বলিব ॥১০৭॥

অতএব যোদ্ধৃগণ! তোমরা যুদ্ধে অর্জ্জুনের দিকে ধাবিত হও, হে রাজগণ! আপনারা সর্বপ্রকারেই যুদ্ধে যত্নবান্ আছেন, সুতরাং আমিও আজ আপনাদের সহিত মিলিত এবং যত্নবান্ হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব' ॥১০৮॥

রাজা! আপনার ধনুর্দ্ধর পুত্রের সেই কথা শুনিয়া দৈহিক বল ও মানসিক বলশালী যোদ্ধারা অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে যত্নবান্ হইলেন ॥১০৯॥

(১০৬) ত্রিদশাপি সমাযুক্তাঃ···পি, ত্রিদশাপি সমুদ্‌যুক্তাঃ···বা। (১০৮) তস্মাদ্‌দ্রবত মে যোধাঃ!···বা, তস্মাদ্‌দ্রবত মা যোধাঃ!···রা নি। (১০৯)···সর্ব্বে যোধাঃ সুসংরব্ধা বলবন্তো মহাবলাঃ—পি বা।

তং বিদেহাঃ কলিঙ্গাশ্চ দাসেরকগণাশ্চ হ।
অভিপেতুর্নিষাদাশ্চ সৌবীরাশ্চ মহারণে ॥১১০॥
বাহ্লীকা দরদাশ্চৈব প্রতীচ্যোদীচ্যমালবাঃ।
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ ॥১১১॥
শাল্বাঃ শকাস্ত্রিগর্ত্তাশ্চ অম্বষ্ঠাঃ কেকয়ৈঃ সহ।
অভিপেতু রণে পার্থং পতঙ্গা ইব পাবকম্ ॥১১২॥ (যুগ্মকম্)
স তান্ সর্বান্ সহানীকান্ মহারাজ! মহারথান্।
দিব্যান্যস্ত্রাণি সঞ্চিন্ত্য প্রসন্ধায় ধনঞ্জয়ঃ ॥১১৩॥
স তৈরস্ত্রৈর্মহাবেগৈর্দদাহ সুমহাবলঃ।
শরপ্রতাপৈর্বীভৎসুঃ পতঙ্গানিব পাবকঃ ॥১১৪॥ (যুগ্মকম্)
তস্য বাণসহস্রাণি সৃজতো দৃঢ়ধন্বিনঃ।
দীপ্যমানমিবাকাশে গাণ্ডীবং সমদৃশ্যত ॥১১৫॥

ভারতকৌমুদী

তমিতি। তমর্জ্জুনম্। অভিপেতুঃ অভিদধাবুঃ ॥১১০॥
বাহ্লীকা ইতি। অথশব্দোঽত্র সমুচ্চয়ে। পার্থমর্জ্জুনম্ ॥১১১—১১২॥
স ইতি। অনীকৈঃ সৈন্যৈঃ সহেতি সহানীকাস্তান্। স বীরত্বেন প্রসিদ্ধঃ ॥১১৩—১১৪॥

তখন বিদেহ, কলিঙ্গ, দাসেরক, নিষাদ ও সৌবীরদেশীয় যোদ্ধারা মহাযুদ্ধে অর্জ্জুনাভিমুখে চলিলেন ॥১১০॥

এবং বাহ্লীক, দরদ, প্রতীচ্য, উদীচ্য, মালব, অভীষাহ, শূরসেন, শিবি, বসাতি, শাল্ব, শক, ত্রিগর্ত্ত, অম্বষ্ঠ ও কেকয়দেশীয় সৈন্যেরা—পতঙ্গ (ফড়িং) যেমন অগ্নির উপরে পতিত হয়, সেইরূপ অর্জ্জুনের উপরে যাইয়া পতিত হইল ॥১১১॥—১১২॥

মহারাজ! অগ্নি যেমন পতঙ্গ (ফড়িং) দগ্ধ করে, সেইরূপ প্রসিদ্ধ বীর ও মহাবল সেই অর্জ্জুন চিন্তাপূর্বক দিব্য অস্ত্র সকল সন্ধান করিয়া মহাবেগশালী সেই সকল অস্ত্রদ্বারা ও বাণের প্রতাপে সৈন্যগণের সহিত সেই সকল মহারথকে দগ্ধ করিলেন ॥১১৩—১১৪॥

দৃঢ়কার্ম্মুক অর্জ্জুন যখন সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতেছিলেন, তখন তাঁহার গাণ্ডীবধনুখানাকে আকাশে যেন দীপ্তিশালীর ন্যায় দেখা যাইতেছিল ॥১১৫॥

(১১০) তে বিদেহাঃ···বা রা নি। (১১৫)···গাণ্ডীবং সমপদ্যত—পি।

তে শরার্ত্তা মহারাজ! বিপ্রকীর্ণমহাধ্বজাঃ।
নাভ্যবর্ত্তন্ত রাজানঃ সহিতা বানরধ্বজম্ ॥১১৬॥
সধ্বজা রথিনঃ পেতুর্হয়ারোহা হয়ৈঃ সহ।
সগজাশ্চ গজারোহাঃ কিরীটিশরতাড়িতাঃ ॥১১৭॥
ততোঽর্জ্জুনভুজোৎসৃষ্টৈরাবৃতাসীদ্বসুন্ধরা।
বিদ্রুতং দিক্ষু সর্ব্বাসু শরৈর্বলমদৃশ্যত ॥১১৮॥
অথ পার্থো মহারাজ! দ্রাবয়িত্বা বরূথিনীম্।
দুঃশাসনায় সুবহূন্ প্রেষয়ামাস সায়কান্ ॥১১৯॥
তে তু ভিত্ত্বা তব সুতং দুঃশাসনময়োমুখাঃ।
ধরণীং বিবিশুঃ সর্ব্বে বল্মীকমিব পন্নগাঃ ॥১২০॥

ভারতকৌমুদী

তস্যেতি। সৃজতো নিক্ষিপতঃ। দীপ্যমানং স্বর্ণাদিখচিতত্বাৎ ॥১১৫॥
ত ইতি। বিপ্রকীর্ণাচ্ছেদনেন ইতস্ততো বিক্ষিপ্তা মহান্তো ধ্বজা যেষাং তে ॥১১৬॥
সধ্বজা ইতি। হয়ারোহা অশ্বারোহিণঃ, হয়ৈরশ্বৈঃ ॥১১৭॥
তত ইতি। অর্জ্জুনস্য ভুজাভ্যামুৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ। বিদ্রুতং পলায়িতম্ ॥১১৮॥
অথেতি। পার্থঃ প্রকরণাদর্জ্জুনঃ। বরূথিনীং কৌরবসেনাম্ ॥১১৯॥
তত ইতি। অয়োমুখা লৌহাগ্রা বাণাঃ। বল্মীকম্ উন্নীকামৃত্তিকাম্ ॥১২০॥

মহারাজ! সেই রাজারা যখন অর্জ্জুনের বাণে পীড়িত হইতে লাগিলেন এবং তাঁহাদের বিশাল ধ্বজগুলি নানাদিকে বিক্ষিপ্ত হইতে থাকিল, তখন তাঁহারা সম্মিলিত হইয়াও অর্জ্জুনের সম্মুখবর্ত্তী হইতে পারিলেন না ॥১১৬॥

ধ্বজের সহিত রথীরা, অশ্বের সহিত অশ্বারোহীরা এবং গজের সহিত গজারোহীরা অর্জ্জুনের শরে তাড়িত হইয়া পতিত হইতে লাগিল ॥১১৭॥

তাহার পর অর্জুনের বাহুনিক্ষিপ্ত বাণে সমরভূমি আবৃত হইয়া পড়িল এবং কৌরবসৈন্যগণকে সকল দিকে পলায়ন করিতে দেখা গেল ॥১১৮॥

মহারাজ! তদনন্তর অর্জুন কৌরবসৈন্যকে অপসারিত করিয়া দুঃশাসনের প্রতি বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥১১৯॥

সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ অর্জ্জুনের সেই লৌহমুখ বাণ সকল আপনার পুত্র দুঃশাসনের দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥১২০॥

(১১৮) ততোঽর্জ্জুনকরোৎসৃষ্টৈঃ···বিদ্রবন্তিশ্চ বসুধা বলৈ রাজ্ঞাং সমন্ততঃ—পি বা রা।

হয়াংশ্চাস্য তথা জঘ্নে সারথিঞ্চ ন্যপাতয়ৎ।
বিবিংশতিঞ্চ বিংশত্যা বিরথীকৃতবান্ প্রভুঃ ॥১২১॥
আজঘান ভৃশঞ্চৈব পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
কৃপং বিকর্ণং শল্যঞ্চ বিদ্ধা বহুভিরায়সৈঃ ॥১২২॥
চকার বিরথাংশ্চৈব কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
এবং তে বিরথাঃ পঞ্চ কৃপঃ শল্যশ্চ মারিষ! ॥১২৩॥
দুঃশাসনো বিকর্ণশ্চ তথৈব চ বিবিংশতিঃ।
সংপ্রাদ্রবন্ত সমরে নির্জিতাঃ সব্যসাচিনা ॥১২৪॥ (বিশেষকম্)
পূর্বাহ্ণে ভরতশ্রেষ্ঠ! পরাজিত্য মহারথান্।
প্রজজ্বাল রণে পার্থো বিধূম ইব পাবকঃ ॥১২৫॥
তথৈব শরবর্ষেণ ভাস্করো রশ্মিবানিব।
অন্যানপি মহারাজ! তাপয়ামাস পার্থিবান্ ॥১২৬॥

ভারতকৌমুদী

হয়ানিতি। বিংশত্যা বাণৈঃ। প্রভুঃ অস্ত্রপ্রভাবশালী পার্থঃ ॥১২১॥

আজঘানেতি। আজঘান বিবিংশতিমেব। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। শ্বেতবাহনো-ঽর্জ্জুনঃ। সংপ্রাদ্রবন্ত অপাসরন্ত। সব্যসাচিনা অর্জ্জুনেন ॥১২২—১২৪॥

পূর্বাহ্ণ ইতি। বিধূমো ধূমশূন্যঃ, পাবকো বহ্নিঃ ॥১২৫॥

তাহার পর অস্ত্রপ্রভাবশালী অর্জুন দুঃশাসনের সারথিকে ও অশ্বগুলিকে নিপাতিত করিলেন এবং কুড়িটা বাণদ্বারা বিবিংশতিকেও রথবিহীন করিয়া ফেলিলেন ॥১২১॥

আর তিনি পাঁচটা নতপর্ব্ব বাণদ্বারা বিবিংশতিকে গুরুতর আঘাত করিলেন। পরে কুন্তীনন্দন অর্জুন বহুতর লৌহময় বাণদ্বারা কৃপ, বিকর্ণ ও শল্যকে বিদ্ধ করিয়া তাঁহাদিগকেও রথশূন্য করিলেন। মাননীয় রাজা! কৃপ, শল্য, দুঃশাসন, বিকর্ণ ও বিবিংশতি এই পাঁচ জন রথী এইভাবে বিরথ ও অর্জুনকর্ত্তৃক পরাজিত হইয়া যুদ্ধে তাঁহার সম্মুখ হইতে সরিয়া গেলেন ॥১২২—১২৪॥

ভরতশ্রেষ্ঠ! অর্জুন পূর্বাহ্ণে মহারথগণকে পরাজয় করিয়া যুদ্ধে ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে থাকিলেন ॥১২৫॥

এবং মহারাজ! তিনি বাণবর্ষণদ্বারা—কিরণশালী সূর্য্যের ন্যায় অন্যান্য রাজাকেও সন্তপ্ত করিতে লাগিলেন ॥১২৬॥

(১২১) ততো জঘ্নে…বিরথীকৃতবান্ যুধি—পি। (১২৬)…পাতয়ামাস পার্থিবান্—পি বা রা।

পরাঙ্মুখীকৃত্য তথা শরবর্ষৈর্মহারথান্।
প্রাবর্ত্তয়ত সংগ্রামে শোণিতোদাং মহানদীম্।
মধ্যেন কুরুসৈন্যানাং পাণ্ডবানাঞ্চ ভারত! ॥১২৭॥
তস্মিন্নতিমহাভীমে রাজন্! বীরবরক্ষয়ে।
ভীষ্মং প্রতি পরাক্রান্তাঃ পাণ্ডবাঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥১২৮॥
তে পরাক্রান্তমালোক্য যুধি রাজন্! পিতামহম্।
ন ন্যবর্ত্তন্ত তে পুত্রা ব্রহ্মলোকপুরস্কৃতাঃ ॥১২৯॥
ইচ্ছন্তো নিধনং যুদ্ধে স্বর্গলোকপরায়ণাঃ।
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত তাবকা যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৩০॥
পাণ্ডবাশ্চ মহারাজ! স্মরন্তো বিবিধান্ বহূন্।
ক্লেশান্ কৃতান্ সপুত্রেণ ত্বয়া পূর্ব্বং নরাধিপ! ॥১৩১॥

ভারতকৌমুদী

তথেতি। রশ্মিবানিতি মোপধত্বাদ্ধঃ। তাপয়ামাস পার্থ ইত্যনুবৃত্তিঃ ॥১২৬॥
পরাঙ্মুখীতি। শোণিতং রক্তমেব উদকং জলং যস্যাস্তাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২৭॥
তস্মিন্নিতি। পরাক্রান্তাঃ কৃতপরাক্রমপ্রকাশা আসন্ ॥১২৮॥
ত ইতি। ব্রহ্মলোকঃ পুরস্কৃতঃ অভিলাষে অগ্রবর্ত্তীকৃতো যৈস্তে ॥১২৯॥
ইচ্ছন্ত ইতি। স্বর্গলোক এব পরম্ অয়নমাশ্রয়ো যেষাং তে ॥১৩০॥

ভরতনন্দন! অর্জুন বাণবর্ষণদ্বারা সেইভাবে মহারথগণকে পরাঙ্মুখ করিয়া যুদ্ধে কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের মধ্যস্থানে একটা রক্তের মহানদী প্রবর্ত্তিত করিলেন ॥১২৭॥

রাজা! অতিভয়ঙ্কর সেই প্রধান-প্রধান-বীর-বিনাশ চলিতে লাগিলে, পাণ্ডবেরা সৃঞ্জয়গণের সহিত মিলিত হইয়া ভীষ্মের প্রতি পরাক্রম প্রকাশ করিতে লাগিলেন ॥১২৮॥

রাজা! আপনার সেই সেই পুত্রেরাও যুদ্ধে ভীষ্মকে পরাক্রম প্রকাশ করিতে দেখিয়া প্রধানতঃ ব্রহ্মলোকে যাইবারই ইচ্ছা করিয়া যুদ্ধ হইতে নিবৃত্তি পাইলেন না ॥১২৯॥

স্বর্গলোকার্থী ও যুদ্ধদুর্দ্ধর্ষ আপনার পক্ষীয় যোদ্ধারা যুদ্ধে মৃত্যু কামনা করিয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥১৩০॥

নরনাথ মহারাজ! আবার আপনি পুত্রদের সঙ্গে মিলিত হইয়া পূর্ব্বে যে

(১২৮) ইতঃ প্রভৃতি পঞ্চ শ্লোকাঃ পি বা ব রা ন সন্তি।

ভয়ং ত্যক্ত্বা রণে শূরাঃ স্বর্গলোকপুরস্কৃতাঃ।
তাবকাংস্তব পুত্রাংশ্চ যোধয়ন্তি স্ম হৃষ্টবৎ ॥১৩২॥ (যুগ্মকম্)
গজাশ্চ রথসংঘাশ্চ বহুধা রথিভির্হতাঃ।
রথাশ্চ নিহতা নাগৈর্হয়াশ্চৈব পদাতিভিঃ ॥১৩৩॥
অন্তরা চ্ছিদ্যমানানি শরীরাণি শিরাংসি চ।
নিপেতুর্দিক্ষু সর্বাসু গজাশ্বরথযোধিনাম্ ॥১৩৪॥
ছন্নমায়োধনং রেজে কুণ্ডলাঙ্গদধারিভিঃ।
পাতিতৈঃ পাত্যমানৈশ্চ রাজপুত্রৈর্মহারথৈঃ ॥১৩৫॥
রথনেমিনিকৃত্তৈশ্চ গজৈশ্চৈবাবপোথিতৈঃ।
পাদাতাশ্চাভ্যধাবন্ত সাশ্বাশ্চ হয়সাদিনঃ ॥১৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। ক্লেশান্ বনবাসাদিনা। তাবকান্ ত্বৎসৈন্যান্ ॥১৩১—১৩২॥

গজা ইতি। নাগৈর্হস্তিভিঃ, হয়া অশ্বাঃ ॥১৩৩॥

অন্তরেতি। অন্তরা মধ্যে ॥১৩৪॥

ছন্নমিতি। ছন্নমাবৃতং সৎ, আয়োধনং সমরাঙ্গনম্। রথানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈর্নিকৃত্তাচ্ছিন্নাগ্রৈঃ, অবপোথিতৈর্বিমর্দ্দিতৈশ্চ গজৈঃ। পাদাতাঃ পদাতিসমূহাঃ। হয়সাদিনঃ অশ্বারোহিণঃ ॥১৩৫—১৩৬॥ [১]

সকল নানাবিধ ক্লেশ উৎপাদন করিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া বীর পাণ্ডবেরাও ভয় পরিত্যাগ করিয়া এবং স্বর্গার্থী হইয়া আনন্দিতের ন্যায় সমরাঙ্গনে আপনার সৈন্য ও আপনার পুত্রগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৩১—১৩২॥

তখন রথীরা বহুভাবে হস্তী ও রথীদিগকে, গজারোহীরা রথিসমূহকে এবং পদাতিরা অশ্বারোহিগণকে বিনাশ করিল ॥১৩৩॥

সেই সময়ে গজ, অশ্ব ও রথযোধিগণের দেহ ও মস্তক সকল মধ্যস্থানে ছিন্ন হইয়া সকল দিকে পতিত হইতে লাগিল ॥১৩৪॥

ক্রমে পাতিত ও পাত্যমান কুণ্ডল-কেয়ূরধারী মহারথ রাজপুত্রগণের শরীরে সমরভূমি আবৃত হইয়া শোভা পাইতে থাকিল এবং রথচক্রের আঘাতে ছিন্ন ও বিমর্দ্দিত হস্তিসমূহেও সমরভূমি শোভিত হইয়া উঠিল। ক্রমে পদাতিসমূহ এবং অশ্বের সহিত অশ্বারোহীরা পরস্পরাভিমুখে ধাবিত হইল ॥১৩৫—১৩৬॥

(১৩৫) ছন্নমায়োধনং রাজন্!···রা নি।

গজাশ্চ রথযোধাশ্চ পরিপেতুঃ সমন্ততঃ।
বিকীর্ণাশ্চ রথা ভূমৌ ভগ্নচক্রযুগধ্বজাঃ ॥১৩৭॥
তদ্‌গজাশ্বরথৌঘানাং রুধিরেণ সমুক্ষিতম্।
ছন্নমায়োধনং রেজে রক্তাভ্রমিব শারদম্ ॥১৩৮॥
শ্বানঃ কাকাশ্চ গৃধ্রাশ্চ বৃকা গোমায়ুভিঃ সহ।
প্রণেদুর্ভক্ষ্যমাসাদ্য বিকৃতাশ্চ মৃগদ্বিজাঃ ॥১৩৯॥
ববুর্বহুবিধাশ্চৈব দিক্ষু সর্বাসু মারুতাঃ।
দৃশ্যমানেষু রক্ষঃসু ভূতেষু বিনদৎসু চ ॥১৪০॥
কাঞ্চনানি চ দামানি পতাকাশ্চ মহাধনাঃ।
ধূয়মানা ব্যদৃশ্যন্ত সহসা মারুতেরিতাঃ ॥১৪১॥
শ্বেতচ্ছত্রসহস্রাণি সধ্বজাশ্চ মহারথাঃ।
বিকীর্ণাঃ সমদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥১৪২॥

ভারতকৌমুদী

গজা ইতি। বিকীর্ণা ইতস্ততো বিক্ষিপ্তাঃ ॥১৩৭॥
তদিতি। রথা রথিনঃ। রক্তাভ্রং রক্তবর্ণং গগনম্, শারদং শরৎকালীয়ম্ ॥১৩৮॥
শ্বান ইতি। বিকৃতা বিকৃতাঙ্গাঃ, মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ ॥১৩৯॥
ববুরিতি। রক্ষঃসু রাক্ষসেষু, ভূতেষু মাংসভোজিপ্রাণিষু ॥১৪০॥
কাঞ্চনানীতি। কাঞ্চনানি স্বর্ণময়ানি, দামানি মালাঃ, মহাধনা মহামূল্যাঃ ॥১৪১॥

হস্তী ও রথযোদ্ধারা সকল দিকে পতিত হইল এবং ভগ্নচক্র, ভগ্নযুগকাষ্ঠ ও ছিন্নধ্বজ রথ সকল ভূতলে নানাদিকে বিক্ষিপ্ত হইতে থাকিল ॥১৩৭॥

ক্রমে সেই সমরভূমিটা হস্তী, অশ্ব ও রথিগণের রক্তে সংসিক্ত ও আবৃত হইয়া শরৎকালের আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৩৮॥

কুকুর, কাক, শকুন, চিতাবাঘ ও বিকৃতাঙ্গ মাংসভোজী পশু-পক্ষিগণ শৃগালগণের সহিত মিলিত হইয়া খাদ্য পাইয়া নানাবিধ রব করিতে থাকিল ॥১৩৯॥

রাক্ষস ও অন্যান্য মাংসভোজী প্রাণী রব করতঃ দৃষ্টিগোচর হইতে লাগিলে, সকল দিকে বহুবিধ বায়ু বহিত হইতে লাগিল ॥১৪০॥

স্বর্ণময় মালা ও মহামূল্য পতাকা সকল বায়ুসঞ্চালনে কম্পিত হইতে দেখা গেল ॥১৪১॥

(১৩৭) গদাশ্চ রথসংঘাশ্চ…পি। (১৪০) ভূতেষু চ নদৎসু চ—য়া নি। (১৪১) বিধূয়ন্ত্যো ব্যদৃশ্যন্ত…পি।

সপতাকাশ্চ মাতঙ্গা দিশো জগ্মুঃ শরাতুরাঃ।
ক্ষত্রিয়াশ্চ মনুষ্যেন্দ্র! গদাশক্তিধনুর্দ্ধরাঃ।
সমন্ততশ্চ দৃশ্যন্তে পতিতা ধরণীতলে ॥১৪৩॥
ইষুভিস্তাড্যমানাশ্চ নারাচৈশ্চ সহস্রশঃ।
পেতুরার্ত্তস্বরং কৃত্বা তত্র তত্র মহাগজাঃ ॥১৪৪॥
সেনাপতিস্তু সমরে প্রাহ সেনাং মহারথঃ।
অভিদ্রবত গাঙ্গেয়ং সৈনিকাঃ! কিং কৃতেন বঃ ॥১৪৫॥

ভারতকৌমুদী

শ্বেতেতি। মহারথা বৃহন্তো রথাঃ। বিকীর্ণা ইতস্ততো বিক্ষিপ্তাঃ ॥১৪২॥
সেতি। জগ্মুঃ পলায়াঞ্চক্রিরে। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪৩॥
ইষুভিরিতি। ইষুভির্বাণৈঃ। নারাচৈর্বাণবিশেষৈঃ ॥১৪৪॥
সেনেতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ। অভিদ্রবত অভিধাবত। কৃতেন বিলম্বেন ॥১৪৫॥

ভারতভাবদীপঃ

অভিমন্যুরিতি ॥১—২৬॥ চিত্রসেন ইতি পাণ্ডবপক্ষীয়ঃ সুশর্ম্মায়মপরো বার্দ্ধক্ষেমির্ন তু ত্রৈগর্ত্তঃ ॥২৭—৪৩॥ সমুদয়ং সংগ্রামম্। "ভবেৎ সমুদয়ঃ সঙ্ঘে সংযুগে চ সমুদ্গমে" ইতি মেদিনী ॥৪৪—৮৩॥ বিবক্ষয়া বিচারেণ সংশয়েন বা ॥৮৪—৯২॥ উল্বণমুগ্রম্ ॥৯৩—৯৬॥ ভারতমহামাত্রং ভরতবংশশ্রেষ্ঠম্ ॥৯৬—১০৬॥ শর্ম্ম সুখহেতুত্বাৎ, বর্ম্ম রক্ষাহেতুত্বাৎ ॥১০৭॥ সমাসিতুম্ উপসপিতুং নাশয়িতুং বা মর্ত্ত্যভূতাঃ মর্ত্ত্যস্বরূপাঃ ॥১০৮—১৪০॥ ভূতেষু প্রেতেষু ॥১৪১॥ মহাধনা মহমূল্যাঃ ॥১৪২—১৪৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১২॥

সহস্র সহস্র শ্বেতচ্ছত্র এবং শত শত ও সহস্র সহস্র বিশাল রথ ইতস্ততঃ বিক্ষিপ্ত দেখা যাইতে লাগিল ॥১৪২॥

নরশ্রেষ্ঠ! আরও দেখা গেল—পতাকাযুক্ত হস্তিগণ সকল দিকে পলায়ন করিতেছে এবং গদা, শক্তি ও কার্ম্মুকধারী ক্ষত্রিয়েরা ভূতলে পতিত হইতেছেন ॥১৪৩॥

সহস্র সহস্র বিশাল হস্তী নানাস্থানে সাধারণ বাণ ও নারাচদ্বারা তাড়িত হইয়া আর্ত্তনাদ করিয়া পতিত হইতে লাগিল ॥১৪৪॥

এই সময়ে পাণ্ডবসেনাপতি মহারথ ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবসৈন্যগণকে বলিলেন—'সৈন্যগণ! তোমাদের বিলম্ব করায় ফল কি? ভীষ্মের প্রতি ধাবিত হও' ॥১৪৫॥

(১৪৪) ইতঃ প্রভৃতি ত্রয়ঃ শ্লোকাঃ পি বা ব রা ন সন্তি। (১৪৫)···অভ্যদ্রবত—গাঙ্গেয়ম্···নি।

সেনাপতিবচঃ শ্রুত্বা সোমকাঃ সহ সৃঞ্জয়ৈঃ।
অভ্যদ্রবন্ত গাঙ্গেয়ং শস্ত্রবৃষ্ট্যা সমন্ততঃ ॥১৪৬॥
ততো ভীষ্মো মহারাজ! দিব্যমস্ত্রমুদীরয়ন্।
অভ্যধাবত কৌন্তেয়ং মিষতাং সর্বধন্বিনাম্ ॥১৪৭॥
তং শিখণ্ডী রণে যান্তমভ্যদ্রবত দংশিতঃ।
ততঃ সমাহরদ্ভীষ্মস্তদস্ত্রং পাবকোপমম্ ॥১৪৮॥
এতস্মিন্নেব কালে তু কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
নিজঘ্নে তাবকং সৈন্যং মোহয়িত্বা পিতামহম্ ॥১৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সেনেতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥১৪৬॥

তত ইতি। উদীরয়ন্ নিক্ষিপন্। কৌন্তেয়মর্জ্জুনম্, মিষতাং পশ্যতাম্ ॥১৪৭॥

তমিতি। দংশিতঃ কৃতসন্নাহঃ। সমাহরৎ তস্য ভূতপূর্ব্বস্ত্রীত্বেন বিরক্ত্যা উপসংহৃতবান্ ॥১৪৮॥

এতস্মিন্নিতি। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। মোহয়িত্বা সম্মুখে শিখণ্ডিনঃ স্থাপনেন ॥১৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সেনাপতির বাক্য শুনিয়া সৃঞ্জয়গণের সহিত সোমকেরা অস্ত্র বর্ষণ করিতে করিতে সকল দিক্ হইতে ভীষ্মের দিকে ধাবিত হইল ॥১৪৬॥

মহারাজ! তাহার পর ভীষ্মও দিব্য অস্ত্র নিক্ষেপ করিতে থাকিয়া সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে অর্জুনের দিকে চলিলেন ॥১৪৭॥

ভীষ্ম যাইতে লাগিলে, যুদ্ধসজ্জায় সজ্জিত শিখণ্ডী তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন। তৎপরে ভীষ্ম অগ্নিতুল্য সেই সংহিত অস্ত্র উপসংহার করিলেন ॥১৪৮॥

রাজা! এই সময়েই কুন্তীনন্দন অর্জ্জুন সেইরূপে ভীষ্মকে মোহিত করিয়া আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলেন' ॥১৪৯॥

(১৪৯)· ত্বরিতঃ পাণ্ডবো রাজন্! মধ্যমঃ শ্বেতবাহনঃ···বা। * '···অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা, '···সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অসংব্যূঢ়েষনীকেষু ভূয়িষ্ঠমনুবর্ত্তিষু।
ব্রহ্মলোকপরাঃ সর্বে সমপদ্যন্ত ভারত! ॥১॥
নহ্যনীকমনীকেষু সমসজ্জত সঙ্কুলে।
রথা ন রথিভিঃ সার্দ্ধং পাদাতা ন পদাতিভিঃ ॥২॥
অশ্বা নাশ্বৈরযুধ্যন্ত গজা ন গজযোধিভিঃ।
উন্মত্তবন্মহারাজ! যুধ্যন্তে তত্র ভারত! ॥৩॥

ভারতকৌমুদী

অসমিতি। হে ভারত! অনীকেষু উভয়সৈন্যেষেব, অসংব্যূঢ়েষু সংব্যূঢ়বিপরীতেষু বিশৃঙ্খলেষু, ভূয়িষ্ঠং বহুলং যথা স্যাত্তথা, অনুবর্ত্তিষু বিপক্ষাণাং পশ্চাদ্ধাবৎসু চ সৎসু, সর্ব্বে উভয়পক্ষীয়া এব যোদ্ধারঃ, ব্রহ্মলোক এব পরঃ প্রধানতয়েচ্ছাবিষয়ো যেষাং তে, সমপদ্যন্ত সমজায়ন্ত ॥১॥

নহীতি। অনীকং সজাতীয়ং সৈন্যম্, অনীকেষু সজাতীয়সৈন্যেষু। সঙ্কুলে যুদ্ধে। তদেব স্পষ্টয়তি রথা ইতি। পাদাতাঃ পদাতিসমূহাঃ, ন সমসজ্জন্তেতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥২॥

অশ্বা ইতি। অশ্বা অশ্বযোধিনঃ, অশ্বৈরশ্বযোধিভিঃ, গজা গজযোধিনঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! দুই পক্ষের সৈন্যেরাই বিশৃঙ্খল এবং অধিক পরিমাণে বিপক্ষের অনুবর্ত্তী হইলে, সমস্ত সৈন্যই ব্রহ্মলোকপ্রার্থী হইয়া পড়িল ॥১॥

সেইরূপ সঙ্কুলযুদ্ধের সময়ে সজাতীয় সৈন্য সজাতীয় সৈন্যের সহিত মিলিত হয় নাই। (অর্থাৎ) রথীরা রথীদের সহিত, কিংবা পদাতিরা পদাতিগণের সহিত সংসক্ত হয় নাই ॥২॥

আর অশ্বারোহীরা অশ্বারোহীদের সঙ্গে বা গজযোধীরা গজযোধীদের সহিত সংযুক্ত হয় নাই। কিন্তু ভরতনন্দন মহারাজ! তখন উন্মত্তের ন্যায় তাহারা যুদ্ধ করিতে লাগিল ॥৩॥

(১) সমং ব্যূঢ়েষনীকেষু ভূয়িষ্ঠেষ্বনিবর্ত্তিনঃ···পি রা, এবং ব্যূঢ়েষনীকেষু ভূয়িষ্ঠেষনিবর্ত্তিনঃ ···বা। (২)·· ন রথা রথিভিঃ সার্দ্ধং ন পদাতাঃ পদাতিভিঃ···পি,···রথিনো রথিভিঃ সার্দ্ধং পাদাতাশ্চ পদাতিভিঃ···বা।

মহান্ ব্যতিকরো রৌদ্রঃ সেনয়োঃ সমপদ্যত।
নরনাগগণেষ্বেবং বিকীর্ণেষু চ সর্বশঃ ॥৪॥
ক্ষয়ে তস্মিন্ মহারৌদ্রে নির্বিশেষমজায়ত।
ততঃ শল্যঃ কৃপশ্চৈব চিত্রসেনশ্চ ভারত! ॥৫॥
দুঃশাসনো বিকর্ণশ্চ রথানাস্থায় ভাস্বরান্।
পাণ্ডবানাং রণে শূরা ধ্বজিনীং সমকম্পয়ন্ ॥৬॥ (যুগ্মকম্)
সা বধ্যমানা সমরে পাণ্ডুসেনা মহাত্মভিঃ।
ভ্রাম্যতে বহুধা রাজন্! মারুতেনেব নৌর্জলে ॥৭॥
যথা হি শৈশিরঃ কালো গবাং মর্ম্মাণি কৃন্ততি।
তথা পাণ্ডুসুতানাং বৈ ভীষ্মো মর্ম্মাণ্যকৃন্তত ॥৮॥
তথৈব তব সৈন্যস্য পার্থেন চ মহাত্মনা।
নবমেঘপ্রতীকাশাঃ পাতিতা বহুধা গজাঃ ॥৯॥

ভারতকৌমুদী

মহানিতি। ব্যতিকরঃ সংঘর্ষঃ। বিকীর্ণেষু সংঘর্ষাদ্বিক্ষিপ্তেষু ॥৪॥
ক্ষয় ইতি। নির্বিশেষম্ উভয়োরেব সেনয়োস্তারতম্যাভাবঃ। ধ্বজিনীং সেনাম্ ॥৫—৬॥
সেতি। মহাত্মভির্মহাবলৈঃ শল্যাদিভিঃ। মারুতেন বায়ুনা, নৌস্তরিঃ ॥৭॥
যথেতি। শৈশিরঃ শীতসম্বন্ধী। কৃন্ততি পীড়য়তি। অকৃন্তত অপীড়য়ৎ ॥৮॥
তথেতি। পার্থেনার্জুনেন। নবমেঘপ্রতীকাশাঃ সজলজলদতুল্যাঃ ॥৯॥

পদাতি ও হস্তিপ্রভৃতি সর্ব্বত্র বিক্ষিপ্ত হইয়া পড়িলে, দুই পক্ষের সৈন্যদেরই ভীষণ মহাসংঘর্ষ চলিতে থাকিল ॥৪॥

সেই মহাভীষণ ক্ষয়ের সময়ে উভয় পক্ষেরই কোন তারতম্য থাকিল না। ভরতনন্দন! তাহার পর শল্য, কৃপ, চিত্রসেন, দুঃশাসন ও বিকর্ণ এই পাঁচ জন বীর উজ্জ্বল রথে আরোহণ করিয়া যুদ্ধে পাণ্ডবসৈন্যকে কাঁপাইয়া তুলিলেন ॥৫—৬॥

রাজা! সেই মহাত্মারা বধ করিতে থাকিলে, নৌকা যেমন বায়ুবেগে জলে ঘুরিতে থাকে, সেইরূপ পাণ্ডবসেনা সমরাঙ্গনে বহুপ্রকারে ঘুরিতে লাগিল ॥৭॥

শীতকাল যেমন গোসমূহের মর্ম্ম পীড়ন করে, সেইরূপ ভীষ্মও পাণ্ডবগণের মর্ম্ম পীড়ন করিতে লাগিলেন ॥৮॥

(৪)…ব্যবকীর্ণেষু সর্ব্বশঃ—পি বা। (৭)…ত্রাতারং নাধ্যগচ্ছন্ বৈ মজ্জমানেব নৌর্জলে—নি। (৮)…ভীষ্মো মর্ম্মাণি কৃন্ততি—বা রা নি।

মৃদ্যমানাশ্চ দৃশ্যন্তে পার্থেন নরযূথপাঃ।
ইষুভিস্তাড্যমানাশ্চ নারাচৈশ্চ সহস্রশঃ ॥১০॥
পেতুরার্ত্তস্বরং ঘোরং কৃত্বা তত্র মহাগজাঃ।
আনদ্ধাভরণৈঃ কায়ৈর্নিহতানাং মহাত্মনাম্ ॥১১॥
ছন্নমায়োধনং রেজে শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ।
তস্মিন্নেব মহারাজ! মহাবীরবরক্ষয়ে ॥১২॥ (বিশেষকম্)
ভীষ্মে চ যুধি বিক্রান্তে পাণ্ডবে চ ধনঞ্জয়ে।
তে পরাক্রান্তমালোক্য রাজন্! যুধি পিতামহম্ ॥১৩॥
অভ্যবর্ত্তন্ত তে পুত্রাঃ সর্বে সৈন্যপুরস্কৃতাঃ।
ইচ্ছন্তো নিধনং যুদ্ধে স্বর্গং কৃত্বা পরায়ণম্ ॥১৪॥ (যুগ্মকম্)
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত তস্মিন্ বীরবরক্ষয়ে।
পাণ্ডবাপি মহারাজ! স্মরন্তো বিবিধান্ বহূন্।
ক্লেশান্ কৃতান্ সপুত্রেণ ত্বয়া পূর্বং নরাধিপ! ॥১৫॥

ভারতকৌমুদী

মৃদ্যেতি। মৃদ্যমানাঃ পীড্যমানাঃ। নরযূথপাঃ প্রধানাঃ পদাতয়ঃ। আনদ্ধাভরণৈর্ধৃতালঙ্কারৈঃ। ছন্নমাবৃতম্, আয়োধনং সমরাঙ্গনম্ ॥১০—১২॥

ভীষ্ম ইতি। পিতামহং ভীষ্মম্। পরায়ণং নিধনানন্তরং পরমাশ্রয়ম্ ॥১৩—১৪॥

আবার মহাত্মা অর্জুনও সেইরূপই আপনার সৈন্যের নবমেঘতুল্য হস্তীগুলিকে বহুবিধ প্রহারে নিপাত করিতে থাকিলেন ॥৯॥

মহারাজ! ক্রমে দেখা গেল—অর্জুন প্রধান প্রধান পদাতিকে মর্দ্দন করিতেছেন এবং তাঁহার সাধারণ বাণ ও নারাচদ্বারা তাড়িত হইয়া বিশাল বিশাল হস্তী ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া পতিত হইতে লাগিল। আর সেই প্রধান বীরগণের বিনাশের সময়ে নিহত মহাত্মাদের অলঙ্কারযুক্ত দেহে ও কুণ্ডলযুক্ত মস্তকে সমরভূমি আবৃত হইয়া শোভা পাইতে থাকিল ॥১০—১২॥

রাজা! ভীষ্ম ও অর্জুন যুদ্ধে বিক্রম প্রকাশ করিতে লাগিলে, আপনার সেই পুত্রেরা সকলে যুদ্ধে ভীষ্মকে পরাক্রম প্রকাশ করিতে দেখিয়া সৈন্যগণের অগ্রবর্ত্তী হইয়া যুদ্ধে মৃত্যু কামনা করিয়া এবং স্বর্গলোককেই পরমাশ্রয় ভাবিয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥১৩—১৪॥

(১১) পেতুরার্ত্তস্বরং কৃত্বা তত্র তত্র মহাগজাঃ—পি। এবং শ্লোকানাং পূর্বাধ্যায়গতশ্লোকেভ্যঃ কিঞ্চিৎ কিঞ্চিদ্বৈষম্যাৎ পৃথগুক্তিঃ সঙ্গচ্ছতে।

ভয়ং ত্যক্ত্বা রণে শূরা ব্রহ্মলোকায় তৎপরাঃ।
অমর্ষবশমাপন্না যোধয়ন্তি স্ম হৃষ্টবৎ ॥১৬॥ (যুগ্মকম্)
সেনাপতিস্তু সমরে প্রাহ সেনাং মহারথঃ।
অভিদ্রবত গাঙ্গেয়ং সোমকাঃ! সৃঞ্জয়ৈঃ সহ ॥১৭॥
সেনাপতিবচঃ শ্রুত্বা সোমকাঃ সৃঞ্জয়াশ্চ তে।
অভ্যদ্রবন্ত গাঙ্গেয়ং শস্ত্রবৃষ্ট্যা সমাহতাঃ ॥১৮॥
বধ্যমানস্ততো রাজন্! পিতা দেবব্রতস্তব।
অমর্ষবশমাপন্নো যোধয়ামাস সৃঞ্জয়ান্ ॥১৯॥
তস্য কীর্ত্তিমতস্তাত! পুরা রামেণ ধীমতা।
সম্প্রদত্তাস্ত্রশিক্ষা বৈ পরানীকবিনাশিনী ॥২০॥

ভারতকৌমুদী

পাণ্ডবানিতি। অভ্যবর্ত্তন্ত কৌরবপক্ষীয়া অপরেঽপীতি শেষঃ। পাণ্ডবাপীতি বিসর্গ-লোপেঽপি সন্ধিরার্ষঃ। নরাধিপান্তঃ ষট্পাদঃ শ্লোকঃ। তৎপরা গমনার্থিন ইত্যর্থঃ ॥১৫ ১৬॥

সেনেতি। সেনাপতির্ধৃষ্টদ্যুম্নঃ। সেনাং পাণ্ডবীয়াম্। অভিদ্রবত অভিধাবত ॥১৭॥

সেনেতি। শস্ত্রবৃষ্ট্যা গাঙ্গেয়স্যৈব ॥১৮॥

বধ্যেতি। বধ্যমান আহন্যমানঃ। সৃঞ্জয়পদং সোমকানামপ্যুপলক্ষণম্ ॥১৯॥

তস্যেতি। হে তাত! তাতবন্মাননীয়!। অস্ত্রশিক্ষা-অদ্ভুতপ্রকারেত্যাশয়ঃ ॥২০॥

মহারাজ! সেই প্রধান প্রধান বীরবিনাশের সময়ে কৌরবপক্ষের অন্যান্য বীরেরাও পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন। নরনাথ! আপনি পুত্রদের সহিত মিলিত হইয়া পূর্ব্বে যে নানাবিধ বহুতর কষ্ট দিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া পাণ্ডবেরাও ক্রুদ্ধ হইয়া ভয় ত্যাগ করিয়া ব্রহ্মলোকগমনার্থী হইয়া আনন্দিতের ন্যায় যুদ্ধ করিতে লাগিলেন ॥১৫—১৬॥

এই সময়ে মহারথ ধৃষ্টদ্যুম্ন পাণ্ডবসৈন্যগণকে বলিলেন—'সোমকগণ! তোমরা সৃঞ্জয়গণের সহিত মিলিত হইয়া ভীষ্মের দিকে ধাবিত হও' ॥১৭॥

সেনাপতির বাক্য শুনিয়া সেই সোমক ও সৃঞ্জয়গণ ভীষ্মের অস্ত্রবৃষ্টিদ্বারা আহত হইতে থাকিয়াও তাঁহার দিকে ধাবিত হইল ॥১৮॥

রাজা! তাহার পর আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম আহত হইতে থাকায় ক্রোধে আকুল হইয়া সোমক ও সৃঞ্জয়দিগের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৯॥

(১৬)···তাবকাংস্তব পুত্রাংশ্চ যোধয়ন্তি প্রহৃষ্টবৎ—বা রা নি। (১৮)·· শস্ত্রবৃষ্ট্যা সমন্ততঃ—পি। (১৯)···পিতা শান্তনবস্তব···বা রা নি। (২০)···বিনাশনী—রা নি।

স তাং শিক্ষামধিষ্ঠায় কুর্বন্ পরবলক্ষয়ম্ ।
অহন্যহনি পার্থানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ ।
ভীষ্মো দশ সহস্রাণি জঘান পরবীরহা ॥২১॥
তস্মিংস্তু দশমে প্রাপ্তে দিবসে ভরতর্ষভ ! ।
একো ভীষ্মো হি মৎস্যেষু পাঞ্চালেষু চ সংযুগে ॥২২॥
গজাশ্বমমিতং হত্বা হত্বা সপ্ত মহারথান্ ।
হত্বা পঞ্চ সহস্রাণি রথানাঞ্চ পিতামহঃ ॥২৩॥
নরাণাঞ্চ মহাযুদ্ধে সহস্রাণি চতুর্দ্দশ ।
দন্তিনাঞ্চ সহস্রাণি হয়ানামযুতং পুনঃ ॥২৪॥
শিক্ষাবলেন ন্যহনৎ পিতা তব বিশাংপতে ! ।
ততঃ সর্বমহীপানাং ক্ষপয়িত্বা বরূথিনীম্ ॥২৫॥
বিরাটস্য প্রিয়ো ভ্রাতা শতানীকো নিপাতিতঃ ।
শতানীকঞ্চ সমরে হত্বা ভীষ্মঃ প্রতাপবান্ ॥২৬॥
সহস্রাণি মহারাজ ! রাজ্ঞাং ভল্লৈরপাতয়ৎ ।
উদ্বিগ্নাঃ সমরে যোধা বিক্রোশন্তি ধনঞ্জয়ম্ ॥২৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

স ইতি। অধিষ্ঠায় আশ্রিত্য। পার্থানাং পাণ্ডবানাম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২১॥ রামদত্তশিক্ষানৈপুণ্যাত্তদানীং ভীষ্মস্যাদ্ভুতবিক্রমমাহ ষড়্‌ভিঃ কুলকেন তস্মিন্নিতি। সংযুগে যুদ্ধে। গজাশ্চ অশ্বাশ্চেতি গজাশ্বং সেনাঙ্গত্বাৎ সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। নরাণাং পদাতীনাম্। দন্তিনামিতি হয়ানামিতি চ তত্তদারোহিপরম্। অতো ন পুনরুক্তিঃ। ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। বরূথিনীং সেনাম্। শতানীকো নাম। যোধাঃ পাণ্ডবপক্ষীয়াঃ, বিক্রোশন্তি রক্ষার্থমাহ্বয়ন্তি স্ম ।২২—২৭॥

মাননীয় রাজা। জ্ঞানী পরশুরাম পূর্ব্বে কীর্ত্তিমান্ ভীষ্মকে বিপক্ষসৈন্যনাশিনী অদ্ভুত অস্ত্রশিক্ষা দান করিয়াছিলেন ॥২০॥

বৃদ্ধ, কুরুপিতামহ ও বিপক্ষবীরহন্তা ভীষ্ম সেই শিক্ষা অবলম্বন করিয়া বিপক্ষসৈন্যসংহারে প্রবৃত্ত হইয়া প্রত্যহ পাণ্ডবগণের দশ হাজার করিয়া সৈন্য বিনাশ করিতেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ। সেই দশম দিনে আপনার জ্যেষ্ঠতাত এবং যুধিষ্ঠির-প্রভৃতির পিতামহ একা ভীষ্মই পরশুরামদত্ত শিক্ষার বলে যুদ্ধে মৎস্যসৈন্য ও

(২২)…ভীষ্মৈকেন মৎস্যেষু…পি বা রা। (২৩)…রথানাং প্রপিতামহঃ—নি। (২৫) শিক্ষাবলেন নিহতং পিত্রা তব…পি বা রা।

যে চ কেচন পার্থানামভিযাতা ধনঞ্জয়ম্।
রাজানো ভীষ্মমাসাদ্য গতাস্তে যমসাদনম্ ॥২৮॥
কিরন্ দশ দিশো ভীষ্মঃ শরজালৈঃ সমন্ততঃ।
অতীত্য সেনাং পার্থানামবতস্থে চমূমুখে ॥২৯॥
স কৃত্বা সুমহৎ কর্ম্ম তস্মিন্ বৈ দশমেঽহনি।
সেনয়োরন্তরে তিষ্ঠন্ প্রগৃহীতশরাসনঃ ॥৩০॥
ন চৈনং পার্থিবাঃ কেচিচ্ছক্তা রাজন্! নিরীক্ষিতুম্।
মধ্যং প্রাপ্তং যথা গ্রীষ্মে তপন্তং ভাস্করং দিবি ॥৩১॥

ভারতকৌমুদী

য ইতি। অভিযাতাঃ সাহায্যার্থং সমন্ততো গতাঃ ॥২৮॥
কিরন্নিতি। কিরন্ আবৃণ্বন্। অতীত্য আমর্দ্দ্য। চমূমুখে স্বসেনাগ্রে ॥২৯॥
স ইতি। কর্ম্ম পাণ্ডবসৈন্যসংহাররূপম্। তিষ্ঠন্নাসীদিতি শেষঃ ॥৩০॥
নেতি। এনং ভীষ্মম্। দিবি আকাশে ॥৩১॥

পাঞ্চালসৈন্যের অপরিমিত হস্তী ও অশ্ব, সাত জন মহারথ, পঞ্চ সহস্র রথী, চতুর্দ্দশ সহস্র পদাতি, বহুসহস্র হস্ত্যারোহী এবং দশসহস্র অশ্বারোহী বধ করিলেন। তৎপরে তিনি সকল রাজারই সৈন্য ক্ষয় করিয়া বিরাটরাজার প্রিয় ভ্রাতা শতানীককে নিপাতিত করিলেন। মহারাজ! অসাধারণপ্রতাপশালী ভীষ্ম যুদ্ধে শতানীককে বিনাশ করিয়া ভল্লদ্বারা বহুসহস্র ক্ষত্রিয় সংহার করিলেন। তখন পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা অত্যন্তভীত হইয়া অর্জ্জুনকে ডাকিতে লাগিল ॥২২—২৭॥

পাণ্ডবপক্ষের যে কোন ক্ষত্রিয় অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া গিয়াছিলেন, তাঁহারা সকলেই ভীষ্মের নিকটে যাইয়া যমালয়ে গমন করিলেন ॥২৮॥

ক্রমে ভীষ্ম শরসমূহদ্বারা দশ দিক্ আবৃত করিয়া সকল দিকের পাণ্ডবসৈন্যমর্দ্দনপূর্ব্বক কৌরবসৈন্যের সম্মুখভাগে অবস্থান করিতে লাগিলেন ॥২৯॥

তিনি সেই দশম দিনে অতিমহৎ কার্য্য করিয়া ধনু ধারণপূর্ব্বক উভয় সৈন্যের মধ্যস্থানে থাকিলেন ॥৩০॥

কিন্তু রাজা! গ্রীষ্মকালে আকাশের মধ্যস্থানবর্ত্তী ও সন্তাপকারী সূর্য্যের প্রতি যেমন কেহই দৃষ্টিপাত করিতে পারে না, সেইরূপ কোন রাজাই ভীষ্মের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিলেন না ॥৩১॥

(২৯) এবং দশ দিশঃ…পি বা রা।

যথা দৈত্যচমূং শক্রস্তাপয়ামাস সংযুগে।
তথা ভীষ্মঃ পাণ্ডবানাং তাপয়ামাস ভারত ! ॥৩২॥
তথা চৈনং পরাক্রান্তমালোক্য মধুসূদনঃ।
উবাচ দেবকীপুত্রঃ প্রীয়মাণো ধনঞ্জয়ম্ ॥৩৩॥
এষ ভীষ্মঃ শান্তনবঃ সেনয়োরন্তরে স্থিতঃ।
সন্নিহত্য বলাদেনং বিজয়স্তে ভবিষ্যতি ॥৩৪॥
বলাৎ সংস্তম্ভয়স্বৈনং যত্রৈষা ভিদ্যতে চমূঃ।
ন হি ভীষ্মশরানন্যঃ সোঢ়ুমুৎসহতে বিভো ! ॥৩৫॥
ততস্তস্মিন্ ক্ষণে রাজন্ ! চোদিতো বানরধ্বজঃ।
সধ্বজং সরথং সাশ্বং ভীষ্মমন্তর্দধে শরৈঃ ॥৩৬॥
স চাপি কুরুমুখ্যানামৃষভঃ পাণ্ডবেরিতান্।
শরব্রাতৈঃ শরব্রাতাংশ্চিচ্ছেদ বহুধা চ তান্ ॥৩৭॥

ভারতকৌমুদী

যথেতি। শক্র ইন্দ্রঃ। পাণ্ডবানাং চমূমিত্যর্থঃ ॥৩২॥
তথেতি। প্রীয়মাণঃ অর্জ্জুনবিক্রমদর্শনাৎ সন্তুষ্যন্ ॥৩৩॥
এষ ইতি। অন্তরে মধ্যে। সন্নিহত্য বিনাশ্য স্থিতস্তেতি শেষঃ ॥৩৪॥
বলাদিতি। সংস্তম্ভয়স্ব স্থগয়। উৎসহতে শক্নোতি ॥৩৫॥
তত ইতি। চোদিতঃ কৃষ্ণেন প্রেরিতঃ, বানরধ্বজোঽর্জ্জুনঃ। অন্তর্দধে অন্তর্দ্ধাপয়ামাস ॥৩৬॥

ভরতনন্দন! পূর্ব্বকালে ইন্দ্র যেমন দৈত্যসৈন্য সন্তপ্ত করিয়াছিলেন, সেইরূপ ভীষ্মও পাণ্ডবসৈন্য সন্তপ্ত করিতে লাগিলেন ॥৩২॥

ভীষ্মকে সেইরূপ পরাক্রম প্রকাশ করিতে দেখিয়া দেবকীনন্দন কৃষ্ণ আনন্দিত চিত্তে অর্জ্জুনকে বলিলেন—॥৩৩॥

'অর্জুন! শান্তনুনন্দন ভীষ্ম এই উভয়সৈন্যের মধ্যস্থানে রহিয়াছেন। বলপূর্ব্বক ইঁহাকে বধ করিলেই তোমার জয় হইবে ॥৩৪॥

অতএব প্রভাবশালী অর্জুন! যেখানে থাকিয়া উনি এই পাণ্ডবসেনা বিদীর্ণ করিতেছেন, তুমি উঁহাকে ঐখানেই বলপূর্ব্বক স্তম্ভিত কর। কারণ, তুমি ভিন্ন অপর কেহই ভীষ্মের শর সহ্য করিতে পারিবে না' ॥৩৫॥

রাজা! তাহার পর সেই সময়েই কৃষ্ণপ্রেরিত অর্জুন বাণসমূহদ্বারা ধ্বজ, রথ ও অশ্বগণের সহিত ভীষ্মকে অন্তর্হিত করিয়া ফেলিলেন ॥৩৬॥

(৩২)…তথা ভীষ্মঃ পাণ্ডবেয়ান্…বা রা। (৩৪) এষ শান্তনবো ভীষ্মঃ…রা নি।
(৩৭)…শরব্রাতান্ বহুধা বিদদার তান্—বা, শরব্রাতান্ বহুধা বিদুধাব তান্—রা নি।

ততঃ পাঞ্চালরাজশ্চ ধৃষ্টকেতুশ্চ বীর্য্যবান্।
পাণ্ডবো ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥৩৮॥
যমৌ চ চেকিতানশ্চ কেকয়াঃ পঞ্চ চৈব হ।
সাত্যকিশ্চ মহাবাহুঃ সৌভদ্রোঽথ ঘটোৎকচঃ ॥৩৯॥
দ্রৌপদেয়াঃ শিখণ্ডী চ কুন্তীভোজশ্চ বীর্য্যবান্।
বিরাটশ্চ মহারাজ! পাণ্ডবেয়া মহাবলাঃ ॥৪০॥
এতে চান্যে চ বহবঃ পীড়িতা ভীষ্মসায়কৈঃ।
সমৃদ্ধৃতাঃ ফাল্গুনেন নিমগ্নাঃ শোকসাগরে ॥৪১॥ (কলাপকম্)
ততঃ শিখণ্ডী বেগেন প্রগৃহ্য পরমায়ুধম্।
ভীষ্মমেবাভিদুদ্রাব রক্ষ্যমাণঃ কিরীটিনা ॥৪২॥
ততোঽস্যানুচরান্ হত্বা সর্বান্তরবিভাগবিৎ।
ভীষ্মমেবাভিদুদ্রাব বীভৎসুরপরাজিতঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

স ইতি। ঋষভঃ শ্রেষ্ঠঃ, পাণ্ডবেরিতান্ অর্জ্জুনক্ষিপ্তান্। ব্রাতঃ সমূহঃ ॥৩৭॥

তত ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। যমৌ নকুলসহদেবৌ। সৌভদ্রোঽভিমন্যুঃ। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। পাণ্ডবেয়াঃ পাণ্ডবপক্ষীয়াঃ। সমৃদ্ধৃতা রক্ষিতাঃ, ফাল্গুনেনার্জ্জুনেন ॥৩৮—৪১॥

তত ইতি। অভিদুদ্রাব অভিদধাব, কিরীটিনা অর্জ্জুনেন ॥৪২॥

তত ইতি। অস্য ভীষ্মস্য। সর্বান্তরবিভাগবিৎ সর্ববিপক্ষরন্ধ্রাবস্থাভিজ্ঞঃ ॥৪৩॥

তখন কৌরবশ্রেষ্ঠ ভীষ্মও বাণসমূহদ্বারা অর্জুননিক্ষিপ্ত সেই বাণসমূহকে বহুভাবে ছেদন করিলেন ॥৩৭॥

মহারাজ! তদনন্তর দ্রুপদ, বলবান্ ধৃষ্টকেতু, পাণ্ডুনন্দন ভীমসেন, পৃষত-নন্দন ধৃষ্টদ্যুম্ন, নকুল, সহদেব, চেকিতান, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, মহাবাহু সাত্যকি, অভিমন্যু, ঘটোৎকচ, দ্রৌপদীর পুত্রগণ, শিখণ্ডী, বলবান্ কুন্তীভোজ ও বিরাটরাজা পাণ্ডবপক্ষীয় এই মহাবল বীরেরা এবং অন্যও বহুতর যোদ্ধা ভীষ্মের বাণে পীড়িত হইয়া বিপৎসাগরে মগ্ন হইতেছিলেন; কিন্তু অর্জুন তাঁহাদিগকে উদ্ধার করিতে থাকিলেন ॥৩৮—৪১॥

তাহার পর অর্জুন রক্ষা করিতে থাকিলে, শিখণ্ডী উত্তম অস্ত্র ধারণ করিয়া বেগে ভীষ্মের দিকেই ধাবিত হইলেন ॥৪২॥

(৪৩)…সর্ব্বান্ রণবিভাগবিৎ…বা রা নি।

সাত্যকিশ্চেকিতানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
বিরাটো দ্রুপদশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৪৪॥
দুদ্রুবুর্ভীষ্মমেবাজৌ রক্ষিতা দৃঢ়ধন্বনা।
অভিমন্যুশ্চ সমরে দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
দুদ্রুবুঃ সমরে ভীষ্মং সমুদ্যতমহায়ুধাঃ।
তে সর্বে দৃঢ়ধন্বানঃ সংযুগেষ্বপলায়িনঃ ॥৪৬॥
বহুধা ভীষ্মমানর্চ্ছুর্মার্গণৈঃ ক্ষতমার্গণৈঃ।
বিধূয় তান্ বাণগণান্ যে মুক্তাঃ পার্থিবোত্তমৈঃ ॥৪৭॥
পাণ্ডবানামদীনাত্মা ব্যগাহত বরূথিনীম্।
চক্রে শরবিঘাতঞ্চ ক্রীড়ন্নিব পিতামহঃ ॥৪৮॥ (বিশেষকম্)
নাভিসন্ধত্ত পাঞ্চাল্যে স্ময়মানো মুহুর্মুহুঃ।
স্ত্রীত্বং তস্য তু সংস্মৃত্য ভীষ্মো বাণান্ শিখণ্ডিনি ॥৪৯॥

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। দৃঢ়ধন্বনা অর্জ্জুনেন ॥৪৪—৪৫॥

দুদ্রুবুরিতি। তে পূর্বোক্তা ধৃষ্টকেতুপ্রভৃতয়শ্চ। আনর্চ্ছুরাচ্ছাদয়ামাসুঃ, মার্গণৈর্বাণৈঃ, ক্ষতা নষ্টা মার্গণা বিপক্ষশরা যৈস্তৈঃ। বিধূয় বিনাশ্য। অদীনাত্মা অকাতরচিত্তঃ, ব্যগাহত আলোড়য়ৎ, বরূথিনীং সেনাম্। পিতামহো ভীষ্মঃ ॥৪৬—৪৮॥

তাহার পর সমস্ত বিপক্ষের রক্ষাবস্থাভিজ্ঞ ও অপরাজিত অর্জুন ভীষ্মের অনুচরদিগকে বধ করিয়া তাঁহার দিকেই ধাবিত হইলেন ॥৪৩॥

ক্রমে সাত্যকি, চেকিতান, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, বিরাট, দ্রুপদ, পাণ্ডুনন্দন নকুল ও সহদেব, অভিমন্যু এবং দ্রৌপদীর পঞ্চ পুত্র ইঁহারাও অর্জুনকর্তৃক রক্ষিত হইতে থাকিয়া ভীষ্মের দিকেই দ্রুত গমন করিতে লাগিলেন ॥৪৪—৪৫॥

আবার দৃঢ়ধন্বা ও যুদ্ধে অপলায়ী পূর্বোক্ত ধৃষ্টকেতুপ্রভৃতি বীরেরা সকলেও উত্তম উত্তম অস্ত্র উত্তোলন করিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন এবং বাণদ্বারা বিপক্ষের বাণ সকল বিনষ্ট করিয়া বহুপ্রকারে ভীষ্মকে আবৃত করিয়া ফেলিলেন। এই সময়ে ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যে সকল বাণ নিক্ষেপ করিয়াছিলেন, ভীষ্ম সেগুলিকে বিনষ্ট করিয়া অকাতরচিত্তে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে থাকিলেন এবং খেলা করিতে থাকিয়াই যেন অপর বিপক্ষদিগের বাণ বিনষ্ট করিতে লাগিলেন ॥৪৬—৪৮॥

(৪৬) দদৃশুঃ সমরে ভীষ্মং সমুদ্যতমহায়ুধম্…নি। (৪৭)…মার্গণৈঃ কৃতমার্গণৈঃ…পি। (৪৯)…ভীষ্মো বাণান্ শিখণ্ডিনে—বা রা নি।

জঘান দ্রুপদানীকে রথান্ সপ্ত মহারথঃ।
ততঃ কিলকিলাশব্দঃ ক্ষণেন সমজায়ত ॥৫০॥
মৎস্যপাঞ্চালচেদীনাং তমেকমভিধাবতাম্।
তে নরাশ্বরথব্রাতৈর্মার্গণৈশ্চ পরন্তপ! ॥৫১॥
তমেকং ছাদয়ামাসুর্মেঘা ইব দিবাকরম্।
ভীষ্মং ভাগীরথীপুত্রং প্রতপন্তং রণে রিপূন্ ॥৫২॥ (বিশেষকম্)
ততস্তস্য চ তেষাঞ্চ যুদ্ধে দেবাসুরোপমে।
কিরীটী ভীষ্মমানর্চ্ছ পুরস্কৃত্য শিখণ্ডিনম্ ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীষ্মপরাক্রমে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। পাঞ্চাল্যে পাঞ্চালরাজপুত্রে, স্মরমান ঈষদ্ধসন্ ॥৪৯॥

জঘানেতি। দ্রুপদস্য অনীকে সৈন্যে। মহারথো ভীষ্মঃ। মৎস্যাদীনাং শোকোদ্বেগসূচকঃ কিলকিলাশব্দঃ। তে মৎস্যাদয়ঃ, নরাশ্বরথানাং ব্রাতৈঃ সমূহৈঃ, মার্গণৈঃ শরৈশ্চ। ছাদয়ামাসুঃ পরিবেষ্টিতবন্ত আবৃতবন্তশ্চ ॥৫০—৫২॥

ভারতভাবদীপঃ

অসমিতি ॥১—৩॥ ব্যতিকরঃ ক্ষোভঃ ॥৪—৪৮॥ অদীনাত্মা অক্ষীণস্বভাবঃ ॥৪৯—৫৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

কিন্তু ভীষ্ম শিখণ্ডীর ভূতপূর্ব্ব স্ত্রীত্ব স্মরণপূর্ব্বক বার বার মৃদু হাস্য করিয়া তাঁহার প্রতি বাণ সন্ধান করিলেন না ॥৪৯॥

অথ চ মহারথ ভীষ্ম দ্রুপদরাজার সৈন্যমধ্যে সাত জন রথীকে বধ করিলেন। তখন একমাত্র ভীষ্মের প্রতি ধাবিত মৎস্য, পাঞ্চাল ও চেদিদেশীয় সৈন্যদের মধ্যে তৎক্ষণাৎ কিলকিলশব্দ হইতে লাগিল। পরন্তপ রাজা! এদিকে গঙ্গানন্দন ভীষ্ম যুদ্ধে শত্রুগণকে সন্তপ্ত করিতে লাগিলে, মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ সেই মৎস্য, পাঞ্চাল ও চেদিদেশীয় যোদ্ধারা পদাতি, অশ্ব ও রথদ্বারা একমাত্র ভীষ্মকে পরিবেষ্টন করিয়া বাণদ্বারা আবৃত করিয়া ফেলিলেন ॥৫০—৫২॥

(৫৩)∴কিরীটী ভীষ্মমানর্চ্ছ…পি বা রা। * '…একোনবিংশাধিকশততমোঽধ্যায়ঃ' বা, '…অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

সঞ্জয় উবাচ।

এবং তে পাণ্ডবাঃ সর্বে পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
বিব্যধুঃ সমরে ভীষ্মং পরিবার্য্য সমন্ততঃ ॥১॥
শতঘ্নীভিঃ সুঘোরাভিঃ পরিঘৈশ্চ পরশ্বধৈঃ।
মুদ্গরৈর্মুসলৈঃ প্রাসৈঃ ক্ষেপণীয়ৈশ্চ সর্বশঃ ॥২॥
শরৈঃ কনকপুঙ্খৈশ্চ শক্তিতোমরকম্পনৈঃ।
নারাচৈর্বৎসদন্তৈশ্চ ভুষুণ্ডীভিশ্চ সর্বশঃ।
অতাড়য়ন্ রণে ভীষ্মং সহিতাঃ সর্বসৃঞ্জয়াঃ ॥৩॥ (যুগ্মকম্)
স বিশীর্ণতনুত্রাণঃ পীড়িতো বহুভিস্তদা।
ন বিব্যথে তদা ভীষ্মো ভিদ্যমানেষু মর্ম্মসু ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। দেবাসুরোপমে দেবাসুরযুদ্ধতুল্যে। আনর্চ্ছ পীড়য়ামাস ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এবমিতি। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য। বিব্যধুস্তাড়য়ামাসুঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১॥

শতঘ্নীভিরিতি। শতঘ্নীভির্যন্ত্রৈঃ, পরিঘাদীনি তদানীন্তনান্যস্ত্রাণি। কনকপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈরিতি শরবিশেষণম্। সহিতা মিলিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২—৩॥

স ইতি। বিশীর্ণং নানাস্থানে বিদীর্ণং তনুত্রাণং বর্ম্ম যস্য সঃ ॥৪॥

তাহার পর দেবাসুরযুদ্ধতুল্য সেই ভীষ্ম ও পাণ্ডবসৈন্যের যুদ্ধে অর্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মকে পীড়ন করিতে লাগিলেন' ॥৫৩॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'এইভাবে সেই পাণ্ডবেরা সকলে সমরাঙ্গনে শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া সকল দিকে বেষ্টনপূর্ব্বক ভীষ্মকে তাড়ন করিতে লাগিলেন ॥১॥

আবার সৃঞ্জয়েরা সকলেও মিলিত হইয়া সকলদিকে নিক্ষেপযোগ্য ভয়ঙ্কর শতঘ্নী, পরিঘ, পরশ্বধ, মুদ্গর, মুসল, প্রাস, স্বর্ণপুঙ্খ বাণ, শক্তি, তোমর, কম্পন, নারাচ, বৎসদন্ত ও সর্ব্বপ্রকার ভুষুণ্ডীদ্বারা ভীষ্মকে তাড়ন করিতে থাকিল ॥২—৩॥

সন্দীপ্তশরচাপাগ্নিরস্ত্রপ্রস্থতমারুতঃ।
নেমিনির্হ্রাদসন্তাপো মহাস্ত্রোদয়পাবকঃ ॥৫॥
চিত্রচাপমহাজ্বালো বীরক্ষয়মহেন্ধনঃ।
যুগান্তাগ্নিসমপ্রখ্যঃ পরেষাং সমপদ্যত ॥৬॥ (যুগ্মকম্)
বিবৃত্য রথসংঘানামন্তরেণ বিনিঃসৃতঃ।
দৃশ্যতে স্ম নরেন্দ্রাণাং পুনর্মধ্যগতশ্চরন্ ॥৭॥
ততঃ পাঞ্চালরাজঞ্চ ধৃষ্টকেতুমতীত্য চ।
পাণ্ডবানীকিনীমধ্যমাসসাদ বিশাংপতে! ॥৮॥

ভারতকৌমুদী

সন্দীপ্তেতি। অত্র যুগান্তাগ্নিসমপ্রখ্য ইত্যুপমানুসারাৎ সর্ব্বত্রোপমিতসমাসঃ কার্য্যঃ। তথা চ সন্দীপ্তঃ প্রজ্বলিতঃ শরশ্চাপশ্চ অগ্নিরিব যস্য সঃ, অস্ত্রাণি প্রস্থতশ্চলিতো মারুত ইব যস্য সঃ, নেমিনির্হ্রাদশ্চক্রপ্রান্তশব্দঃ সন্তাপ ইব যস্য সঃ, মহাস্ত্রাণামুদয় আবির্ভাবঃ, পাবক ইব যস্মাৎ সঃ, চিত্রশ্চাপো মহাজ্বালা বিশালশিখেব যস্য সঃ, বীরাণাং ক্ষয়ঃ সমূহঃ মহান্তি ইন্ধনানি কাষ্ঠানীব যস্য স তাদৃশশ্চ ভীষ্মঃ, পরেষাং শত্রূণাং সম্বন্ধে, যুগান্তাগ্নিসমা প্রখ্যা আলোকঃ প্রভাবশ্চ যস্য সঃ, সমপদ্যত সঞ্জাতঃ ॥৫—৬॥

বিবৃত্যেতি। অন্তরেণ মধ্যেন। দৃশ্যতে স্ম ভীষ্মঃ, সারথের্নৈপুণ্যাৎ ॥৭॥

তত ইতি। পাঞ্চালরাজং দ্রুপদম্। পাণ্ডবানামনীকিনীমধ্যং সেনামধ্যম্ ।৮॥

তখন বহুলোকে পীড়ন করিতে থাকায় ভীষ্মের বর্ম্ম বিশীর্ণ হইয়া গেল এবং তাঁহার মর্ম্মও বিদীর্ণ হইতে লাগিল; তথাপি তিনি ব্যথিত হইলেন না ॥৪॥

বরং সেই সময়ে তিনি প্রলয়কালের অগ্নির ন্যায় হইয়া উঠিলেন। কারণ, তাঁহার ধনু ও বাণ অগ্নির ন্যায় জ্বলিতে লাগিল, অস্ত্র সকল বেগবান্ বায়ুর ন্যায় চলিতে থাকিল, রথচক্রের শব্দ অগ্নিতাপের ন্যায় অসহ্য হইয়া পড়িল, দারুণ অস্ত্রসমূহ অগ্নির তুল্য আবির্ভূত হইতে লাগিল, বিচিত্র ধনুখানা মহাশিখার ন্যায় দেখা যাইতে থাকিল এবং বিপক্ষ বীরগণ বিশাল কাষ্ঠের ন্যায় দগ্ধ হইতে লাগিলেন ॥৫—৬॥

ক্রমে দেখা গেল—ভীষ্ম ফিরিয়া ফিরিয়া এক এক বার রথসমূহমধ্য হইতে নির্গত হইতেছেন, আবার ক্ষত্রিয়গণের মধ্যে বিচরণ করিতেছেন ॥৭॥

নরনাথ! তাহার পর ভীষ্ম, দ্রুপদ ও ধৃষ্টকেতুকে অতিক্রম করিয়া পাণ্ডব-সৈন্যমধ্যে যাইয়া উপস্থিত হইলেন ॥৮॥

(৭) নিবৃত্য রথসংঘানাম্…নি। (৮)…ধৃষ্টকেতুমচিন্ত্য চ…আসসাদ বিবেশ চ—পি, …ধৃষ্টকেতুমচিন্ত্য চ…বা রা।

ততঃ সাত্যকিভীমৌ চ পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্।
দ্রুপদঞ্চ বিরাটঞ্চ ধৃষ্টদ্যুম্নঞ্চ পার্ষতম্ ॥৯॥
ভীমঘোষৈর্মহাবেগৈর্মর্ম্মাবরণভেদিভিঃ।
ষড়েতান্ নিশিতৈর্ভীষ্মঃ প্রবিব্যাধোত্তমৈঃ শরৈঃ ॥১০॥ (যুগ্মকম্)
তস্য তে নিশিতান্ বাণান্ সন্নিবার্য্য মহারথাঃ।
দশভির্দশভির্ভীষ্মমর্দ্দয়ামাসুরোজসা ॥১১॥
শিখণ্ডী তু রণে বাণান্ যান্ মুমোচ মহারথঃ।
ন চক্রুস্তে রুজং তস্য স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥১২॥
ততঃ কিরীটী সংরব্ধো ভীষ্মমেবাভ্যধাবত।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ধনুশ্চাস্য সমাচ্ছিনৎ ॥১৩॥
ভীষ্মস্য ধনুষশ্ছেদং নামৃষ্যন্ত মহারথাঃ।
দ্রোণশ্চ কৃতবর্ম্মা চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥১৪॥
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তস্তথৈব চ।
